The Hon'ble LOUIS S JACKSON, } *Judges of the Court.*
" F A GLOVER, }
" W AINSLIE, }

THE Court are pleased to publish, and commend to the earnest consideration of Judicial Officers, the following Circular issued by the Chief Court of the Punjab.

2. Many cases have come to the knowledge of the Court in which interest has been decreed at the most oppressive rates, without regard to the circumstances under which the loan was contracted.

3. The Courts in this way become instruments for the registering of usurious transactions, and the money-lender adds to exorbitant terms the security of a decree.

4. The object of the Court in drawing attention to this subject is not to assist debtors in evading the consequences of engagements voluntarily and intelligently contracted, but to give the protection of the Courts of Justice to persons who, from distress, ignorance, or habits of submission, have not been truly free agents in the contracts set up.

5. Particular attention is directed to the last paragraph of the Punjab Circular.

By order of the High Court,
(Signed) W. M. SOUTTAR,
Offg. Registrar.

Book Circular No. III-153, dated Lahore, the 18th January 1873.
From—E H. HARRISON, ESQ., Officiating Registrar, Chief Court, Punjab,
To—All Commissioners and Deputy Commissioners in the Punjab.

CHIEF COURT OF THE PUNJAB.
Present
C BOULNOIS, ESQ, }
C R LINDSAY, ESQ, } *Judges.*
J. S. CAMPBELL, ESQ, }

1. THE Chief Court has reason to believe that in many of the Courts of this province, especially in those of the agricultural districts, decrees are frequently made by which interest upon debts incurred by peasant proprietors and cultivators is declared payable at exorbitant rates.

2. Cases in which the village money-lender sues his customer involve ordinarily small amounts below Rs. 500, and therefore can scarcely ever come before the Chief Court in consequence of the provisions of Act XXIII of 1861, Section 27, which declares that no special appeal shall lie in cases of the nature cognizable in Small Cause Courts.

3. The Chief Court has in fact had no opportunity of explaining in a judicial decision the general principles which govern this question; while in many parts of the country the subordinate Courts, and especially the Small Cause Courts, have (as it appears from a recent inspection of records) decreed interest in a manner far too indiscriminate.

4. The Chief Court regards this with great regret, and considers that the law, as it really stands, requires some explanation for the guidance of Judicial Officers, in order that it may not be misunderstood to the detriment of debtors of the class above referred to.

5. The second Section of Act XXVIII of 1855 (*an Act for the repeal of the usury laws*) declares that "in any suit in which interest is recoverable, the amount shall be adjudged or decreed by the Court at the rate (if any) agreed upon by the parties;" and all due effect must doubtless be given to these words, taken in their plain and ordinary meaning, without any artificial construction being placed upon them for any purpose whatever.

6. The above legislative enactment was formerly enforced in many cases that arose in this province, subject to the qualification declared in paragraph 4, Section 19 of the Principles of Law, commonly called the Punjab Civil Code, which contained the following:—"The Courts are not bound by any restrictions with regard to usury. Debtors and creditors are allowed to arrange the terms and conditions of interest in whatever manner they may deem most conducive to their mutual benefit; the Courts will decree whatever rate

হাই কোর্টের দেওয়ানী সরকুলর অর্ডর।

৮ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল দেওয়ানী আদালত সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ৩০ আপ্রিল।

হাই কোর্ট।
উপস্থিত।
মান্যবর সর আর, কৌচ সাহেব, নাইট,
চীফ জষ্টিস।
„ লুইস, এস, জ্যাকসন সাহেব।
„ এফ, এ, গ্লবর সাহেব।
„ ডবলিউ এঞ্জালি সাহেব।
আদালতের জজ।

পঞ্জাবের উচ্চতম আদালত নিম্নলিখিত সরকুলর প্রকাশ করিয়াছেন। হাই কোর্টের সাহেবেরাও তাহা প্রকাশ করিয়া তৎপ্রতি বিচারপতিদের মনোযোগে বিবেচনা করিবার আদেশ করিয়াছেন।

২। কোন ব্যক্তির টাকা কর্জ্জ করিয়া লইতে হইলে কি ভাবগতিকে তাহার এমত করিতে হইয়াছে, ইহার প্রতি মনোযোগ না হইয়া অনেক স্থলে অতি কষ্টজনক হারে সুদের ডিক্রী হইয়া থাকে, হাই কোর্টের সাহেবেরা ইহা জানিতে পাইয়াছেন।

৩। এইরূপ হওয়াতে আদালত অতিরিক্ত সুদ লওনের ব্যাপার রেজিষ্টরী করিবার স্থান হইয়া উঠে ও মহাজন সেই অতিরিক্ত নিয়মের উপর প্রতিভূস্বরূপ ডিক্রীও পাইয়া থাকেন।

৪। ঋণিরা ইচ্ছাপূর্ব্বক ও বুঝিয়াসুঝিয়া যে চুক্তি করে সেই চুক্তিহইতে এড়াইবার জন্যে তাহারদের সাহায্য করা যাইবে বলিয়া হাই কোর্ট এই বিষয়ে মনোযোগ করিবার আদেশ করিলেন তাহা নয় কিন্তু যাহারা কষ্ট কি অজ্ঞানতা কি পরবশতা হেতুক তদ্রূপ চুক্তি করণবিষয়ে প্রকৃতরূপে স্বাধীন হইয়া কর্ম্ম করিতে অক্ষম আদালতে তাহারা আশ্রয় পাইবে বলিয়া এই আদেশ হইল।

৫। পঞ্জাবের সরকুলারের শেষ দফায় বিশেষ মনোযোগ করিবার আদেশ হইল।

ডবলিউ এম স্মটর,
একটিং রেজিষ্ট্রার।

বহীর সরকুলার। নং ৩—১৫৩।

পঞ্জাবের সকল কমিশ্যনর ও ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট পঞ্জাবের উচ্চতম আদালতের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত ই এফ হারিসন সাহেবের পত্র।—লাহোর। ১৮৭৩ সাল ১৮ জানুআরি।

পঞ্জাবের উচ্চতম আদালত।
উপস্থিত।
শ্রীযুত সি বুলময়স সাহেব।
„ সি আর লিনসি সাহেব।
„ জে এস কাম্বেল সাহেব।
জজ।

১। কৃষিজীবী ভূম্যধিকারিরা ও কৃষকেরা অতিরিক্ত সুদের হারে কর্জ লইলে এই প্রদেশের অনেক আদালতে বিশেষতঃ কৃষিপ্রধান দেশের আদালতে অনেকবার তাহারদের সেই সুদ দিতে হইবে বলিয়া ডিক্রী হইয়া থাকে; ইহা উচ্চতম আদালতের জজ সাহেবরা জানিতে পাইয়াছেন।

২। গ্রামের মহাজন যেং মোকদ্দমায় দেনদারের নামে নালিশ করে সেইং মোকদ্দমা প্রায়ই অল্প টাকার অর্থাৎ ৫০০৲ টাকার কম। সুতরাং ১৮৬১ সালের ২৩ আইনের ২৭ ধারার বিধান প্রযুক্ত সেই প্রকারের মোকদ্দমা উচ্চতম আদালতে প্রায় কখন আসিতে পারে না। ঐ ধারার কথা এই, ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে প্রকারের মোকদ্দমা গ্রাহ্য হয় তাহার উপর খাস আপীল হইতে পারে না।

৩। এই বিষয়ের প্রতি যুক্তিসঙ্গত যে সাধারণ নিয়ম বর্ত্তে উচ্চতম আদালত বিচারক্রমে নিষ্পত্তি করিয়া সেই নিয়ম ব্যাখ্যা করিবার সুযোগ পান নাই। ইতি মধ্যে দেশের অনেক স্থানের আদালত বিশেষতঃ ক্ষুদ্র মোকদ্দমার আদালত উপযুক্তমতে বিবেচনা না করিয়া সুদের ডিক্রী করিয়াছেন। সম্প্রতি নানা মোকদ্দমার কাগজপত্র দেখিয়া ইহা দৃষ্ট হইল।

৪। এই বিষয়ে উচ্চতম আদালত অত্যন্ত আক্ষেপ করিয়াছেন। এবং আইনের প্রকৃত ভাব না বুঝাপ্রযুক্ত পূর্ব্বোক্ত শ্রেণীর দেনদারদের ক্ষতি না হয় এই নিমিত্ত বিচারপতিদের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে উচ্চতম আদালতের বিবেচনায় সেই আইনের অর্থ করিয়া দেওয়া আবশ্যক।

৫। অধিক সুদ লইবার আইন রদ করণ বিষয়ক ১৮৫৫ সালের ২৮ আইনের ২ ধারার কথা এই, "যে কোন মোকদ্দমায় সুদ পাওয়া যাইতে পারে তাহাতে যদি উভয় পক্ষ সুদের কোন করার করিয়া থাকে, তবে তাহারদের মধ্যে সুদের যে করার হইয়াছে আদালত সেই হারানুসারে সুদের টাকা দিবার হুকুম কি ডিক্রী করিবেন।" এইং কথার কৃত্রিম অর্থ কোন কারণেই না ধরিয়া স্পষ্ট ও সামান্য অর্থ করিয়া তাহা উচিত মতে প্রবল করিতেই হইবে সন্দেহ নাই।

৬। ইতিপূর্ব্বে এই প্রদেশে যেং মোকদ্দমা উপস্থিত করা যাইত তাহার অনেক মোকদ্দমায়, ব্যবস্থার মূল নিয়ম ব্যক্ত করণার্থ পঞ্জাবের সিবিল কোড নামক যে আইন ছিল তাহার চতুর্থ খণ্ডের ১৯ ধারার বিধান প্রবল মানিয়া, পূর্ব্বোক্ত আইন অনুযায়ি কার্য্য করা যাইত। ঐ ধারার মধ্যে এইং কথা। "আদালত অধিক সুদ বিষয়ক কোন বিধিতে সঙ্কুচিত নহেন। খাতকেরা ও মহাজনেরা যেং নিয়ম ও বিধান আপনারদের উপকারজনক জ্ঞান করে সেইং নিয়মানুসারে সুদ ধরিতে পারিবে। আর উভয় পক্ষ প্রকৃত প্রস্তাবে সুদের যে হারের বিধান করে আদালত সেই হারের ডিক্রী করিবেন। পরন্তু

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১ জুলাই।]

may have been agreed upon, *boná fide*, between the parties If no special rate shall have been agreed upon, then the Court will fix what may appear an equitable amount with reference to the custom of the locality, the usage of trade, or the merits of the transaction. It will be remembered that the rates of interest vary for different classes and in different places."

*   *   *   *   *

"The debtor need not be compelled by the Court to pay the entire amount of interest, if there be reason to believe that the bond was executed through fear or ignorance."

7. The compilation from which these words are taken has no force of law in itself, but the general law of contract is, equally with those words, against our Courts considering themselves absolved from the responsibility of regarding the circumstances under which an engagement to pay exorbitant interest has been entered into, and omission by the Courts to give due weight to such circumstances is likely to give rise to serious injustice, and to such evils as are discussed in the Minute on interest by Mr. Melvill, which has been recently circulated among Judicial Officers of the province.

8. The Indian Contract Act of 1872, in Chapter II, gives the principles on which the law annexes an enforceable obligation to stated engagements requiring free consent; and in Sections 16 and 17, a general, and at the same time an equitable, rule is indicated where a person who holds a real or apparent authority over another, or in whom confidence is reposed by that other, obtains an advantage which but for such confidence or authority he would not have obtained. The law also points out the result where concealment of facts may have taken place, or acts fitted to deceive, or acts or omissions may have occurred in violation of what is regarded as the legal duty of the person obtaining a promise from another to explain facts "*likely to affect the willingness*" of that other to enter into a contract

9. Reference may also be made to Section 6 of Act IV of 1872 (the Punjab Laws' Act), where it is declared that justice, equity, and good conscience shall be the rule of decision, and it may be safely affirmed that the equity governing this matter is to give their true and full effect to the words of the Indian Contract Act.

10. The repeal of the usury laws by Act XXVIII of 1855, and the abolition of any force of law which the paragraph above quoted from the so-called Punjab Civil Code may have had before the passing of Act IV of 1872, have left untouched the doctrines of equity, both as to the protection of debtors who for any real reason are not fully competent to protect themselves, and as to the power of courts to relieve against what are called unconscionable bargains with such persons.

11. No doubt any one who contracts with another is entitled to assume, *primá facie*, that the latter is competent to look after his own interests, but no strict rule defines or can define where comparative incapacity ceases, and where extreme ignorance and helplessness call for the protection of the equitable rules prescribed by law.

12. No doubt also, as a general rule, the debtor is bound to go or send to his creditor and pay him. In many contracts, however, for the loan of grain for a particular sowing (which indeed may reasonably be for the return of grain after the harvest at a very high rate of interest), where the cultivator fails to make payment after the harvest, a distinction may clearly be taken. Neither party originally contemplates a rate of interest intended only for a particular period, running on from the time of the transaction indefinitely, and in such cases the real intention of the parties with due regard to the position of the cultivator must be considered.

13. The existence of undue influence may, in many cases, be inferred (according to the general rules of equity jurisprudence) from the extreme imprudence of the act done when coupled with other circumstances ; and in this country the relations existing between the professional money-lender and indebted peasant are such that this rule should be borne in mind by our courts.

14. In no case should exorbitant interest be decreed in favor of a money-lender suing a peasant proprietor or cultivator, or any person similarly situated (where the right to recover it is disputed), unless the court trying the case is satisfied that the stated engagement on which the plaintiff seeks to recover has been entered into by the debtor with knowledge of all the circumstances attending his position, and his liability in regard to his creditor,

কোন বিশেষ হারের নিয়ম করা না গেলে, আদালত দেশাচার ও ব্যবসায়ের রীতি কিম্বা ব্যাপারটির দোষগুণ বিবেচনায় ন্যায়মতে সুদ ধার্য্য করিবেন। নানা স্থানে ও নানা শ্রেণীর লোকদের মধ্যে নানাপ্রকারের হারে সুদ লওয়ার রীতি আছে ইহা মনে রাখিতে হইবে।

* * * * * * * * * * * * * *

খাতক যদি ভয় কিম্বা অজ্ঞানতাপ্রযুক্ত খতে সহী করিয়া থাকে তবে আদালত সুদের সমুদয় টাকা জোর করিয়া দেওয়াইবেন না।"

৭। উক্ত কথা যে বিধিসংগ্রহহইতে লওয়া গিয়াছে তাহা আপনিই আইনের তুল্য বলবৎ নয়। কিন্তু যে ভাবগতিকে কোন ব্যক্তি অতিরিক্ত হারে সুদ দিবার করার করিয়া থাকে আদালত সেই ভাবগতিক বিবেচনা করিবার দায়হইতে যে মুক্ত হন উক্ত কথা অনুসারে চুক্তি বিষয়ক সাধারণ আইনও তাহার বিপক্ষ। আর আদালত সেই ভাবগতিকের গুরুত্বানুসারে উপযুক্ত বিবেচনা না করিলে ভারি অন্যায় হইতে পারে এবং মেলবিল সাহেব সম্প্রতি সুদ বিষয়ক যে মন্তব্য কথা প্রচার করিয়া এই প্রদেশের বিচারপতিরদের মধ্যে বিলি করিয়া দিলেন তন্মধ্যে যে অনিষ্ট বিষয়ের তর্ক করিয়াছেন সেই অনিষ্ট ঘটিতে পারে।

৮। যে প্রকারের নিয়মে কোন ব্যক্তির স্বাধীন হইয়া সম্মত হওয়া আবশ্যক সেই প্রকারের নিয়ম জোর করিয়া প্রবল করিতেই হইবে, যে বিধিক্রমে আইনের এই আজ্ঞা হইল তাহা ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের ২ অধ্যায়ে ব্যক্ত হইয়াছে। কিন্তু কোন ব্যক্তি যথার্থই কি দৃষ্টতঃ পরাধীন কি অন্যের বিশ্বাসপাত্র হইলে সেই পরাধীনতা কি বিশ্বস্ততা না থাকিলে যে লাভ না হইত পরাধীন কি বিশ্বাসপাত্র হওয়াপ্রযুক্ত এমত লাভ উৎপন্ন হইলে, ১৬ ও ১৭ ধারায় সেই স্থলের সাধারণ ও ন্যায়ানুযায়ি বিধি লক্ষিত হইয়াছে। আরো কোন ব্যক্তি কোন বৃত্তান্ত জানিলে পর যদি তাহার চুক্তি করিয়া লইবার ইচ্ছার অন্যথা হইতে পারে তবে সেই বৃত্তান্ত জানাইবার অঙ্গীকার করাইয়া লওয়া আইনমত কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান হয়, সেই কর্ত্তব্য না করিয়া কোন বৃত্তান্ত গোপন রাখা গেলে কিম্বা প্রতারণার উপযুক্ত কর্ম্ম করা গেলে কিম্বা অকর্ত্তব্য কর্ম্ম করা গেলে কি কর্ত্তব্য কর্ম্ম করা না গেলে যে ফল হয় উক্ত আইনে তাহাও ব্যক্ত হইয়াছে।

৯। এই স্থলে পঞ্জাবের ব্যবস্থা বিষয়ক আইনের অর্থাৎ ১৮৭২ সালের ৪ আইনের ৬ ধারারও উল্লেখ হইতে পারে। তন্মধ্যে এই আজ্ঞা আছে, নিস্পত্তি করিবার বিধি এই, যথার্থ ও ন্যায় ও ধর্ম্ম সঙ্গত বিচার। আর উপস্থিত বিষয়ে ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক আইনের কথা যথার্থ ও সম্পূর্ণরূপে সফল করাই ন্যায় ইহা নিরাপত্তারূপে কহা যাইতে পারে।

১০। খাতকেরা যথার্থ কোন কারণে আত্মরক্ষা করিতে সম্পূর্ণ সক্ষম না হইলে তাহারদের রক্ষা করা যাইবে এবং যুক্তি শূন্য করার বলিয়া যে করার করা যায় তাহাহইতে সেই খাতকদিগকে বাঁচাইবার নিমিত্ত আদালতের ক্ষমতা থাকিবে ইহাই ন্যায় বিচারের সার। ১৮৫৫ সালের ২৮ আইন দ্বারা অধিক সুদ লওনবিষয়ক আইন রহিত করা গেলেও, এবং ১৮৭২ সালের ৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে পঞ্জাব সিবিল কোড নামে খ্যাত আইনহইতে পূর্ব্বোক্ত যে ধারা গৃহীত হয় সেই ধারার আইনতুল্য প্রবলতা উঠাইয়া দেওয়া গেলেও, ন্যায় বিচারের সেই সারটি অবিকল থাকিল।

১১। কোন ব্যক্তি অন্যের সঙ্গে করার করিতে উদ্যত হইলে সেই অন্য ব্যক্তি আপনার স্বার্থপক্ষে সতর্ক থাকিতে সক্ষম, আপাততঃ তাহার এমত অনুমান করিবার অধিকার থাকিতে পারে। কিন্তু ব্যক্তিবিশেষের অক্ষমতা কোথায় রহিত হয় এবং আইনে যে ন্যায় বিধি নির্দ্দিষ্ট হইল কোন ব্যক্তির অত্যন্ত অজ্ঞানতা ও নিঃসহায়তাপ্রযুক্ত সেই ন্যায় বিধিমতে তাহাকে কোথায় বা রক্ষা করা কর্ত্তব্য কোন দৃঢ় বিধিক্রমে ইহা নির্ণয় হয় নাই হইতেও পারে না।

১২। মহাজনের নিকট খাতকের গিয়া কি লোক পাঠাইয়া ঋণশোধ করা কর্ত্তব্য এই সাধারণ বিধি সন্দেহ নাই। কিন্তু কালবিশেষের ফসলের নিমিত্ত ধান্যাদি ঋণ লইয়া (ফসল কাটিলে পর অতি উচ্চ হারের সুদ ধরিয়া ঐ শস্য ফিরিয়া দেওয়া যাইবে এমত নিয়ম যুক্তিমতে হইতেও পারে) তথাপি অনেক স্থলে কৃষক ফসল কাটিলে পর ঐ ঋণ শোধ করে না। এমন স্থলে সুদের কিছু বিভেদ মানিতে হইবে। কেবল নির্দ্দিষ্ট কালের নিমিত্ত সুদের যে হার ধার্য্য হয় ঋণ গ্রহণের সময়াবধি অনিশ্চিত কালপর্য্যন্ত সেই সুদ চলিবে প্রথমেই কোন পক্ষের এমত অভিপ্রায় থাকে না। আর কৃষকের অবস্থা উপযুক্তমতে বিবেচনা করিয়া উভয় পক্ষের প্রকৃত অভিপ্রায় বিবেচনা করিতে হইবে।

১৩। স্থলান্তরে অন্য২ ভাবগতিকের সঙ্গে২ ঋণগ্রহণের অত্যন্ত অবিবেচনাও দেখা গেলে অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে ন্যায় বিচারের সাধারণ বিধিমতে ইহার অনুভব হইতে পারে। এই দেশে মহাজনী ব্যবসায়ীদের ও দেনদার কৃষকের পরস্পর যে সম্বন্ধ থাকে তাহা জানিয়া আদালতের উক্ত বিধি মনে রাখা উচিত।

১৪। মহাজন কৃষিজীবি ভূম্যধিকারির কি কৃষকের কিম্বা তাহারদের সমান অবস্থার কোন ব্যক্তির নামে নালিশ করিলে যদি সেই অতিরিক্ত সুদ পাইবার স্বত্বের বিষয়ে বিবাদ হয় তবে ফরিয়াদী যে করারনামামতে ঐ সুদ পাইতে চেষ্টা করে খাতক আপনার অবস্থা সম্পর্কীয় সমস্ত ভাবগতিক ও মহাজনের পক্ষে তাহার দায় জানিয়া ও তাহার পক্ষে অন্যায়মতে জোর না করা গেলেও সে আপনার সম্পূর্ণ ইচ্ছামতে সেই করার স্বীকার করিয়াছে, আদালত ইহা হৃদবোধমতে না জানিলে

and of his entire free will, without inequitable pressure of any kind. The courts may consider whether or not the contract was a prudent one,—not with a view to setting it aside if imprudent, for that of course is entirely beside the court's duty, but with a view to determining whether extreme imprudence, from which, along with other circumstances, the existence of undue influence might be inferred, has or has not been manifested. Reference on this point may be made to the custom of the locality, the usage of parties similarly situated, and the rates for loans prevailing, so that the character of the transaction may be tested.

The debtor need not be compelled by the court to pay the entire amount of interest, whether agreed upon in cash or in grain, if there be reason to believe that the engagement, whether evidenced by bond, or by signing, or marking the money-lender's book, or completed in any other mode, has been entered into through fear or ignorance; and if in any case the amount of interest shall appear to have been agreed upon under circumstances which would render the awarding it contrary to the principles above referred to, the court will only decree as much interest as may appear just under the circumstances.

15. In conclusion, the Chief Court repeats the injunction conveyed in Book Circular XXIX of 1867, that in awarding interest subsequent to the date of the decree, the courts should not allow it to approach in amount that which may be obtainable by persons who have not the security of a decree, and that no inducement should be afforded to decree-holders to allow their decrees to remain unexecuted. Further, the courts are reminded that where a large portion of the amount decreed consists of interest, it is not compulsory on them to decree interest upon the amount decreed, inasmuch as the courts may fitly exercise the discretion allowed them by Act XXIII of 1861, section 10, and not award any such interest at all

By order, &c.,

E. H. HARRISON,

Officiating Registrar.

No. 9.

TO—ALL DISTRICT JUDGES AND JUDICIAL COMMISSIONERS.

Calcutta, the 29th May 1873.

HIGH COURT, &c.,
CIVIL SIDE,
Present
The Hon'ble Sir R. COUCH Kt,
Chief Justice
The Hon'ble LOUIS S. JACKSON
" F. A. B. GLOVER,
" W. AINSLIE,
Judges of the Court

THE Court is pleased to rescind paragraph 3 of Circular Order No. 15, dated 14th May 1864, and to replace it by the following rule, which should be read as a part of the Circular in question:—

C. O. No. 15, dated 14th May 1864 (para 4)
" " 10, dated 19th May 1865.
" " 2, dated 14th February 1870
" " 6, dated 17th March 1871

2. Every inspection of a Moonsiff's Court, under Circular Order No. 15 of 1864, when completed, is to be reported to the High Court. The report should comprise the particular subjects mentioned in the several Circular Orders noted in the margin, and should contain the result of the Judge's observations on the Moonsiff's mode of doing business in respect of ability, temper, vigour, discretion, and punctuality; the state of his office including "accounts," and the absence or frequency, as the case may be, of complaints. The Judge, however, will doubtless remember that while his mission is, on the one hand, to observe and correct errors, he is also to encourage, assist and advise, he should clearly and courteously explain all difficulties occasioned by inexperience, change of system, or possible ignorance of the English language, and should invite the freest communication on all topics of mutual concern.

By order, &c.

W. M. SOUTTAR,

Registrar.

[*Government Gazette*, 1*st July* 1873.]

কোন প্রকারে মহাজনের পক্ষে অতিরিক্ত সুদের ডিক্রী করিবেন না। ঐ চুক্তি বিবেচনা সিদ্ধ কি না আদালত ইহাও বিবেচনা করিতে পারিবেন। বিবেচনা সিদ্ধ না হইলে যে তাহা ব্যর্থ করিবা ফেলেন এই অভিপ্রায় নয় কেননা তদ্রূপ করা আদালতের কর্ত্তব্যের অতিরিক্ত। কিন্তু অত্যন্ত অবিবেচনা প্রকাশ হওয়াতে ও তৎসঙ্গে অন্যং ভাবগতিক প্রযুক্ত, অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে কি না, ইহা নির্ণয় করিবার অভিপ্রায়ে উক্ত কথা বিবেচনা করিবেন। এই স্থলে ঐ ব্যাপারের ভাব পরীক্ষা করিয়া জানিবার জন্যে দেশাচার ও তদ্রূপ অবস্থাপন্ন ব্যক্তিদের রীতি এবং সুদের প্রচলিত যে হারে কর্জ্জ লওয়া গিয়া থাকে এই সকল কথা বিবেচ্য।

খত লিখিয়া দেওন কি মহাজনের খাতায় সহী করণ কি টেরা সহী করণদ্বারা করারের প্রমাণ হইলেও খাতক ভয় কি অজ্ঞানতা হেতুক ঐ করার করিয়াছে এমত অনুভব থাকার কারণ জানা গেলে নগদ কি শস্যাদি দ্বারা সুদ দিবার করার হইলেও খাতকের সেই সমুদয় সুদ দিতে হইবে আদালতের এমত আজ্ঞা করিবার প্রয়োজন নাই। এবং যে ভাবগতিকে ঐ করার করা যায় তদ্বিবেচনায় যদি তত টাকা সুদ দেওয়ার করার পূর্ব্বোক্ত ন্যায়বিধির বিপক্ষ হইয়া থাকে তবে ভাবগতিক বিবেচনায় যত টাকা সুদ ন্যায্য বোধ হয় আদালত কেবল তত টাকার ডিক্রী করিবেন।

১৫। উপসংহার কালে, উচ্চতম আদালতের সাহেবেরা বর্ত্তীর ১৮৬৭ সালের ২৯ নং সরকুলরের নির্দ্দিষ্ট আজ্ঞা পুনঃ প্রকাশ করিতেছেন। তাহা এই। কোন ব্যক্তি ডিক্রীরূপ জামীন না পাইয়া যত টাকা সুদ পাইতে পারে আদালত ডিক্রীর তারিখের পর সুদের আজ্ঞা করিলে তত কি অল্পাংশে কম সুদের আজ্ঞা দিবেন না এবং ডিক্রীদারেরা আপনং ডিক্রী জারী না করিয়া রাখে এমত প্রবৃত্তিও তাহারদিগকে না দেওয়া যায়। আর যত টাকার ডিক্রী হইল তাহার অধিকাংশ সুদ হইলে আদালত যত টাকা ডিক্রী করেন তাহার উপর সুদের ডিক্রী করা তাঁহারদের আবশ্যক নাই যেহেতুক ১৮৬১ সালের ২৩ আইনের ১০ ধারায় স্ববিবেচনামতে কর্ম্ম করিবার যে অনুমতি আছে আদালত উচিতমতে সেই বিবেচনাসিদ্ধ কর্ম্ম করিয়া ঐরূপ সুদের আজ্ঞা দিবেন না আদালতের এই কথা মনে রাখা উচিত।

ই এচ হারিসন,
একটিং রেজিষ্ট্রার।

---

৯ নম্বর।

সকল জিলার জজ সাহেব ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ২৯ মে।

উপস্থিত।
মান্যবর সর আর, কৌচ সাহেব, নাইট,
চীফ জষ্টিস।
মান্যবর লুইস এস, জ্যাকসন সাহেব।
„ এফ, এ, গ্লবর সাহেব।
„ ডবলিউ এন্সলি সাহেব।
কোর্টের জজ।

হাই কোর্টের সাহেবেরা ১৮৬৪ সালের ১৪ মের ১৫ নম্বরের সরকুলর অর্ডরের ৩ দফা রহিত করিয়া তৎপরিবর্ত্তে এই বিধি করিয়াছেন। উক্ত সরকুলরের একাংশ বলিয়া এই বিধি পাঠ করিতে হইবে।

২। ১৮৬৪ সালের ১৫ নং সরকুলর অর্ডর অনুসারে মুনসেফের আদালত দৃষ্টি করার কার্য্য সমাপ্ত হইলে হাই কোর্টে সেই কথার রিপোর্ট করিতে হইবে। পার্শ্বে লিখিত সরকুলর অর্ডরে যেং বিশেষ কথার উল্লেখ হইয়াছে রিপোর্টে তাহা লিখিতে হইবে। এবং জজ সাহেব মুনসেফের ক্ষমতা ও স্বভাব ও যত্ন ও সুবিবেচনা ও ঠিক সময়মতে কার্য্য করণ দেখিয়া তাঁহার কার্য্য করিবার নিয়মের বিষয়ে যাহা নিরূপণ করিয়াছেন, এবং হিসাব রাখা সমেত তাঁহার কাছারীর যে অবস্থা ও তদ্বিষয়ে কোন নালিশ হয় নাই কিম্বা বিষয়বিশেষে অনেকবার নালিশ হইয়া থাকে এইং বিষয়ে যাহা জানিতে পাইয়াছেন তাহাও রিপোর্টে লিখিবেন। কিন্তু জজ সাহেবকে সেই কর্ম্মে নিযুক্ত করিবার অভিপ্রায়ের মধ্যে যেমন ভ্রম দেখিয়া সংশোধন করা এক, তেমনি মুনসেফকে উৎসাহ ও সাহায্য ও পরামর্শ দান করাও অপর অভিপ্রায় জানিবেন। অতএব কোন মুনসেফ অনেক কাল কর্ম্ম না করাতে কিম্বা কর্ম্ম করিবার নিয়মের পরিবর্ত্তন হওয়াতে কিম্বা ইংরেজী ভাষায় তাদৃশ জ্ঞান না থাকাতে তাঁহার কষ্ট হইলে জজ সাহেব শিষ্ট ভাবে তাহা স্পষ্ট করিয়া তাঁহাকে বুঝাইয়া দিবেন এবং যেং বিষয়ে উভয়ের সাধারণ সম্পর্ক থাকে মুনসেফ সেই সকল বিষয় নিষ্কণ্টকে কথা কহিতে পারেন তাঁহাকে এমত উৎসাহ দিবেন।

১৮৬৪ সা. ১৪ মের ১৫ নং সরকুলর (৪ দফা)
১৮৬৫ সা. ১৯ মের ১০ নং ঐ
১৮৭০ সা. ১৪ ফেব্রুআরির ২ নং ঐ
১৮৭১ সা. ১৭ মার্চের ৬ নং ঐ

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ এম স্টর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১ জুলাই।]

No. 10.

TO—ALL CIVIL AUTHORITIES SUBJECT TO THE HIGH COURT.

Calcutta, the 31*st May* 1873.

HIGH COURT, &c.
CIVIL SIDE.
Present
The Hon'ble *Sir* R. COUCH, *Kt.*,
Chief Justice.
" LOUIS S. JACKSON,
" F. A. B. GLOVER,
" W. AINSLIE,
Judges of the Court.

BY section 175, Code of Civil Procedure, it is provided that commissions to examine absent witnesses "shall ordinarily be issued to the "Court within whose jurisdiction the witness may "reside, and which can most conveniently execute "the same; but under special circumstances the "commission may be issued to any other person or "persons whom the Court issuing the commission "may think proper to appoint."

2. The privilege of obtaining such commissions, in respect of which no fee is at present levied, is largely used, and the duty of acting under such commissions is often a serious addition to the duty of the various Judges.

3. At the same time the business of the Civil Courts has almost universally so increased that they ought not to be called upon to perform this additional duty; and notoriously from their frequent inability to perform it great delay and inconvenience arise.

4. The High Court is of opinion that this state of things should be held to constitute "special circumstances" under which it is competent to the Civil Courts to issue commissions to other persons.

5. The High Court considers further that the proper persons to execute such commissions will usually be the Pleaders of the District Court, or those Pleaders of the Moonsiff's Court who have passed examinations under Act XX of 1865. The Court therefore directs that—

I.—When such commission is applied for, the Court issuing the same shall make choice of some Pleader practising in the Court within whose jurisdiction the witness resides, and issue the commission accordingly.

II.—For the remuneration of the commission so appointed, the Court shall require the party applying to pay in a fee of Rs. 4 for each witness to be examined, if the Court be that of a Moonsiff, or of Rs. 10 for each witness in the case of any higher Courts, and the commission shall not issue until such fee be paid.

III.—The commission, together with the amount of the fee, shall be sent to the Court in which the Commissioner is a practising Pleader, and the commission shall be immediately delivered to him (unless he refuse to act). If the witness or witnesses appear before him and are examined so that he can make a return within the time limited, on his returning the commission duly executed the fee shall be paid over to him, otherwise it shall be sent back together with the commission to the Court which issued it.

IV.—Every District Judge shall furnish, on application, to the Judge of any neighbouring District a list of all Pleaders attached to the several Courts in his District, who are qualified and willing to execute such commissions under these rules.

V.—The foregoing rules do not apply to cases coming under Section 176, Code of Civil Procedure.

VI.—Every subordinate court, including the Mofussil Courts of Small Causes, shall furnish to the District Court, at the close of each quarter, a return of the commissions which it has issued during such quarter in the form annexed; and the District Court shall furnish a general return in the same form to the High Court.

[*Government Gazette,* 1*st July* 1873.]

HIGH COURT.

No. 30. CIVIL PROCESS.

নং ৯

জেলা দেওয়ানি আদালত

বৈঠক শ্রীযুত জজ

মোকদ্দমা নম্বর

তারিখ

সন ১৮৭

মায়েন

পক্ষের নম্বরের

সাক্ষী হাজির হইয়া আইনমত প্রতিজ্ঞা করিয়া আমার নাম শ্রী

পসরে সাকিন

বয়স বৎসর পেসা

প্রকাশ করে যে

১০ নম্বর।

হাই কোর্টের অধীন সকল দেওয়ানী কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ৩১ মে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৭৫ ধারার এই বিধান। "সাক্ষী উপস্থিত না হইলে তিনি যে আদালতের এলাকার মধ্যে বাস করেন ও যে আদালত অতি সুবিধামতে তাঁহার সাক্ষ্য লওনের কমিশ্যানমতে কার্য্য করিতে পারেন সচরাচর সেই আদালতে তাঁহার সাক্ষ্য লওয়ার কমিশ্যান দেওয়া যাইবে। কিন্তু বিশেষ কোনং গতিকে যে আদালতহইতে ঐ কমিশ্যান বাহির হয় সেই আদালত অন্য যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করা উচিত বোধ করেন তাঁহাকে কি তাঁহারদিগকে ঐ কমিশ্যান দিতে পারিবেন।"

উপস্থিত।
মান্যবর সর আর কৌচ সাহেব, নাইট, চীফ জষ্টিস।
,, লুইস এস জ্যাক্সন সাহেব।
,, এফ, এ, বি গ্লবর সাহেব।
,, ডবলিউ এন্সলি সাহেব।
কোর্টের জজ।

২। এইক্ষণে সেই প্রকারের কমিশ্যান সম্পর্কে কোন ফী আদায় হইয়া থাকে না। ও সেই প্রকারের কমিশ্যান পাইবার যে বিধি আছে তাহার অধিক ব্যবহার হইয়া থাকে এবং সেই প্রকারের কমিশ্যানমতে কার্য্য করিতে হওয়াতে নানা বিচারকর্ত্তারদের কর্ম্মের গুরুতর বৃদ্ধি হয়।

৩। আরো প্রায় সর্ব্বাংশে দেওয়ানী আদালতের কর্ম্মের অত্যন্ত বৃদ্ধি হওয়াতে তাঁহাদের প্রতি সেই অতিরিক্ত কর্ম্মও নির্ব্বাহ করিবার ভার অর্পণ করা উচিত নয়। তাঁহারা অনেক সময়ে তাহা করিতেও পারেন না ইহা প্রসিদ্ধ জানা আছে। ইহাতে অনেক বিলম্ব ও ক্লেশ হয়।

৪। হাই কোর্টের সাহেবেরা বোধ করেন যে, পূর্ব্বোক্ত যে "বিশেষ গতিকে" দেওয়ানী আদালত অন্য ব্যক্তিদিগকে কমিশ্যান দিতে পারেন, কার্য্যের এই অবস্থা সেই প্রকারের বিশেষ গতিক বলিয়া জ্ঞান করা উচিত।

৫। আরো হাই কোর্টের সাহেবেরা সামান্যতঃ জিলার আদালতের উকীলদিগকে কিম্বা মুনসেফের আদালতের যে উকীলেরা ১৮৬৫ সালের ২০ আইনমত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন সেই উকীলদিগকে ঐ প্রকারের কমিশ্যানমতে কার্য্য করিবার উপযুক্ত ব্যক্তি বলিয়া জ্ঞান করেন। অতএব হাই কোর্টের সাহেবেরা এইং আজ্ঞা করিয়াছেন।

১। তদ্রূপ কমিশ্যানের প্রার্থনা হইলে যে আদালত কমিশ্যান দেন ঐ আদালত সাক্ষী যে আদালতের এলাকার মধ্যে বাস করেন সেই আদালতের ওকালতীকারি কোন উকীলকে পসন্দ করিয়া তদনুসারে তাঁহাকেই কমিশ্যান দিবেন।

২। তদ্রূপে যে কমিশ্যান নিযুক্ত করা যায় তাহার পারিশ্রমিকের এই বিধি। মুনসেফের আদালতে পাঠাইতে হইলে যত জন সাক্ষির সাক্ষ্য লইতে হইবে যে ব্যক্তি কমিশ্যান প্রার্থনা করেন আদালত তাঁহাকে সেই প্রত্যেক জন সাক্ষির নিমিত্ত ৪৲ টাকা ফী দিতে কিম্বা উচ্চতর কোন আদালতে পাঠাইতে হইলে প্রত্যেক জন সাক্ষির নিমিত্ত ১০ টাকা ফী দিবার আজ্ঞা করিবেন। ও সেই ফী যত কাল না দেওয়া যায় তত কাল কমিশ্যান দেওয়া যাইবে না।

৩। যে উকীলকে কমিশ্যান দেওয়া যাইবে তিনি যে আদালতে ওকালতী করিয়া থাকেন ফী সমেত ঐ কমিশ্যান সেই আদালতে পাঠান যাইবে ও সেই উকীল ঐ কর্ম্ম করিতে অসম্মত না হইলে ঐ কমিশ্যান তৎকালেই তাঁহাকে দেওয়া যাইবে। তিনি যাহাতে নিরূপিত সময়ের মধ্যে ঐ কমিশ্যান মতে কর্ম্ম করিয়া ফিরিয়া পাঠাইতে পারেন, সাক্ষী কি সাক্ষিরা এমত সময়ে উপস্থিত হইয়া সাক্ষ্য দিলে, তিনি উপযুক্ত মতে কমিশ্যান অনুসারে কার্য্য করিয়া তাহা ফিরিয়া পাঠাইলে ঐ ফী তাঁহাকে দেওয়া যাইবে। নতুবা যে আদালত কমিশ্যান দিলেন সেই আদালতে কমিশ্যান সহিত সেই ফী ফিরিয়া পাঠান যাইবে।

৪। জিলার আদালতে নিযুক্ত যে উকীলেরা এই বিধিমতে সেই প্রকারের কমিশ্যানঅনুসারে কার্য্য করিতে ক্ষমতাপন্ন ও ইচ্ছুক হন জিলার জজ সাহেব তাঁহারদের নামনির্ঘণ্ট লিখিয়া রাখিয়া নিকটস্থ জিলার কোন জজ সাহেব প্রার্থনা করিলে তাঁহার নিকট পাঠাইবেন।

৫। যেং মোকদ্দমা দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৭৬ ধারার বিধানের মধ্যে আইসে পূর্ব্বোক্ত বিধি তাহার প্রতি খাটে না।

৬। মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালত সমেত নিম্নতর প্রত্যেক আদালত কোন তিন মাসের মধ্যে যত কমিশ্যান দেন সেই তিন মাসের শেষে নিম্নলিখিত পাঠানুসারে জিলার আদালতে সেইং কমিশ্যানের রিটর্ণ দিবেন। জিলার আদালতও সেই পাঠানুসারে হাই কোর্টে সাধারণ রিটর্ণ দিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্কটর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ জুলাই।]

STATEMENT of Commissions issued under Section 175, *Code of Civil Procedure, from the Court of District during the Quarter* 187 .

Consecutive Number for the year	Number of Suit.	Party applying	Date of application	Place to which Commission to be sent	Person to whom addressed	Fee	Date of issue	Date of return	Executed or not	REMARKS

No. 11

TO—ALL CIVIL COURTS SUBORDINATE TO THE HIGH COURT

Calcutta, the 31*st May* 1873.

HIGH COURT, &c,
CIVIL SIDE
Present
The Hon'ble SIR R. COUCH, *Kt*, *Chief Justice*
" LOUIS S. JACKSON,
" F. A. B. GLOVER,
" W. AINSLIE,
Judges of the Court.

AT the instance of His Honor the Lieutenant-Governor of Bengal, and in continuation of Circular Order No 7, dated the 7th March last, the Court hereby prescribes 11 o'clock A M as the latest hour at which Judges of all classes should be *on the bench,* exception being made in the case of districts where, and at seasons when, it is usual to hold early morning sittings.

2. The District Judge will be held responsible for seeing that this order is carried out by his subordinate courts.

By order of the High Court,

W M SOUTTAR,

Registrar.

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CIVIL SIDE.

No 10.

TO—ALL DISTRICT JUDGES.

Calcutta, the 29*th May* 1873.

HIGH COURT, &c,
CIVIL SIDE
Present
The Hon'ble LOUIS S JACKSON,
One of the Judges of the Court

IN continuation of Circular Memorandum No 2, dated 24th January 1872, District Judges are, under the authority of Government, hereby informed that* "the rule under which" they "have been authorized to entertain an establishment for each Additional Moonsiff on his appointment without reference to Government may be applied to the entertainment of Establishments required for Additional Subordinate Judges"

By order of the High Court,

W.M SOUTTAR,

Registrar

---

* *Vide* letter from Officiating Under-Secretary, Government of Bengal (Judicial Department), to Officiating Accountant-General, No. 2341, dated 12th May 1873

[*Government Gazette,* 1*st July* 1873.]

অমুক সালের অমুক তিন মাসের মধ্যে অমুক জিলার আদালতহইতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৭৫ ধারামতে যত কমিশ্যন বাহির হয় তাহার বর্ণনাপত্র।

বৎসরের একাদিক্রমে নম্বর	মোকদ্দমার নম্বর	যে ব্যক্তি প্রার্থনা করেন তাহার নাম	যে তারিখে প্রার্থনা করেন	যে স্থানে কমিশ্যন পাঠান যায়	যে ব্যক্তির নামে দেওয়া যায়	ফী	কমিশ্যন দিবার তারিখ	ফিরিয়া পাঠাইবার তারিখ	কমিশ্যনমতে কার্য্য করা যায় কি না	মন্তব্য কথা

১১ নং।

হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালত সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ৩১ মে।

উপস্থিত।
মান্যবর সর আর, কৌচ সাহেব, নাইট,
চীফ জষ্টিস।
মান্যবর লুইস এস, জ্যাকসন সাহেব।
,, এফ, এ, বি, গ্লবর সাহেব।
,, ডবলিউ এঙ্গলি সাহেব।
কোর্টের জজ।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আদেশানুসারে হাই কোর্টের সাহেবেরা গত মার্চ মাসের ৭ তারিখের ৭ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত এই আজ্ঞা করিতেছেন, সকল শ্রেণীর বিচারপতিরা ঠিক ১১ টার সময়ে বিচারাসনে উপস্থিত হইবেন বিলম্বে না হয়। কিন্তু যেং জিলায় বৎসরের সময়বিশেষে সকালে কাছারি করিবার রীতি চলে তথায় এই বিধি খাটিবে না।

২। এই আজ্ঞামতে অধীন সকল আদালত কার্য্য করেন এই বিষয়ে জিলার জজ সাহেব দায়ী বলিয়া জানা যাইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্টুটর,
রেজিষ্ট্রার।

হাই কোর্টের স্মরণার্থ দেওয়ানী সরক্যুলর।

১০ নম্বর।

সকল জিলার জজ সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ২৯ মে।

উপস্থিত।
মান্যবর লুইস এস জ্যাকসন সাহেব
কোর্টের একজন জজ।

১৮৭২ সালের ২৪ জানুআরির ২ নম্বরের স্মরণার্থ সরক্যুলরের অতিরিক্ত গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে জিলার জজ সাহেবদিগকে এই কথা জ্ঞাত করা যাইতেছে। আডিশ্যনল মুনসেফ নিযুক্ত হইলে জজ সাহেব যে বিধিমতে গবর্ণমেন্টে জিজ্ঞাসা না করিয়া তাঁহার সিরিশতার বিধান করিতে পারেন, আডিশ্যনল সবরডিনেট জজদের যে সিরিশতার প্রয়োজন হয় তৎপক্ষেও সেই বিধান খাটে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্টুটর,
রেজিষ্ট্রার।

---

* একটিং আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট জুডিশ্যাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ১২ মের ২০৪১ নং পত্র।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১ জুলাই।]

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CRIMINAL SIDE.

No. 3.

ALL MAGISTRATES OF DISTRICTS.

Calcutta, the 26th May 1873

HIGH COURT, &c
CRIMINAL SIDE
Present
The Hon'ble LOUIS S. JACKSON,
One of the Judges of the Court

ARE requested to note, in future, on the back of Quarterly Statement D., the names of those Magistrates who have served on Benches during the quarter under report.

2 The ensuing Statement (for April, May, and June) to contain the names in question for the 1st and 2nd quarters

By order of the High Court,
W. M. SOUTTAR,
Registrar.

No 4

SESSIONS JUDGES AND MAGISTRATES OF DISTRICTS.

Calcutta, the 7th May 1873

HIGH COURT, &c ,
CRIMINAL SIDE
Present
The Hon'ble LOUIS S JACKSON,
One of the Judges of the Court

ARE hereby directed to submit their Quarterly Criminal Returns D and E *in duplicate* (copies being required for Government), beginning with those of the current quarter.

By order of the High Court,
W. M. SOUTTAR,
Registrar

হাই কোর্টের অরণার্থ ফৌজদারী সরকুলার ।

৩ নম্বর ।

কলিকাতা ১৮৭৩ সাল ১৬ মে ।

সকল জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি

উপস্থিত ।
মাম্যবর লুইস এস জ্যাকসন ।
হাই কোর্টের অভ্যন্তর জজ ।

এই আদেশ হইল। D চিহ্নিত ত্রৈমাসিক বর্ণনাপত্র পাঠাইবার সময়ে, সেই তিন মাসের মধ্যে কোন্‌২ মাজিষ্ট্রেট বেঞ্চে উপবিষ্ট হইয়াছেন তাঁহারদের নাম জানাইবেন।

২। আপ্রিল, মে ও জুন মাসের নিমিত্ত আগামি যে বর্ণনাপত্র পাঠান যাইবে, প্রথম ও দ্বিতীয় তিন মাসে, যাঁহারা উপবিষ্ট হইলেন তাঁহারদের নাম তন্মধ্যে লিখিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্টুয়ার্ট,
রেজিষ্ট্রার ।

৪ নম্বর ।

কলিকাতা ১৮৭৩ সাল ৭ জুন ।

সেশন জজ সাহেবদের ও জিলার মাজিষ্ট্রেট সাহেবদের প্রতি

উপস্থিত ।
মাম্যবর লুইস এস জ্যাকসন ।
কোর্টের অভ্যন্তর জজ ।

এই আদেশ হইল। চলিত তিন মাসাবধি তাঁহারা D ও E চিহ্নিত ত্রৈমাসিক ফৌজদারী রিটর্ণ দুই কেতা করিয়া পাঠাইবেন। গবর্ণমেন্টের নিমিত্ত এক কেতার প্রয়োজন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্টুয়ার্ট,
রেজিষ্ট্রার ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 1, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১ জুলাই।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

নীলামের ইশ্তেহার।

জিলা বৰ্দ্ধমান।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি মহকুমা কালনা সন ১৮৭৩ সাল।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, বৰ্দ্ধমান জিলার মধ্যবর্ত্তী পশ্চাল্লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব সন ১৮৭৩।৭৪ সালহইতে সন ১৯০০। ১৯০১ সাল পর্য্যন্ত সন ১৮৭৩ সালের ২ জুলাই মোতাবক সন ১২৮০ সালের ১৯ আষাঢ় তারিখে জিলা বৰ্দ্ধমানের অধীন মোকাম কালনার ডেপুটী কালেক্টার কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহালের খরিদদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। এই মহাল বাৎসরিক ৸০ বার আনা জমায় যে ব্যক্তি নিলামে প্রথম ডাকের উপর সর্ব্ব অপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪। এক শত টাকার অধিক হইলে ডাকপণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখাল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখীল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম-তুলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

[*Government Gazette,* 1st *July* 1873.]

৫। মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন, তাহারা যে দিবসাবধি ক্রীত মহাল দখল করেন সেই দিবস পর্য্যন্ত সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকি রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রাজকীয় মহলের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহালের এবং পরগণার নাম।	পরিমাণ যত একর।	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
				খাজনা রাজস্ব	রাস্তার টেক্স।	সর্ব্বশুদ্ধ।		
			এঃ রুঃ পোঃ					
০	৫৯৭৭নং	এদরাকপুর পরগণে জাহাঙ্গিরাবাদ।	১ ১ ১১	৸০	০	৸০	১।৷০	গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব অত্র মহালের ১৮৭৩।৭৪ সাল হইতে ১৯০০।১৯০১ সাল পর্য্যন্ত বিক্রয় হইবেক।

CULNA,
The 23rd May 1873.

RAMKOOMAR BOSE,
Deputy Collector.

জিলা হুগলী।

এস্তাহার নামা কাছারী কালেক্টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলি জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজি ১৮৭৩ সালের ১২ই আগষ্ট মোতাবেক সন ১২৮০ বাঙ্গলার শ্রাবণ মাসের ২৯শে মঙ্গলবার জেলা হুগলির কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস একদিন করিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারী খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম কৃতীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্বউচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

গবর্ণমেণ্টের নম্বর	জেলার বহির নম্বর	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ	নীলামের প্রথম ডাক	মন্তব্য।
১২২	২০২০	মজিপুর পং ভুরসিট ...	০।২।২	৭৷০	

জেলা হুগলী, ১৮৭৩। ১৬ জুন।

F. H. PELLEW, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১ জুলাই।]

ADVERTISEMENT.

NOTICE is hereby given that the rights of Government to the under-mentioned lands situated in village Ampta, Thanah Ampta in the District of Hooghly, will be put up to sale by public auction at the Howrah Deputy Collector's Office on the 28th July 1873, corresponding with the 14th Sraven 1280, B.S.

The purchasers of the under-mentioned lands will be subject to the following conditions :—

1st.—If the amount of purchase-money does not exceed Rs. 100, the whole amount to be paid at once.

2nd.—If the amount of purchase-money exceed Rs 100, one-fourth of the amount bid to be immediately deposited. If the balance is not paid by noon of the fifteenth day after the sale, reckoning the day of sale as one, or, if that is a close holiday then by noon of the first succeeding office day, the sale to be cancelled, the sum deposited being forfeited to Government, and the estate to be again put up to sale at the risk of the defaulting purchaser, after issue of advertisement as in the case of original sale.

3rd.—The plot will be sold revenue-free to the highest bidders above the upset price.

No of plot	Quantity of land.	Boundary	Upset price	REMARKS
	B K Ch		Rs A P	
1	0 1 0	Bounded on the north by Dinoo Chootar's house, on the east by Sreedhur Moduck's house, on the south by public road and Nobocoomar Moduck's house, and on the west by Dinoo Chootar's house	25 0 0	The land is in village Ampta, Thannah Ampta, Pergunnah Baleah, Zillah Hooghly, and belongs absolutely to Government

HOWRAH COLLECTORATE,
The 13*th June* 1873.

W. H D'OYLY,
Offg. Collector

LAND ADVERTISEMENT.　　ভূমিবিষয়ক ইশতিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারি কালেকটরি।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকাদির গত ২৫ মেই শেষ তারিখের দুগাস্ত পর্য্যন্তের বাকি পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৭৩ ইংরেজির ১৮ আগস্ট মোতাবেক ১২৮০ বাঙ্গলার ৩ ভাদ্র রোজ সোমবার জিলার কালেকটরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৩ ইংরেজি তারিখ ১৮ জুন।

মহাল নওয়াবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে ইদগাও থানে বামু।

১৬১ নং। তালুক শিবচরণ চৌং মালীকমাগনদাস চৌধুরি সদর জমা সদর জমা ৪৪৭৯। ৶০

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে মাছুয়াখালী থানে বামু।

১৭৫ নং। তালুক আমান, আমান মালিক মাগনদাস চৌধুরী সদর জমা .. ১১৮৯/৬

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে ধলিছরা থানা রামু,

১৭৬ নং। তালুক মাগনদাস চৌধুরি মলীক মাগন দাস চৌধুনি সদর জমা, ১২৯৫।৵৮

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে হারবাঙ্গ থানে চকরিয়া

২৯৫ নং তালুক লাল মাহাম্মদ দারগা মালীক লাল মাহাম্মদ দারগা সদর জমা ৯৪১/৯

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে চাম্বল থানে সাতকানিয়া।

৩০৭ নং। তালুক শ্রীমতী তাজনিছাচৌং বাং তালুক আমীন ওল্লা করিম ওল্লা মালীক শ্রীমতী তাজনিছাচৌং সদর জমা ১১৯৩।১০

[*Government Gazette,* 1*st July* 1873]

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে দক্ষিণাহ্নিলা থানে টেকনাপ।

৫৬০ নং। তালুক খোযামেচোং ও শ্রীমতী উমাবি চৌধুরিআ এহ্লাতং চোং ও হ্লাপা চোং ও হ্লাপচু চোং ও শ্রীমতী চাহত্রা ও চৌধুরিআ বাং তালুক কান্দো মালী খোদ হায় সদর জমা.. ৬৭০৸৶০
রোডফণ্ড .. ৬৸০

---

৬৭৭ ৶০

J. C. VEASAY,
For Offg Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৫ মেই তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ১৮ আগষ্ট তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধারা যাইবে। ইতি সন ১৮৭৩ ইং তারিখ ১৮ জুন।

প্রথম শ্রেণীর কাইমি মহাল।

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবেক।

মহাল মোছালেহা।

৩৮৮০ নম্বর তরফ ওবেদুল্লা ও সেখ মহামদ ওছি ও সেখ আকামদযালি মালিক আএমনা বিবি আছাদযালি ও বক্সিজান ও আবদুল্লা খাঁ সমুদয় মহাল নিলাম হইবেক সদর জমা ৬৭৮।৶০

J. C. VEASAY,
For Offr Collector.

নিলামের ইশ্‌তিহার।

জিলা যশোহর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা যশোহরের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ৫ আগষ্ট মোতাবেক সন ১২৮০ সালের ২২ শ্রাবণ মঙ্গলবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে।

দ্বিতীয় শ্রেণীর অমাধায্য হওবা মহাল।

৫৯২০ নং তৌজির মহাল পং সিলমাবাদ চকঃ পঞ্চমানের বেড় বন্দমস্ত গ্রহীতা হরিপ্রিয়া চৌধুরাইন দিগর ইং ১২৭৯ সাল লাং ১২৯৮ সাল ২০ বৎসর মেয়াদ আবাদকারি সর্ত্তে ৮৮১৸০ টাকা সদর জমা ৮৮১॥/৯ টাকা বাকি খাজনা আদায় কারণ নিলাম হইবেক।

N. SMITH, *Collector.*

Wanted

A GOOD English Clerk. Salary Rs 50, rising to Rs. 70. Applications with *copies* of testimonials to be forwarded to the undersigned not later than July 5th ensuing. None need apply who has not had at least five years' experience in a Magistrate's or in a Collector's Office, or on a Sub-Divisional establishment.

SREE NAUTH GHOSE, *Personal Assistant to the Commissioner.*

COMMR.'S OFFICE, PRESY. DIVN., June 14th 1873.

বিজ্ঞাপন।

কলিকাতা মিউনিসিপেলিটি।

যে কালের নিমিত্তে নগরের পার্শ্বের লিখিত অংশের কর ধার্য্য করা গিয়াছিল সেই কাল অতীত হওয়াতে সংবাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসেরা ১৮৬৩ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ৭৬ ধারার বিধানমত পূর্ব্বে কৃত যে মূল্য ও মাপ ও কর নিরূপণানুসারে করাবধারণ করা গিয়াছিল আর তিন বৎসরের নিমিত্তে সেই করাবধারণ করিতে স্থির করিয়াছেন উক্ত মূল্য ও পরিমাণ ও করাবধারণ যে রেজিষ্টারে লেখা গিয়াছে সম্পত্তির স্বামি অধিকারিরা জষ্টিসদের কার্য্যালয়ে তাহা দেখিতে পাইবে।

দক্ষিণ লোভাবাজার ষ্ট্রিট, উত্তর অন্নপূর্ণা ঘাট, পূর্ব্ব চিৎপুর রোড, পশ্চিম হুগলী রিভার।

ইহাতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৩ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ৭৩ ধারার বিধানানুসারে জষ্টিসেরা ১৮৭২ সালের ২১ জুলাই তারিখের মধ্যাহ্নে উক্ত মূল্য ও পরিমাপণ ও করাবধারণের বিপক্ষে প্রার্থনা শ্রবণ করিবেন এবং যে ব্যক্তি উক্ত পরিমাপণ করাবধারণের বিপক্ষে প্রার্থনা করিতে ইচ্ছুক হন প্রার্থনা শ্রবণার্থে যে দিন নিরূপিত হইয়াছে তাহার তিন দিবস পূর্ব্বে জষ্টিসদের কার্য্যালয়ে তাঁহার লিখিত আবেদন পত্র অর্পণ করিতে হইবেক। ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ২৭ ধারামতে রেটের টাকা জষ্টিসদের স্থানে গচ্ছিত না করিলে এবং যে বাটীর বিষয়ে প্রার্থনা করা যায় সেই বাটীর স্বামী কি অধিকারি বলিয়া তাঁহার নাম করাবধারণের রেজিষ্টারে না থাকিলে তাঁহার প্রার্থনা শ্রবণ করা যাইতে পারিবে না।

রবার্ট টর্ণবুল,
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সেক্রেটরী

শান্তিরক্ষার্থ জষ্টিসদের কার্য্যালয়,
৩ নং চৌরঙ্গি রোড,
১লা জুলাই ১৮৭৩ সাল।

(25—1)

NOTICE.

Bengalee Edition of the Acts of Government.

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act now *ready*, the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year without postage ...	...	...	Rs 10	0	0
Ditto with postage ...	... ...	...	„ 12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাশুল বিনা এক বৎসরের	.. ...	... ১০৲
ডাকমাশুল সুদ্ধ ঐ	... ...	... ১২।।০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একই খান ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১ জুলাই।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস
সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1771. ১৭৭১

[REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 8, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৮ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

FOREIGN DEPARTMENT.

NOTIFICATIONS.

JUDICIAL.

Simla, the 24th June 1873.

No. 126.—Under Section 43 of Act X of 1872 (The Code of Criminal Procedure), the Governor-General in Council is pleased to confer on the person holding the office of Cantonment Magistrate of Nowgong, for the time being, the powers of a Magistrate of the 1st Class, and to invest him with the additional powers defined in Clause (*a*) of Section 27 of the aforesaid Act

And in exercise of the powers conferred by Section 6 of Act XI of 1872 (The Foreign Jurisdiction and Extradition Act, 1872), the Governor-General in Council is pleased to appoint the person holding the office of Cantonment Magistrate of Nowgong, for the time being, and being a European British subject, to be a Justice of the Peace.

POLITICAL.

The 23rd June 1873

No. 1368.—Under instructions from Her Majesty's Secretary of State for India, His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to notify that all letters or communications addressed to Her Majesty the Queen, to Members of the Royal Family, or to high officials in England, must be transmitted through Local Governments, Administrations, &c., to the Government of India in the Foreign Department, and that the receipt of letters otherwise transmitted will not be acknowledged.

This Notification does not apply to petitions and memorials regarding the administration of affairs in India, or to appeals from the orders of officers in India when addressed to Her Majesty's Secretary of State for India in Council. Such documents should, as heretofore, be forwarded to the Department of the Government of India concerned with the questions to which they relate.

C. U. AITCHISON,
Secy. to the Govt. of India

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION

PENSIONS AND GRATUITIES.

Simla, the 27th June 1873.

No. 1230.—The Governor-General in Council directs that the following be substituted for Rule 2, under Section 23 of the Civil Pension Code.—

"2. When police officers are entertained at the cost of individuals and corporate bodies, under Sections 13, 14, and 15 of Act V of 1861 of the Governor-General of India in Council, or under Sections 14, 15, and 16 of Act VII of 1867 of the Governor of Bombay in Council, an additional charge of one-fourth of the pay of officers, whose pay is not less than Rs. 100 a month, and of one-eighth of the pay of others, must be defrayed by the persons for whose benefit the officers are employed, provided always that this additional charge shall not be made when such officers are only temporarily engaged, their service not counting for pension."

পঞ্জাবের উচ্চতম আদালত নিম্নলিখিত সরকুলর প্রকাশ করিয়াছেন। হাই কোর্টের সাহেবেরাও তাহা প্রকাশ করিয়া তৎপ্রতি বিচারপতিদের সমনোযোগে বিবেচনা করিবার আদেশ করিয়াছেন।

হাই কোর্ট।
উপস্থিত।
মাম্যবর সর আর, কৌচ সাহেব, খাইট, চীফ জষ্টিস।
,, লুইস, এস, জাকসন সাহেব।
,, এফ, এ, গ্লবর সাহেব।
,, ডবলিউ এন্সলি সাহেব।
আদালতের জজ।

২। কোন ব্যক্তির টাকা কর্জ্জ করিয়া লইতে হইলে কি ভাবগতিকে তাহার এমত করিতে হইয়াছে, ইহার প্রতি মনোযোগ না হইয়া অনেক স্থলে অতি কষ্টজনক হারে সুদের ডিক্রী হইয়া থাকে, হাই কোর্টের সাহেবেরা ইহা জানিতে পাইয়াছেন।

৩। এইরূপ হওয়াতে আদালত অতিরিক্ত সুদ লওনের ব্যাপার রেজিষ্টরী করিবার স্থান হইয়া উঠে ও মহাজন সেই অতিরিক্ত নিয়মের উপর প্রতিভূস্বরূপ ডিক্রীও পাইয়া থাকেন।

৪। ঋণিরা ইচ্ছাপূর্ব্বক ও বুঝিয়াসুঝিয়া যে চুক্তি করে সেই চুক্তিহইতে এড়াইবার জন্যে তাহারদের সাহায্য করা যাইবে বলিয়া হাই কোর্ট এই বিষয়ে মনোযোগ করিবার আদেশ করিলেন তাহা নয় কিন্তু যাহারা কষ্ট কি অজ্ঞানতা কি পরবশতা হেতুক তদ্রূপ চুক্তি করণবিষয়ে প্রকৃতরূপে স্বাধীন হইয়া কর্ম্ম করিতে অক্ষম আদালতে তাহারা আশ্রয় পাইবে বলিয়া এই আদেশ হইল।

৫। পঞ্জাবের সরকুলরের শেষ দফায় বিশেষ মনোযোগ করিবার আদেশ হইল।

ডবলিউ এম স্টর,
একটিং রেজিষ্ট্রার।

বহীর সরকুল্যর। নং ৩—১৫৩।

পঞ্জাবের সকল কমিশ্যনর ও ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট পঞ্জাবের উচ্চতম আদালতের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত ই এফ হারিসন সাহেবের পত্র।—লাহোর। ১৮৭৩ সাল ১৮ জানুআরি।

১। কৃষিজীবী ভূম্যধিকারিরা ও কৃষকেরা অতিরিক্ত সুদের হারে কর্জ লইলে এই প্রদেশের অনেক আদালতে বিশেষতঃ কৃষিপ্রধান দেশের আদালতে অনেকবার তাহারদের সেই সুদ দিতে হইবে বলিয়া ডিক্রী হইয়া থাকে। ইহা উচ্চতম আদালতের জজ সাহেবরা জানিতে পাইয়াছেন।

পঞ্জাবের উচ্চতম আদালত।
উপস্থিত।
শ্রীযুত সি বুলময়ন সাহেব।
,, সি আর লিনসি সাহেব।
,, জে এস কাম্বেল সাহেব।
জজ।

২। গ্রামের মহাজন যে২ মোকদ্দমায় দেনদারের নামে নালিশ করে সেই২ মোকদ্দমা প্রায়ই অল্প টাকার অর্থাৎ ৫০০৲ টাকার কম। সুতরাং ১৮৬১ সালের ২৩ আইনের ২৭ ধারার বিধান প্রযুক্ত সেই প্রকারের মোকদ্দমা উচ্চতম আদালতে প্রায় কখন আসিতে পারে না। ঐ ধারার কথা এই, ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে প্রকারের মোকদ্দমা গ্রাহ্য হয় তাহার উপর খাস আপীল হইতে পারে না।

৩। এই বিষয়ের প্রতি যুক্তিসঙ্গত যে সাধারণ নিয়ম বর্ত্তে উচ্চতম আদালত বিচারক্রমে নিষ্পত্তি করিয়া সেই নিয়ম ব্যাখ্যা করিবার সুযোগ পান নাই। ইতি মধ্যে দেশের অনেক স্থানের আদালত বিশেষতঃ ক্ষুদ্র মোকদ্দমার আদালত উপযুক্তমতে বিবেচনা না করিয়া সুদের ডিক্রী করিয়াছেন। সম্প্রতি নানা মোকদ্দমার কাগজপত্র দেখিয়া ইহা দৃষ্ট হইল।

৪। এই বিষয়ে উচ্চতম আদালত অত্যন্ত আক্ষেপ করিয়াছেন। এবং আইনের প্রকৃত ভাব না বুঝাপ্রযুক্ত পূর্ব্বোক্ত শ্রেণীর দেনদারদের ক্ষতি না হয় এই নিমিত্ত বিচারপতিদের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে উচ্চতম আদালতের বিবেচনায় সেই আইনের অর্থ করিয়া দেওয়া আবশ্যক।

৫। অধিক সুদ লইবার আইন রদ করণ বিষয়ক ১৮৫৫ সালের ২৮ আইনের ২ ধারার কথা এই, "যে কোন মোকদ্দমায় সুদ পাওয়া যাইতে পারে তাহাতে যদি উভয় পক্ষ সুদের কোন করার করিয়া থাকে, তবে তাহারদের মধ্যে সুদের যে করার হইয়াছে আদালত সেই হারানুসারে সুদের টাকা দিবার হুকুম কি ডিক্রী করিবেন।" এই২ কথার কৃত্রিম অর্থ কোন কারণেই না ধরিয়া স্পষ্ট ও সামান্য অর্থ করিয়া তাহা উচিত মতে প্রবল করিতেই হইবে সন্দেহ নাই।

৬। ইতিপূর্ব্বে এই প্রদেশে যে২ মোকদ্দমা উপস্থিত করা যাইত তাহার অনেক মোকদ্দমায়, ব্যবস্থার মূল নিয়ম ব্যক্ত করণার্থ পঞ্জাবের সিবিল কোড নামক যে আইন ছিল তাহার চতুর্থ খণ্ডের ১৯ ধারার বিধান প্রবল মানিয়া, পূর্ব্বোক্ত আইন অনুযায়ি কার্য্য করা যাইত। ঐ ধারার মধ্যে এই২ কথা। "আদালত অধিক সুদ বিষয়ক কোন বিধিতে সঙ্কুচিত নহেন। খাতকেরা ও মহাজনেরা যে২ নিয়ম ও বিধান আপনারদের উপকারজনক জ্ঞান করে সেই২ নিয়মানুসারে সুদ ধরিতে পারিবে। আর উভয় পক্ষ প্রকৃত প্রস্তাবে সুদের যে হারের বিধান করে আদালত সেই হারের ডিক্রী করিবেন। পরন্তু

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৮ জুলাই।]

may have been agreed upon, *boná fide*, between the parties. If no special rate shall have been agreed upon, then the Court will fix what may appear an equitable amount with reference to the custom of the locality, the usage of trade, or the merits of the transaction. It will be remembered that the rates of interest vary for different classes and in different places."

* * * *

"The debtor need not be compelled by the Court to pay the entire amount of interest, if there be reason to believe that the bond was executed through fear or ignorance."

7. The compilation from which these words are taken has no force of law in itself, but the general law of contract is, equally with those words, against our Courts considering themselves absolved from the responsibility of regarding the circumstances under which an engagement to pay exorbitant interest has been entered into; and omission by the Courts to give due weight to such circumstances is likely to give rise to serious injustice, and to such evils as are discussed in the Minute on interest by Mr. Melvill, which has been recently circulated among Judicial Officers of the province

8 The Indian Contract Act of 1872, in Chapter II, gives the principles on which the law annexes an enforceable obligation to stated engagements requiring free consent; and in Sections 16 and 17, a general, and at the same time an equitable, rule is indicated where a person who holds a real or apparent authority over another, or in whom confidence is reposed by that other, obtains an advantage which but for such confidence or authority he would not have obtained. The law also points out the result where concealment of facts may have taken place, or acts fitted to deceive, or acts or omissions may have occurred in violation of what is regarded as the legal duty of the person obtaining a promise from another to explain facts "*likely to affect the willingness*" of that other to enter into a contract.

9. Reference may also be made to Section 6 of Act IV of 1872 (the Punjab Laws' Act), where it is declared that justice, equity, and good conscience shall be the rule of decision, and it may be safely affirmed that the equity governing this matter is to give their true and full effect to the words of the Indian Contract Act.

10. The repeal of the usury laws by Act XXVIII of 1855, and the abolition of any force of law which the paragraph above quoted from the so-called Punjab Civil Code may have had before the passing of Act IV of 1872, have left untouched the doctrines of equity, both as to, the protection of debtors who for any real reason are not fully competent to protect themselves, and as to the power of courts to relieve against what are called unconscionable bargains with such persons.

11 No doubt any one who contracts with another is entitled to assume, *primá facie*, that the latter is competent to look after his own interests, but no strict rule defines or can define where comparative incapacity ceases, and where extreme ignorance and helplessness call for the protection of the equitable rules prescribed by law.

12. No doubt also, as a general rule, the debtor is bound to go or send to his creditor and pay him. In many contracts, however, for the loan of grain for a particular sowing (which indeed may reasonably be for the return of grain after the harvest at a very high rate of interest), where the cultivator fails to make payment after the harvest, a distinction may clearly be taken. Neither party originally contemplates a rate of interest intended only for a particular period, running on from the time of the transaction indefinitely, and in such cases the real intention of the parties with due regard to the position of the cultivator must be considered.

13 The existence of undue influence may, in many cases, be inferred (according to the general rules of equity jurisprudence) from the extreme imprudence of the act done when coupled with other circumstances; and in this country the relations existing between the professional money-lender and indebted pea sant are such that this rule should be borne in mind by our courts.

14. In no case should exorbitant interest be decreed in favor of a money-lender suing a peasant proprietor or cultivator, or any person similarly situated (where the right to recover it is disputed), unless the court trying the case is satisfied that the stated engagement on which the plaintiff seeks to recover has been entered into by the debtor with knowledge of all the circumstances attending his position, and his liability in regard to his creditor,

কোন বিশেষ হারের নিয়ম করা না গেলে, আদালত দেশাচার ও ব্যবসায়ের রীতি কিম্বা ব্যাপারটির দোষগুণ বিবেচনায় ন্যায়মতে সুদ ধার্য্য করিবেন। নানা স্থানে ও নানা শ্রেণীর লোকদের মধ্যে নানাপ্রকারের হারে সুদ লওয়ার রীতি আছে ইহা মনে রাখিতে হইবে।

* * * * * * * * * * * * * *

খাতক যদি ভয় কিম্বা অজ্ঞানতাপ্রযুক্ত খতে সহী করিয়া থাকে তবে আদালত সুদের সমুদয় টাকা জোর করিয়া দেওয়াইবেন না।”

৭। উক্ত কথা যে বিধিসংগ্রহহইতে লওয়া গিয়াছে তাহা আপনিই আইনের তুল্য বলবৎ নয়। কিন্তু যে ভাবগতিকে কোন ব্যক্তি অতিরিক্ত হারে সুদ দিবার করার করিয়া থাকে আদালত সেই ভাবগতিক বিবেচনা করিবার দায়হইতে যে মুক্ত হন উক্ত কথা অনুসারে চুক্তি বিষয়ক সাধারণ আইনও তাহার বিপক্ষ। আর আদালত সেই ভাবগতিকের গুরুত্বানুসারে উপযুক্ত বিবেচনা না করিলে ভারি অন্যায় হইতে পারে এবং মেলবিল সাহেব সম্প্রতি সুদ বিষয়ক যে মন্তব্য কথা প্রচার করিয়া এই প্রদেশের বিচারপতিরদের মধ্যে বিলি করিয়া দিলেন তন্মধ্যে যে অনিষ্ট বিষয়ের তর্ক করিয়াছেন সেই অনিষ্ট ঘটিতে পারে।

৮। যে প্রকারের নিয়মে কোন ব্যক্তির স্বাধীন হইয়া সম্মত হওয়া আবশ্যক সেই প্রকারের নিয়ম জোর করিয়া প্রবল করিতেই হইবে, যে বিধিক্রমে আইনের এই আজ্ঞা হইল তাহা ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের ২ অধ্যায়ে ব্যক্ত হইয়াছে। কিন্তু কোন ব্যক্তি যথার্থই কি দৃষ্টতঃ পরাধীন কি অন্যের বিশ্বাসপাত্র হইলে সেই পরাধীনতা কি বিশ্বস্ততা না থাকিলে যে লাভ না হইত পরাধীন কি বিশ্বাসপাত্র হওয়াপ্রযুক্ত এমত লাভ উৎপন্ন হইলে, ১৬ ও ১৭ ধারায় সেই স্থলের সাধারণ ও ন্যায়ানুযায়ি বিধি লক্ষিত হইয়াছে। আরো কোন ব্যক্তি কোন বৃত্তান্ত জানিলে পর যদি তাহার চুক্তি করিয়া লইবার ইচ্ছার অন্যথা হইতে পারে তবে সেই বৃত্তান্ত জানাইবার অঙ্গীকার করাইয়া লওয়া আইনমত কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান হয়, সেই কর্ত্তব্য না করিয়া কোন বৃত্তান্ত গোপন রাখা গেলে কিম্বা প্রতারণার উপযুক্ত কর্ম্ম করা গেলে কিম্বা অকর্ত্তব্য কর্ম্ম করা গেলে কি কর্ত্তব্য কর্ম্ম করা না গেলে যে ফল হয় উক্ত আইনে তাহাও ব্যক্ত হইয়াছে।

৯। এই স্থলে পঞ্জাবের ব্যবস্থা বিষয়ক আইনের অর্থাৎ ১৮৭২ সালের ৪ আইনের ৬ ধারারও উল্লেখ হইতে পারে। তন্মধ্যে এই আজ্ঞা আছে, নিষ্পত্তি করিবার বিধি এই, যথার্থ ও ন্যায় ও ধর্ম্ম সঙ্গত বিচার। আর উপস্থিত বিষয়ে ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক আইনের কথা যথার্থ ও সম্পূর্ণরূপে সফল করাই ন্যায় ইহা নিরাপত্তারূপে কহা যাইতে পারে।

১০। খাতকেরা যথার্থ কোন কারণে আত্মরক্ষা করিতে সম্পূর্ণ সক্ষম না হইলে তাহাদের রক্ষা করা যাইবে এবং যুক্তি শূন্য করার বলিয়া যে করার করা যায় তাহাহইতে সেই খাতকদিগকে বাঁচাইবার নিমিত্ত আদালতের ক্ষমতা থাকিবে ইহাই ন্যায় বিচারের সার। ১৮৫৫ সালের ২৮ আইন দ্বারা অধিক সুদ লওনবিষয়ক আইন রহিত করা গেলেও, এবং ১৮৭২ সালের ৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে পঞ্জাব সিবিল কোড নামে খ্যাত আইনহইতে পূর্ব্বোক্ত যে ধারা গৃহীত হয় সেই ধারার আইনতুল্য প্রবলতা উঠাইয়া দেওয়া গেলেও, ন্যায় বিচারের সেই সারটি অবিকল থাকিল।

১১। কোন ব্যক্তি অন্যের সঙ্গে করার করিতে উদ্যত হইলে সেই অন্য ব্যক্তি আপনার স্বার্থপক্ষে সতর্ক থাকিতে সক্ষম, আপাততঃ তাহার এমত অনুমান করিবার অধিকার থাকিতে পারে। কিন্তু ব্যক্তিবিশেষের অক্ষমতা কোথায় রহিত হয় এবং আইনে যে ন্যায় বিধি নির্দ্দিষ্ট হইল কোন ব্যক্তির অত্যন্ত অজ্ঞানতা ও নিঃসহায়তাপ্রযুক্ত সেই ন্যায় বিধিমতে তাহাকে কোথায় বা রক্ষা করা কর্ত্তব্য কোন দৃঢ় বিধিক্রমে ইহা নির্ণয় হয় নাই হইতেও পারে না।

১২। মহাজনের নিকট খাতকের গিয়া কি লোক পাঠাইয়া ঋণশোধ করা কর্ত্তব্য এই সাধারণ বিধি সন্দেহ নাই। কিন্তু কালবিশেষের ফসলের নিমিত্ত ধান্যাদি ঋণ লইয়া (ফসল কাটিলে পর অতি উচ্চ হারের সুদ ধরিয়া ঐ শস্য ফিরিয়া দেওয়া যাইবে এমত নিয়ম যুক্তিমতে হইতেও পারে) তথাপি অনেক স্থলে কৃষক ফসল কাটিলে পর ঐ ঋণ শোধ করে না। এমন স্থলে সুদের কিছু বিভেদ মানিতে হইবে। কেবল নির্দ্দিষ্ট কালের নিমিত্ত সুদের যে হার ধার্য্য হয় ঋণ গ্রহণের সময়াবধি অনিশ্চিত কালপর্য্যন্ত সেই সুদ চলিবে প্রথমেই কোন পক্ষের এমত অভিপ্রায় থাকে না। আর কৃষকের অবস্থা উপযুক্তমতে বিবেচনা করিয়া উভয় পক্ষের প্রকৃত অভিপ্রায় বিবেচনা করিতে হইবে।

১৩। স্থলান্তরে অন্য২ ভাবগতিকের সঙ্গে২ ঋণগ্রহণের অত্যন্ত অবিবেচনাও দেখা গেলে অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে ন্যায় বিচারের সাধারণ বিধিমতে ইহার অনুভব হইতে পারে। এই দেশে মহাজনী ব্যবসায়ীদের ও দেনদার কৃষকের পরস্পর যে সম্বন্ধ থাকে তাহা জানিয়া আদালতের উক্ত বিধি মনে রাখা উচিত।

১৪। মহাজন কৃষিজীবি ভূম্যধিকারির কি কৃষকের কিম্বা তাহারদের সমান অবস্থার কোন ব্যক্তির নামে নালিশ করিলে যদি সেই অতিরিক্ত সুদ পাইবার স্বত্বের বিষয়ে বিবাদ হয় তবে ফরিয়াদী যে করারনামামতে ঐ সুদ পাইতে চেষ্টা করে খাতক আপনার অবস্থা সম্পর্কীয় সমস্ত ভাবগতিক ও মহাজনের পক্ষে তাহার দায় জানিয়া ও তাহার পক্ষে অন্যায়মতে জোর না করা গেলেও সে আপনার সম্পূর্ণ ইচ্ছামতে সেই করার স্বীকার করিয়াছে, আদালত ইহা হৃদ্বোধমতে না জানিলে

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৮ জুলাই।]

and of his entire free will, without inequitable pressure of any kind. The courts may consider whether or not the contract was a prudent one,—not with a view to setting it aside if imprudent, for that of course is entirely beside the court's duty, but with a view to determining whether extreme imprudence, from which, along with other circumstances, the existence of undue influence might be inferred, has or has not been manifested. Reference on this point may be made to the custom of the locality, the usage of parties similarly situated and the rates for loans prevailing, so that the character of the transaction may be tested.

The debtor need not be compelled by the court to pay the entire amount of interest whether agreed upon in cash or in grain, if there be reason to believe that the engagement, whether evidenced by bond, or by signing, or marking the money-lender's book, or completed in any other mode, has been entered into through fear or ignorance; and if in any case the amount of interest shall appear to have been agreed upon under circumstances which would render the awarding it contrary to the principles above referred to, the court will only decree as much interest as may appear just under the circumstances.

15. In conclusion, the Chief Court repeats the injunction conveyed in Book Circular XXIX of 1867, that in awarding interest subsequent to the date of the decree, the courts should not allow it to approach in amount that which may be obtainable by persons who have not the security of a decree, and that no inducement should be afforded to decree-holders to allow their decrees to remain unexecuted. Further, the courts are reminded that where a large portion of the amount decreed consists of interest, it is not compulsory on them to decree interest upon the amount decreed, inasmuch as the courts may fitly exercise the discretion allowed them by Act XXIII of 1861, section 10, and not award any such interest at all.

By order, &c.,

E. H. HARRISON,

Officiating Registrar

No. 13

To—DISTRICT JUDGES AND JUDICIAL COMMISSIONERS

Calcutta, the 19th June 1873.

HIGH COURT, &c.,
CIVIL SIDE.
Present
The Hon'ble Sir R. COUCH, Kt., *Chief Justice*
" LOUIS S. JACKSON,
" F. A. B. GLOVER,
" W. AINSLIE,
Judges of the Court

It has recently come to the knowledge of the Court that a Subordinate Judge, now dead, had been accustomed to show as decided, in his monthly and quarterly returns, cases in which no judgment had been delivered, although a decision had been announced and noted in the diary; the judgments in such cases being afterwards prepared and signed as leisure permitted.

2. The Court find it necessary to point out that such a practice is reprehensible, as being not merely opposed to law, but productive of mischief in various ways, and also amounting to a misrepresentation of facts.

3. It is the duty of District Judges to take care that no such practice prevails in the Courts under their control, and the means of prevention are simple. The Judge, whenever he inspects an inferior Court, should examine the diary, and, calling for some of the cases last decided, should satisfy himself that the judgments have been given in correspondence with the diary entries.

4. But the Court believe that where the District Judges' control is perfectly maintained, such irregularities will not occur at all, and that such mechanical check will need only formal observance.

By order of the High Court,

W. M. SOUTTAR,

Registrar.

[*Government Gazette*, 8*th July* 1873.]

কোন প্রকারে মহাজনের পক্ষে অতিরিক্ত সুদের ডিক্রী করিবেন না। ঐ চুক্তি বিবেচনা সিদ্ধ কি না আদালত ইহাও বিবেচনা করিতে পারিবেন। বিবেচনা সিদ্ধ না হইলে যে তাহা ব্যর্থ করিয়া ফেলেন এই অভিপ্রায় নয় কেননা তদ্রূপ করা আদালতের কর্ত্তব্যের অতিরিক্ত। কিন্তু অত্যন্ত অবিবেচনা প্রকাশ হওয়াতে ও তৎসঙ্গে অন্যং ভাবগতিক প্রযুক্ত, অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে কি না, ইহা নির্ণয় করিবার অভিপ্রায়ে উক্ত কথা বিবেচনা করিবেন। এই স্থলে ঐ ব্যাপারের ভাব পরীক্ষা করিয়া জানিবার জন্যে দেশাচার ও তদ্রূপ অবস্থাপন্ন ব্যক্তিদের রীতি এবং সুদের প্রচলিত যে হারে কর্জ লওয়া গিয়া থাকে এই সকল কথা বিবেচ্য।

খত লিখিয়া দেওন কি মহাজনের খাতায় সহী করণ কি চেরা সহী করণদ্বারা করারের প্রমাণ হইলেও খাতক ভয় কি অজ্ঞানতা হেতুক ঐ করার করিয়াছে এমত অনুভব থাকার কারণ জানা গেলে নগদ কি শস্যাদি দ্বারা সুদ দিবার করার হইলেও খাতকের সেই সমুদয় সুদ দিতে হইবে আদালতের এমত আজ্ঞা করিবার প্রয়োজন নাই। এবং যে ভাবগতিকে ঐ করার করা যায় তদ্বিবেচনায় যদি তত টাকা সুদ দেওয়ার করার পূর্ব্বোক্ত ন্যায়বিধির বিপক্ষ হইয়া থাকে তবে ভাবগতিক বিবেচনায় যত টাকা সুদ ন্যায্য বোধ হয় আদালত কেবল তত টাকার ডিক্রী করিবেন।

১৫। উপসংহার কালে, উচ্চতম আদালতের সাহেবেরা বহীর ১৮৬৭ সালের ২৯ নং সরকুলরের নির্দ্দিষ্ট আজ্ঞা পুনঃ প্রকাশ করিতেছেন। তাহা এই। কোন ব্যক্তি ডিক্রীরূপ জামীন না পাইয়া যত টাকা সুদ পাইতে পারে আদালত ডিক্রীর তারিখের পর সুদের আজ্ঞা করিলে তত কি অল্পাংশে কম সুদের আজ্ঞা দিবেন না এবং ডিক্রীদারেরা আপনং ডিক্রী জারী না করিয়া রাখে এমত প্রবৃত্তিও তাহারদিগকে না দেওয়া যায়। আর যত টাকার ডিক্রী হইল তাহার অধিকাংশ সুদ হইলে আদালত যত টাকা ডিক্রী করেন তাহার উপর সুদের ডিক্রী করা তাঁহারদের আবশ্যক নাই যেহেতুক ১৮৬১ সালের ২৩ আইনের ১০ ধারায় স্ববিবেচনামতে কর্ম্ম করিবার যে অনুমতি আছে আদালত উচিতমতে সেই বিবেচনাসিদ্ধ কর্ম্ম করিয়া ঐরূপ সুদের আজ্ঞা দিবেন না আদালতের এই কথা মনে রাখা উচিত।

ই, এচ, হারিসন,
একটিং রেজিষ্ট্রার।

---

১৩ নম্বর।

সকল জিলার জজ সাহেব ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ১৯ জুন।

উপস্থিত।
মান্যবর সর আর, কৌচ সাহেব, নাইট,
চীফ জষ্টিস।
মান্যবর লুইস এস, জ্যাকসন সাহেব।
,, এফ, এ, বি, গ্লবর সাহেব।
,, ডবলিউ এন্সলি সাহেব।
কোর্টের জজ।

হাই কোর্টের সাহেবেরা সম্প্রতি জানিতে পাইয়াছেন যে কোন এক জন সবর্ডিনেট জজ (যাঁহার এইক্ষণে মৃত্যু হইয়াছে তিনি) কোনং মোকদ্দমায় নিষ্পত্তি জানাইয়া রোজনামায় লিখিয়া দিলে পর রায় না লিখিলেও মাসিক ও ত্রৈমাসিক রিটর্ণে নিষ্পত্তি হইল বলিয়া সেইং মোকদ্দমা লেখাইয়া দিতেন পশ্চাৎ অবকাশমতে সেই রায় লিখিয়া তাহাতে স্বাক্ষর করিতেন।

২। সেই প্রকারের রীতি দূষণীয় কেননা আইনবিরুদ্ধ, তদ্ভিন্ন নানা প্রকারের অপকারজনক ও বৃত্তান্তের অন্যথা বর্ণনার তুল্য হাই কোর্টের সাহেবেরা ইহা জ্ঞাত করা আবশ্যক জ্ঞান করিলেন।

৩। জিলার কোন জজ সাহেবের অধীন আদালতে উক্ত প্রকারের রীতি না চলে এই বিষয়ে তাঁহারদের সতর্ক থাকা কর্ত্তব্য। তাহা নিবারণের উপায়ও সহজ। জজ সাহেব নিম্নতর আদালত পরিদর্শন করিতে গেলে তাঁহার ঐ আদালতের রোজনামা পরীক্ষা করিয়া দেখা উচিত ও অল্পপূর্ব্বে যেং মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে তাহার মধ্যে কএকটা আনাইয়া রোজনামার লিখিত কথা অনুসারে রায় লিখিয়া দেওয়া গিয়াছে ইহা হৃদবোধমতে জানিয়া লইবেন।

৪। কিন্তু জিলার জজ সাহেব সম্পূর্ণরূপে সুশাসন করিলে সেই প্রকারের অনিয়মিত কার্য্য চলিতে পারিবে না ও তাহা নিবারণার্থ যে কর্ম্ম করিবার আদেশ হইল তাহা নামমাত্র করা হইবে হাই কোর্টের সাহেবদের এমত জ্ঞান হয়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৮ জুলাই।]

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CIVIL SIDE.

No. 9.

TO—DISTRICT JUDGES AND JUDICIAL COMMISSIONERS.

Calcutta, the 29th May 1873.

HIGH COURT, &c.
CIVIL SIDE.
Present:
The Hon'ble LOUIS S. JACKSON,
One of the Judges of the Court.

District Judges are requested to furnish the Court, as early as possible, with information respecting the several Moonsiffees in their districts in the form subjoined.

2. It will be felt as a particular obligation if pains are taken to render this information useful and complete; the object of the Court in calling for it being to have available a permanent record, which may from time to time be supplemented or corrected, of the situation, extent, and characteristics of every Moonsiff's station and jurisdiction, such matters being not only of great interest and importance generally, but also useful to be borne in mind when officers are to be chosen to fill particular appointments.

By order of the High Court,
W. M. SOUTTAR,
Registrar.

DISTRICT—

MOONSIFFEE—

1. Name of place where Court is situated.
2. Distance from Sudder Station in miles.
3. Means of communication therewith.
4. Distance in point of time.
5. Situation and climate, healthy and agreeable or otherwise, with particulars.
6. Court house, of what kind, nature of construction, dimensions, &c., &c.
7. Accommodation available for Moonsiff's residence.
8. Estimated population, or number of houses.
9. Population, of what class or religion.
10. Local extent of jurisdiction.
11. Coincidence with Sub-division or Police Division.
12. Density of population (per square mile).
13. Character, whether trading, agricultural, &c.
14. Specification of Silk, Indigo, or Jute, cultivation, or any prominent native industry.
15. Population, whether mostly Mahomedan, or Hindu, or otherwise.
16. Mention of English or other European settlers, if any.
17. Persons with a leading influence.
18. Average number of suits instituted within 3 years past. { Small Cause Court cases. Rent cases. Other cases.
19. Number of Pleaders.
20. Any particulars not comprised under preceding heads.

[*Government Gazette, 8th July* 1873.]

হাই কোর্টের অবগার্থ দেওয়ানী সরকুলার।

---

৯ নম্বর।

সকল জিলার জজ ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ২৯ মে।

উপস্থিত।
মাম্যবর লুইস এস জ্যাকসন সাহেব।
কোর্টের একজন জজ।

জিলার জজ সাহেবদের প্রতি এই আদেশ হইল যে, তাঁহারা হাই কোর্টের নিকট সাধ্যমতে ত্বরায় আপনং জিলার নানা মুনসেফীর বিষয়ে নিম্নলিখিত পাঠানুযায়ি সন্ধান জানান।

২। সেই সন্ধান যাহাতে কর্ম্মোপযোগী ও পরিশুদ্ধ হয় এই বিষয়ে মনোযোগ থাকিলে হাই কোর্টের সাহেবেরা বিশেষমতে বাধিত হইবেন। প্রত্যেক জন মুনসেফের মোকাম ও চৌকী কোন্ স্থানে আছে ও কত দূর ব্যাপ্ত ও তাহার বিশেষং কি প্রকারের লক্ষণ এইং বিষয়ের চিরস্থায়ি এক খান পত্র নিকট রাখা হাই কোর্টের অভিপ্রায়। পরে তাহাতে প্রয়োজনমতে আরং কথা লেখা যাইতে কিম্বা যাহা লেখা গিয়াছে তাহা সংশোধন করা যাইতে পারিবে। ঐ সকল কথা সাধারণমতে মনোরঞ্জক ও গুরুতর ভিন্ন কোন বিশেষ পদে কর্ম্মকারককে নিযুক্ত করিতে হইলে ঐ সকল কথা মনে থাকিলে অনেক ফল দর্শিতে পারিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, সুটর,
রেজিষ্ট্রার।

অমুক জিলা।

অমুক মুনসেফী।

১। মুনসেফের আদালত যে স্থানে থাকে তাহার নাম।

২। সদর মোকামহইতে কত মাইল।

৩। ঐ স্থানে কি প্রকারে যাওয়া আসা হয়।

৪। সদর মোকামহইতে গেলে কত সময় লাগে।

৫। স্থান ও জলবাতাস স্বাস্থ্যকর ও সন্তোষজনক কি না ও তদ্বিষয়ের বৃত্তান্ত।

৬। কাছারী ঘর কি প্রকারের, ইটে গাঁথা না বাঙ্গলাঘর, কত বড় প্রভৃতি।

৭। মুনসেফের বাস করিবার কি প্রকারের স্থান।

৮। অনুমান কত জন নিবাসি বা কত ঘর আছে।

৯। নিবাসিদের কিং জাতি বা ধর্ম্ম।

১০। এলাকা কত দূর ব্যাপ্ত।

১১। মুনসেফী কি পোলীস খণ্ডের সঙ্গে কি রূপ সম্পর্ক।

১২। চতুরস্র মাইলের মধ্যে গড়ে কত জন বাস করে।

১৩। বাণিজ্য কি কৃষিপ্রভৃতি যেং প্রকারের ব্যবসাদি চলে।

১৪। রেশম, নীল, পাট, চাষ প্রভৃতি যে প্রকারের শিল্প কর্ম্মাদি করা যায়।

১৫। নিবাসিদের অধিকাংশ লোক মুসলমান কি হিন্দু কি অন্য জাতি।

১৬। ইংরাজ কি ইউরোপ খণ্ডের অন্য লোকের বসতি থাকিলে তাহা লিখ।

১৭। প্রধানং কত লোক।

১৮। গত ৩ বৎসরের মধ্যে গড়ে কত মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে। { ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমা।
খাজানার মোকদ্দমা।
অন্য প্রকারের মোকদ্দমা। }

১৯। কত জন উকীল আছে।

২০। পূর্ব্বোক্ত কোন দফায় অন্য যে বিবরণের উল্লেখ হয় নাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৮ জুলাই।]

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CRIMINAL SIDE.

No. 5.

Forwarded to all Sessions Judges and Magistrates of Districts for information and guidance, in continuation of Circular Memo No. 3 of 28th February last.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Registrar

HIGH COURT,
The 10*th June* 1873.

No. 798.

From—W. M. Souttar, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Sessions Judge of Rajshahye.—*Calcutta, the* 10*th June* 1873.

HIGH COURT, &c., CRIMINAL SIDE. *Present:* The Hon'ble LOUIS S JACKSON, *One of the Judges of the Court*

Having laid before the Court your Criminal Returns D & E for the 1st Quarter of 1873, I am directed to observe, with reference to the details given as to the manner in which the time of the Deputy-Magistrates was employed, that the Court only requires, in the case of officers whose duties are partly judicial and partly executive, the number of days devoted to the former, specifying, where there is judicial duty of more than one kind, the time given to each kind.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 17*th June* 1873.—Baboo Bulloram Mullick, B L., Moonsiff of Cutwa, District East Burdwan, for 15 days, under Section 18, Chapter VI, of the Civil Leave Code. The Moonsiff's Serishtadar to be placed in charge of the current duties of the office.

The 21*st June* 1873.—Baboo Rajkissen Sein, B.L., Officiating Moonsiff of Diamond Harbour, District 24-Pergunnahs, for 6 months without pay, in extension of the leave granted to him on the 6th June 1871, under Section 9, Supplement F, of the Civil Leave Code.

TRANSFERS OF MOONSIFFS.

The 26*th May* 1873 —Baboo Hurroprosad Sein, Additional Moonsiff of East Burdwan, to be Moonsiff of Olipore, District Rungpore.

The 27*th June* 1873 —Baboo Gobind Chandra Ghose, M.A & B.L., Moonsiff of Hathazaree, District Chittagong, to Bishenpore, District West Burdwan.

Baboo Juggutdoollab Mozoomdar, B.L., Moonsiff of Nemal, District Midnapore, to Sooree District Beerbhoom.

Baboo Koylash Chandra Mookerjee, B L., Moonsiff of Bishenpore, District West Burdwan, under suspension, to Nemal, District Midnapore.

By order, &c

W. M. SOUTTAR,
Registrar.

[*Government Gazette*, 8*th July* 1873.]

হাই কোর্টের স্মরণার্থ ফৌজদারী সরকুলর।

৫ নম্বর।

গত ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের স্মরণার্থ ৩ নং সরকুলর অবলম্বনে সকল সেশন জজ সাহেবের ও জিলার মাজিষ্ট্রেটদের জ্ঞান ও উপদেশার্থে এই পত্র পাঠান যাইতেছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুর,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
ফৌজদারী পক্ষ।
১৮৭৩ সাল ১০ জুন।

---

৭১৮ নম্বর।

রাজশাহীর সেশন জজ সাহেবের নিকট কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুক্ত ডবলিউ এম স্টুর সাহেবের পত্র।—কলিকাতা, ১৮৭৩ সাল ১০ জুন।

উপস্থিত।
মাম্যবর লুইস এস জ্যাকসন সাহেব
কোর্টের একজন জজ।

আপনি ১৮৭৩ সালের প্রথম তিন মাসের নিমিত্ত D ও E চিহ্নিত যে ফৌজদারী রিটর্ণ পাঠাইলেন তাহা হাই কোর্টের সম্মুখে অর্পণ করা গেল, ডেপুটী মাজিষ্ট্রেটরা যে প্রকারের কর্ম্ম করিয়া সময় কাটাইয়া থাকেন এই বিষয়ের যে বৃত্তান্ত লিখিয়াছেন তৎপক্ষে আমার প্রতি এই কথা লিখিতে আজ্ঞা হইল। যে কর্ম্মকারকদের একাংশ বিচারকরণ ও এক অংশ আইন প্রবলকরণরূপ কার্য্য থাকে তাঁহারা প্রথমোক্ত কার্য্যে কত দিন নিযুক্ত থাকেন ও বিচার কার্য্যের মধ্যে একের অধিক প্রকারের কার্য্য থাকিলে প্রত্যেক প্রকারের কার্য্যের নিমিত্ত তাঁহারা কত সময় দিয়া থাকেন হাই কোর্ট কেবল ইহা জানিতে চাহেন।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৩ সাল ১৭ জুন।—পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটওয়ার মুনসেফ শ্রীযুত বাবু বলরাম মল্লিক, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার মুনসেফের সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

১৮৭৩ সাল ২১ জুন —২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছির একটিং মুনসেফ শ্রীযুত বাবু রাজকৃষ্ণ সেন, বি, এল, ১৮৭১ সালের জুন মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে ছয়মাস ছুটী পাইয়াছেন।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭১ সাল ২৬ মে।—পূর্ব্ব বর্দ্ধমান জিলার আডিশনল মুনসেফ শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন রঙ্গপুর জিলার অন্তর্গত অলিপুরের মুনসেফ হইবেন।

১৮৭৩ সাল ২৭ জুন।—চট্টগ্রাম জিলার অন্তর্গত হাট হাজারীর মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র ঘোষ, এম, এ, ও বি, এল, পশ্চিম বর্দ্ধমান জিলার বিষ্ণুপুরে প্রেরিত হইয়াছেন।

মেদিনীপুর জিলার নেমালের মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদার, বি, এল, বীরভূম জিলার অন্তর্গত শিউড়ীতে প্রেরিত হইলেন।

পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায়, বি, এল. মেদিনীপুরের অন্তর্গত নেমালে প্রেরিত হইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুর,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ১৮৭৩ সাল ৩০ জুন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৮ জুলাই।]

Numb. 1772. ১৭৭২ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 15, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৫ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

STAR OF INDIA.

NOTIFICATION.

Simla, the 4th July 1873.

No 19.—The following extract from the Supplement to the *London Gazette* of the 23rd May, issued on the 24th idem, is published by order of the Grand Master of the Most Exalted Order of the Star of India :—

INDIA OFFICE,
The 24th May 1873.

The Queen has been graciously pleased, on the occasion of the celebration of Her Majesty's Birthday, to make the following appointments to the First, Second, and Third Classes of the Most Exalted Order of the Star of India :—

To be Knights Grand Commanders.

His Excellency Maharaja Jung Bahadoor.

Kunwar Ramajee, G.C.B., Prime Minister of Nepal.

General Sir John Low, K.C.B., Madras Infantry, formerly Political Resident at Lucknow and Hyderabad, and Member of the Council of the Governor-General of India.

Lieutenant-General Sir Neville Bowls Chamberlain, K.C.B., K.C.S.I., Bengal Infantry, late Commanding Punjab Irregular Force.

To be Knights Commanders.

Nawab Khan Bahadoor Khwajah Muhammad Khan Khuttuk, of Kohat.

George Campbell, Esq., Bengal Civil Service, Lieutenant-Governor of Bengal.

Alexander John Arbuthnot, Esq., C.S.I., Madras Civil Service, late Member of the Council of the Governor of Madras.

Major-General Harry Burnett Lumsden, C.B., Bengal Staff Corps, late Envoy to Candahar.

To be Companions.

John Forbes David Inglis, Esq., Bengal Civil Service, Senior Member of the Board of Revenue, North-Western Provinces, and Additional Member of the Council of the Governor-General of India for making Laws and Regulations.

Lieutenant-Colonel Alexander Campbell McNeill, late Madras Staff Corps, formerly Agent to the Governor-General in Orissa.

John Ware Edgar, Esq., Bengal Civil Service, Deputy Commissioner, Cachar, late Political Officer attached to the Looshai Expeditionary Force.

C. U. AITCHISON,
Secretary to the Most Exalted Order of the Star of India

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

ACCOUNTS.

Simla, the 4th July 1873.

No 1474.—Messrs. Henry Samuel Groves, Frederic James Atkinson, and Henry Samuel Schurr, having obtained the highest marks in a competitive examination of nine nominated candidates for admission to the service of the Government in the Financial Department, are

ষ্টার অফ ইণ্ডিয়া (ভারত নক্ষত্র উপাধি দান।)

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৩ সাল ৪ জুলাই।

১৯ নম্বর।—মে মাসের ২৩ তারিখের পরিশিষ্ট যে লণ্ডন গেজেটে ঐ মাসের ২৪ তারিখে প্রকাশ হয় তাহাহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথা মোষ্ট এক্সলটেড অর্ডর অফ দি ষ্টার অফ ইণ্ডিয়ার গ্রাণ্ড মাষ্টরের আজ্ঞাক্রমে প্রকাশ করা গেল।

ইণ্ডিয়া আফিস,
১৮৭৩ সাল ২৪ মে।

শ্রীমতী মহারাণী স্বীয় জন্মদিনের উৎসবোপলক্ষে মোষ্ট এক্সলটেড অর্ডর অফ দি ষ্টার অফ ইণ্ডিয়ার প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর নিম্নলিখিত নিয়োগ করিলেন।

ইঁহারা নাইট গ্রাণ্ড কমাণ্ডর হইলেন।

নভিনগর শ্রীযুক্ত মহারাজা জম বাহাদুর।
নেপালের প্রধান মন্ত্রি শ্রীযুক্ত কুমার রাণাজী, জি, সি, বি।
মান্দ্রাজ পদাতিক পলটনের জেনরল শ্রীযুক্ত সর জান লো সাহেব, কে, সি, বি,। পূর্ব্বে ইনি লক্ষ্ণৌ ও হয়দরাবাদের পোলিটিকাল রেসিডেণ্ট ও ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার মেম্বর ছিলেন।
বঙ্গদেশের পদাতিক পলটনের লেফ্টেনেণ্ট জেনরল শ্রীযুক্ত সর নেবিল বৌলস চেম্বরলেন সাহেব, কে, সি, বি. কে, সি, এস, আই। পূর্ব্বে ইনি পঞ্জাবের নৈমিত্তিক সৈন্যদলের অধ্যক্ষ ছিলেন।

ইঁহারা নাইট কমাণ্ডর হইলেন।

কোলাটের শ্রীযুক্ত নবাব খাঁ বাহাদুর খাজা মহম্মদ খাঁ খট্টক।
বঙ্গদেশের সিবিল সরবিসের শ্রীযুক্ত জর্জ কাম্বেল সাহেব। ইনি বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবরনর।
মান্দ্রাজের সিবিল সরবিসের শ্রীযুক্ত আলেকজাণ্ডর জান আরবথনট সাহেব, সি, এস, আই। পূর্ব্বে ইনি মান্দ্রাজের শ্রীযুক্ত গবরনর সাহেবের মন্ত্রিসভার মেম্বর ছিলেন।
বঙ্গদেশের ষ্টাফ দলের মেজর জেনেরল শ্রীযুক্ত হারি বর্ণেট লমসডেন সাহেব, সি, বি, পূর্ব্বে ইনি কান্দাহারে রাজদূত ছিলেন।

ইঁহারা কম্পানিয়ন হইবেন।

উত্তর পশ্চিম দেশের রেবিনিউ বোর্ডের পদজ্যেষ্ঠ মেম্বর এবং আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত মেম্বর, বঙ্গদেশের সিবিল সরবিসের শ্রীযুক্ত জান ফর্ব্বস ডেবিড ইন্‌গলিস সাহেব।
ভূত পূর্ব্ব মান্দ্রাজের ষ্টাফদলের লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুক্ত আলেকজাণ্ডর কাম্বেল মাকনীল সাহেব। পূর্ব্বে ইনি উড়িষ্যায় শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের পক্ষে এজেণ্ট ছিলেন।
কাছাড়ের ডেপুটী কমিশ্যনর বঙ্গদেশের সিবিল সরবিসের শ্রীযুক্ত জান ওয়ার এডগার সাহেব। পূর্ব্বে ইনি লুশাই যুদ্ধগত সেনাদলে পোলীটিকাল কর্ম্মচারী ছিলেন।

সি, ইউ, এচিসন,
মোষ্ট এক্সলটেড অর্ডর অফ দি ষ্টার অফ ইণ্ডিয়ার সেক্রেটরী।

ফিনানশ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

হিসাব বিষয়ক।

সিমলা, ১৮৭৩ সাল ৪ জুলাই।

১৫৭৪ নম্বর।—ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের কার্য্যে গ্রাহ্য হওনার্থে যে সব জন মনোনীত হন তাঁহাদের পরীক্ষায় শ্রীযুক্ত হেনরি সামুয়েল গ্রোব্‌স্ সাহেব ও ফ্রেড্রিক জেমস আটকিন্সন সাহেব ও হেনরি সামুয়েল শূব সাহেব অত্যুচ্চ অঙ্ক পাওয়াতে ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টের

appointed to be Probationers in the 6th Class of the Financial Department. These three officers are attached as follows :—

Mr. Groves, Office of the Accountant-General, Bombay.

Mr. Atkinson, Office of the Comptroller-General.

Mr. Schurr, Office of the Accountant-General, Bengal.

No. 1477.—Read again Financial Resolution No. 3116, dated 18th December 1871, prescribing rules in regard to appointments to the 6th Class of the Financial Department —

RESOLUTION.—In supersession of that part of paragraph 4 of the Resolution of the 18th December 1871, in which it is ruled that no candidate will be appointed to the Department who does not obtain half marks in each subject, or who obtain less than 700 marks in all, the Governor-General in Council is pleased to lay down the following rule :—

" No candidate will be admitted to the Department who obtains less than 500 marks in all subjects, or less than 150 marks in Arithmetic."

ORDER.—Ordered, that the foregoing Resolution be communicated to the Comptroller-General, the Accountants-General, and the Deputy Accountants-General in independent charge.

Ordered also, that the Resolution be published in the *Gazette of India*.

SEPARATE REVENUE.

(POST OFFICE.)

The 28th June 1873.

No. 1366.—Privilege leave for two months and sixteen days, beginning on the 1st July 1873, is granted to Mr. F. R. Hogg, Officiating Director-General of the Post Office of India. Lieutenant-Colonel G. M. Battye, Officiating Postmaster-General, Punjab, is appointed to officiate as Director-General of the Post Office of India, during the absence of Mr. Hogg, or until further orders. Lieutenant-Colonel Battye will continue at the same time to officiate as Postmaster-General of the Punjab.

The 4th July 1873.

No. 1494.—Mr. F. R. Hogg made over charge of the Office of Director-General of the Post Office of India to Lieutenant-Colonel G. M. Battye, on the afternoon of the 30th June 1873.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 15*th July* 1873.]

ষষ্ঠ শ্রেণীতে প্রবেশনরস্বরূপ নিযুক্ত হইয়াছেন। ঐ তিন জন কর্ম্মকারক নিম্নলিখিত মতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত গ্রোবস্ সাহেব, বোম্বাইয়ের আকৌণ্টাণ্ট জেনরলের আফিসে।
শ্রীযুত আটকিন্সন সাহেব, কণ্ট্রোলর জেনরলের আফিসে।
শ্রীযুত শূর সাহেব, বঙ্গদেশের, আকৌণ্টাণ্ট জেনরলের আফিসে।

১৪৭৭ নম্বর।—ফিনান্সাল ডিপার্টমেণ্টের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হওন বিষয়ক যে বিধি ১৮৭১ সালের ডিসেম্বর মাসের ১৮ তারিখের ৩১১৬ নং ফিনান্সাল নির্দ্ধারণে নির্দ্দিষ্ট হয় তাহা পুনরায় পাঠ করা গেল।

নির্দ্ধারণ।—১৮৭১ সালের ডিসেম্বর মাসের ১৮ তারিখের নির্দ্ধারণের ৪ দফার এক অংশে এই বিধি হইয়াছিল যে, কোন পরীক্ষার্থি প্রত্যেক বিষয়ের সমুচ্চয় অঙ্কের অর্দ্ধেক কিম্বা সর্ব্বশুদ্ধ ৭০০ অঙ্কের ন্যূন পাইলে এই কার্য্যবিভাগে নিযুক্ত হইবেন না মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সেই অংশ রহিত করিয়া নিম্নলিখিত বিধি করিলেন।

" কোন পরীক্ষার্থি সকল বিষয়ে ৫০০ অঙ্কের কি অঙ্ক বিদ্যায় ১৫০ অঙ্কের কম পাইলে এই কর্ম্ম-বিভাগে গ্রাহ্য হইবেন না।"

আজ্ঞা।—আজ্ঞা হইল যে, স্বাধীন ভারপ্রাপ্ত কণ্ট্রোলর জেনরল ও আকৌণ্টাণ্ট জেনরল ও ডেপুটী আকৌণ্টাণ্ট জেনরল সাহেবদের নিকট পূর্ব্বোক্ত নির্দ্ধারণ পাঠান যায়।

স্বতন্ত্র রাজস্ব।

(ডাকঘর বিষয়ক।)

১৮৭৩ সাল ২৮ জুন।

১৩৬৬ নম্বর।—ভারতবর্ষের ডাকঘরের একটিং ডাইরেক্টর জেনরল শ্রীযুত এফ আর হগ সাহেব ১৮৭৩ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি দুই মাস ষোল দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত হগ সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পঞ্জাবের একটিং পোস্ট-মাষ্টর জেনরল লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জি, এম, ব্যাটি সাহেব ভারতবর্ষের ডাকঘরের ডাইরেক্টর জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ব্যাটি সাহেব পঞ্জাবের পোস্টমাষ্টর জেনরলের কর্ম্মও করিতে থাকিবেন।

১৮৭৩ সাল ৪ জুলাই।

১৪৯৪ নম্বর।—শ্রীযুত এফ আর হগ সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ৩০ তারিখের অপরাহ্নে লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ব্যাটি সাহেবের প্রতি ভারতবর্ষের ডাকঘরের ডাইরেক্টর জেনরলের কার্য্য-ভার অর্পণ করিলেন।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 15, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৫ জুলাই।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 636.

GENERAL.—*The 1st July* 1873.—Mr. Roland Vyner Cockerell is appointed to officiate as Additional District and Sessions Judge of Hooghly and the 24-Pergunnahs, and is also appointed, under Section 3, Act X of 1870, to perform the functions of a Judge in the town of Calcutta, for the purpose of disposing of cases of land acquisition under the provisions of that Act.

The 5th July 1873.—Babu Tariny Coomar Ghose, B.A., Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is retransferred to Beerbhoom

The officers in charge of the divisions of the districts mentioned below are vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871 :—

Babu Otul Chunder Chatterjee, Bhuddruck, in Balasore
,, Annada Persad Ghose, Jugutsingpore.. } Cuttack.
,, Sham Chunder Nath, Kendraparah ... } Cuttack.
,, Umbica Churn Roy Chowdry, Jajipore.. } Cuttack.
Mr. William Henry Maffett Gun, Khoordah, in Pooree.

The above officers will exercise these powers within the limits of their respective divisions only for the assessment of road cess on houses, under Part IV of the said Act.

The 7th July 1873.—In modification of the orders of the 27th ultimo, Babu Bepin Behary Mookerjee, Sub-Deputy Collector in Backergunge, will until further orders continue to officiate as a Deputy Magistrate and Deputy Collector in Mymensing instead of in Backergunge, as notified in the *Calcutta Gazette* of the 2nd instant.

Mr. Thomas Taylor Allen to officiate temporarily as District and Sessions Judge of Patna.

Mr. Joseph Samuel Carstairs, Officiating Magistrate and Collector of Rajshahye, having returned to duty on the afternoon of the 24th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 27th February last is cancelled.

The following Sub-Deputy Collectors are vested with the powers of a Magistrate of the Third Class —

Babu Koilash Chunder Bose, Nattore, Rajshahye.
,, Brojomohun Roy, Serajgunge, Pubna.
,, Shoshee Sheker Dutt, Jungypore, Moorshedabad.

Mr. George Stewart Park, Officiating Magistrate and Collector of Tipperah, to have charge of the duties of the Political Agent of Hill Tipperah in addition to his own during the absence on leave of Mr. A. W. Bushe Power, with effect from the date on which he relieved the latter officer.

Mr William Humphrey Page is appointed temporarily to be an Assistant Commissioner of the Second Grade, and is posted to Maunbhoom.

The 8th July 1873.—Babu Nund Kishore Das, Deputy Magistrate and Deputy Collector, Pooree, is temporarily transferred to Cuttack.

Mr William Heysham, Officiating Railway Deputy Collector, is vested with the powers of a Collector under Regulation VII of 1822 in the districts mentioned below, viz.—

Jessore.	Beerbhoom.	Sonthal Pergunnahs.
24-Pergunnahs.	Burdwan.	Patna.
Nuddea.	Hooghly.	Shahabad.
Dacca.	Moorshedabad.	Maunbhoom.
Furreedpore.	Bhaugulpore.	Hazareebaugh.
Pubna.	Monghyr.	

[*Government Gazette, 15th July* 1873.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৬৩৬ নম্বর।

জেনরল।—১৮৭৩ সাল ১ জুলাই।—শ্রীযুত রোলণ্ড বাইনর কক্রেল সাহেব হুগলীর ও ২৪ পরগনার আডিশ্যনল ডিষ্ট্রিক্ট ও সেসন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন এবং ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে ভূমি গ্রহণ বিষয়ক মোকদ্দমা নিষ্পত্তি করণার্থে উক্ত আইনের ৩ ধারামতে কলিকাতা নগরে জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ৫ জুলাই।—রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণী-কুমার ঘোষ, বি, এ, পুনরায় বীরভূমে প্রেরিত হইয়াছেন।

নিম্নলিখিত জিলার খণ্ডের কর্তৃপক্ষগণ ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় বালেশ্বরের অন্তর্গত ভদ্রকে।

„ „ অন্নদাপ্রসাদ ঘোষ ...	কটকের অন্তর্গত...	জগৎসিংহপুর।
„ „ শ্যামচন্দ্র নাথ ..		কেন্দ্রাপাড়া।
„ „ অম্বিকাচরণ রায় চৌধুরী...		যাজিপুর।

„ উলিয়ম হেনরি মাকেট গম সাহেব, পুরীর অন্তর্গত খুর্দ্দাহে।

উপরোক্ত কার্য্যকারকেরা আপনং মহকুমার সীমার মধ্যে কেবল উক্ত আইনের চতুর্থ অধ্যায়মতে ঘরের উপর পথকর ধার্য্য করণার্থে ঐং ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—এই মাসের ৮ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত গত মাসের ২৭ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল, বাকরগঞ্জের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিপিন বিহারী মুখোপাধ্যায় অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত "বাকরগঞ্জে" না হইয়া "ময়মনসিংহে" ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত তামস টেলর আলেন সাহেব কিয়ৎকালের নিমিত্তে পাটনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জোসেফ সামুয়েল কার্ষ্টেয়ার্স সাহেব গত মাসের ২৪ তারিখের অপরাহ্ণে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ফেব্রুয়ারি মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

নিম্নলিখিত সব-ডেপুটী কালেক্টরেরা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

রাজশাহীর অন্তর্গত নাটোরের শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র বসু।
পবনার অন্তর্গত সিরাজগঞ্জের শ্রীযুত বাবু ব্রজমোহন রায়।
মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গিপুরের শ্রীযুত বাবু শশীশেখর দত্ত।

শ্রীযুত এ ডবলিউ বুর পৌয়র সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জর্জ ষ্টুয়ার্ট পার্ক সাহেব স্বীয় কর্ম্মাতিরিক্ত ত্রিপুরার পর্ব্বতের পোলীটিকাল এজেন্টের কর্ম্মের ভার পাইবেন। শ্রীযুত পৌয়র সাহেবের স্থানে তিনি যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

শ্রীযুত উলিয়ম হফি পেজ সাহেব কিয়ৎকালের নিমিত্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর হইয়া মানভূমে অবস্থিত হইয়াছেন।

১৮৭৩ সাল ৮ জুলাই।—পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নন্দকিশোর দাস কিয়ৎকালের নিমিত্তে কটকে প্রেরিত হইয়াছেন।

রেলওয়ের একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম হেনান সাহেব নিম্নলিখিত সকল জিলায় ১৮২২ সালের ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

যশোহর।	বীরভূম।	সাঁওতাল পরগনা।
২৪ পরগনা।	বর্দ্ধমান।	পাটনা।
নদীয়া।	হুগলী।	শাহাবাদ।
ঢাকা।	মুরশিদাবাদ।	মানভূম।
ফরিদপুর।	ভাগলপুর।	হাজারিবাগ।
পাবনা।	মুঙ্গের।	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

Mr. Edwyn Samuel Moseley, Assistant Magistrate and Collector of Beerbhoom, is transferred to Nuddea, and will continue to officiate as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade.

Mr. Charles Dickenson Field, District and Sessions Judge of Chittagong, to have leave of absence for 3 months, under Section 18 of the Civil Leave Code, from 1st of August, or any later date.

Mr John Peter Grant to officiate as District and Sessions Judge of Chittagong during the absence of Mr. C. D Field, or until further orders.

Police.—*The 7th July* 1873.—The following Officers are appointed to officiate in the First Grade of Assistant Superintendents of Police :—

Mr. Frederic Angelo Dawson, Raneegunge, Burdwan
„ Herbert Vyoyen Holis Roberts, Lohardugga.

The following Officers are appointed to officiate in the Second Grade of Assistant Superintendents of Police :—

Mr. Walter Fell Smith, Gya.
Babu Mohendronath Hazra, Midnapore.

The 8th July 1873.—Mr. Edward Mehan Showers, Assistant Superintendent of Police, Tirhoot, is allowed one month's leave of absence under Section 18 of the Civil Leave Code.

Mr Jack Francis Needham is vested with the powers of a Magistrate of the Second Class in Nuddea.

Mr. Henry William John Bamber, District Superintendent of Police, Backergunge, is allowed furlough for one year, under Section 7, Supplement F, of the Civil Leave Code, together with fourteen days' subsidiary leave.

Mr. Henry Maxwell Reily, District Superintendent of Police, on special duty in the Garo Hills, is allowed one month's leave under Section 18 of the Civil Leave Code, from the 1st August next, or any subsequent day within one month of that date on which he may take it.

Education.—*The 3rd July* 1873.—Babu Upendra Nath Mitra, M.A. and B.L., Law Lecturer at the Dacca College, is allowed two months' leave of absence without pay with effect from the 25th June 1873.

The 4th July 1873.—The following gentlemen to be members of the Dinagepore District School Committee in addition to the members previously notified :—

Babu Aunath Bundho Roy.
Assistant Surgeon Fakir Chunder Ghose.
Mr. Michael Finucane, B A.
Babu Har Chunder Chuckerbutty.
„ Kalidas Dutt.
„ Kisoree Mohun Chowdry.
Majaruddin Chowdry
Babu Norotum Chowdry.
„ Radha Kissen Mullick.
„ Shama Churn Bundopadya
„ Shama Nath Roy Chowdry
„ Troilucko Nath Chowdry.

The 5th July 1873—Mr. Caulfeild Aylmer Martin, LL.D., Officiating Inspector of Schools, Assam Circle, is allowed privilege leave for one month under Section 18 of the Civil Leave Code.

The 7th July 1873.—The Reverend S. J. Hill to be a Member of the District School Committee of Moorshedabad.

Medical.—*The 3rd July* 1873—Sub-Assistant Surgeon Doorgadas Sen, attached to the Endemic Dispensary at Shor, in Burdwan, is allowed one month's leave of absence on private affairs under Section 9, Supplement F of the Civil Leave Code.

Third Grade Sub-Assistant Surgeon Romana Krishna Dey is appointed temporarily to have charge of the Endemic Dispensary at Shor, in Burdwan.

The 4th July 1873.—Sub-Assistant Surgeon Khurgessur Bose to have charge of the Charitable Dispensary at Bhowanipore and of the Sumbhoo Nath Pundit's Hospital during the absence on duty of Sub-Assistant Surgeon Ram Chunder Sen, or until further orders.

The 7th July 1873.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Maheegunge in Rungpore :—

Babu Gobindlall Roy.
„ Bhoirubdhan Dugar.
Babu Ramanath Newgi.

[*Government Gazette*, 15*th July* 1873.]

বীরভূমের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এডওইন্ স্যামুয়েল যোগলী সাহেব নদীয়ায় প্রেরিত হইলেন, তিনি প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

চট্টগ্রামের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত চারলস ডিকিজন ফিল্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগষ্ট মাসের ১ম বা তাহার পশ্চাৎ কোন তারিখ অবধি তিন মাস ছুটী পাইবেন।

শ্রীযুত সি ডি ফিল্ড সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জান পিটর গ্রাণ্ট সাহেব চট্টগ্রামের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

পোলীস সম্পর্কীয়।—১৮৭৩ সাল ৭ জুলাই।—নিম্নলিখিত কার্য্যকারকেরা পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের শ্রীযুত ফ্রেড্রিক আঞ্জেলো ডাসন সাহেব।
লোহারডগার শ্রীযুত হবর্ট বয়েন হলিস রবর্টস সাহেব।

নিম্নলিখিত কার্য্যকারকেরা পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

গয়ার শ্রীযুত ওয়ালটর কেন স্মিথ সাহেব।
মেদিনীপুরের শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ হাজরা।

১৮৭৩ সাল ৮ জুলাই।—ত্রিহুতের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এডওয়ার্ড মিলিয়ন শৌয়ার্জ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জ্যাক ফ্রান্সিস নিডাম সাহেব নদীয়ায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি উলিয়ম জান বাথর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে এক বৎসর নিয়মিত ছুটী ও চৌদ্দ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

গারোপর্ব্বতে বিশেষ কার্য্যার্থে প্রেরিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি মাক্সওয়েল রাইলী সাহেব আগামি আগষ্ট মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শিক্ষাসম্পর্কীয়।—১৮৭৩ সাল ৩ জুলাই।—ঢাকা কালেজে ব্যবস্থা বিদ্যার উপদেশক শ্রীযুত বাবু উপেন্দ্র নাথ মিত্র, এম, এ, ও বি, এল, ১৮৭১ সালের ২৫ জুন অবধি বিনা বেতনে ছুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৪ জুলাই।—দিনাজপুর জিলার স্কুল কমিটীর অন্তর্গত যে ব্যক্তিদের নাম পূর্ব্বে প্রকাশ করা গিয়াছে তদতিরিক্ত নিম্নলিখিত মহাশয়েরা ঐ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু অনাথবন্ধু রায়।
আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ফকির চন্দ্র ঘোষ।
শ্রীযুত মাইকেল কিমুকেন সাহেব, বি, এ।
„ বাবু হরচন্দ্র চক্রবর্ত্তী।
„ „ কালিদাস দত্ত।
„ „ কিশোরীমোহন চৌধুরী।
শ্রীযুত মাজারুদ্দিন চৌধুরী।
„ বাবু নরোত্তম চৌধুরী।
„ „ রাধাকৃষ্ণ মল্লিক।
„ „ শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায়।
„ „ শ্যামানাথ রায় চৌধুরী।
„ „ ত্রৈলোক্য নাথ চৌধুরী।

১৮৭৩ সাল ৫ জুলাই।—আসামচক্রের স্কুলসমূহের একটিং ইনস্পেক্টর শ্রীযুত কনফিলড এলমর মার্টিন সাহেব, এল, এল, ডি, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—পাদরী শ্রীযুত এস জে হিল সাহেব মুরশিদাবাদ জিলার স্কুল কমিটীর মেম্বর হইবেন।

চিকিৎসা সম্পর্কীয়।—১৮৭৩ সাল ৩ জুলাই।—বর্দ্ধমানের অন্তর্গত শোড়ের এণ্ডেমিক ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দুর্গাদাস সেন স্বীয় প্রয়োজনার্থে সিবিল কার্য্যকারদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মদনকৃষ্ণ দে কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমানের অন্তর্গত শোড়ের এণ্ডেমিক ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৩ সাল ৪ জুলাই।—রাজকার্য্যোপলক্ষে সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামচন্দ্র সেনের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ধরণীশ্বর বসু ভবানীপুরের দাতব্য ঔষধালয়ের ও শম্ভুনাথ পণ্ডিতের হাসপাতালের অধ্যক্ষতা ভার পাইবেন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা রঙ্গপুরের অন্তর্গত মহীগঞ্জের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু গোবিন্দলাল রায়।
„ বাবু ভৈরবধন দুগড়।
শ্রীযুত বাবু রমানাথ নিয়োগী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

Road Cess.—*The 4th July* 1873.—The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committee in Pubna.—

The Magistrate and Collector of Pubna ... } *Ex-officio.*
„ Civil Medical Officer ... ...
„ District Superintendent of Police ...

Moulvi Abdul Kurim.
Babu Brojolall Sircar.
„ Kally Mohun Bose
Mahomed Khaledmea.
Moulvi Khobiruddin.
Moonshee Korbanoollah.
Babu Kristo Prosad Ghose.
Babu Kristo Gopal Sha Chowdry.
Moulvi Mahomed Lutifooddeen.
Babu Mohima Chunder Chowdry.
Mr J. Savi.
Babu Shetul Chunder Mookerjee.
„ Sreenath Mozoomdar.

Erratum.—*The 7th July* 1873.—In the orders of the 16th ultimo, published in the *Calcutta Gazette* of the 18th idem, regarding the appointment of the District School Committee of the Sonthal Pergunnahs—

For	*Read*
Babu Gobind Chunder Singh,	Babu Girdharry Bose.
„ Jhakurdass Rukhit,	„ Thacur Doss Rukhit

The 8th July 1873.—In the orders of the 26th ultimo, published in the *Calcutta Gazette* of the 2nd instant, regarding the appointment of Mr McIver to officiate as Surveyor of Steamers and of Cargo Boats—

For	*Read*
Mr J. McIver,	Mr. W. McIver.

H. L. Dampier,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th July 1873.—Under Section 85 of Act III (B.C.) of 1864 the Lieutenant-Governor is pleased to approve of and confirm the following additional bye-law made by the Municipal Commissioners of Patna —

Bye-law No. 66.

Every cart drawn by bullocks and used in the streets and roads within the limits of the Municipality shall have the felloes of its wheels at least three inches in breadth and the tires as broad as the felloes, provided that the cart, &c, are liable to registration under the provisions of Section 51 of Act III (B.C) of 1861.

Penalty for infringement, fine not exceeding Rs 10.

H L Dampier,
Secy. to the Govt. Bengal

NOTIFICATION

The 7th July 1873.—Under Section 85 of Act III (B C) of 1864 the Lieutenant-Governor is pleased to approve of and confirm the following additional bye-law made by the Municipal Commissioners of Burdwan :—

Bye-law No. 63

Whoever shall wash, or cause to be washed, in any river or running stream, or in any portion of it, the water of which shall have been declared by the Municipal Commissioners to be appropriated to the domestic use of the inhabitants of the place, viz. for the purpose of bathing and drinking, any animal or cattle, or skin of any animal or cattle, or any foul or offensive thing, or shall put, or cause to be entered therein, any dirt or rubbish, filth, or other noxious things; or shall cause or suffer to run drains, or be brought thereinto the water of any sink, sewer, drain, engine, or boiler, or any other unwholesome or offensive liquid; or shall do anything whatever whereby any such water shall be in any degree fouled or corrupted, shall be liable to a fine not exceeding 20 Rupees

H. L. Dampier,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 15*th July* 1873.]

পথকর বিষয়ক।—১৮৭৩ সাল ৪ জুলাই —শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব নিম্নলিখিত মহাশয়দিগকে পাবনার প্রদেশীয় পথের কমিটী বলিয়া নিযুক্ত করিয়াছেন।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব ...
সিবিল চিকিৎসক সাহেব ... ...
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ..
} স্ব২ পদোপলক্ষে।

শ্রীযুত মৌলবী আবদুল করিম
" বাবু ব্রজলাল সরকার।
" " কালীমোহন বসু
" মহম্মদ খালেদ মিঞা
" মৌলবী খবিরুদ্দিন।
" মুনশী কোরবান উল্লা।
" বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ।

শ্রীযুত বাবু কৃষ্ণগোপাল শা চৌধুরী।
" মৌলবী মহম্মদ লতিফুদ্দীন।
" বাবু মহিমাচন্দ্র চৌধুরী।
" জে, সাবি সাহেব।
" বাবু শিতলচন্দ্র মুখোপাধ্যায়।
" , শ্রীনাথ মজুমদার।

অশুদ্ধ শোধন।—১৮৭৩ সাল ৭ জুলাই।—সাঁওতাল পরগনা জিলার স্কুল কমিটীর নিয়োগবিষয়ক গত মাসের ১৬ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ২৪ তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তন্মধ্যে

"শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সিংহ" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত বাবু গিরিধারী বসু" পাঠ করিতে হইবে।

১৮৭৩ সাল ৮ জুলাই।—ষ্টিমরের ও মালের নৌকাদির পরিদর্শকের কর্ম্ম করণার্থে শ্রীযুত মাকিবর সাহেবের নিয়োগবিষয়ক গত মাসের ২৬ তারিখের যে আজ্ঞা এই মাসের ৮ তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে।

শ্রীযুত জে মাকিবর সাহেব এই নামের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ মাকিবর সাহেব পাঠ করিতে হইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—পাটনার মুনিসিপল কমিশ্যনরগণ নিম্নলিখিত নূতন উপবিধি করিয়াছেন, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৫ ধারামতে তাহা অনুমোদন করিয়া দৃঢ় করিলেন।

৬৬ নং উপবিধি।

মুনিসিপলিটীর সীমার মধ্যগত কোন রাস্তায় ও পথে বলদে যে প্রত্যেক গাড়ী টানে ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৫১ ধারার বিধানমতে তাহা রেজিষ্টরী হইবার যোগ্য হইলে তাহার চাকার বেড় অতিকম তিন ইঞ্চি চৌড়া ও তাহাতে যে হাল মারা যায় তাহাও তত চৌড়া হইবে।

ঐ বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকাপর্য্যন্ত।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—বর্দ্ধমানের মুনিসিপল কমিশ্যনরেরা নিম্নলিখিত এক নূতন উপবিধি করিয়াছেন ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৫ ধারামতে তাহা অনুমোদন করিয়া দৃঢ় করিলেন।

৬৩ নং উপবিধি।

মুনিসিপল কমিশ্যনরেরা যে নদীর কি স্রোতের কিম্বা তাহার যে অংশের জল তৎস্থান নিবাসিদের স্নান ও পানাদি গৃহ কার্য্যের নিমিত্ত বলিয়া নিরূপণ করেন কোন ব্যক্তি সেই জলে কোন পশু কি গোমেষাদি কিম্বা পশুর কি গোমেষাদির চর্ম্ম কিম্বা ময়লা কি দুর্গন্ধ কোন দ্রব্য ধুইলে কি ধোয়াইলে কিম্বা তন্মধ্যে কোন মল কি রাবিশ কি জঞ্জাল কি অপকারজনক কোন দ্রব্য রাখিলে কি প্রবেশ করাইলে কিম্বা নর্দ্দমা কাটিয়া কি অন্য প্রকারে শৌচাগারের কি নর্দ্দমার কি কলের কি বায়লরের জল কিম্বা অন্য কোন অস্বাস্থ্যকর কি দুর্গন্ধ দ্রব দ্রব্য তন্মধ্যে পড়িতে দিলে কি আনাইলে কিম্বা সেই জল যাহাতে কোন প্রকারে ময়লা কি কদর্য্য হয় এমত কোন কর্ম্ম করিলে তাহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

DECLARATION.

The 7th July 1878.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a Post Office in the village of Mahmoodpore, Pergunnah Nuldi, Zillah Jessore, it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less fourteen cottahs of standard measurement, bounded on the north by the land of Ram Chund Deb; south by the tank called Ramsagur; on the west by the Bazaar Road, on the east by a ditch adjoining the land of Mohesh Chunder Dutta, is required within the aforesaid village of Mahmoodpore.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

RULES FOR ADVANCES FOR LAND IMPROVEMENTS UNDER ACT 26, OF 1871.

The 7th July 1873.—The Lieutenant-Governor is pleased to make the following rules under Section 18, Act XXVI of 1871, to which the sanction of His Excellency the Governor-General in Council has been obtained —

ADVANCES of Rs. 50 and upwards under these rules may be made for such sums as the Governor-General in Council may from time to time allot to the local Government, or as may be otherwise at its disposal for the purpose of such advances.

2. Applications for advances under the Act shall be made in writing, and shall be on stamped paper of the value of eight annas. They shall be presented to the Collector, or to any officer authorized by the local Government to receive such applications.

3. Applications shall be presented in open court by the applicant in person, or by some person duly authorized by him in this behalf. Each application shall be signed by the person presenting it, and shall be attested by two witnesses in the presence of the officer to whom it is presented

4 The application shall state—

1st.—The name of the applicant, his profession, parentage, tribe or caste, and residence

2nd.—The amount of the advance applied for, and whether the applicant proposes to supplement it by any private capital, and if so, to what extent.

3rd.—The nature and description of the work for which the advance is required

4th.—The estimated total cost of the proposed work, and the probable period that will be occupied in its construction.

5th.—The village and local revenue sub-division in which the land to be benefited is situated, the position, character, and area of such land; and, should it consist in part or wholly of numbered and measured fields or plots, the numbers of the same.

6th.—The advantages, pecuniary or other, expected to result from the work.

7th.—The manner and extent to which the proposed work will affect (favorably or injuriously) adjoining or other lands.

8th.—The nature and extent of the applicant's rights or interests in the land to be benefited, or in any other land offered as security for the repayment of the advance; and whether there are any, and if so what, incumbrances on such rights and interests.

9th—The amount and number of the instalments by which the advance is to be repaid, principal and interest, and the dates on which these instalments are to be paid.

10th. The security tendered for the repayment of the advance.

5. When the amount of the advance exceeds Rs. 500, the application shall be accompanied by a rough plan and estimate of the proposed work; and where it exceeds Rs. 5,000, by an accurate plan, specification, and estimate.

6. If the applicant is unable to furnish such plans, estimates, or specifications, the Collector may cause them to be prepared on behalf of the applicant Before ordering such preparation, the Collector may, if he thinks fit, require the applicant to deposit such sum of

বিজ্ঞাপন ।

১৮৭৩ সাল ৭ জুলাই ।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ জিলা যশোহরের নলদী পরগনার মাহমুদপুর গ্রামে ডাকঘর করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই আদেশ করা গেল। ঐ কার্য্যের নিমিত্ত পুর্ব্বোক্ত মাহমুদপুর গ্রামে কষ্টিপরিমাণমত কমবেশ ।।৪ কাঠা জমীর প্রয়োজন। ঐ জমীর উত্তর সীমা রামচাঁদ দেবের ভূমি, দক্ষিণ সীমা রামসাগর নামক পুষ্করিণী, পশ্চিম সীমা বাজারের রাস্তা, পূর্ব্ব সীমা মহেশচন্দ্র দত্তের জমীর লাগাও নর্দ্দমা।

উক্ত বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৭১ সালের ২৬ আইনমতে ভূমি উৎকৃষ্ট করিবার জন্যে টাকা আগাম দেওয়ার বিধি।

১৮৭৩ সাল ৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের ২৬ আইনের ১৮ ধারামতে নিম্নলিখিত বিধি করিলেন। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবও সেই বিধি অনুমোদন করিয়াছেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে টাকা নিরূপণ করেন কিম্বা প্রকারান্তরে আগাম দিবার জন্যে যে টাকা গবর্ণমেণ্টের হাতে থাকে তাহাহইতে এই বিধিমতে ৫০৲ অবধি তদূর্দ্ধ টাকা আগাম দেওয়া যাইতে পারিবে।

২। আইনমতে আগাম টাকা পাইবার প্রার্থনা করিতে হইলে ।।০ আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবে। তাহা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে সেই প্রকারের প্রার্থনাপত্র গ্রাহ্য করিতে অনুমতি দেন তাঁহাকে দেওয়া যাইবে।

৩ যে ব্যক্তি প্রার্থনা করেন তিনি আপনি, কিম্বা এই কার্য্যপক্ষে অন্য যে ব্যক্তিকে নিয়মমতে অনুমতি দেন তিনি খোলা কাছারীতে সেই প্রার্থনাপত্র আনিয়া দিবেন। যিনি প্রার্থনা পত্র উপস্থিত করেন তিনি যে কার্য্যকারককে ঐ পত্র দেন তিনি তাঁহার সাক্ষাৎ আপনি ও সাক্ষিস্বরূপ অন্য দুইজন তাহাতে স্বাক্ষর করিবেন।

৪। ঐ প্রার্থনাপত্রে এই২ কথা ব্যক্ত থাকিবে।

প্রথম। প্রার্থকের নাম ও ব্যবসায় ও পিতার নাম ও কুল কি জাতি ও বাস স্থান।

দ্বিতীয়। আগাম যত টাকার প্রার্থনা হয়, ও প্রার্থক নিজ ধনহইতে, তাহার উপর আর কিছু টাকা দিবেন কি না ও কত দিবেন।

তৃতীয়। যে ভাবের ও যে প্রকারের কর্ম্মের নিমিত্ত সেই আগাম টাকা লওয়ার প্রয়োজন।

চতুর্থ। প্রস্তাবিত কর্ম্মে সর্ব্বশুদ্ধ অনুমান যত টাকা লাগিবে ও যত দিনের মধ্যে সেই কর্ম্ম সাঙ্গ হওয়ার সম্ভাবনা।

পঞ্চম। যে ভূমির উপকার হইবে তাহা যে গ্রামে ও স্থানীয় রাজস্বসম্বন্ধীয় যে মহকুমায় আছে। ভূমি যে স্থানে আছে ও যে প্রকারের জমীর ও আড়ে দীর্ঘে তাহার যত পরিমাণ। জমীর এক অংশের কি সমুদয় জমীর ক্ষেত কি কিতা নম্বর দেওয়া ও মাপ করা গেলে সেই সকলের নম্বর দিতে হইবে।

ষষ্ঠ। উক্ত কর্ম্ম দ্বারা টাকার কি অন্য যে প্রকারের যত লাভ হওয়া সম্ভাবনা।

সপ্তম। প্রস্তাবিত কর্ম্ম দ্বারা নিকটবর্ত্তি কিম্বা অন্য কোন ভূমির যে প্রকারের ও যত দূর লাভ কি লোকসান হওয়া সম্ভাবনা।

অষ্টম। যে ভূমির উপকার হইবে তন্মধ্যে কিম্বা আগাম টাকা ফিরিয়া দিবার জামিন বলিয়া অন্য যে জমী দিবার প্রস্তাব হয় তন্মধ্যে প্রার্থকের যে প্রকারের ও যত দূর স্বত্ব কি সম্পর্ক থাকে। ও সেই স্বত্বের কি সম্পর্কের উপর কোন প্রকারের দায় বর্ত্তে কি না ও কি প্রকারের দায় বর্ত্তে।

নবম। আগাম যে টাকা দেওয়া যায় যত টাকার যত কিস্তি করিয়া সুদসুদ্ধ সেই আসল টাকা ফিরিয়া দেওয়া যাইবে ও সেই২ কিস্তি যে২ তারিখে দেওয়া যাইবে।

দশম। আগাম টাকা ফিরিয়া দিবার যে জামিন দিতে প্রস্তাব হইল।

৫। পাঁচ শত টাকার অধিক আগাম প্রার্থনা হইলে ঐ প্রার্থনাপত্রের সঙ্গে প্রস্তাবিত কর্ম্মের খসড়া নকশা ও ইষ্টিমেট দিতে হইবে। ৫০০০ টাকার অধিক প্রার্থনা হইলে ঐ প্রস্তাবিত কর্ম্মের পরিশুদ্ধ নকশা ও বর্ণনাপত্র ও ইষ্টিমেট দিতে হইবে।

৬। প্রার্থক সেই প্রকারের নকশা ও ইষ্টিমেট কি বর্ণনাপত্র দিতে না পারিলে কালেক্টর সাহেব প্রার্থকের নিমিত্ত তাহা প্রস্তুত করাইয়া দিতে পারিবেন। তাহা প্রস্তুত করিতে কালেক্টর

money as may, in the opinion of the Collector, be sufficient to cover the cost, or he may call on the applicant to give security for the repayment of the same.

7. When a written application is found to have omitted any of the particulars required by Rule IV, the officer receiving it may either return it to the applicant for correction, or record on it the information that is wanting from the applicant's verbal statements In either case, such addition to the application must be signed and attested as required by Rule III.

8 If the Collecter considers that there is *primâ facie* reason to believe that the application should be granted, he shall cause it to be entered in the register of applications; and if the application be for an advance of Rs. 250 and upwards, shall order a local inquiry to be made. When the application is for less than Rs. 250, a local inquiry need not be made, provided that the Collector has otherwise satisfied himself and recorded in writing the ground for his satisfaction that the grant is desirable, and that the allegations made in column 8, and the securities offered in column 10 of the application, are true and good. If he is of opinion that the application should not be granted, he shall reject it.

9 Local inquiries shall be conducted by the chief revenue officer of the district, or by any of his subordinates of not lower grade than a tehsildar, sub-deputy, or similar official, to whom he may entrust the duty. In all cases in which the proposed advance exceeds Rs. 500, the officer charged with making the local inquiry shall, at least one week prior to the date on which he proposes to hold the same, post up in one or more conspicuous places in the village in which the land to be benefited by the proposed work is situated, a notice setting forth briefly the nature of the advance applied for, and the date on which he proposes to hold an inquiry on the spot as to the correctness of the facts alleged in the application. The person charged with posting such notice shall read it, or cause it to be read, publicly to such of the principal inhabitants of the village as may be present, and shall, on a copy of the notice (which he shall subsequently return to the officer issuing the notice) obtain the signatures of the village headmen, accountant, policemen, or other local officials or respectable inhabitants in acknowledgment of its having been publicly read.

10. No fees shall be charged for the service of this or any other notice where the proposed advance does not exceed Rs. 500. Where the advance exceeds Rs. 5,000, the service of any notice may be charged for at a rate not exceeding that required for the service of a civil process; and where the advance falls between these limits, it shall not exceed half this latter rate.

11. Prior to the local inquiry, the Collector shall cause to be tested, by comparison with his official records, all statements in the application which can be so tested, and cause to be stated in writing the extent to which such records agree with or differ from the application; and any such difference shall be specially investigated at the local inquiry, or specially discussed and disposed of by the Collector if he acts without a local inquiry. Where there may be no records to substantiate the allegations made in column 8 of the application, the Collector must certify accordingly.

12. On the day fixed by the notice, or, should the day first fixed be unavoidably postponed on that fixed by some subsequent notice, the officer charged with the duty shall proceed to the spot, and, after assembling the parties more immediately concerned, any local officials, and some of the respectable agriculturists of the place, he shall proceed to examine the site of the proposed work; he shall test the accuracy of each of the statements set forth in the application, and shall ascertain and record everything that may be necessary to enable the Collector to arrive at a correct decision.

13. The officer charged with the conduct of the local inquiry may summon, at the cost of the applicant, any person whose evidence may be considered necessary and whose attendance cannot otherwise be secured, and may exercise such powers as revenue courts possess for the purpose of summoning witnesses. A record shall be made by such officer of all objections made to the proposed work or advance, and of all evidence bearing on such objections.

14. When the applicant is a tenant, the additional proceeding required by Sections 7 to 13 of Act XXVI of 1871 must be completed.

[*Government Gazette*, 15*th July* 1873.]

সাহেবের বিবেচনায় যত টাকা প্রয়োজন তিনি বিহিত বোধ করিলে তাহা প্রস্তুত করিবার আজ্ঞা দেওনের পূর্ব্বে প্রার্থককে তত টাকা আমানত করিতে কিম্বা ঐ টাকা ফিরিয়া পাইবার জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন।

৭। ৪ ধারামতে প্রার্থনাপত্রে বিশেষ যেং কথা লিখিবার আজ্ঞা হইল কোন প্রার্থনাপত্রে তদ্রূপ কোন কথা ছাড়া হইলে, যে কার্য্যকারক তাহা লন তিনি সংশোধন করিবার নিমিত্ত তাহা প্রার্থককে ফিরিয়া দিতে পারিবেন কিম্বা প্রার্থকের কথামতে ঐ পত্রে বাকী বিবরণ লিখিয়া দিতে পারিবেন। ইহার অন্যতর স্থলে প্রার্থনাপত্রে লিখিত সেই অধিক কথায় ৩ ধারামতে প্রার্থকের ও সাক্ষিদের স্বাক্ষর করিতে হইবে।

৮। ঐ প্রার্থনা মতে আগাম দেওয়া উচিত, কালেক্টর সাহেব আপাততঃ এমত জ্ঞান করিবার কারণ জানিলে প্রার্থনাপত্রের রেজিষ্টরী বহীতে ঐ প্রার্থনাপত্র লেখাইবেন। ও ২৫০ ও তদধিক টাকার প্রার্থনা হইলে, তিনি সরেজমীনে তদারক করিবার আজ্ঞা করিবেন। ২৫০ টাকার কম প্রার্থনা হইলে ঐ টাকা দেওয়া উচিত কালেক্টর সাহেব স্ববোধমতে ইহা জানিলে ও স্ববোধের কারণ লিপিবদ্ধ করিলে ও প্রার্থনাপত্রের ৮ ঘরের লিখিত কথা সত্য ও ১০ ঘরের লিখিত জামিন উপযুক্ত ইহা স্ববোধমতে জানিলে তাঁহার সরেজমীনে তদারক করিবার প্রয়োজন নাই। ঐ প্রার্থনামতে টাকা দেওয়া উচিত নয় কালেক্টর সাহেবের এমত জ্ঞান থাকিলে তিনি তাহা অগ্রাহ্য করিবেন।

৯। সরেজমীনে যে তদারক করিতে হয় জিলার মধ্যে রাজস্বের প্রধান কর্ম্মকারক কিম্বা তাঁহার অধীন তহসীলদারের কি সব-ডেপুটী প্রভৃতির নিম্নশ্রেণীর না হয় এমত অন্য যে কর্ম্মকারকের প্রতি ঐ কর্ম্মের ভার দেন তিনি ঐ তদারক করিবেন। ৫০০ টাকার অধিক আগাম পাইবার প্রার্থনা হইলে প্রস্তাবিত কর্ম্মদ্বারা যে ভূমির উপকার হইবে তাহা যে গ্রামে থাকে সরেজমীনে তদারক করিবার ভার যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, তিনি তদারক করিতে যাইবার তারিখের পূর্ব্ব ন্যূনকল্পে এক সপ্তাহ থাকিতে সেই গ্রামের এক কি কএক প্রকাশ স্থানে একং থান নোটিস লাগাইয়া দিবেন। যে কর্ম্মের নিমিত্ত আগাম পাইবার প্রার্থনা হইয়াছে তাহা ঐ নোটিসে সংক্ষেপে লেখা যাইবে ও প্রার্থনাপত্রের লিখিত কথা যথার্থ কি না ইহার তদারক করিবার জন্যে তিনি যে তারিখে উপস্থিত হইবেন সেই তারিখও লেখা যাইবে। সেই নোটিস লাগাইয়া দিবার নিমিত্ত যে ব্যক্তির হাতে দেওয়া যায় গ্রামবাসি প্রধানং যত লোক তথায় উপস্থিত থাকেন তিনি তাঁহারদের নিকট প্রকাশরূপে ঐ নোটিস পাঠ করিবেন কি করাইবেন। ও তাহা প্রকাশরূপে পাঠ করা গিয়াছে ইহার প্রমাণস্বরূপ তিনি গ্রামের প্রধান লোকদের দ্বারা কি হিসাবনবীসের কি পোলীস কর্ম্মকারকদের কিম্বা তৎস্থানীয় অন্য রাজকীয় কার্য্যকারকদের কিম্বা গ্রামবাসি সম্ভ্রান্ত ব্যক্তিদের দ্বারা ঐ নোটিসের অন্য এক কেতায় স্বাক্ষর করাইয়া যে কার্য্যকারক তাহাকে নোটিস জারী করিতে দেন তাঁহাকে ফিরিয়া দিবেন।

১০। ৫০০ টাকার অধিক আগাম পাইবার প্রার্থনা না হইলে এই কিম্বা অন্য কোন নোটিস জারী করিবার নিমিত্ত ফী লওয়া যাইবে না। ৫০০০ টাকার অধিক পাইবার প্রার্থনা হইলে দেওয়ানী পরওয়ানা জারী করিতে যে হিসাবে ফী লওয়া যায় কোন নোটিস জারী করিবার নিমিত্ত সেই হিসাব-মতে ফী লওয়া যাইতে পারিবে। এবং ৫০০ টাকার অধিক ও ৫০০০ টাকার কম প্রার্থনা হইলে শেষোক্ত হারের অর্দ্ধেকের অধিক ফী লওয়া যাইবে না।

১১। প্রার্থনাপত্রে যে সকল কথা লেখা থাকে কালেক্টর সাহেব আপন আফিসের কোন কাগজ-পত্রের সঙ্গে মিলাইয়া সেই কথার পরীক্ষা করিতে পারিলে, সরেজমীনে তদারক করিবার পূর্ব্বে তিনি তদ্রূপ পরীক্ষা করিয়া প্রার্থনাপত্রের কথার সঙ্গে উক্ত কোন কাগজপত্রের কথা কত দূর মিলে বা না মিলে তাহা লেখাইয়া রাখিবেন। যে কথা না মিলে সরেজমীনে তদারক হইবার সময়ে তাহার বিশেষ অনুসন্ধান লওয়া যাইবে, কিম্বা সরেজমীনে তদারক না করিয়া কর্ম্ম করিলে কালেক্টর সাহেব সেই সকল কথার বিশেষ তর্কবিতর্ক করিয়া তাহা নিষ্পত্তি করিবেন। প্রার্থনাপত্রের ৮ ঘরের কথা সপ্রমাণ করিবার কোন কাগজপত্র না থাকিলে কালেক্টর সাহেব সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন।

১২। তদারক করিবার ভার যে কার্য্যকারকের প্রতি অর্পণ করা যায় নোটিসে যে দিন নিরূপণ হইল সেই দিনে কিম্বা অগত্যা অন্য দিন নিরূপণ করিতে হইলে পশ্চাৎ নোটিসের নিরূপিত দিনে তিনি তৎস্থানে যাইবেন এবং সেই বিষয়ে যে ব্যক্তিদের আসন্ন সম্পর্ক থাকে তাঁহাদিগকে ও সেই স্থানের রাজকীয় কর্ম্মকারকদিগকে ও সম্ভ্রান্ত কএক জন কৃষাণকে একত্র করাইয়া প্রস্তাবিত কর্ম্ম যে স্থানে করা যাইবে সেই স্থানটি দেখিতে প্রবর্ত্ত হইবেন। এবং প্রার্থনাপত্রে যে সকল কথা লেখা আছে তাহার সত্যাসত্যতার পরীক্ষা করিয়া কালেক্টর সাহেব যাহাতে যথার্থ নিষ্পত্তি করিতে পারেন ইহার আবশ্যক প্রত্যেক কথা নির্ণয় করিয়া লিখিবেন।

১৩। কোন ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক জ্ঞান হইলে ও সমন জারী না করিয়া তাঁহাকে উপস্থিত করা যাইতে না পারিলে যে ব্যক্তির প্রতি সরেজমীনে তদারক করিবার ভার অর্পণ করা যায় তিনি প্রার্থকের খরচে ঐ ব্যক্তিকে সমন করাইতে পারিবেন। এবং সাক্ষিদিগকে সমন করণার্থে মাল আদালতের যে সকল ক্ষমতা থাকে তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। প্রস্তাবিত কর্ম্মের কিম্বা টাকা আগাম দেওয়ার কোন আপত্তি করা গেলে উক্ত কার্য্যকারক সেই সকল আপত্তি ও তাহার প্রতিপোষক যে সাক্ষ্য দেওয়া যায় তাহার লিপি করিয়া রাখিবেন।

১৪। প্রার্থক প্রজা হইলে, ১৮৭১ সালের ২৬ আইনের ৭ অবধি ১৩ ধারা পর্য্যন্ত সকল ধারায় আরং যে কার্য্য করিবার আদেশ হইল তাহাও তাঁহার করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

15. On the completion of the inquiry, the officer by whom it was made shall forward to the Collector the whole of the papers connected therewith, together with his own opinion and recommendation.

16. On receipt of the papers the Collector may in any case, and when the proposed advance exceeds Rs. 5,000, shall obtain from the proper officer in the Bengal Department of Public Works in such manner as the local Government may direct, an opinion as to the feasibility, probable cost, and merits generally, from a professional point of view, of the proposed work. The Public Works officer required to report need not, unless the Collector requires him to do so, visit the site of the proposed work in cases where the advance is less than Rs 2,000.

17. If, on a review of the result of the local inquiry and of the professional opinions (if any) that have been obtained, and after such further investigation as he may consider necessary, the Collector is not satisfied that the advance is desirable, and that it can be made under the Act and these rules, he shall reject the application, recording his reasons for the same.

18. If the Collector is satisfied that the advance may properly be made, he shall grant a certificate for the advance applied for, or for such smaller sum as he may consider sufficient for the purpose specified in the application, or shall report the case for the orders of higher authority, in accordance with the provisions of the next following rule.

19. If sufficient sums have been placed at the disposal of the Collector for the purpose, he may, with the sanction of the Commissioner of the division, grant a certificate for an advance not exceeding Rs. 500. The Commissioner of the division may, subject to the same condition, grant such certificate for an advance not exceeding Rs 5,000. The Board of Revenue may, subject to the same condition, grant such certificate for an advance not exceeding Rs. 5,000. Certificates for advances exceeding Rs. 5,000, but not exceeding Rs 10,000, will require the sanction of the local Government If the proposed advance exceed Rs. 10,000, the previous sanction of the Governor-General in Council will be required.

20 When a certificate is granted, it shall be endorsed by the applicant to the effect that he has understood and agreed to all terms, and it shall be signed by him before, and be attested by, two witnesses If any property, other than property of the applicant, is pledged or mortgaged as security for repayment of the advance, the certificate shall be similarly endorsed, signed, and attested by the sureties and witnesses; and if the applicant is a tenant without transferable interest in the land to be benefited, the certificate shall be signed by his landlord and attested by two witnesses other than the landlord.

In all cases in which land or property other than the land to be benefited is hypothecated as security for the repayment of the advance, the certificate must bear the stamp required for mortgages under the Stamp Act for the time being in force, and must in all cases in which, if the transaction were a private one, registration would be requisite, be registered under the registration law at the time in force.

21. The certificate shall be retained in the office of the Collector; one copy shall be given to the applicant; and when advances are made payable at any tehsil or other subordinate district treasury, a copy of such certificate shall be sent to such treasury. All certificates issued in any financial year shall bear a serial number.

22. No advance shall be made for an improvement which is likely, so far as can be ascertained, to injure the property of any parties who have not consented to its execution.

23. No project shall be divided After an advance has been sanctioned and the whole thereof expended, a second advance for the same work shall not be made without the sanction of the local Government.

24. No advance shall be made unless the value of the security accepted exceeds by at least one-fourth the amount of the advance.

25. Subject to the orders of the local Government, the Collector shall make provision for the proper inspection of works in course of construction for which advances have been

[*Government Gazette*, 15*th July* 1873.]

১৫। তদারকের কার্য্য সমাপ্ত হইলে যে কার্য্যকারক তদারক করিলেন তিনি ঐ কার্য্যঘটিত সমস্ত কাগজপত্র এবং আপনার অভিমত ও পরামর্শ লিখিয়া কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন।

১৬। কালেকটর সাহেব ঐ কাগজপত্র পাইলে পর ঐ প্রস্তাবিত কার্য্য করা যাইতে পারে কি না ও তাহাতে কত টাকা খরচ হওয়া সম্ভাবনা ও সাধারণমতে ঐ কার্য্যের যে দোষগুণ থাকে এই২ বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট যদ্রূপে আজ্ঞা করেন তিনি তদ্রূপে বঙ্গদেশীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের উপযুক্ত কর্ম্মকারকের বিজ্ঞান সম্বন্ধীয় অভিমত গ্রহণ করিবেন। যে কোন স্থলেই হউক কালেক্টর সাহেব সেই অভিমত গ্রহণ করিতে পারিবেন কিন্তু ৫০০০৲ টাকার অধিক আগাম প্রার্থনা হইলে তাঁহার সেই অভিমত গ্রহণ করিতেই হইবে। পবলিক ওর্কসের যে কর্ম্মকারকের প্রতি উক্ত রিপোর্ট করিবার আদেশ হয় যদি ২০০০ টাকার কম আগাম দিবার প্রার্থনা হইয়া থাকে তবে কালেকটর সাহেব তাঁহাকে সেই প্রস্তাবিত কর্ম্মের স্থানে যাইতে আদেশ না করিলে তাঁহার যাইবার প্রয়োজন নাই।

১৭। সরে জমীনে তদারক হইবার ফল দৃষ্টে, এবং বিজ্ঞান সম্বন্ধীয় উক্ত অভিমত জ্ঞাত করা গেলে সেই অভিমত বিবেচনায়, এবং কালেক্টর সাহেব অন্য যে প্রকারের অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইলে পর, ঐ আগাম টাকা দেওয়া উচিত ও উক্ত আইন এবং এই বিধিমতে দেওয়া যাইতে পারে তিনি হৃদ্বোধমতে ইহা না জানিলে, প্রার্থনা অগ্রাহ্য করিবেন ও অগ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

১৮। ঐ টাকা উপযুক্তরূপে আগাম দেওয়া যাইতে পারে কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে, ইহার পশ্চাৎ লিখিত ধারার বিধানানুসারে প্রার্থিত আগাম টাকার নিমিত্ত, কিম্বা প্রার্থনা-পত্রে যে কার্য্য নির্দ্দিষ্ট করা গেল কম টাকা হইলে সেই কার্য্য চলিবে বোধ করিলে তিনি যত টাকা কম দেওয়া উচিত বোধ করেন তাহার নিমিত্ত সর্টিফিকেট দিবেন, কিম্বা উপরিস্থ কর্তৃপক্ষের আজ্ঞার জন্যে ঐ ব্যাপারের রিপোর্ট করিবেন।

১৯। উক্ত কার্য্যের উপযুক্ত টাকা কালেক্টর সাহেবের হাতে অর্পণ করা গেলে তিনি দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া ৫০০ টাকা পর্য্যন্ত আগাম পাইবার সর্টিফিকট দিতে পারিবেন। দেশখণ্ডের কমিশ্যনর সাহেবও সেই নিয়মানুসারে ৫০০০ টাকাপর্য্যন্ত আগাম পাইবার তদ্রূপ সর্টিফিকট দিতে পারিবেন। রেবিনিউ বোর্ডের সাহেবেরাও সেই নিয়মানুসারে ৫০০০ টাকাপর্য্যন্ত আগাম পাইবার তদ্রূপ সর্টিফিকট দিতে পারিবেন। ৫০০০ টাকার অধিক ১০০০০ টাকাপর্য্যন্ত আগাম পাই-বার সর্টিফিকট দিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লওয়া আবশ্যক। ১০০০০ টাকার অধিক আগাম দিবার প্রস্তাব হইলে অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লওয়া অবশ্যক।

২০। সর্টিফিকট দেওয়া গেলে প্রার্থক তাহার পৃষ্ঠে এই মর্ম্মের কথা লিখিবেন যে আমি ইহার সমস্ত নিয়ম বুঝিয়াছি ও তাহাতে সম্মত হইলাম, ও দুই জন সাক্ষির সাক্ষাৎ তিনি তাহাতে স্বাক্ষর করিবেন সাক্ষিরাও স্বাক্ষর করিবেন। যদি প্রার্থকের সম্পত্তি ভিন্ন অন্য কোন সম্পত্তি ঐ আগাম দেওয়া টাকা ফিরিয়া দিবার জামিন কি বন্ধক স্বরূপ দেওয়া গিয়া থাকে তবে জামিনেরা ও সাক্ষিরা সর্টিফিকটের পৃষ্ঠে পূর্ব্বোক্ত কথা লিখিয়া স্বাক্ষর করিবেন। এবং যে ভূমির উপকার হইবে তাহাতে যাঁহার সম্পর্ক হস্তান্তর করা যাইতে না পারে প্রার্থক এই প্রকারের প্রজা হইলে, ঐ সর্টিফিকটে জমীদা-রের স্বাক্ষর করিতে হইবে ও জমীদারভিন্ন সাক্ষিস্বরূপ অন্য দুই ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন।

যে ভূমির উপকার হইবে তদ্ভিন্ন কোন ভূমি কি সম্পত্তি ঐ আগাম টাকা ফিরিয়া দিবার জামিন-স্বরূপ বন্ধক দেওয়া গেলে, ইষ্টাম্প বিষয়ক যে আইন যৎকালে চলন থাকে তদনুসারে বন্ধকীপত্রে যত টাকার ইষ্টাম্প লাগে ঐ সর্টিফিকটে তত টাকার ইষ্টাম্প লাগিবে। এবং ব্যাপারটি আপোসে হইলে যদি রেজিষ্টরী করার প্রয়োজন হয় তবে রেজিষ্টরীকরণবিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে ঐ সর্টিফিকটও রেজিষ্টরী করা যাইবে।

২১। সেই সর্টিফিকট কালেকটর সাহেবের আফিসে রাখা যাইবে। প্রার্থককে এক কেতা নকল দেওয়া যাইবে। এবং আগাম টাকা কোন তহসীলে কিম্বা জিলার অন্তর্গত অধীন কোন খাজনাখানার দেনা হইলে, ঐ সর্টিফিকটের এক কেতা নকল সেই খাজানাখানায় পাঠান যাইবে। রাজস্ব সম্বন্ধীয় কোন এক বৎসরে যত খানি সর্টিফিকট দেওয়া যায় তাহাতে ক্রমশঃ ১, ২ প্রভৃতি নম্বর দেওয়া যাইবে।

২২। কোন ভূমির উৎকর্ষ সাধন করিতে গেলে অন্য ব্যক্তিদের ভূমির হানি হইবার সম্ভাবনা সাধ্যমতে তদারক করিয়া ইহা জানা গেলে সেই অন্য ব্যক্তিরা সম্মত না হইলে ঐ কর্ম্মের নিমিত্ত আগাম দেওয়া যাইবে না।

২৩। ভাগ করিয়া কোন কর্ম্ম করিতে হইবে না। টাকা আগাম দিবার অনুমতি হইলে ও সেই সমুদয় টাকা খরচ করা গেলে পর স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না হইলে সেই কার্য্যের নিমিত্ত দ্বিতীয়-বার আগাম দেওয়া যাইবে না।

২৪। যত টাকা আগাম দেওয়া যায় যে জামিন গ্রাহ্য হইল তাহার মূল্য ন্যূন কল্পে ঐ টাকার চতুর্থাংশ পর্য্যন্ত অধিক না হইলে টাকা আগাম দেওয়া যাইবে না।

২৫। যে কর্ম্মের নিমিত্ত টাকা আগাম দেওয়া যায় সেই কর্ম্ম চলনসময়ে কালেকটর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে তাহার উপযুক্তমতে তদারক করিবার বিধান করিবেন ও যে কর্ম্মের

made, and for ascertaining and securing that such advances are duly applied to the purpose for which they were made

26. The works, and any accounts kept thereat, shall be at all times open to the inspection of the Collector or other person authorized by him in that behalf

27. In the case of advances exceeding Rs. 5,000 accounts shall be kept by the recipient of the advance in any form that the Collector may, with the sanction of superior authority, from time to time prescribe.

28. If at any time the Collector is satisfied that any person who has received an advance has failed to perform any of the conditions under which it was made, the Collector may, after recording in writing the grounds for the decision he has arrived at, and subject to the control of the Board of Revenue, proceed to recover from such person, or from any security for such person under the provisions of the Act, any sums which remain due, together with any interests payable thereon.

29. If it is shown that the borrower has wilfully, and without reasonable cause, omitted to apply the money to the purpose for which it was borrowed, any sums which he so failed to apply may be levied with interest with a penalty of 50 per cent

30. All works for which advances are made in a lump sum shall be inspected and reported on within one month of the date on which their completion was directed in the certificate. All works for which advances are made by instalments shall be inspected and reported on before each instalment subsequent to the first is paid, and such inspection shall take place at latest within one month of the date when such instalment is payable.

31. Except with the special sanction of the local Government, no advance of any sum not exceeding Rs 500 shall be made unless it be repayable with interest within seven years from the date fixed for the completion of the work, and no advance exceeding Rs. 500 shall be made without such sanction unless it be so repayable within twelve years If in any case the proposed period of repayment exceeds twenty years, the sanction of the Government of India to the proposed advance must be obtained.

32. Applications for advances may be made to, and received by, the officer in charge of the sub division in which the land on which the money is to be expended lies In dealing with such applications, the sub-divisional officer shall be guided generally by the instructions contained in Rules I to XVI.

33. On the completion of his inquiry the sub-divisional officer shall report the case to the Collector in the following tabular form :—

(1). Name of applicant, and rights held by him. (2) Residence (3) Nature and locality of work for which advance has been applied for. (4) Amount of advance applied for. (5) Period within which work is to be completed. (6) Instalments in which advance with interest is to be repaid. (7) Security tendered for repayment. (8) Remarks showing the results of any local inquiry or any other grounds on which the sub-divisional officer may have founded his opinion

34. If the advance proposed is less than Rs. 250, the Collector will pass final orders ; if more than Rs. 250, he will forward a copy of the sub-divisional officer's report with his own opinion to the Commissioner, who will then proceed to pass orders under Rule XIX.

35. The interest charged on advances shall for the present be one anna per annum on the rupee, or 6¼ per cent. per annum.

36. All the above rules are applicable, *mutatis mutandis*, to applications submitted by a number of persons collectively with a view to effecting works of general utility. In such cases the persons signing the application must make themselves individually as well as collectively responsible for the repayment of the advance.

37 All orders passed by a Commissioner, or by the Board of Revenue, sanctioning the payment of advances under the Act, must at once be communicated by them to the Accountant-General to enable him to admit the payments when made.

[*Government Gazette*, 15*th July* 1873.]

নিমিত্ত আগাম দেওয়া গেল সেই কর্ম্মে ঐ টাকা বিহিত মতে ব্যয় হইতেছে ইহা নির্ণয় করিবার, ও সেই কর্ম্মে ঐ টাকা ব্যয় হইবার বিধান করিবেন।

২৬। কালেকটর সাহেব কিম্বা তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সর্ব্বদাই গিয়া সেই কর্ম্ম দেখিতে ও সেই কর্ম্ম হইবার স্থানে যে হিসাব রাখা যায় তাহাও দেখিতে পাইবেন।

২৭। ৫০০০ টাকার অধিক আগাম দেওয়া গেলে কালেকটর সাহেব উপরিস্থ কর্ত্তৃপক্ষের অনুমতিক্রমে সময়েং হিসাব রাখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে ঐ আগাম প্রাপ্তব্যক্তির ঐ টাকার হিসাব রাখিতে হইবে।

২৮। আগাম টাকা যে নিয়মানুসারে দেওয়া গেল কোন ব্যক্তি টাকা আগাম পাইয়া তাহার অন্যতর নিয়ম পালন করেন নাই কালেকটর সাহেব কোন সময়ে ইহা স্ববোধমতে জানিলে তাঁহার তদ্রূপ জ্ঞান করিবার হেতু লিপিবদ্ধ করিলে পর ঐ আগাম দেওয়া টাকার মধ্যে যত টাকা পাওনা থাকে ও তাহার উপর যত সুদ পাওনা হয় তিনি রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্বাধীনে সেই ব্যক্তির স্থানে কিম্বা আইনের বিধানমত তাঁহার কোন জামিনের স্থানে সুদশুদ্ধ ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন ?

২৯। কর্জ্জদার যে কর্ম্মের নিমিত্ত ঐ টাকা কর্জ্জ করিয়া লন ইচ্ছাপূর্ব্বক ও উপযুক্ত কারণ না থাকিলেও তিনি সেই কর্ম্মে ঐ টাকা খাটাইতে ক্রটি করিয়াছেন ইহার প্রমাণ হইলে যত টাকা তদ্রূপে ব্যয় করিতে ক্রটি করিলেন সুদশুদ্ধ তত টাকা ও দণ্ডস্বরূপ শতকরা ৫০ টাকা তাহার স্থানে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে।

৩০। কোন কর্ম্মের নিমিত্ত আগাম টাকা মোটে দেওয়া গেলে সর্টিফিকটে সেই কর্ম্ম সমাপ্ত হইবার যে তারিখ নির্দ্দিষ্ট হইল তাহার পর এক মাসের মধ্যে সেই কর্ম্ম দেখিয়া লওয়া যাইবে। কোন কর্ম্মের নিমিত্ত ঐ আগাম টাকা কিস্তি করিয়া দেওয়া গেলে প্রথম কিস্তির পর আরং কিস্তি দিবার পূর্ব্বে ঐ কর্ম্ম দেখিয়া লওয়া ও তদ্বিষয়ের রিপোর্ট করা যাইবে। ঐং কিস্তি যে তারিখে দেনা হয় তাহার ন্যূনকল্পে এক মাস থাকিতে ঐ কর্ম্ম দেখিয়া লইতে হইবে।

৩১। কোন কর্ম্মের নিমিত্ত ৫০০ টাকার অনধিক প্রার্থনা হইলে ঐ কর্ম্ম সমাপ্ত হইবার যে তারিখ নির্দ্দিষ্ট হয় সেই তারিখ অবধি যদি সাত বৎসরের মধ্যে সুদশুদ্ধ ঐ টাকা ফিরিয়া দেওয়া যাইতে না পারে তবে স্থানীয় গবর্ণমেন্টের বিশেষ অনুমতি না থাকিলে আগাম দেওয়া যাইবে না। এবং ৫০০ টাকার অধিক প্রার্থনা হইলে যদি বারো বৎসরের মধ্যে ফিরিয়া দেওয়া যাইতে না পারে তবে উক্ত অনুমতি বিনা ঐ টাকা আগাম দেওয়া যাইবে না। কোন স্থলে যদি বিশ বৎসরের অধিক সময়ান্তরে ঐ টাকা ফিরিয়া দিবার প্রস্তাব হয় তবে সেই টাকা আগাম দিবার জন্যে ভারতবর্ষের গবর্ণমেন্টের অনুমতি লইতে হইবে।

৩২। যে ভূমিতে টাকা খরচ করিতে হইবে সেই ভূমি যে মহকুমার অন্তর্গত থাকে আগাম পাইবার প্রার্থনাপত্র সেই মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট দেওয়া যাইতে পারিবে ও তিনি তাহা গ্রহণ করিতে পারিবেন। এই বিধির ১ অবধি ১৬ ধারা পর্য্যন্ত সমস্ত ধারায় যেং উপদেশ আছে মহকুমার কর্ত্তৃপক্ষ উক্ত প্রার্থনাপত্র লইয়া সাধারণ্যে সেইং উপদেশমতে কার্য্য করিবেন।

৩৩। মহকুমার কর্ত্তৃপক্ষের তদারকের কার্য্য সমাপ্ত হইলে পর তিনি কালেকটর সাহেবের নিকট নিম্নলিখিত টেবিলের পাঠে ঐ ব্যাপারের রিপোর্ট করিবেন।

(১) প্রার্থকের নাম ও তিনি যে স্বত্ব ভোগ করেন। (২) তাঁহার বাসস্থান (৩) যে কর্ম্মের নিমিত্ত আগাম প্রার্থনা হইল তাহা কি প্রকারের কর্ম্ম ও কোন্ স্থানে করা যাইবে। (৪) যত টাকা আগাম পাইবার প্রার্থনা হইল। (৫) যত দিনের মধ্যে ঐ কর্ম্ম সমাপ্ত করা যাইবে। (৬) যেং কিস্তিমতে ঐ আগাম টাকা সুদশুদ্ধ ফিরিয়া দেওয়া যাইবে। (৭) ফিরিয়া দিবার যদ্রূপ জামিন দিবার প্রস্তাব হইল। (৮) মহকুমার কর্ত্তৃপক্ষের যে অভিমত হইল সরেজমীনে তদারক করিবার যে ফলে কিম্বা অন্য যেহেতুতে সেই অভিমত হইল ইহা দর্শাইবার মন্তব্য কথা।

৩৪। ২৫০ টাকার কম আগাম পাইবার প্রার্থনা হইলে কালেকটর সাহেব চূড়ান্ত আজ্ঞা করিবেন। ২৫০ টাকার অধিক প্রার্থনা হইলে, তিনি কমিশ্যনর সাহেবের নিকট আপনার অভিমত সহিত মহকুমার কর্ত্তৃপক্ষের রিপোর্টের নকল পাঠাইবেন। তাহা হইলে কমিশ্যনর সাহেব এই বিধির ১৯ ধারামতে আজ্ঞা দিতে প্রবর্ত্ত হইবেন।

৩৫। এইক্ষণকার নিমিত্ত আগাম দেওয়া টাকার উপর টাকা প্রতি বৎসর /০ এক আনা সুদ অর্থাৎ বৎসর শতকরা ৬।০ টাকা সুদ লওয়া যাইবে।

৩৬। অনেক ব্যক্তি একত্র হইয়া সাধারণের উপকারার্থে কোন কর্ম্ম করিবার কল্পনায় প্রার্থনা করিলে পূর্ব্বোক্ত বিধির কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে ঐ প্রার্থনাপত্রের প্রতিও সেই বিধি খাটিবে। এমত স্থলে যে ব্যক্তিরা প্রার্থনাপত্রে স্বাক্ষর করেন তাঁহারা সেই আগাম টাকা ফিরিয়া দিবার জন্যে যেমন একত্র তেমনি স্বতন্ত্র আপনারদিগকে দায়ী করিয়া রাখিবেন।

৩৭। কমিশ্যনর সাহেব কিম্বা রেবিনিউ বোর্ডের সাহেবেরা আইনমতে আগাম টাকা দিবার অনুমতিসূচক যে আজ্ঞা করেন তাহা আকোণ্টেণ্ট জেনরল সাহেবকে অগৌণে জানাইতে হইবে। তাহা হইলে টাকা দিবার সময়ে তিনি তাহা স্বীকার করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৫ জুলাই।]

38. The number and date of such order should also be clearly cited by the Collector in the entry of the payment in the treasury returns, and the payee's receipt should be forwarded to Accountant-General as a voucher in support of the charge

39. A separate record will be maintained in the Accountant-General's office of all advances made under the Act, and in order that interest at 5 per cent. may be added when due to the original amount of each advance, the Collector should, on the completion of every half-year after the date of the original advance, forward to the Accountant-General a special advice of the interest then falling due on the amount.

40. The necessary adjustment will then be made in the Accountant-General's office, and the Collector advised of the increased amount recorded in the Accountant-General's books against the payee of the advance.

H. L. DAMPIER,
Secy. to the Govt of Bengal.

NOTIFICATION.

The 7th July 1873.—Notice is hereby given, in supersession of the Notification on this subject published in the *Gazettes* of 11th and 18th June 1873, that the undermentioned lots of waste lands, ascertained by survey to consist of 344 acres 3 roods and 37 poles, situated in Pergunnah Kalain, Zillah Cachar, and bounded as shown at the foot of this notice, having been applied for under the "Rules for the sale of Unassessed Waste Lands in the Lower Provinces of Bengal," will be put up to sale by auction to the highest bidder above the upset price of two rupees and eight annas per acre on the fifteenth day of September 1873, at the Office of the Deputy Commissioner of Cachar, should no objection be preferred such as to render it necessary to defer the sale under the provisions of Act XXIII of 1863. The sale will be made in the manner and subject to the conditions prescribed by the rules above cited, and to the provisions of Act XXIII of 1863.

Boundaries.

East—A line from Bhuyrub Basee Mookam on the Larang river to pillar No 1, marked on the map at a distance of 208 yards 9 inches, thence to pillar No. 2 along the bank of the Larang, at a distance of 566 yards 1 foot 3 inches.

North—A line from pillar No. 2 to pillar No. 3, at a distance of 199 yards 2 feet 9 inches, touching a khall, thence to pillar No. 4, at a distance of 191 yards 1 foot 9 inches, where there are two trees, thence to pillar No 5, at a distance of 428 yards 3 feet 6 inches; thence to pillar No. 6, at a distance of 606 yards 6 feet 2 inches, touching a tree, thence to pillar No 7, at a distance of 278 yards 1 foot 6 inches.

West.—A line from pillar No. 7 to pillar No. 8, touching a tree at a distance of 591 yards 1 foot 2 inches, thence to pillar No. 9, at a distance of 137 yards 1 foot; thence to pillar No. 10, at a distance of 432 yards 3 feet 6 inches; thence to pillar No. 11, at a distance of 557 yards 3 feet 1 inch.

South—A line from pillar No. 11 to pillar No. 12, at a distance of 295 yards 1 foot 6 inches; thence to pillar No. 13, touching Telkacherra at a distance of 649 yards 2 feet 2 inches; and thence to pillar No. 1, at a distance of 254 yards 2 feet 5 inches.

H. L. DAMPIER,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 637.

JUDICIAL.—*The 3rd July* 1873—Babu Kartick Chunder Pal, B L., is appointed to be an Extra Munsif of the Third Grade in Dacca, with effect from the date of his joining the appointment.

The 5th July 1873.—Moulvi Tumizooddeen Ahmed, Second Grade Munsif of Bullia in Bhaugulpore, is promoted to the First Grade of Munsifs, *vice* Babu Umbica Churn Mitter, removed.

[*Government Gazette*, *15th July* 1873.]

৩৮। খাজানাখানার রিটর্ণের যে স্থানে ঐ টাকা দেওয়ার কথা লেখা যায় সেই স্থানে কালেক্টর সাহেব স্পষ্ট করিয়া ঐ আজ্ঞার নম্বর ও তারিখ উল্লেখ করিবেন এবং আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট ঐ খরচের প্রতিপোষক প্রমাণস্বরূপ ঐ টাকাপ্রাপ্ত ব্যক্তির রসীদ পাঠাইবেন।

৩৯। আইনমতে যত টাকা আগাম দেওয়া যায় আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের আফিসে তাহার স্বতন্ত্র রিকার্ড রাখিতে হইবে। এবং আগাম দেওয়া আসল টাকার উপর সুদ পাওনা হইলে ঐ রিকার্ডে শতকরা ৫ টাকার হিসাবে ঐ সুদও লেখা যাইতে পারে এই নিমিত্ত আসল টাকা আগাম দেওয়ার তারিখ অবধি ছয়২ মাসান্তর ঐ টাকার উপর যত সুদ পাওনা হয় কালেক্টর সাহেব আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট তাহার বিশেষ জানাইবেন।

৪০। তাহা হইলে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের আফিসে প্রয়োজন মতে তাহা ঠিক দেওয়া যাইবে এবং আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের খাতায় আগামপ্রাপ্ত ব্যক্তির নামে আর যত টাকা লেখা গেল কালেক্টর সাহেবকে তাহা জ্ঞাত করা যাইবে।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—এই বিবরের যে বিজ্ঞাপন ১৮৭৩ সালের জুন মাসের ১৭ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করিয়া এই সংবাদ দেওয়া গেল। বঙ্গ প্রভৃতি দেশে বন্দোবস্ত না হওয়া পতিত ভূমি বিক্রয়ের বিধিমতে কাছাড় জিলার অন্তর্গত কালাইন পরগনার জরীপক্রমে নির্ণীত ৩৪৪ একর ৩ রুড ৩৭ পোল পরিমিত নিম্নলিখিত লাটের পতিত ভূমি বিক্রয় হইবার প্রার্থনা হওয়াতে ১৮৬৩ সালের ২৩ আইনের বিধানমতে ঐ ভূমি বিলম্বে বিক্রয় করণার্থ উপযুক্ত আপত্তি উপস্থিত করা না গেলে ঐ ভূমি ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে কাছাড়ের ডেপুটী কমিশ্যনরের কাছারীতে নীলাম হইবে। একর প্রতি প্রথম ডাক ২।০ টাকা ধরা যাইবে তাহার উপর যে ব্যক্তি উচ্চ মূল্য ডাকিবে তাহার নিকট বিক্রয় করা যাইবে। উপরোক্ত বিধির নির্দ্দিষ্ট নিয়মমতে ও ১৮৬৩ সালের ২৩ আইনের বিধানানুসারে ও তদধীনে উক্ত নীলাম করা যাইবে। উক্ত ভূমির সীমা এই২,—

সীমা।

পূর্ব্ব।—লারঙ্গ নদীর তটস্থ ভৈরব বাসী মুকাম অবধি ম্যাপে চিহ্নিত ২০৮ গজ ৯ ইঞ্চ অন্তর ১ নং স্তম্ভ পর্য্যন্ত ও তথাহইতে লারঙ্গের ধারে২ ৫৬১ গজ ১ ফুট ৩ ইঞ্চ অন্তর ২ নং স্তম্ভ পর্য্যন্ত রেখা।

উত্তর।—২ নং স্তম্ভ অবধি ১৯৯ গজ ২ ফুট ৯ ইঞ্চ অন্তর ৩ নং স্তম্ভ পর্য্যন্ত রেখা। মধ্যে খাল স্পর্শ করিয়া যায়। তথা হইতে যে স্থানে দুইটী বৃক্ষ আছে ১৯১ গজ ১ ফুট ৯ ইঞ্চ অন্তর সেই বৃক্ষের নিকট ৪ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ৪২৮ গজ ৮ ফুট ৬ ইঞ্চ অন্তর ৫ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ৬০৬ গজ ৬ফুট ২ ইঞ্চ অন্তর বৃক্ষ স্পর্শ করিয়া ৬ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ২৭৮ গজ১ ফুট ৬ ইঞ্চ অন্তর ৭ নং স্তম্ভ পর্য্যন্ত রেখা।

পশ্চিম। বৃক্ষ স্পর্শ করিয়া ৭ নং স্তম্ভ অবধি ৫৯১ গজ ১ ফুট ২ ইঞ্চ অন্তর ৮ নং স্তম্ভ পর্য্যন্ত তথাহইতে ১৩৭ গজ ১ ফুট অন্তর ৯ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ৫৩২ গজ ৩ ফুট ৬ ইঞ্চ অন্তর ১০ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ৫৫৭ গজ ৩ ফুট ১ ইঞ্চ অন্তর ১১ নং স্তম্ভ পর্য্যন্ত রেখা।

দক্ষিণ।—১১ নং স্তম্ভ হইতে ২৯৫ গজ ১ ফুট ৬ ইঞ্চ অন্তর ১২ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে তেলকাচড়া স্পর্শ করিয়া ৬৪৯ গজ ২ ফুট ২ ইঞ্চ অন্তর ১৩ নং স্তম্ভ পর্য্যন্ত, তথাহইতে ২৫৪ গজ ২ ফুট ৫ ইঞ্চি অন্তর ১ নং স্তম্ভ পর্য্যন্ত রেখা।

এচ, এল, ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

---

৬৩৭ নম্বর।

জুডিশ্যল।—১৮৭৩ সাল ৩ জুলাই।—শ্রীযুক্ত বাবু কার্ত্তিকচন্দ্র পাল, বি, এল, যে তারিখে স্বীয় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি ঢাকার তৃতীয় শ্রেণীর অতিরিক্ত মুনসেফের পদে নিযুক্ত হইবেন।

১৮৭৩ সাল ৫ জুলাই।—শ্রীযুক্ত বাবু অম্বিকা চরণ মিত্র স্থানান্তরিত হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুক্ত মৌলবী তমীজুদ্দীন আহম্মদ ভাগলপুরের অন্তর্গত বলিয়ার দ্বিতীয় শ্রেণীর মুনসেফ হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

The following Munsifs are promoted from the Third to the Second Grade in the vacancies caused by the promotion of Moulvi Tumizooddeen Ahmed and of Babus Brojendro Coomar Seal and Judoonath Roy, and the resignation of Babu Amernath Pundit:—

Babu Abinash Chunder Mitter, B.L., Midnapore.
„ Madhub Chunder Chuckerbutty, L.L., Juggernathdiggy, Tipperah.
„ Kanai Lall Mookerjee, B.L., Chooadangah, Nuddea.
„ Juggobundhoo Gangooly, B.L., Raneegunge, East Burdwan.

Babu Krishen Nath Roy, B.L., to be a Munsif of the Third Grade, and to be a Munsif at Alipore in the 24-Pergunnahs.

Babu Koylash Chunder Mozoomdar to be a Munsif of the Third Grade, and to be an Additional Munsif in East Burdwan.

Babu Soshee Bhooshun Banerjee, B.L., to be a Munsif of the Third Grade, and to be Munsif of Sasseeram in Shahabad.

Babu Kalicoomar Bose, B.L., to be a Munsif of the Third Grade, and to be Munsif of Hathazarce in Chittagong

The 8th July 1873.—The leave granted to Babu Brojomohun Dutt, Judge of the Court of Small Causes at Jessore, under orders of the 28th ultimo, is cancelled at his own request.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 4th July 1873.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the site of court-houses, lock-up, and other public buildings at Serajgunge Subdivision, it is hereby declared that for the above purpose there is required a piece of land, measuring 61 beegahs 12 cottahs and 2 chittacks, more or less, situated in the villages Goilo and Sakaria, within the following boundaries; North, the School Road; East, the School Road and Pubna Road; South, the Pubna Road and low lands occupied by Ram Dhan Koiburta and others; and West, the said low lands and the Amlahpara Road.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 7th July 1873.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a Police Thannah in the town of Balasore, in the village of Seolpore, Pergunnah Soonhut, Zillah Balasore, it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less 4 ghoonts of standard measurement, bounded on the north by Noorpore Road, on the west by the Lalla Bazar Road, on the south by the present Thannah, and on the east by the Thananah tank, is required within the aforesaid village of Scolpore.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A. MACKENZIE,
Junior Secy. to the Covt. of Bengal.

RESOLUTION.

JUDICIAL DEPARTMENT.

JUDICIAL.

Calcutta, the 8th July 1873.

1. THE Lieutenant-Governor directs that the accompanying extract from a letter lately written by a public officer, with regard to the recent order prescribing office hours, be circulated with the following remarks.

[*Government Gazette*, 15*th July* 1873.]

শ্রীযুত মৌলবী তমীজুদ্দীন আহমদের ও বাবু ব্রজেন্দ্র কুমার শীলের ও বাবু যদুনাথ রায়ের পদবৃদ্ধি হওয়াতে ও বাবু অমর নাথ পণ্ডিত কর্ম্ম ত্যাগ করাতে নিম্নলিখিত মুনসেফেরা তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

মেদিনীপুরের, শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র, বি, এল।

ত্রিপুরার অন্তর্গত জগন্নাথ দীঘীর, শ্রীযুত বাবু মাধবচন্দ্র চক্রবর্ত্তী, এল, এল।

নদীয়ার অন্তর্গত চুয়াডাঙ্গার, শ্রীযুত বাবু কানাইলাল মুখোপাধ্যায়, বি, এল।

পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের, শ্রীযুত বাবু জগবন্ধু গঙ্গোপাধ্যায় বি, এল।

শ্রীযুত বাবু কৃষ্ণনাথ রায়, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ২৪ পরগনার অন্তর্গত আলিপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মজুমদার তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া পূর্ব্ব বর্দ্ধমানে আডিশ্যনল মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু শশীভূষণ বন্দ্যোপাধ্যায়, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া শাহাবাদের অন্তর্গত সাসীরামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কালীকুমার বসু, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া চট্টোগ্রামের অন্তর্গত হাটহাজারীর মুনসেফ হইবেন।

১৮৭৩ সাল ৮ জুলাই।—যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত গত মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৪ জুলাই।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শেবাজগঞ্জ মহকুমার আদালত ঘর ও কাঁজিঘর ও রাজকীয় অন্যান্য গৃহাদি নির্ম্মাণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই আদেশ করা গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে গোইলো ও সাকারিয়া গ্রামে নিম্নলিখিত সীমার মধ্যে ন্যুনাধিক ৬১৷৷২৶০ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা স্কুলের পথ, পূর্ব্ব সীমা স্কুলের পথ ও পাবনার পথ, দক্ষিণ সীমা পাবনার পথ ও রামধন কৈবর্ত্ত প্রভৃতির দখলী নিম্নভূমি, ও পশ্চিম সীমা উক্ত নিম্নভূমি ও আমলাপাড়া পথ।

উক্ত ভূমিতে যাহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বালেশ্বর জিলার অন্তর্গত সুনহট পরগনার সেওলপুর গ্রামে পোলীস থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সেওলপুর গ্রামে কর্ষিমত পরিমাণের ন্যুনাধিক ৪ ঘুণ্ট ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নুরপুরের পথ, পশ্চিম সীমা লালাবাজারের পথ, দক্ষিণ সীমা বর্ত্তমান থানা, পূর্ব্ব সীমা ঐ থানার পুষ্করিণী।

উক্ত ভূমিতে যাহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

নির্দ্ধারণ।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যল।

কলিকাতা, ১৮৭৩ সাল ৮ জুলাই।

রাজকীয় কার্য্যালয়ে যেং ঘণ্টায় কর্ম্ম করিতে হইবে এই বিষয়ের যে আজ্ঞা সম্প্রতি প্রকাশ করা গেল তাহা লক্ষ করিয়া কোন রাজকীয় কার্য্যকারক এক পত্র লিখিয়াছেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই পত্রহইতে উদ্ধৃত কথা ও তদ্বিষয়ের নিম্নলিখিত মন্তব্য কথা প্রচার করিতে আজ্ঞা করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

2. The letter is that of an officer who used (he says) to go to office at 12-30 P.M. It quite confirms the Lieutenant-Governor's view that the practice has too often been to give only half the day to court and office work, and that the worst half. His Honor considers that the term breakfast is wholly misapplied to the meal between 11 A.M. and noon alluded to. It is not breakfaste but the mid-day meal, which divides the first and the second part of the active day. The writer is a civil servant of considerable standing; and if he has come to his time of life, as he says, in the exercise of a habit which prevents his going to office before 12-30 P.M. without constitutional disturbance, it is evident that he must have lived in times and under circumstances which admitted of such a custom being very habitual.

3. With reference to such a disclosure, the Lieutenant-Governor thinks it necessary to repeat that officers, European and Native, whose habits are those of the officer alluded to, must either wholly change their habits in regard to the mid-day meal, or adopt the plan which His Honor has suggested of dividing the working day into two parts, in accordance, as he believes, with the ordinary manners of the country.

4. Many statements in the public prints and elsewhere, as also disclosures in cases brought to light by the High Court, tend to show that the order which has been passed about office hours was very much wanted; and His Honor trusts that it is strictly attended to, and that supervising officers see that it is so.

Extract from letter referred to in para. 1 of the Resolution.

PARA. 1 —* * * * I have now introduced the change in accordance with the imperative order of the Lieutenant-Governor, which appears to allow no discretion to any magisterial officer, whatever his years or experience, if he be not fortunate enough to be a district Magistrate-Collector; but I find the native public dissatisfied with the alteration, while it causes me bodily discomfort owing to habits which cannot be suddenly broken through at my time of life without a certain amount of constitutional disturbance. The objection taken to the change by the native public, as represented by the mooktears, is that the usual breakfast hour of their clients is between 11 A.M. and noon, and that many of them having long distances to come are unable to appear before noon or 1 P.M. * * * *

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

PROCLAMATION.

The 4th July 1873.—Whereas in the district of Pubna, owing to attempts of zemindars to enhance rents and combinations of ryots to resist the same, large bodies of men have assembled at several places in a riotous and tumultuous manner, and serious breaches of the peace have occurred, THIS is very gravely to warn all concerned that while on the one hand the Government will protect the people from all force and extortion, and the zemindars must assert any claims they may have by legal means only, on the other hand the Government will firmly repress all violent and illegal action on the part of the ryots, and will strictly bring to justice all who offend against the law, to whatever class they belong.

The ryots and others who have assembled are hereby required to disperse, and to prefer peaceably and quietly any grievances they may have. If they so come forward, they will be patiently listened to; but the officers of Government cannot listen to rioters; on the contrary, they will take severe measures against them.

It is asserted by the people who have combined to resist the demands of the zemindars that they are to be the ryots of Her Majesty the Queen, and of Her only. These people, and all who listen to them, are warned that the Government cannot and will not interfere with the rights of property as secured by law; that they must pay what is legally due from them to those

২। যে কার্য্যকারক পত্র লিখিলেন তিনি কহেন যে অনেক দিন অবধি বেলা ১২৷৷টার সময়ে আমার আফিসে যাওয়ার রীতি চলিয়া আসিতেছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বে বোধ করিতেন যে আদালতের ও কাছারীর কর্ম্মে কেবল আসদিন নিরূপণ হইয়া থাকে সেই অর্দ্ধেকও দিনের অপকৃষ্ট ভাগ, এইক্ষণে উক্ত কথা দ্বারা তাঁহার সেই অভিমত দৃঢ় করা গেল। বেলা ১১ টা ও দুই প্রহরের মধ্যে যে আহার করা যায় তাহা হাজরী নামে নৈলা মান্যবরের বিবেচনায় অনুচিত। তাহা হাজরী নয়, মধ্যাহ্ণের আহার, কর্ম্ম পক্ষে তাহা দিবা ভাগের প্রথম ও দ্বিতীয় ভাগের ব্যবধান স্বরূপ। ঐ পত্রলেখক দীর্ঘকাল স্থায়ি একজন সিবিল কার্য্যকারক। আর যে রীতি প্রযুক্ত বেলা ১১৷৷টার আগে আফিসে গেলে তাঁহার শারীরিক কষ্টের সম্ভাবনা, তিনি যদি আপন কথামতে এই বৃদ্ধ কাল পর্য্যন্ত এমত রীত্যনুসারে কর্ম্ম করিয়া থাকেন, তবে যে সময়ে ও যে গতিকে সেই প্রকারের কর্ম্ম আচারের তুল্য প্রবল হইয়া উঠিতে পারিল তিনি অবশ্য এমত সময়ে ও গতিকে কাল কাটাইয়া থাকিবেন।

৩। পূর্ব্ব প্রকাশিত কথা লক্ষ করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব আপনার পূর্ব্ব আজ্ঞা পুনশ্চ ব্যক্ত করিতেছেন। অর্থাৎ ইউরোপীয় ও এদেশীয় যে কর্ম্মকারকদের পূর্ব্বোক্তরূপ রীতি চলিয়া আসিতেছে তাঁহাদের মধ্যাহ্ণকালে আহার করিবার সেই রীতি একেবারে ত্যাগ করিতে হইবে নতুবা মান্যবর যে আচার এ দেশের সাধারণ আচার বলিয়া জ্ঞান করেন তদনুসারে তিনি যে প্রস্তাব করিলেন তাঁহাদের সেই প্রস্তাব গ্রহণ করিয়া কর্ম্ম পক্ষে দিনকে দুই ভাগ করিতে হইবে।

৪। রাজকীয় কার্য্যালয়ে যে২ ঘণ্টায় কর্ম্ম করিতে হইবে এই বিষয়ের উক্ত আজ্ঞা অত্যন্ত প্রয়োজনীয় ছিল, সম্বাদ পত্র প্রভৃতিতে প্রকাশিত নানা উক্তি দ্বারা এবং হাইকোর্টে যাহা প্রকাশ করা গিয়াছে তদ্দ্বারাও ইহা দৃষ্ট হইল। আর সেই আজ্ঞা দৃঢ়মতে মানা যায় এবং তত্ত্বাবধারি কার্য্যকারকেরা তাহা প্রবল করেন মান্যবরের এই আশা।

উক্ত নির্দ্ধারণপত্রের ১ দফায় যে পত্রের উল্লেখ হইয়াছে তাহাহইতে উদ্ধৃত কথা।

১ দফা।— শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যে অতি দৃঢ় আজ্ঞা করিলেন তদ্বিষয়ে মাজিষ্টরী কোন কার্য্যকারকের যত বয়স হউক কিম্বা যত কাল কর্ম্মানুশীলন থাকুক জিলার মাজিষ্ট্রেট কালেক্টর হওয়া তাঁহার ভাগ্যে না ঘটিলে তিনি আপন বিবেচনামতে আর সময় নিরূপণ করিতে পারিবেন না অতএব আমি সেই আজ্ঞামতে কাছারী খুলিবার সময় পরিবর্ত্তন করিয়াছি। কিন্তু সেই সময়ের পরিবর্ত্তন হওয়াতে এদেশীয় সাধারণ লোককে অসন্তুষ্ট দেখিতে পাইলাম। আমারও শারীরিক কষ্ট হয় যেহেতুক অনেক বৎসরাবধি আমার যে রীতি চলিয়া আসিতেছে বৃদ্ধ বয়সে সেই রীতি হঠাৎ অতিক্রম করিলে শরীরের দুঃখ হবেই হবে। মোক্তারেরা কহে যে ১১টা ও দুই প্রহরের মধ্যে পূর্ব্বাহ্ণের আহার করা মওকেলদের রীতি আছে অতি দূরহইতে কএক জনের আসিতে হইলে দুই প্রহরের কি ১টা সময়ের পূর্ব্বে তাঁহারা প্রায় উপস্থিত হইতে পারেন না, এই প্রযুক্ত এই দেশীয় সাধারণ লোকেরা সেই সময় পরিবর্ত্তন বিষয়ে আপত্তি করেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

ঘোষণাপত্র।

১৮৭৩ সাল ৪ জুলাই।—পাবনা জিলায় জমিদারেরা খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা করাতে ও রায়তেরা যোগ করিয়া তাহার বাধা দিতে উদ্যোগ করাতে ভারি২ দলের লোকেরা স্থানে২ জমায়ত হইয়া হঙ্গামা ও গোলোযোগ করিতে লাগিয়াছে ও ভারি২ দাঙ্গাও হইয়াছে, এই কারণে এই পত্রদ্বারা ঐ কার্য্যে লিপ্ত সকল ব্যক্তিকে ভারি সতর্ক করিয়া এই কথা জ্ঞাত করা যাইতেছে যে, প্রজাদের টাকা বলপূর্ব্বক অপহরণ করিয়া না লওয়া যায় এই জন্যে গবর্ণমেণ্ট তাহারদিগকে রক্ষা করিবেন ও জমীদারদের কোন দাওয়া থাকিলে আইনক্রমে নির্দ্ধারিত প্রণালীমতে তাঁহারদের সেই২ দাওয়া সাবুদ করিতে হইবে। কিন্তু প্রজারা বল প্রকাশ করিয়া বেআইনী কর্ম্ম করিলে গবর্ণমেণ্ট তাহা দৃঢ়মতে স্থগিত করাইয়া দিবেন ও যে কোন শ্রেণীর লোক হউক আইনের বিরুদ্ধ কর্ম্ম করিলে গবর্ণমেণ্ট আঁটাআঁটিরূপে বিচার করিয়া তাহারদের দণ্ড করিবেন।

রায়ত প্রভৃতি যে লোকেরা জমায়ত হইয়াছে তাহারদের প্রতি আপনার স্থানে চলিয়া যাইতে ও উপদ্রবের যে কোন নালিশ থাকে তাহা শান্তিভাবে ও নিরুৎপাতে উপস্থিত করিতে আজ্ঞা হইল। তাহারা তদ্রূপে উপস্থিত হইলে ধীরভাবে তাহারদের কথা শুনা যাইবে কিন্তু গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা হঙ্গামীদের কথা শুনিতে পারেন না। বরং তাহারদের বিপক্ষে সুকঠিন বিধান করিবেন।

যে লোকেরা জমিদারদের দাওয়ার বিপক্ষতা করিতে যোগ করিয়াছে তাহারা বলে যে আমরা মহারাণীর প্রজা কেবল তাঁহারই প্রজা হইয়া থাকিব। তাহারদিগকে ও অন্য যে সকল লোক তাহাদের কথা শুনে তাহারদিগকেও সতর্ক করিয়া এই কথা জানান যাইতেছে, আইনমতে সম্পত্তির যে স্বত্ব রক্ষা হইয়াছে গবর্ণমেণ্ট তাহাতে হাত দিতে পারেন না দিবেনও না। আইনমতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

to whom it is legally due. It is perfectly lawful to unite in a peaceable manner to resist any excessive demands of the zemindars, but it is not lawful to unite to use violence and intimidation.

A MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th July 1873.—It is hereby notified that under the provisions of Section 3, Act IV (B.C.) of 1865 (an Act for the prohibition of the practice of inoculation, &c), the Lieutenant-Governor is pleased to extend the said Act to the town of Gowhatty in the District of Kamroop, within the limits laid down for the operation of Act III (B C.) of 1864 (the District Municipal Act) in that town, as notified in the *Calcutta Gazette* of 16th November 1864

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 1st July 1873.

No. 243 —*Leave of Absence.*—Mr. P. J. Neuville, Executive Engineer, Third Grade, attached to the Goalpara and Kamroop Districts, is allowed furlough to Europe for one year under Supplement F, Section 7, of the Civil Leave Code.

2. Mr. Neuville is also allowed preparatory leave for 30 days.

The 2nd July 1873.

No. 244.—*Transfer.*—Baboo Bholanath Doss, Executive Engineer, Third Grade, from the Durrung and Nowgong to the Goalpara and Kamroop Districts.

No. 245.—*Posting* —Mr J James, Executive Engineer, Third Grade, having returned from furlough to Europe, is posted to the Durrung and Nowgong Districts.

No. 246 —*Notification.*—Serjeant J. A. Wilson, Overseer, First Grade, joined the Balasore District on the 8th June 1873, before noon

No. 247 —Baboo Bany Madhub Mozumdar, Overseer, First Grade, joined the Jessore District on the 12th June 1873, before noon.

No. 248.—Baboo Denonath Roy, Overseer, First Grade, attached to the Jessore District, availed himself of two months' privilege leave* from the 12th June 1873, before noon.

* Bengal Government, Public Works Department Notification No 216, dated 11th June 1873.

No. 249 —*Transfer* —Baboo Mohesh Chunder Bose, Overseer, Third Grade, from the Balasore to the Cuttack, Pooree, and Tributary Mehals Districts.

The 3rd July 1873

No 250.—*Notification.*—Serjeant J. Gray, Overseer, First Grade, joined the Hazareebaugh District on the 24th June 1873, afternoon.

J. E. T. NICOLLS, *Col.*, R. E,
Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION

NOTIFICATION

ESTABLISHMENT.

The 3rd July 1873.

No. 225.—*Transfer.*—Mr. P. Dejoux, Executive Engineer, Fourth Grade, from the South-Western to the Sone Circle.

[*Government Gazette*, 15th *July* 1873.]

যে ব্যক্তির নিকট যাহার যত পাওনা থাকে তাঁহাকে তাহার তত দিতেই হইবে। জমীদারেরা অতিরিক্ত দাওয়া করিলে শান্তভাবে একত্র হইয়া তাহা নিবারণ করিবার নিয়ম করা আইনবিরুদ্ধ নয় কিন্তু বলপ্রকাশ করিবার ও ভয় দেখাইবার নিমিত্ত যোগ করা বেআইনী কর্ম্ম।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বসন্তজন্য বীজে টীকা দিবার প্রথা প্রভৃতি নিষেধকরণবিষয়ক ১৮৬৫ সালের ৪ আইনের ৩ ধারার বিধানমতে উক্ত আইন কামরূপ জিলার অন্তর্গত গৌহাটী নগরে প্রচলিত করিলেন। ১৮৬৪ সালের ১৬ নবেম্বরের কলিকাতা গেজেটে উক্ত নগরে প্রদেশীয় নগরাদি বিষয়ক ১৮৬৪ সালের ৩ আইন প্রবল হওয়ার যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে উক্ত আইন তন্মধ্যে প্রচলিত হইবে।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৩ সাল ১ জুলাই।

২৪৩ নম্বর।—ছুটী।—গোয়াল পাড়া ও কামরূপ জিলায় নিযুক্ত তৃতীয় শ্রেণীর একসেকিটীব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, জে, নিউবিল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ এক বৎসর ছুটী পাইয়াছেন।

২। শ্রীযুত নিউবিল সাহেব প্রস্তুত হওনার্থেও ত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ২ জুলাই।

২৪৪ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ভোলানাথ দাস দরঙ্গ ও নৌগাঁ হইতে গোয়ালপাড়া ও কামরূপজিলায় প্রেরিত হইলেন।

২৪৫ নম্বর।—অবস্থিতির কথা।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, জেমস সাহেব ইউরোপে গমনের নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া দরঙ্গ ও নৌগাঁ জিলায় অবস্থিত হইয়াছেন।

২৪৬ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জ্জণ্ট শ্রীযুত জে, এ, উইলসন সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ৮ তারিখের পূর্ব্বাহ্ণে বালেশ্বর জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

২৪৭ নম্বর।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু বেণীমাধব মজুমদার ১৮৭৩ সালের জুন মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্ণে যশোহর জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

২৪৮ নম্বর।—যশোহর জিলায়নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু দীননাথ রায় ১৮৭৩ সালের জুন মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্ণে অবশিষ্ট মাস অনুগ্রহের ছুটী* গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ১৮৭৩ সালের জুন মাসের ১১ তারিখের ২১৫ নং বিজ্ঞাপন।

২৪৯ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু বালেশ্বর হইতে কটক, ও পুরী জিলায় ও পেশকশী মহালে প্রেরিত হইলেন।

১৮৭৩ সাল ৩ জুলাই।

২৫০ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জ্জণ্ট শ্রীযুত যে গ্রে সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ২৪ তারিখের অপরাহ্ণে হাজারীবাগ জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

জে, ই, টি, নিকলস্, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

সিরিশ্‌তাবিষয়ক।

১৮৭৩ সাল ৩ জুলাই।

২২৫ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি ডেভ্‌ সাহেব দক্ষিণ পশ্চিম চক্র হইতে সোণচক্রে প্রেরিত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

No 256.—*Notification.*—Mr P. Dejoux to officiate as Executive Engineer of the Dehree Workshop Division in addition to his other duties during the absence on leave of Mr C. Fouracres, or until further orders.

The 5th July 1873.

No 257.—*Transfer.*—Mr R. A Gregory, Overseer, Second Grade, from the South-Western to the Orissa Circle.

No 258.—*Leave*—Mr G J R Leeson, Assistant Engineer, First Grade, Cossye Division, is granted leave for three months on private affairs without pay, under Supplement F, Section 9, of the Civil Leave Code

No 259.—Corporal M. Doyle, Overseer, First Grade, Arrah Division, is granted privilege leave for one month, under Supplement F, Section 12, of the Civil Leave Code.

No. 260.—Mr. A. Salmon, Assistant Engineer, Second Grade, Byturni Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted on the afternoon of the 19th June 1873.

No 176, dated 19th May 1873

No. 263.—*Leave.*—Mr J. H Toogood, Assistant Engineer, Third Grade, Arrah Division, is granted special leave for three months to study the native languages

No. 264.—Captain J M McNeil, R E, Executive Engineer, First Grade, Eastern Sone Division, is granted privilege leave for three months, under Chapter 6, Section 18, of the Civil Leave Code, with effect from the 10th September next, or any subsequent date

No. 265.—Baboo Radhamadhub Mookerjee, Overseer, Second Grade, Brahminee Division, is granted privilege leave for two months and twenty-seven days, under Supplement F, Section 12, of the Civil Leave Code

No 266.—*Posting.*—Baboo Cally Coomar Coondoo, Assistant Engineer, First Grade, to the Arrah Division, which he joined on the forenoon of the 28th June 1873

No. 267.—*Notification*—Baboo Lukhun Chunder Chatterjee, Overseer, Second Grade, joined the Cossye Division on the forenoon of the 26th June 1873

IRRIGATION.

The 7th July 1873.

No. 268.—*Declarations.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for drainage cut No 2, in Mouzah Daudnagar, Pergunnah Uncha, District Gya, it is hereby declared that for the above purpose a strip of land, measuring 2 roods and 37 poles, more or less, situated near the 51st chain of 19th mile of the Main Canal as laid out by the Public Works Department Officers, is required within the aforesaid village of Daudnagar. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

No 269.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for drainage cut No. 3, in Mouzah Seepáh, Pergunnah Uncha, District Gya, it is hereby declared that for the above purpose a strip of land, measuring 1 acre 2 roods and 4 poles, more or less, situated near the 41st chain of the 21st mile of the Main Canal as laid out by the Public Works Department Officers, is required within the aforesaid village of Seepáh. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

No 270.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for drainage cut No. 6, in Mouzah Belsar, Pergunnah Urwal, District Gya, it is hereby declared

২৫৬ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুক্ত সি কোরেকরন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত পি ডেভ্ সাহেব আপন কর্ম্মাতিরিক্ত দেহড়ী কারখানাখণ্ডের একেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

১৮৭৩ সাল ৫ জুলাই।

২৫৭ নম্বর—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত আর, এ, গ্রেগরি সাহেব দক্ষিণপশ্চিমচক্রহইতে উড়িষ্যাচক্রে প্রেরিত হইয়াছেন।

২৫৮ নম্বর।—ছুটী।—কণ্ডই খণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জি, জে, আর, লীসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে নিজ প্রয়োজনার্থে বিনা বেতনে তিন মাস ছুটী পাইয়াছেন।

২৫৯ নম্বর।—আরাখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত করপোরাল এম ডয়ল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

২৬০ নম্বর।—বৈতরণী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এ সালমন সাহেব পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান ১৮৭৩ সালের জুন মাসের ১৯ তারিখের অপরাহ্লে তাহা গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের মে মাসের ১৯ তারিখের ১৭৬ নম্বর।

১৮৭৩ সাল ৭ জুলাই।

২৬৩ নম্বর।—ছুটী।—আরা খণ্ডের তৃতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে এচ টুগুড সাহেব এদেশীয় ভাষাভ্যাস করিবার নিমিত্ত তিন মাস বিশেষ ছুটী পাইয়াছেন।

২৬৪ নম্বর।—পূর্ব্ব সোণ খণ্ডের প্রথম শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুক্ত জে, এম, মাকনীল সাহেব, আর, ই, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি সেপ্টেম্বর মাসের ১০ কিম্বা তৎপরের কোন তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

২৬৫ নম্বর।—ব্রাহ্মণী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু রাধামাধব মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুই মাস সাতাইশদিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

২৬৬ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু কালীকুমার কুণ্ডু আরাখণ্ডে নিযুক্ত হইলেন। তিনি ১৮৭৩ সালের জুন মাসের ২৮ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্ম গ্রহণ করিলেন।

২৬৭ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু লক্ষ্মণচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৩ সালের জুন মাসের ২৬ তারিখের পূর্ব্বাহ্নে কণ্ডই খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

জলসেচন সম্পর্কীয়।

১৮৭৩ সাল ৭ জুলাই।

২৬৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত উগুা পরগনার দাউদ নগর মৌজায় ২নং জলপ্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত দাউদনগর গ্রামে পবলিক ওর্কস ডিপার্টমেন্টের কার্য্যকারকদের করা প্রধান খালের ১৯ মাইলের ৫১ চেইনের নিকটে ন্যূনাধিক ২ রুড ৩৭ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জল প্রণালীর নক্সা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২৬৯ নম্বর।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত উগুা পরগনার সীপা মৌজায় ৩ নং জলপ্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সীপা গ্রামে পবলিক ওর্কস ডিপার্টমেন্টের কার্য্যকারকদের করা প্রধান খালের ২১ মাইলের ৪১ চেইনের নিকট ন্যূনাধিক ১ একর ২ রুড ৪ পোল পরিমিত ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জলপ্রণালীর নক্সা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২৭০ নম্বর।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত অরওয়াল পরগনার বেলসার মৌজার ৬ নং জলপ্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

that for the above purpose a strip of land, measuring 1 acre and 6 poles, more or less, situated near the 29th mile of the Main Canal as laid out by the Irrigation Department, is required within the aforesaid village of Belsar. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

No 271 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for drainage cut No 7, in Mouzahs Pipra, Khás, and Badrabad, in Pergunnah Urwal, District Gya, it is hereby declared that for the above purpose a strip of land measuring 7 acres 3 roods and 12 poles, more or less, situated near the 39th mile of the Main Canal as laid out by the Public Works Department Officers, is required within the aforesaid villages of Pipra, Khás, and Badrabad. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 272.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for drainage cut No 8, in Mouzah Ehyapoor, in Pergunnah Urwal, District Gya, it is hereby declared that for the above purpose a strip of land, measuring 3 roods and 17 poles, more or less, situated near the 43rd mile of the Main Canal as laid out by the Public Works Department Officers, is required within the aforesaid village of Ehyapoor. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

No. 273 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a drainage cut in Mouzah Bussallah, Dinapore, Pergunnah Phoolwaree, District Patna, it is hereby declared that for the above purpose a strip of land, measuring 6 acres and 2 poles, more or less, situated near the 76th mile of the Main Canal as laid out by Public Works Department Officers, is required within the said village of Bussallah, Dinapore. A plan of this proposed drainage cut may be seen in the office of the Executive Engineer, Eastern Sone Division, at Dinapore.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. W GULLIVER, *Lieut.-Col*, R E.,
Offg Jt.-Secy. to the Govt. of Bengal
in the P. W. Dept., Irrigation Branch.

পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বেণসার গ্রামে জলসেচন কর্ম্মবিভাগে যে বড় খাল করা গেল তাহার ২৯ মাইলের নিকট ন্যূনাধিক ১ একর ৬ পোল পরিমিত ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জল প্রণালীর নকশা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২৭১ নম্বর।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত অরওয়াল পরগনার পিপরা ও খাস ও বদরাবাদ মৌজায় ৭ নং জল প্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পিপরা ও খাস ও বদরাবাদ গ্রামে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কার্য্যকারকদের কৃত প্রধান খালের ৩৯ মাইলের নিকটে ন্যূনাধিক ৭ একর ৩ রুড ১২ পোল পরিমিত ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জলপ্রণালীর নকশা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২৭২ নম্বর।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত অরওয়াল পরগনার ইযাকিয়াপুর মৌজায় ৮ নং জলপ্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ইযাকিয়াপুর গ্রামে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কার্য্যকারকদের করা প্রধান খালের ৪৩ মাইলের নিকট ন্যূনাধিক ৩ রুড ৭ পোল পরিমিত ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জলপ্রণালীর নকশা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২৭৩ নম্বর।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত ফুলবাড়ী পরগনার বমাল্লা ও দানাপুর মৌজায় একটী জলপ্রণালী কাটিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বমাল্লা ও দানাপুর গ্রামে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কার্য্যকারকদের প্রধান খালের ৭৬ মাইলের নিকট ন্যূনাধিক ৬ একর ২ পোল পরিমিত ভূমির প্রয়োজন। প্রস্তাবিত জলপ্রণালীর নকশা দানাপুরে পূর্ব্ব সোণখণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের কার্য্যালয়ে দেখা যাইতে পারিবে।

উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল।

এচ ডবলিউ গলিবর, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 15, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৫ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER BY THE BOARD OF REVENUE, L.P,

JUNE 1873.

HON'BLE V. H SCHALCH.

Erratum

In lines 3 and 4 of Circular Order No. 2, for the current month, for the words "14 A. Report on Wards' Estates," read "14 A Report on Wards' Estates." The same alteration should be made in the slip.

No. 5.

IN continuation of Circular Order No. 1 of February 1872, it is hereby notified that the whole of Chapter X of the Board's rules is superseded, except Sections I and VI and Clause 5 of Section VIII, which are still in force in regard to territorial and political pensions only.

No. 6.

THE following has been added as Clause 5A to Section V, page 24 of the Board's Rules—

An application for an extra budget grant should in no case be sent up, until the budget allotment of the Office or Department making the application has been exhausted, under the particular head of expenditure to which it is proposed to debit the disbursement for which funds are required. A certificate should be appended to each such application, that the balance in the Collector's hands at the time of submitting the application is less than the amount asked for.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE

The 2nd July 1873.—Moonshee Dubeeroodeen Ahmed, Moonsiff of Thakoorgang, District Dinagepore, for 3 months, in extension of the leave granted to him on the 8th April last, under Section 3, Supplement F, of the Civil Leave Code.

Moulvee Khadem Hossein, Moonsiff of Kandi, District Moorshedabad, for 10 days, *without pay*, under Section 9, Supplement F, of the Civil Leave Code.

The 4th July 1873.—Moulvee Tummeezoodeen Ahmed, Moonsiff of Begooserai, District Bhaugulpore, for 15 days, under Section 3, Supplement F, of the Civil Leave Code.

The 7th July 1873.—Baboo Kali Prosunno Mookerjee, B.L., Moonsiff of Serajgunge, District Rajshahye, for 15 days, on private affairs, under Section 5, Supplement F, of the Civil Leave Code. The Moonsiff's Serishtadar to be in charge of the current duties of the office

TRANSFERS OF MOONSIFFS

The 30th June 1873.—Baboo Joges Chunder Mitter, B.L., Additional Moonsiff of the 24-Pergunnahs, to be Moonsiff of Sealdah, in that District.

The 7th July 1873.—Baboo Rammoni Sen, Moonsiff of Shazadpore, District Rajshahye, to Thakoorgang, District Dinagepore.

Baboo Koylash Chunder Mookerjee, B.L., Moonsiff of Newal, District Midnapore, to Shazadpore, District Rajshahye.

Baboo Jibunkristo Chatterjee, an Additional Moonsiff in the 24-Pergunnahs, to be Moonsiff of Newal, District Midnapore.

Moonshee Dubeerooddeen Ahmed, Moonsiff of Thakoorgang, District Dinagepore, to the 24-Pergunnahs, as an Additional Moonsiff, *vice* Baboo Jibunkristo Chatterjee, transferred to Newal

By order, &c,

HIGH COURT, *the 7th July* 1873.

W. M. SOUTTAR,
Registrar.

[*Government Gazette, 15th July* 1873.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুালর অর্ডর।

১৮৭৩ সাল জুন মাস।

মাক্যবর বি এচ লক সাহেব।

অশুদ্ধশোধন।

এই মাসের ২ নম্বরের সরকুালর অর্ডরের তৃতীয় পঙ্‌ক্তিতে "১৪ A" যে কথা লিখিত হইয়াছে তাহার মধ্যে A অক্ষর ত্যাগ করিয়া শুদ্ধ "১৪" পাঠ করিতে হইবে।

৫ নম্বর।

১৮৭২ সালের ফেব্রুআরি মাসের ১ নং সরকুালর অর্ডরের অতিরিক্ত এই কথা জ্ঞাত করা যাইতেছে। বোর্ডের বিধি পুস্তকের ১০ অধ্যায়ের ১ ও ৬ পরিচ্ছেদ এবং ৮ পরিচ্ছেদের ৫ ধারা ছাড়া ঐ ১০ অধ্যায় অকর্ম্মণ্য হইয়াছে। উক্ত ১ ও ৬ পরিচ্ছেদ এবং ৮ পরিচ্ছেদের ৫ ধারা কেবল প্রদেশ সম্পর্কীয় ও পোলিটিকাল পেন্সন সম্বন্ধে প্রবল আছে।

৬ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৩৯ পৃষ্ঠায় (১৮৭২ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১৪৬৭ পৃষ্ঠায়) ৫ পরিচ্ছেদের ৫ক বলিয়া এই ধারা লিখিতে হইবে।

কোন আফিসের কি ডিপার্টমেণ্টের বজেটে যত টাকা নিরূপণ হইয়াছে তদধিক টাকা পাইবার নিমিত্ত অতিরিক্ত বজেট পাঠাইবার প্রার্থনা হইলে যে কার্য্যের নিমিত্ত সেই অধিক টাকার প্রার্থনা হয় আসল বজেটে যত টাকা নিরূপণ হইয়াছিল তাহা সমুদয় সেই কার্য্যে খরচ না হইলে, সেই অতিরিক্ত বজেটের প্রার্থনাপত্র কোন মতে পাঠাইতে হইবে না। তদ্রূপ প্রার্থনা করণ সময়ে যত টাকার প্রার্থনা হয় ঐ প্রার্থনাপত্র পাঠাইবার সময়ে উদ্বর্ত্ত তত টাকা কালেক্টর সাহেবের হাতে আছে ঐ পত্রের সঙ্গে এই মর্ম্মের সর্টিফিকট দিতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৩ সাল ২ জুলাই।—দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুর গাঁয়ের মুনসেফ শ্রীযুত মুনশী দবীরুদ্দীন আহমদ গত আপ্রিল মাসের ৮ তারিখে যে ছুটী পান, তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত কাঁদির মুনসেফ শ্রীযুত মৌলবী খাদেম হুসেন সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে দশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৪ জুলাই।—ভাগলপুর জিলার অন্তর্গত বেগুসরাইয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী তমীজুদ্দীন আহম্মদ সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—রাজশাহী জিলার অন্তর্গত সেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে নিজ প্রয়োজনার্থে পনের দিন ছুটী পাইয়াছেন। কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার মুনসেফের সিরিশ্তাদারের প্রতি অর্পিত থাকিবে।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭৩ সাল ৩০ জুন।—২৪ পরগনার আডিশানল মুনসেফ শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্র, বি, এল, ঐ জিলার শিয়ালদহের মুনসেফ হইবেন।

১৮৭৩ সাল ৭ জুলাই।—রাজশাহী জিলার অন্তর্গত সাজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামমণি সেন দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁয়ে প্রেরিত হইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত মেওয়ালের মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায়, বি, এল, রাজশাহী জিলার অন্তর্গত সাজাদপুরে প্রেরিত হইলেন।

২৪ পরগনা জিলার আডিশানল মুনসেফ শ্রীযুত বাবু জীবন কৃষ্ণ চট্টোপাধ্যায় মেদিনীপুর জিলার অন্তর্গত মেওয়ালের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায় মেওয়ালে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে দিনাজপুরের অন্তর্গত ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মুনশী দবীরুদ্দীন আহমদ ২৪ পরগনায় প্রেরিত হইলেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুয়র,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ১৮৭৩ সাল ৭ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 15, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৫ জুলাই।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নীলামের ইশ্‌তেহার।

জিলা হুগলী।

এস্তাহার নামা কাছারী কালেক্টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলি জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজি ১৮৭৩ সালের ১২ই আগষ্ট মোতাবেক সন ১২৮০ বাঙ্গলার শ্রাবণ মাসের ২৯শে মঙ্গলবার জেলা হুগলির কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস একদিন করিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারী খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ক্রটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্বউচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

ক্রমিক নম্বর	জেলার তৌজির নম্বর	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক মত একর পরিমাণ	নীলামের প্রথম ডাক	মন্তব্য।
১২২	২০২০	মজিপুর পং ভূরসিট ...	০।২।২	৭৷৷০	

জেলা হুগলী, ১৮৭৩। ১৬ জুন।

F. H. PELLEW, *Offg. Collector.*

[*Government Gazette*, 15*th July* 1873.]

জিলা বাঁকুড়া।

এস্তাহারনামা কাছারী কালেক্‌টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাঁকুড়া জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৭৩ সালের ২০ আগস্ট মোতাবক সন ১২৮০ বাঙ্গালার ভাদ্র মাসের ৫ তারিখ বুধবার দিবস জেলা বাঁকুড়ার কালেক্‌টরী কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। ধার্য্য হওয়া রাজস্ব দিবার দায়সম্বলিত এই মহাল নীলামের নির্দ্ধারিত প্রথম ডাকের উপর সর্ব্বোচ্চ ডাককারিকে বিক্রয় করা যাইবে।

২। প্রচলিত পাট্টাদি বহাল রাখিয়া এই নীলাম হইবে এবং বন্দবস্তী কাগজাত ও চলিত আইন দ্বারা যে সমস্ত স্বত্বাধিকার সৃজন হইয়া থাকে তাহাও এই নীলামে স্থিরতর থাকিবে আর মালসংক্রান্ত কর্ম্মচারিগণকর্ত্তৃক প্রস্তুত হওয়া জমাবন্দিতে যে সকল খোদকস্তা চাষি প্রজাগণ সত্ত্বধত করিয়াছে তাহারদিগের স্বত্বাধিকার খরিদারগণ সম্মান করিতে বাধ্য হইবেন।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাকপণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দিতে হইবেক, বিক্রয়ের দিবস এক দিন গণিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখীল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জমা হইবে ও প্রথমবারীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ক্রটীকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৫। এই মহালের উপর ধার্য্য হওয়া সরকারি রাজস্বের অতিরিক্ত ঐ রাজস্বের উপর শতকরা ১ এক টাকা হিসাবে খরিদানুসারে দখল পাওয়ার তারিখ হইতে খরিদার মজকুর রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধা বৃদ্ধি জন্য দিতে বাধ্য হইবেন আর ঐ টাকা অন্যান্য বাকি রাজস্বের ন্যায় উসুল হইবেক।

৬। ইংরাজী ১৯০০ সালে এই মহাল পুনরায় বন্দবস্ত হওয়ার স্বত্বাধীনে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব নিলাম হইবেক।

কালেক্টরির রেজিষ্টরির মহালের নম্বর।	জিলার তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	একরের হিসাবে পরিমাণ।	সরকারি রাজস্ব।			নীলামের প্রথম ডাকের টাকা।	মন্তব্য।
				সদর রাজস্ব।	রোড সেস।	মোট।		
			এঃ রুঃ পোঃ গজ					
৮	৯১৫	দাধারমভপুর পরগনে বিষ্ণুপুর।	৩৫।৩ ৩৩।২৪	৯৬৩/০	৵০	১০৲	২০৲	

W. R. LARMINIE,
Offg. Collector.

জেলা বাঁকুড়া কাছারি কালেক্‌টরী,
১৮৭৩। ১৯ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

ADVERTISEMNET.

NOTICE is hereby given that the rights of Government to the under-mentioned lands situated in village Ampta, Thanah Ampta in the District of Hooghly, will be put up to sale by public auction at the Howrah Deputy Collector's Office on the 28th July 1873, corresponding with the 14th Sraven 1280, B.S.

The purchasers of the under-mentioned lands will be subject to the following conditions :—

1st.—If the amount of purchase-money does not exceed Rs. 100, the whole amount to be paid at once.

2nd.—If the amount of purchase-money exceed Rs. 100, one-fourth of the amount bid to be immediately deposited. If the balance is not paid by noon of the fifteenth day after the sale, reckoning the day of sale as one, or, if that is a close holiday then by noon of the first succeeding office day, the sale to be cancelled, the sum deposited being forfeited to Government, and the estate to be again put up to sale at the risk of the defaulting purchaser, after issue of advertisement as in the case of original sale.

3rd.—The plot will be sold revenue-free to the highest bidders above the upset price.

No. of plot.	Quantity of land.	Boundary.	Upset price.	REMARKS.
	B. K. Ch.		Rs. A. P	
1	0 1 0	Bounded on the north by Dinoo Chootar's house, on the east by Sreedhur Moduck's house, on the south by public road and Nobocoomar Moduck's house, and on the west by Dinoo Chootar's house	25 0 0	The land is in village Ampta, Thannah Ampta, Pergunnah Baleah, Zillah Hooghly, and belongs absolutely to Government

HOWRAH COLLECTORATE, the 13th June 1873.　　　　W. H. D'OYLY, *Offg. Collector.*

LAND ADVERTISEMENT.　　　　ভূমিবিষয়ক ইশতিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারি কালেকটরি।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকাদির গত ২৫ মেই শেষ তারিখের সুর্য্যাস্ত পর্য্যন্তের বাকি পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৭৩ ইংরেজির ১৮ আগষ্ট মোতাবেক ১২৮০ বাঙ্গলার ৩ ভাদ্র রোজ সোমবার জিলার কালেকটরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৩ ইংরেজি তারিখ ১৮ জুন।

বহাল নওয়াবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে ইদগাও থানে রামু।

১৬১ নং। তালুক শিবচরণ চৌং মালীকনাগনদাস চৌধুরি সদর জমা সদর জমা ৪৪৭৯।।৶০

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে মাছুয়াখালী থানে রামু।

১৭৫ নং। তালুক আমান, আমান　মালিক নাগনদাস চৌধুরী সদর জমা　..　১১৮৯/৬

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে ধলিছরা থানা রামু,

১৭৬ নং। তালুক নাগনদাস চৌধুরি মলীক নাগন দাস চৌধুরি সদর জমা, ১২৯৫।।৶৮

[*Government Gazette, 15th July* 1873.]

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে হারবাজ থানে চকরিয়া

২৯১ নং তালুক লাল মাহাম্মদ দারগা মালীক লাল মাহাম্মদ দারগা সদর জমা ৯৪১/৯

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে চাম্বল থানে সাতকানিয়া।

৩০৭ নং। তালুক শ্রীমতী তাজনিছা চৌং বাং তালুক আমীন ওলা করিম ওলা মালীক শ্রীমতী তাজনিছা চৌং সদর জমা ১১৯৩।১০

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে দক্ষিণাহ্নিলা থানে টেকনাপ।

৪৬০ নং। তালুক খোয়ামেচৌং ও শ্রীমতী উমারি চৌধুরিআ ওয়্যাজং চৌং ও হ্লাপা চৌং ও হ্লাপচু চৌং ও শ্রীমতী চাইত্রা ও চৌধুরিআ বাং তালুক কাম্মো মালী খোদ হায় সদর জমা.. ১৭০৩৯/০

রোডফণ্ড .. ৬৬০

১৭৭॥৶০

J. C. Veasay,
For Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওযা যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৫ মেই তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ১৮ আগষ্ট তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধারা যাইবে। ইতি সন ১৮৭৩ ইং তারিখ ১৮ জুন।

প্রথম শ্রেণীর কাইমি মহাল।

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবেক।

মহাল মোছালেহা।

৩৮৮০ নম্বর তরফ ওবেদুল্লা ও সেখ মহামদ ওছি ও সেখ আহামদরালি মালিক আএমনা বিবি আছাদরালি ও বছিরজান ও আবদুল্লা খাঁ সমুদয় মহাল নিলাম হইবেক সদর জমা ১৭৮।৶০

J. C. Veasay,
For Offg. Collector.

নিলামের ইশ্‌তিহার।

জিলা যশোহর।

ইঁহার দ্বারা সম্বাদ দেওযা যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা যশো-হরের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ৫ আগষ্ট মোতাবেক সন ১২৮০ সালের ২২ শ্রাবণ মঙ্গলবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে।

দ্বিতীয় শ্রেণীর অমাধার্য্য হওয়া মহাল।

৪৯২০ নং তৌজির মহাল পং সিলমাবাদ চকঃ পঞ্চমাসের বেড় বন্দবস্ত গ্রহীতা হরিপ্রিয়া চৌধুরাইন দিগর ইং ১২৭৯ সাল লাং ১২৯৮ সাল ২০ বৎসর মেয়াদ আবাদকারি সর্ত্ত ৮৮১৬০ টাকা সদর জমা ৮৮১॥/৯ টাকা বাকি খাজনা আদায় কারণ নিলাম হইবেক।

N. Smith, *Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৫ জুলাই।]

NOTICE.

Bengalee Edition of the Acts of Government.

THE Acts of the Government of India, and those of the Government of Bengal, will after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1ST JANUARY 1872.

Payable in advance.

For one year without postage ...	...	Rs.	10 0 0
Ditto with postage ...	...	„	12 8 0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাশুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাশুল সুদ্ধ ঐ	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একং থান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette*, 15*th July* 1873.]

INSOLVENT COURT.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER DONALD MACLEOD and CHRISTOPHER FAGAN, Insolvents, (MACLEOD, FAGAN. & Co.)

Notice is hereby given that Tuesday, the 5th day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee, from the 1st day of April 1869, until the 30th day of June last, has been filed, and may be inspected in the office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent, will be heard, notice having been given at the office of the Chief Clerk three clear days before the hearing

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 1*0th July* 1873.

J. C. MACGREGOR,
Official Assignee.

The like Notice. In the matter of JOSEPH HUGHESDON and ALEXANDER MACKAY (HUGHESDON BROTHERS), insolvents, wherein the account of the Official Assignee from 1st February 1870 to 30th June last, has been filed in the Chief Clerk's office.

J. C. MACGREGOR,
Official Assignee.

The like Notice. In the matter of CHARLES JAMES ALEXANDER PRITCHARD, an insolvent, wherein the account of the Official Assignee from 29th April 1871 to 30th June last, has been filed in the Chief Clerk's office

J. C. MACGREGOR,
Official Assignee.

The like Notice In the matter of WILLIAM MARTIN, an insolvent, wherein the account of the Official Assignee from 1st April 1869 to 30th June last, has been filed in the Chief Clerk's office

J. C MACGREGOR,
Official Assignee

The like Notice In the matter of WILLIAM JENKINS MOORE, an insolvent, wherein the account of the Official Assignee from 1st April 1869 to 30th June last, has been filed in the Chief Clerk's office.

J. C. MACGREGOR,
Official Assignee

The like Notice. In the matter of HENRY JOHN LEIGHTON, an insolvent, wherein the account of the Official Assignee from 1st April 1869 to 30th June last, has been filed in the Chief Clerk's office.

J. C MACGREGOR,
Official Assignee

The like Notice. In the matter of KESSREECHAND and ISSREECHAND, insolvents, wherein the account of the Official Assignee from 1st April 1869 to 30th June last, has been filed in the Chief Clerk's Office.

J. C. MACGREGOR,
Official Assignee.

যোত্রহীনের আদালত।

কলিকাতার যোত্রহীন খদিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলেকজাণ্ডর ডনাল্ড মাকলৌড ও কৃষ্টফর ফেগন সাহেবের (মাকলৌড ফেগন কোম্পানির) বিষয়ে

এই সম্বাদ দেওয়া গেল যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্ত আগস্ট মাসের ৫ তারিখ মঙ্গলবারে এই বিষয়ের পুনশ্চ শ্রবণ হইবে। এ বিষয়ে ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব অর্পণ করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের আফিসে দেখা যাইতে পারিবে। কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহিলে, শ্রবণের দিনের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের আফিসে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

সরকারী আসৈনী সাহেবের আফিস।
কলিকাতা ১৮৭৩ সাল ১০ জুলাই।

যোত্রহীন জোসেফ হিউজডন ও আলেকজাণ্ডর মার্কাট (হিউজডন ব্রাদর্স) সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনি।

যোত্রহীন চার্লস জেমস আলেকজাণ্ডর প্রিচার্ড সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৭১ সালের আপ্রিল মাসের ২৯ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

যোত্রহীন উলিয়ম মার্টিন সাহেবের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

যোত্রহীন উলিয়ম জেনকিন্স মুর সাহেবের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত সরকারি আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

যোত্রহীন হেনরী জান লেটন সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

যোত্রহীন কিশোরীচাঁদ ও ঈশ্বরীচাঁদের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আসৈনি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আসৈনী।

[*Government Gazette*, 15*th July* 1873]

The like Notice. In the matter of KALLY DASS DUTT, an insolvent, wherein the account of the Official Assignee from 1st April 1869 to 30th June last, has been filed in the Chief Clerk's office

J. C. MACGREGOR,
Official Assignee.

The like Notice. In the matter of DWARKANATH MITTER, an insolvent, wherein the account of the Official Assignee from 7th September 1869 to 30th June last, has been filed in hte Chief Clerk's office.

J. C. MACGREGOR,
Official Assignee

The like Notice. In the matter of SHIB CHUNDER MULLICK, an insolvent, wherein the account of the Official Assignee from 13th May 1873 to 30th June last, has been filed in the Chief Clerk's office.

J. C. MACGREGOR,
Official Assignee.

The like Notice. In the matter of HERALALL SOOROOE, an insolvent, wherein the account of the Official Assignee from 5th July 1871 to 30th June last, has been filed in the Chief Clerk's Office.

J. C. MACGREGOR,
Official Assignee.

যোত্রহীন কালিদাস দত্তের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের আপ্রেল মাসের ১ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত সরকারী আটর্নি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আটর্নী।

যোত্রহীন দ্বারকানাথ মিত্রের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৬৯ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারি আটর্নি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আটর্নি।

যোত্রহীন শিবচন্দ্র মল্লিকের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৭৩ সালের মে মাসের ১৩ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকারী আটর্নি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আটর্নী।

যোত্রহীন হিরালাল সুরের বিষয়ে, সেই প্রকারের সম্বাদ দেওযা গেল। এই বিষয়ে ১৮৭৩ সালের জুলাই মাসের ৫ তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত সরকাবী আটর্নি সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিযাছে।

জে সি মাকগ্রেগর,
সরকারী আটর্নী।

(26-1)

[*Government Gazette*, 15*th July* 1873.]

Entry on unsustainable charge

9. When any charge recorded as aforesaid appears to the High Court, at any time before the commencement of the trial of the person charged, to be

অধিবেশনের নোটিস দিবার কথা।

ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করণার্থে হাই কোর্টের যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে অধিবেশন করিবার মনস্থ থাকিলে, উপযুক্ত সময় থাকিতে স্থানবিশেষের রাজকীয় গেজেটে তাহার সম্বাদ দেওয়া যাইবে। ও সেই নোটিস অনুসারে যে অধিবেশন হয় তাহাই হাই কোর্টের নিয়মিত ও আইনমত অধিবেশন ইতি।

তৃতীয় অধ্যায়।

ব্যক্তিকে সমর্পণ করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

অভিযোগ বিবেচনা করিবা সংশোধন করিবার কথা।

৬ ধারা। বিচার করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে হাই কোর্টে সমর্পণ করা গেলে ক্লার্ক অফ দি ক্রৌন কিম্বা তিনি না থাকিলে হাই কোর্টের অন্যতর জজ অভিযোগ পত্র পাইলে তাহা পাঠ করিয়া বিবেচনা করিবেন এবং তাহা সংশোধন কি পরিবর্ত্তন করা কিম্বা তাহাতে আর কোন কথা লিখিয়া দেওয়া আবশ্যক কি বিহিত বোধ করিলে তাহা করিতে পারিবেন।

অভিযোগপত্র রিকার্ড করিবার কথা।

অভিযোগপত্রের নকলের কথা।

ঐ অভিযোগপত্র এবং তাহা সংশোধন কি পরিবর্ত্তন করা গেলে কিম্বা তন্মধ্যে আর কোন কথা লিখিয়া দেওয়া গেলে সেই সংশোধন কি পরিবর্ত্তন করা কথা কিম্বা সেই নূতন কথা শুদ্ধ ঐ অভিযোগপত্র হাই কোর্টে রিকার্ড করা যাইবে। ও যাহার নামে অভিযোগ করা গেল তাহার বিনামূল্যে সেই সংশোধিত ও পরিবর্ত্তিত কথা ও সেই নূতন কথা শুদ্ধ ঐ অভিযোগপত্রের নকল পাইবার অধিকার থাকিবে ইতি।

জোবানবন্দির নকলের কথা।

৭ ধারা। আর যে সাক্ষিদের জোবানবন্দীমতে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা যায়, তাহারা পরীক্ষা কালে যে জোবানবন্দী দিল অভিযুক্ত ব্যক্তি তাহারও নকল পাইবার জন্যে নব্বই শব্দের এক২ ফোলিও প্রতি /০ এক আনার অনধিক যুক্তিসঙ্গত খরচ দিলে তাহার সেই জোবানবন্দিরও নকল পাইবার অধিকার থাকিবে ইতি।

অভিযোগপত্রের ফলের কথা।

৮ ধারা। অভিযোগপত্র পূর্ব্বোক্তমতে রিকার্ড হইয়া তৎক্রমে কোন ব্যক্তিদিগকে হেফাজতে রাখা গেলে কিম্বা তাহাদের স্থানে হাজির জামিন লওয়া গেলে তাহাদিগকে আইনের নিয়মিত ধারামতে হাই কোর্টের সম্মুখে আনা গেল এমত জ্ঞান হইবে এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে অভিযোগপত্র সংশোধন ও মতান্তর করণ বিষয়ে যে বিধান আছে তাহা এবং ইহার পশ্চাৎধারার বিধান মানিয়া তদ্রূপে রিকার্ড করা অভিযোগমতে তাহাদের বিচার হইবে ইতি।

অভিযোগের প্রতিপোষণ হইতে না পারিলে যে কথা লেখা যাইবে তাহার কথা।

৯ ধারা। কোন অভিযোগপত্র পূর্ব্বোক্তমতে রিকার্ড করা গেলে পর সেই অভিযোগের স্পষ্টই প্রতিপোষণ হইতে পারে না হাই কোর্ট অভিযুক্ত

clearly unsustainable, an entry to tha effect may be made on the charge by a Judge f the Court.

Effect of entry

Such entry shall have the effect of staying proceedings upon the charge, but shall not operate as an acquittal of the person charged, unless and until three years from the time of making the entry have elapsed, at the expiration of which period, if no fresh charge has been brought on the same matter, he shall be considered as having been acquitted.

Custody pending direction as to place of trial.

10. Pending the directions of the High Court as to the place of trial, every person committed for trial before a High Court shall (if not out on bail) be committed by the Magistrate for intermediate custody to the nearest criminal jail in which he can be most conveniently confined.

Procedure thereafter

If the trial be directed to be held at the usual place of sitting of the Court, the Magistrate shall bind over the person charged to appear and take his trial at such usual place of sitting, or shall commit him to the jail at such place.

If the High Court direct that the person charged be tried elsewhere than at its usual place of sitting, the Magistrate shall bind him over to appear and take his trial at the place directed, or shall, if necessary, cause him to be removed to the criminal jail at or nearest to the place at which he is directed to be tried, and the officer in charge of such criminal jail shall keep him in safe custody until discharged in due course of law

Intermediate custody of European British subjects

11. The High Court may direct that all European British subjects committed or bailed for trial within certain specified districts or during certain specified periods of the year, shall be tried at the usual place of sitting of the Court,

or direct that they shall be tried at a particular place named, and may also order that such European British subjects shall, if not bailed, be committed for intermediate custody to a particular

ব্যক্তির বিচার আরম্ভ হইবার পূর্ব্ব কোন সময়ে এমত জ্ঞান করিলে কোর্টের এক জন জজ অভিযোগ-পত্রের উপর সেই মর্ম্মের কথা লিখিয়া দিতে পারিবেন।

ঐ লিখিত কথার ফলের কথা।

ঐ কথা লেখা গেলে ঐ অভিযোগপত্রের উপর কার্য্যানুষ্ঠান রহিত হইবে। কিন্তু ঐ কথা লেখা যাইবার সময়াবধি তিন বৎসর গত না হইলে ঐ লিখনদ্বারা অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করণরূপ ফল হইবে না। সেই তিন বৎসর গত হইলেও যদি সেই বিষয় লইয়া নূতন অভিযোগ-পত্র উপস্থিত করা না যায় তবে তাঁহাকে নির্দ্দোষী করা গেল এমত জ্ঞান হইবে ইতি।

বিচার হইবার স্থানবিষয়ের আদেশ পাইবার অপেক্ষায় হেফাজতে থাকিবার কথা।

১০ ধারা। হাই কোর্টের সম্মুখে বিচার হইবার নিমিত্ত কোন ব্যক্তিকে সমর্পণ করা গেলে যদি তাহার স্থানে হাজিরজামিন না লওয়া যায় তবে যে স্থানে বিচার হইবে এই বিষয়ে হাই কোর্টের আদেশ পাইবার অপেক্ষায় অতি নিকট ফৌজদারী যে জেলখানায় তাহাকে সুবিধামতে কয়েদ করা যাইতে পারে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই জেলখানায় হেফাজতে রাখিবেন।

তৎপরে যে কার্য্যপ্রণালী হইবে তাহার কথা।

যে স্থানে কোর্টের নিয়ত অধিবেশন হইয়া থাকে সেই স্থানে বিচার হইবার আজ্ঞা হইলে মাজিষ্ট্রেট সাহেব অধিবেশনের সেই নিয়মিত স্থানে বিচার হইবার নিমিত্ত অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার মুচলকা লেখাইয়া লইবেন কিম্বা তাহাকে সেই স্থানের জেলখানায় পাঠাইবেন।

ঐ কোর্টের অধিবেশন নিয়ত যে স্থানে হইয়া থাকে হাই কোর্ট তদ্ভিন্ন কোন স্থানে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার আদেশ করিলে মাজিষ্ট্রেট সাহেব সেই নির্দ্দিষ্ট স্থানে বিচার হইবার নিমিত্ত তাহার উপস্থিত হইবার মুচলকা লেখাইয়া লইবেন কিম্বা যে স্থানে বিচার হইবার আজ্ঞা হইল সেই স্থানের কি তাহার অতিনিকট অন্য স্থানের ফৌজদারী জেলখানায় তাহাকে প্রয়োজনমতে পাঠাইবেন। ও তাহাকে আইনের নিয়মিত ধারাক্রমে যত কাল ছাড়িয়া না দেওয়া যায় সেই ফৌজদারী জেলখানার অধ্যক্ষ তত কাল তাহাকে নির্বিঘ্নে হেফাজতে রাখিবেন ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার বিচার না হওন পর্য্যন্ত হেফাজতে রাখিবার কথা।

১১ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদিগকে নির্দ্দিষ্ট কোন২ জিলায় কিম্বা বৎসরের নির্দ্দিষ্ট কোন২ সময়ে বিচারার্থে সমর্পণ করা গেলে কিম্বা তাহাদের হাজির জামিন লওয়া গেলে হাই কোর্ট ঐ কোর্টের নিয়ত অধিবেশনের স্থানে তাঁহারদের বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অথবা নির্দ্দিষ্ট অন্য স্থানে তাঁহারদের বিচার হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতিমধ্যে সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের স্থানে হাজির জামিন লওয়া না গেলে গবর্ণমেণ্ট সেই প্রকার কয়েদিদের থাকিবার

jail, being one of the jails appointed by the Government for the reception of such prisoners.

CHAPTER IV

Of Juries.

(a) Of Juries generally.

Trials to be by jury

12. All trials under this Act shall be by jury.

Number of jurors

The jury shall consist of twelve persons.

Unanimity necessary in Presidency Towns

If the trial be held in the Towns of Calcutta, Madras, or Bombay, it shall be necessary for a verdict of guilty that such jury be unanimous.

Majority of nine in mofussil

If the trial be held elsewhere than in the Towns of Calcutta, Madras, or Bombay, a majority of not less than nine, with the concurrence of the Judge, shall suffice for a verdict of guilty.

Acquittal in default of unanimity or majority

In default of such unanimity or majority with the concurrence of the Judge, the prisoner shall be acquitted.

(b) Of Juries in the Presidency Towns.

Trials before special jury

13. Every person tried in a Presidency Town upon a charge of having committed an offence punishable with death, or upon any other charge, shall, if a Judge of the High Court so order, be tried before a special jury.

Jurors' book

14. The jurors' book for the year current when this Act comes into force, shall be taken as containing a correct general list of persons qualified and liable to serve as jurors under this Act:

and those persons whose names are entered in the said jurors' book as being privileged to serve on special juries only, shall be deemed to be persons privileged and liable to serve only as special jurors under this Act during the year for which the said list has been prepared.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১২ আগষ্ট।]

জন্যে যে২ জেল নিরূপণ করেন তাহার অন্যতর জেলে তাহারদের সমর্পণ হইবার আজ্ঞা দিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।

জুরির কথা।

(ক) জুরির সাধারণ কথা।

জুরির দ্বারা বিচার হইবার কথা।

১২ ধারা। এই আইনমতে যত মোকদ্দমার বিচার হয় সকলই জুরির সহযোগে হইবে।

যত জনকে লইয়া জুরী হইবে তাহার কথা।

দ্বাদশ জনকে লইয়া এক জুরী হইবে।

রাজধানীতে সকলের ঐক্যবাক্য হওয়া আবশ্যকের কথা।

কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের মধ্যে বিচার হইলে জুরীর সকল ব্যক্তি একবাক্য না হইলে অপরাধ নির্ণয় করা যাইবে না।

মফঃসলে ১২ জনের মধ্যে ৯ জনের একবাক্য হওয়া আবশ্যকের কথা।

কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরভিন্ন কোন স্থানে বিচার হইলে জুরির অধিকাংশ অর্থাৎ নয় জনের অন্যূন ব্যক্তি একবাক্য হইলে ও জজ সাহেব তাহাতে সম্মত হইলে কোন ব্যক্তিকে অপরাধী বলিয়া নির্ণয় করা যাইতে পারিবে।

অধিকাংশের মতের ঐক্য না হইলে ব্যক্তির নির্দ্দোষী হইবার কথা।

জুরীর সমুদয় কিম্বা অধিকাংশ ব্যক্তি উক্ত প্রকারে একবাক্য না হইলে ও জজ সাহেব সম্মত না হইলে আসামীকে, নির্দ্দোষ করা যাইবে ইতি।

(খ) রাজধানীর জুরীর কথা।

বিশেষ জুরীর সহযোগে বিচারের কথা।

১৩ ধারা। যে অপরাধে প্রাণদণ্ড হইতে পারে রাজধানীতে এমত অপরাধের কিম্বা অন্য কোন অপরাধের অভিযোগে কোন ব্যক্তির বিচার হইলে, হাই কোর্টের এক জন জজ সাহেব আজ্ঞা করিলে বিশেষ জুরীর সহযোগে তাহার বিচার হইবে।

জুরির বহীর কথা।

১৪ ধারা। এই আইন যে বৎসরে প্রচলিত করা যায় সেই বৎসরের জুরীর বহীতে নানা ব্যক্তিদের নামের যে ফর্দ্দ থাকে তাহা এই আইনমতে সাধারণ জুরীর কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের ঠিক ফর্দ্দ বলিয়া জ্ঞান হইবে।

ও সেই জুরীর বহীতে কেবল বিশেষ জুরীর কর্ম্ম করিবার যোগ্য বলিয়া যে ব্যক্তিদের নাম লেখা থাকে তাঁহারদিগকে বিশেষ অনুগ্রহপ্রাপ্ত বলিয়া জ্ঞান হইবে, ও যে বৎসরের নিমিত্ত ঐ ফর্দ্দ প্রস্তুত করা যায় সেই বৎসরে তাঁহারা কেবল বিশেষ জুরীর কর্ম্ম করিবার যোগ্য বলিয়া জ্ঞান হইবেন ইতি।

15. The names of not more than two hundred persons shall at any one time be entered in the special jurors' list.

Number of special jurors.

16. All persons whose names are entered in the "Special Jurors' List" shall be exempted from serving on any other than special juries, but so long only as their names are continued in such special jurors' list.

Exemption of special jurors.

17. The Clerk of the Crown, or such other Officer as the Chief Justice directs, shall, before the first day of April in each year, and subject to such rules as the High Court from time to time prescribes, prepare a list of all persons qualified and liable to serve as common jurors, and also a list of persons qualified and liable to serve as special jurors only, regard being had, in the preparation of the latter list, to the property, character, and education of the persons whose names are entered therein.

Lists of common and special jurors.

No person shall be entitled to claim to have his name entered in the special jurors' list merely because he may have been entered in the special jurors' list for a previous year.

18. The Clerk of the Crown or other officer appointed by the Chief Justice shall, subject to such rules as aforesaid, have full discretion to prepare the said lists as seems to him to be proper, and there shall be no appeal from, or review of, his decision.

Discretion of officer preparing lists.

19. Preparatory lists of persons qualified or liable to serve as common jurors and as special jurors, respectively, signed by the officer by whom the same have been prepared, shall be published once in the local Official Gazette, before the fifteenth day of April next after their preparation.

Publication of lists.

Revised lists of persons qualified or liable to serve as common jurors and special jurors, respectively, signed as aforesaid, shall be published once in the local Official Gazette, before the first day of May next after their preparation.

Copies of the said lists shall be affixed to some conspicuous part of the Court-house.

20. Out of the names contained in the list aforesaid, there shall be summoned for each sessions thirty-six of those who are qualified and liable to serve on special juries, and

Number of jurors to be summoned.

১৫ ধারা। বিশেষ জুরির নামের ফর্দ্দে এককালে দুই শতের অধিক ব্যক্তির নাম লেখা যাইবে না ইতি।

বিশেষ জুরির সংখ্যার কথা।

১৬ ধারা। বিশেষ জুরির নামের ফর্দ্দে যে ব্যক্তিদের নাম লেখা থাকে তাঁহারা বিশেষ জুরিভিন্ন অন্য জুরির কর্ম করিতে পাইবেন না। কিন্তু ঐ বিশেষ জুরার ফর্দ্দে যত কাল তাঁহাদের নাম লেখা থাকে তাঁহাদের পক্ষে কেবল তত কাল সেই অনুগ্রহ বর্ত্তিবে ইতি।

বিশেষ জুরীর মুক্ত থাকার কথা।

১৭ ধারা। হাই কোর্ট সময়ে২ যে বিধি নির্দ্দেশ করেন ক্লার্ক অফ দি ক্রোন, অথবা চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাক্রমে অন্য ব্যক্তি প্রতিবৎসর আপ্রিল মাসের প্রথম দিনের পূর্ব্বে সেই বিধিমতে সাধারণ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য সকল ব্যক্তির নামের ফর্দ্দ প্রস্তুত করিবেন। এবং যাঁহারা বিশেষ জুরির কর্ম্ম করিবার যোগ্য ও উপযুক্ত তাঁহাদেরও নামের ফর্দ্দ প্রস্তুত করিবেন, কিন্তু শেষোক্ত ফর্দ্দ প্রস্তুত করণকালে তিনি ব্যক্তিদের সম্পত্তি ও সদাচার ও বিদ্যাবত্তা লক্ষ করিয়া নাম লিখিবেন।

সাধারণ ও বিশেষ জুরীর নামের ফর্দ্দের কথা।

পূর্ব্ব কোন বৎসরে বিশেষ জুরির নামের ফর্দ্দের মধ্যে নাম লেখা গিয়াছে কেবল এই কারণে কোন ব্যক্তি বিশেষ জুরির নামের মধ্যে আপনার নাম লেখাইবার দাওয়া করিতে পারিবেন না ইতি।

১৮ ধারা। ক্লার্ক অফ দি ক্রোন কিম্বা চীফ জষ্টিস সাহেবের নিযুক্ত অন্য কর্ম্মকারক পূর্ব্বোক্ত বিধি মানিয়া স্বীয় বিবেচনামতে যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে ঐ ফর্দ্দ প্রস্তুত করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হইবেন। তাঁহার নিষ্পত্তির উপর আপীল নাই, তাহার পুনরালোচনাও নাই ইতি।

যে কর্ম্মকারক ফর্দ্দ প্রস্তুত করেন তাঁহার স্ববিবেচনামতে কর্ম্ম করিবার কথা।

১৯ ধারা। যে কর্ম্মকারক সাধারণ জুরির এবং বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের নামের ফর্দ্দ প্রস্তুত করেন তিনি সেই২ ফর্দ্দের পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিয়া তাহা প্রস্তুত হইবার পর সেই আপ্রিল মাসের ১৫ তারিখের পূর্ব্বে স্থানীয় রাজকীয় গেজেটে একবার প্রকাশ করিবেন।

ফর্দ্দ প্রকাশ করিবার কথা।

সাধারণ জুরির ও বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের নামের সংশোধিত ফর্দ্দ পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত হওয়া প্রস্তুত হইবার পর যে মাসের প্রথম দিবসের পূর্ব্বে স্থানীয় রাজকীয় গেজেটে একবার প্রকাশ করা যাইবে।

উক্ত ফর্দ্দের প্রতিলিপি কোর্ট হৌসের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে ইতি।

২০ ধারা। যে২ সময়ে কোর্টের সেশন হয় সেই২ সময়ের নিমিত্ত উক্ত ফর্দ্দের লিখিত ব্যক্তিদের মধ্যে যাঁহারা বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য

জুরির কর্ম্ম করিতে যত জনকে সমন করিতে হইবে তাহার কথা।

evenly-two of those who are qualified and liable to serve on common juries.

(c) Of Challenges of Jurors in Presidency Towns.

Peremptory challenge

21. A peremptory challenge to the number of twenty in common juries and ten in special juries shall be allowed.

Challenge on cause.

Save as aforesaid, the following and no others shall be good causes of challenge, whether on behalf of the Crown or by the person charged :—

(1) Some personal objection, such as alienage, infancy, old age, or deficiency in the qualification required by any law or rule having the force of law for the time being in force

(2) Some presumed or actual partialty in the juror.

(3.) A previous conviction of the juror under the Indian Penal Code, or the criminal law administered in the Supreme Courts of Judicature or the Courts of the East India Company previously to the enactment of such Code.

Trial of challenge

22. The Judge before whom the person charged is about to be tried shall try any challenge, other than a peremptory challenge, and if he allow the challenge, the juror shall be set aside.

Powers of Presidency High Court as to jurors

23. Save as hereinbefore provided, the High Court shall retain all its present powers respecting the summoning, empanelling, qualification, challenging, and service of jurors in the Presidency Towns :

and shall have power to make such rules on these subjects (consistent with the provisions of this Act) as seem to it to be proper

All such rules now in force in the High Court shall (so far as they are consistent with this Act) remain in full force until repealed or altered by new rules made under this section.

তাহারদের ছত্রিশ জনকে ও যাঁহারা সাধারণ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য তাঁহারদের বাহাত্তর জনকে সমন করা যাইবে ইতি।

(গ) রাজধানীর মধ্যে জুরির কোনং ব্যক্তিদের বিষয়ে আপত্তির কথা।

কারণ না জানাইয়া আপত্তি করিবার কথা।

২১ ধারা। সাধারণ জুরির মধ্যে কুড়ি পর্য্যন্ত ব্যক্তির বিষয়ে ও বিশেষ জুরির মধ্যে দশ পর্য্যন্ত ব্যক্তির বিষয়ে কারণ না জানাইয়া আপত্তি করিবার অনুমতি থাকিবে।

কারণ জানাইয়া আপত্তি করিবার কথা।

পূর্ব্বোক্ত স্থলছাড়া নিম্নলিখিত কারণভিন্ন মহারাণীর পক্ষে কিম্বা অভিযুক্ত ব্যক্তির পক্ষে কোন কারণ আপত্তির উপযুক্ত কারণ হইবে না।

(১) ব্যক্তি বিশেষের আপত্তি, যথা তিনি ভিন্নদেশীয় লোক কিম্বা বয়ঃপ্রাপ্ত হন নাই কিম্বা বৃদ্ধ কিম্বা যৎকালে যে ব্যবস্থা কি বিধি চলন থাকে আইনের তুল্য বলবৎ সেই বিধি কি ব্যবস্থামতে যেং গুণ থাকা আবশ্যক তাঁহার এমত কোন গুণের অভাব আছে বলিয়া যে আপত্তি।

(২) কোন ব্যক্তির পক্ষপাতী হওয়া অনুভব কিম্বা তিনি পক্ষপাতী আছেন বলিয়া যে আপত্তি।

(৩) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে, কিম্বা ঐ আইন প্রচলিত হইবার পূর্ব্বে সুপ্রীম কোর্টে কিম্বা কোম্পানি বাহাদুরের আদালতে যে আইনমতে ফৌজদারী মোকদ্দমার বিচার হইত তদনুসারে জুরীর কোন ব্যক্তি পূর্ব্বে অপরাধী নির্ণয় হইয়াছে বলিয়া যে আপত্তি ইতি।

আপত্তির বিচারের কথা।

২২ ধারা। যে জজ সাহেবের সম্মুখে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে কারণ না জানাইয়া যে আপত্তি হইতে পারে তিনি তদ্ভিন্ন কোন আপত্তির বিচার করিবেন। ও তিনি সেই আপত্তি গ্রাহ্য করিলে জুরির ঐ ব্যক্তিকে পৃথক করা যাইবে ইতি।

জুরির অন্তর্গত ব্যক্তিদের বিষয়ে রাজধানীর হাই কোর্টের ক্ষমতার কথা।

২৩ ধারা। পূর্ব্বোক্ত যে স্থলের বিধান হইয়াছে তদ্ভিন্ন স্থলে রাজধানীর মধ্যে জুরির অন্তর্গত ব্যক্তিদিগকে সমন কি রচনা করণ বিষয়ে কিম্বা যোগ্যতাগুণ বিষয়ে কিম্বা আপত্তি করণ বিষয়ে কিম্বা তাঁহারদের কর্ম্ম বিষয়ে হাই কোর্টের এইক্ষণে যে সকল ক্ষমতা আছে তাহাই থাকিবে।

এবং ঐ কোর্ট সেইং বিষয়ের যে বিধি করা উচিত বোধ করেন এই আইনের বিধানের সঙ্গত এমত কোন বিধি করিতে সক্ষম হইবেন।

পূর্ব্বোক্ত বিষয়ের যে সকল বিধি এইক্ষণে হাই কোর্টে প্রবল আছে এই ধারামতে নূতন বিধি করিয়া তাহা যত কাল রহিত কি পরিবর্ত্তন না করা যায় তত কাল এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর সম্পূর্ণ বলবৎ থাকিবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১২ আগষ্ট।]

(d) *Of Juries in the Mofussil.*

Summoning jurors

24. Whenever a High Court has given notice of its intention to hold sittings at any place (other than the towns of Calcutta, Madras, and Bombay) for the exercise of its original criminal jurisdiction, the Court of Session at such place shall take and cause to be taken the measures prescribed by sections four hundred and seven, four hundred and nine, four hundred and ten, four hundred and eleven, and four hundred and twelve, of the Code of Criminal Procedure, for the summoning of jurors.

Military men not exempt.

In addition to the persons so summoned as jurors, the said Court of Session shall, if it think needful, after communication with the commanding officer, cause to be summoned such number of commissioned and non-commissioned officers in the military service resident within ten miles of its place of sitting as the Court considers to be necessary to make up the juries required for the trial of European British subjects charged with offences before the High Court as aforesaid.

All commissioned and non-commissioned officers so summoned shall be liable to serve on such juries notwithstanding anything contained in the Code of Criminal Procedure, but no commissioned or non-commissioned officer shall be summoned whom his commanding officer desires to have excused on the ground of urgent military duty or for any other special military reason.

The juries for the trial of European British subjects as aforesaid shall be formed in the manner required by the Code of Criminal Procedure and by this Act, from the persons summoned under the said sections of the Code of Criminal Procedure, and from the commissioned and non-commissioned officers summoned as aforesaid, or, if no such officers have been summoned, then solely from the persons summoned under the same sections.

Jury for trial of European British subjects.

25. If any European British subject charged as aforesaid so require before the jury is empannelled, the majority of the jurors shall consist of Europeans or Americans, or both Europeans and Americans.

(ঘ) মফঃসলে জুরির কথা।

জুরির ব্যক্তিদিগকে সমন করিবার কথা।

২৪ ধারা। কোন হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতানুসারে কার্য্য করণার্থে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরভিন্ন কোন স্থানে অধিবিষ্ট হইবার মনস্থের নোটিস দিলে, তৎস্থানের সেশন আদালত জুরির ব্যক্তিদিগকে সমন করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪০৭ ও ৪০৯ ও ৪১০ ও ৪১১ ও ৪১২ ধারার নির্দ্দিষ্ট কার্য্য করিবেন ও করাইবেন।

সৈনিকদের মুক্ত না হইবার কথা।

পূর্ব্বোক্ত হাই কোর্টের সম্মুখে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের নামে অপরাধের অভিযোগ হইলে উক্ত সেশন আদালত জুরির ব্যক্তি বলিয়া যত জনকে সমন করিলেন তাভিন্ন বিচারের জন্যে আর যত জনকে লইয়া জুরি হইবে তাঁহারদের সংখ্যা পূর্ণ করিবার জন্যে প্রয়োজন বোধ করিলে প্রধান সেনাপতি সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া কোর্ট যে স্থানে অধিবেশন করিবেন তথাহইতে দশ মাইলের মধ্যবাসি সনদপ্রাপ্ত ও সনদ অপ্রাপ্ত কএক জন সৈনিককে সমন করাইবেন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও সনদপ্রাপ্ত ও সনদ অপ্রাপ্ত যত জন সৈনিককে তদ্রূপে সমন করা যায় তাঁহারা ঐ জুরির কর্ম্ম করিবার যোগ্য হইবেন। কিন্তু সনদপ্রাপ্ত কি সনদ অপ্রাপ্ত কোন সৈনিকের সৈন্যসংক্রান্ত অত্যাবশ্যক কার্য্য থাকাতে কিম্বা সৈন্যসংক্রান্ত অন্য বিশেষ কারণে প্রধান সেনাপতি সাহেব তাঁহার মুক্ত থাকার ইচ্ছা প্রকাশ করিলে তাঁহাকে সমন করা যাইবে না।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের পূর্ব্বোক্ত কএক ধারামতে যাহারদিগকে সমন করা যায় তাঁহাদিগকে ও সনদপ্রাপ্ত ও সনদঅপ্রাপ্ত যে সৈনিকদিগকে পূর্ব্বোক্তমতে সমন করা যায় তাঁহাদিগকে লইয়া, কিম্বা তদ্রূপ সৈনিকদিগকে সমন না করা গেলে উক্ত কএক ধারামতে যাঁহারদিগকে সমন করা যায় কেবল তাঁহারদিগকে লইয়া ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও এই আইনের বিধানমতে পূর্ব্বোক্ত ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থ জুরী নিযুক্ত হইবেন ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থ জুরির কথা।

২৫ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় যে প্রজার নামে পূর্ব্বোক্তমতে অভিযোগ হয় জুরিকে নিযুক্ত করিবার পূর্ব্বে তাহার আদেশ থাকিলে ঐ জুরির অধিকাংশ ব্যক্তি ইউরোপ কিম্বা আমেরিকা দেশীয় অথবা ইউরোপ ও আমেরিকা উভয় দেশীয় লোক লইয়া হইবে ইতি।

[*Government Gazette,* 12*th August* 1873.]

26. In any case in which an European British subject is accused jointly with a person not being an European British subject, and such European British subject is committed for trial before a High Court, the persons so jointly accused shall also be committed for trial before such High Court, notwithstanding any provision to the contrary in the Code of Criminal Procedure.

Trial of European British subject and Native jointly charged

Such persons may be tried together, and the procedure on the trial shall be the same as it would have been had the European British subject been tried separately.

27. In any case before the said High Court in which an European British subject is charged jointly with a person not being an European British subject, and the former, before the jury is empannelled, requires the majority of the jurors to consist of Europeans or Americans, or both Europeans and Americans, the latter person shall be tried together with the former, and the procedure on the trial shall be the same as it would have been had the former been tried separately.

Provisions for European British subject requiring majority of Europeans in jury

Provided that, in any such case, where the person not an European British subject so requires before the said jury is empannelled, he shall be tried separately by a jury of which at least one-half shall consist of persons not being Europeans or Americans.

Native may claim separate trial

CHAPTER V.

GENERAL PROVISIONS.

28. The High Courts shall try as Courts of Session all cases committed to them, and the provisions of this Act shall be applicable to such trials, except as otherwise provided in this chapter.

High Courts to try as Courts of Session

29. The High Courts are exempt from the operation of sections three hundred and thirty-four, three hundred and thirty-five, three hundred and thirty-seven, three hundred and thirty-eight, three hundred and thirty-nine, and three hundred and forty, of the Code of Criminal Procedure;

Exemption of High Courts from certain sections of Criminal Procedure Code

২৬ ধারা। কোন স্থানে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার সঙ্গে অন্য যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে তাহার নামেও অভিযোগ হইলে ও সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজাকে হাই কোর্টে বিচার হইবার নিমিত্ত সমর্পণ করা গেলে তাহার সঙ্গে যে ব্যক্তির একত্র অভিযোগ হইল ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও সেই ব্যক্তিকেও হাই কোর্টে বিচার হইবার নিমিত্ত সমর্পণ করা যাইবে।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার ও এদেশীয় ব্যক্তির নামে একত্র অভিযোগ হইলে বিচারের কথা।

ঐ ব্যক্তিদের একত্র বিচার হইতে পারিবে। এবং ইউরোপীয় ব্রিটনীয় প্রজার স্বতন্ত্র বিচার হইলে যে প্রণালীমতে কার্য্য হইত উভয়ের একত্র বিচার সম্পর্কে সেই প্রণালীমতে কার্য্য হইবে ইতি।

২৭ ধারা। উক্ত হাই কোর্টের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় ইউরোপীয় ব্রিটনীয় প্রজার সঙ্গে অন্য যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে তাহার নামেও অভিযোগ হইলে ও জুরি নিযুক্ত হইবার পূর্ব্বে ঐ জুরির অধিকাংশ ব্যক্তি ইউরোপ কিম্বা আমেরিকা দেশীয় লোক হন অথবা ইউরোপ এবং আমেরিকা উভয় দেশীয় লোক হন ঐ ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এমত দাওয়া থাকিলে, তাঁহার সঙ্গে২ সেই অন্য ব্যক্তিরও বিচার হইবে। ও প্রথমোক্ত ব্যক্তির স্বতন্ত্র বিচার হইলে যে প্রণালীমতে কার্য্য হইত উভয় ব্যক্তির একত্র বিচারসম্পর্কে সেই প্রণালীমতে কার্য্য হইবে।

জুরির মধ্যে অধিকাংশ ইউরোপীয় লোক থাকেন ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এমত দাওয়া থাকিলে তদ্বিষয়ের বিধান।

পরন্তু পূর্ব্বোক্ত কোন স্থলে যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নয় উক্ত জুরি নিযুক্ত হইবার পূর্ব্বে তাহার স্বতন্ত্র বিচার হইবার দাওয়া থাকিলে, যে জুরির ন্যূনকল্পে অর্দ্ধেকাংশ ইউরোপ কি আমেরিকা দেশীয় লোক না হন এমত জুরির সহযোগে তাহার স্বতন্ত্র বিচার হইবে ইতি।

এদেশীয় লোকের স্বতন্ত্র বিচার হইবার দাওয়া রাখিতে পারিবার কথা।

পঞ্চম অধ্যায়।

সাধারণ বিধি।

২৮ ধারা। হাই কোর্টের প্রতি যে সকল মোকদ্দমা সমর্পণ করা যায়, হাই কোর্ট সেশন আদালতের ন্যায় তাহার বিচার করিবেন। এবং এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে উক্ত সকল মোকদ্দমার প্রতি এই আইনের বিধান খাটিবে ইতি।

সেশন আদালতের ন্যায় হাই কোর্টের বিচার কার্য্য চলিবার কথা।

২৯ ধারা। হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৩৪ ও ৩৩৫ ও ৩৩৭ ও ৩৩৮ ও ৩৩৯ ও ৩৪০ ধারার বিধানহইতে মুক্ত হন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোন২ ধারা হাই কোর্টের প্রতি না বর্ত্তিবার কথা।

and in any case coming before the Court in the exercise of its ordinary or its extraordinary original criminal jurisdiction, the Judges of such Court shall take down the evidence, or the substance thereof, in such manner as the Court, by any general rule, from time to time directs.

Certain sentences exempted from provisions of Criminal Procedure Code

30. So much of section two hundred and eighty-seven of the said Code as requires the confirmation by the High Court of sentences of death passed by a Court of Session,

and so much of the same section as requires from the Court a statement of the grounds on which a person convicted of an offence made punishable with death by the Indian Penal Code has been sentenced to a punishment other than death,

shall not apply to sentences by the High Court passed in the excecise of its original criminal jurisdiction.

Provisions as to form of judgment, sentence, or finding not to apply.

31. So much of the thirty-fourth Chapter of the said Code as requires judgment to be passed by a Criminal Court in any particular form, and as requires that the sentence or finding shall be recorded in any particular form, shall not apply to judgments, sentences, or findings in trials before the High Court acting in the exercise of its original criminal jurisdiction;

but the High Court shall pass judgment and shall record or cause to be recorded the sentence and finding in such form as it thinks proper.

Power to reserve questions

32. When any person has been convicted of an offence before a Judge of the High Court acting in the exercise of its original criminal jurisdiction, the Judge, if he think proper, may reserve for the decision of a Court consisting of such Judge and one or more other Judge or Judges of the High Court, any question of law or of the admissibility of evidence which has arisen in the course of the trial of such person.

Procedure where no question reserved.

If the Judge reserve no such question, he shall forward the prisoner, with a copy of his sentence and a warrant for the execution of the same, to the Magistrate or other officer in charge of the jail of the district or place in which the trial was held, and, on the receipt of the warrant, such Magistrate or other officer shall

এবং ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করণ সম্পর্কে ঐ কোর্টের সাধারণ কিম্বা সাধারণাতীত ক্ষমতাক্রমে কার্য্যকরণ সময়ে ঐ কোর্টের সম্মুখে কোন মোকদ্দমা উপস্থিত হইলে, কোর্ট সাধারণ কোন বিধি করিয়া সময়ে২ যদ্রূপ আদেশ করেন ঐ কোর্টের জজেরা তদ্রূপে সাক্ষ্য কিম্বা সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া লইবেন ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান কোনং দণ্ডাজ্ঞার প্রতি না খাটিবার কথা।

৩০ ধারা। সেশন আদালত প্রাণদণ্ডের আজ্ঞা করিলে উক্ত আইনের ২৮৭ ধারার যে কথাদ্বারা হাই কোর্ট কর্ত্তৃক সেই আজ্ঞা মঞ্জুর হওয়া প্রয়োজন, এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে যে অপরাধহেতুক প্রাণদণ্ড হইতে পারে কোন ব্যক্তির সেই অপরাধ প্রমাণ হইলেও তাহার প্রাণদণ্ডভিন্ন কোন দণ্ডের আজ্ঞা হইলে ঐ ধারার যে কথা দ্বারা আদালতের সেই আজ্ঞা করণের হেতু বর্ণনা করা প্রয়োজন

হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণের ক্ষমতাক্রমে কার্য্য করিয়া যে দণ্ডের আজ্ঞা করেন তাহার প্রতি সেই কথা খাটিবে না ইতি।

নিষ্পত্তি কি দণ্ড কি বিচার লিখিবার পাঠের বিধান না খাটিবার কথা।

৩১ ধারা। উক্ত আইনের ৩৪ অধ্যায়ের যে কথা দ্বারা বিশেষ পাঠানুসারে ফৌজদারী আদালতের নিষ্পত্তি প্রকাশ করা প্রয়োজন এবং বিশেষ পাঠানুসারে দণ্ডের আজ্ঞা কি বিচার লিপিবদ্ধ করা প্রয়োজন, হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করিলে তাঁহার সম্মুখে যেং মোকদ্দমা উপস্থিত করা যায় সেইং মোকদ্দমার নিষ্পত্তির কি দণ্ডাজ্ঞার কি বিচারের প্রতি সেই কথা খাটিবে না।

কিন্তু হাই কোর্ট যে পাঠে উচিত বোধ করেন সেই পাঠে নিষ্পত্তি প্রচার করিবেন ও দণ্ডের আজ্ঞা ও বিচার লিপিবদ্ধ করিবেন কি করাইবেন ইতি।

কোন প্রশ্ন উত্থিত হইলে পশ্চাৎ বিবেচনার নিমিত্ত তাহা রাখিবার কথা।

৩২ ধারা। ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কর্ম্ম করণকালে হাই কোর্টের কোন জজের সম্মুখে কোন ব্যক্তির অপরাধ সপ্রমাণ হইলে তাহার বিচার কালে আইনঘটিত কোন প্রশ্ন কিম্বা সাক্ষ্যবিশেষ গ্রাহ্য কি না এই মর্ম্মের প্রশ্ন যদি উত্থিত হয় তবে সেই জজ বিহিত বোধ করিলে আপনাকে এবং হাই কোর্টের অন্য এক কি কএক জন জজকে লইয়া কোর্ট করিয়া ঐ কোর্টের নিষ্পত্তির নিমিত্ত ঐ প্রশ্ন অর্পণ করিতে পারিবেন।

কোন প্রশ্ন পশ্চাৎ বিবেচনার নিমিত্ত না রাখা গেলে কার্য্য প্রণালীর কথা।

জজ যদি তদ্রূপ কোন প্রশ্ন পশ্চাৎ বিবেচনার নিমিত্ত না রাখেন, তবে যে জিলায় কি স্থানে বিচার হইল, ঐ জজ সেই জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জেলখানার অন্য কর্ত্তৃপক্ষের নিকট দণ্ডাজ্ঞাপত্রের নকল ও সেই আজ্ঞামতে কার্য্য হইবার আজ্ঞাপত্র সহিত আসামীকে পাঠাইবেন। ঐ

proceed as provided in the three hundred and fifth section of the Code of Criminal Procedure.

মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য কর্ত্তৃপক্ষ ঐ আজ্ঞাপত্র পাইলে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩০৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন।

and when reserved

If the Judge reserve any question of law or of the admissibility of evidence, the person convicted shall, pending the decision thereon, be remanded to jail.

বিবেচনার নিমিত্ত রাখা গেলে তাহার কথা।

উক্ত জজ আইন ঘটিত কোন প্রশ্ন কিম্বা সাক্ষ্য গ্রাহ্য কি না ইহার কোন প্রশ্ন পশ্চাৎ বিবেচনার নিমিত্তে রাখিলে যে ব্যক্তির অপরাধের প্রমাণ হইল ঐ প্রশ্ন নিষ্পত্তি হইবার অপেক্ষায় তাহাকে পুনশ্চ জেলে পাঠান যাইবে।

Procedure where decision is adverse

If the decision on the question be adverse to the person convicted, the Court shall send a copy of its sentence and a warrant for the execution of the same to the Magistrate or other officer in charge of the jail to which the prisoner shall have been remanded, and such Magistrate or other officer shall proceed as provided in the same section.

বিপক্ষ নিষ্পত্তি হইলে কার্য্য প্রণালীর কথা।

ঐ প্রশ্নের যে নিষ্পত্তি হয় তাহা অপরাধির বিপক্ষ হইলে তাহাকে যে জেলে ফিরিয়া পাঠান গেল কোর্ট সেই জেলের মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের নিকট ঐ দণ্ডাজ্ঞার নকল ও তদনুসারে কার্য্য হইবার আজ্ঞাপত্র পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট কি অন্য কর্ত্তৃপক্ষ উক্ত ধারার বিধানমতে কার্য্য করিবেন ইতি।

Power to award costs on petitions, &c.

33 Whenever any petition, application, or motion is made in any matter coming before a High Court in the exercise of its criminal jurisdiction, the Court shall have power to award and apportion costs in any manner it may think fit.

দরখাস্ত প্রভৃতির উপর খরচার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৩৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাক্রমে হাই কোর্টের কর্ম্ম করণ কালে তাহার সম্মুখে উপস্থিত কোন বিষয়ে কোন দরখাস্ত কি প্রার্থনাপত্র কিম্বা কোন কার্য্য হইবার প্রস্তাব করা গেলে ঐ কোর্ট যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে খরচা দিবার কিম্বা অংশাংশমতে খরচা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

False statements in support of petitions, &c.

34. Whenever a High Court requires the statements in support of any such petition, application, or motion, to be verified by a declaration in writing, the person making such verification shall, if any such statement is false, and if he either knows or believes it to be false, or does not believe it to be true, be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

দরখাস্ত প্রভৃতির পোষকতায় মিথ্যা উক্তির কথা।

৩৪ ধারা। তদ্রূপ কোন দরখাস্তের কি প্রার্থনার কি প্রস্তাবের পোষকতায় যে উক্তি করা যায়, হাই কোর্ট যদি লিখিত নির্দ্দেশপত্র দ্বারা সেই উক্তি সত্যাকরণ করিবার আদেশ করেন তবে উক্ত কোন উক্তি সত্য না হইলে কিম্বা যে ব্যক্তি ঐ নির্দ্দেশ পত্র লিখিয়া দেয় সে তাহা অসত্য জানিলে কিম্বা অসত্য বলিয়া জ্ঞান করিলে কিম্বা সত্য বলিয়া না জানিলে সে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইবার সময়ে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা প্রমাণ দিল এমত জ্ঞান হইবে ইতি।

Criminal Procedure Code generally applicable

35. Save as is hereinbefore otherwise provided, the Code of Criminal Procedure shall apply to the constitution and formation of juries for the purpose of trials before the High Court acting in the exercise of its original criminal jurisdiction, and to trials before such Court, and to sentences by such Court, and to the carrying into execution of such sentences

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সচরাচর খাটিবার কথা।

৩৫ ধারা। ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করণকালে হাই কোর্টের সম্মুখে বিচার হইবার নিমিত্ত জুরীর সংস্থিতির ও রচনার বিষয়ে ও সেই কোর্টের সম্মুখে বিচার কার্য্য বিষয়ে ও সেই কোর্টের দণ্ডাজ্ঞার বিষয়ে ও সেই আজ্ঞানুসারে কার্য্য হওন বিষয়ে পূর্ব্বোক্ত যেং স্থলের ভিন্নপ্রকারের বিধান হইয়াছে তাহাছাড়া অন্য সকল স্থলে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইন খাটিবে ইতি।

CHAPTER VI.

Of Offences by European British Subjects.

36. If any offence which, by any Act of the Governor-General in Council heretofore or hereafter passed, is declared to be punishable upon conviction by a Magistrate, is committed by a European British subject beyond the local limits of the jurisdiction of the High Courts, the offender, if not otherwise punishable, shall be liable, upon conviction before one of the said High Courts, to the punishment to which by such Act he is declared to be liable upon conviction before a Magistrate.

Punishment of offence in mofussil legally punishable upon conviction by a Magistrate

ষষ্ঠ অধ্যায়।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের অপরাধের কথা।

৩৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর্ জেনরল সাহেব যেং আইন প্রণয়ন করিয়াছেন কি পশ্চাৎ করিবেন এমত কোন আইনে যদি অপরাধের প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা দণ্ড হইবার বিধান থাকে তবে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার বাহিরে সেই অপরাধ করিলে ও অন্য প্রকারের দণ্ড হইতে না পারিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ প্রমাণ হইয়া উক্ত আইনমতে তাহার যে দণ্ড হইতে পারিত উক্ত অন্যতর হাই কোর্টের সম্মুখে অপরাধ প্রমাণ হইয়া তাহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

মাজিষ্ট্রেটের দ্বারা যে অপরাধের প্রমাণ হইলে আইনমতে দণ্ড হইতে পারে মফঃসল দেশে সেই অপরাধের দণ্ডের কথা।

37. If any offence which, by any Act of the Governor-General in Council heretofore or hereafter passed, is declared to be punishable upon conviction by a Magistrate, is committed by any person within the local limits of the jurisdiction of a High Court, the offender, if not otherwise punishable, shall be liable, upon conviction before such Court, to the punishment to which by such Act he is declared to be liable upon conviction before a Magistrate.

Punishment of offences committed within local limits

৩৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর্ জেনরল সাহেব যেং আইন প্রণয়ন করিয়াছেন কি পশ্চাৎ করিবেন এমত কোন আইনে যদি অপরাধের প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা দণ্ড হইবার বিধান থাকে তবে কোন ব্যক্তি হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার মধ্যে সেই অপরাধ করিলে ও অন্য প্রকারের দণ্ড হইতে না পারিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধের প্রমাণ হইয়া উক্ত আইনমতে তাহার যে দণ্ড হইতে পারিত উক্ত কোর্টের সম্মুখে অপরাধের প্রমাণ হইয়া তাহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

উক্ত সীমার মধ্যে অপরাধ করা গেলে তাহার দণ্ডের কথা।

38. Nothing in this chapter extends to any case in which jurisdiction is expressly given to a Justice of the Peace to convict the offender.

Saving of jurisdiction of Justice of the Peace

৩৮ ধারা। যে মোকদ্দমায় শান্তিরক্ষার্থ জষ্টিসের প্রতি অপরাধির অপরাধ নির্ণয় করিবার স্পষ্ট ক্ষমতা প্রদান করা গিয়াছে এই অধ্যায়ের কোন কথা সেই মোকদ্দমার প্রতি বর্ত্তে না ইতি।

শান্তিরক্ষার্থ জষ্টিসের ক্ষমতা রক্ষার কথা।

39. Whenever, in any Act heretofore or hereafter passed by the Governor-General in Council, the word "Magistrate" is declared to include a Justice of the Peace, such Justice of the Peace shall not by virtue of such Act be deemed to have jurisdiction to punish any offence unless the same is committed within the local limits of the ordinary original criminal jurisdiction of a High Court.

Construction of Acts declaring "Magistrate" to include Justice of the Peace.

৩৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর্ জেনরল সাহেব যেং আইন প্রণয়ন করিয়াছেন কি পশ্চাৎ করিবেন এমত কোন আইনে "মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে শান্তিরক্ষার্থ জষ্টিস গণ্য হইবার কথা নির্দ্দিষ্ট থাকিলে, হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতা যে সীমার মধ্যে বর্ত্তে ঐ অপরাধ সেই সীমার মধ্যে করা না গেলে শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিস সেই আইনের বলে ঐ অপরাধের দণ্ড করিবার ক্ষমতাপন্ন হন এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

মাজিষ্ট্রেট শব্দের মধ্যে শান্তিরক্ষার্থ জষ্টিসের গণ্য হইবার কথা যেং আইনে প্রকাশ হইয়াছে তাহার অর্থ করণের ধারা।

[*Government Gazette*, 12*th August* 1873.]

CHAPTER VII.

OF POLICE MAGISTRATES IN THE PRESIDENCY TOWNS.

Parts of Criminal Procedure Code to apply in Presidency towns.

40. The following parts of the Code of Criminal Procedure shall apply to the Courts of the Police Magistrates and to the Police of the towns of Calcutta, Madras, and Bombay, (that is to say)—

Sections three (*Pending cases*) and four (*Definitions*)

Chapter VI (*The place of Inquiry and Trial*), Sections sixty-three to seventy, both inclusive:

Chapter VII (*Of Criminal Jurisdiction over European and British subjects*)

Sections seventy-one to seventy-five (both inclusive), eighty-three, eighty-four, eighty-five, eighty-seven, eighty-eight

Chapter IX (*Of Arrest without Warrant*)

Chapter X (*Powers of the Police to investigate*)

Section one hundred and ten, the words ' and in the towns of Calcutta, Madras, and Bombay, any Magistrate or the Commissioner of Police," being inserted after " Magistrate of the first or second class ."

Section one hundred and fourteen, the words " Commissioner of Police" being substituted for the word " Magistrate "

Section one hundred and twenty-four, the words " or in the towns of Calcutta, Madras, and Bombay, without the order of a Magistrate or a Commissioner of Police," being inserted in the first paragraph, after the " word Magistrate :"

Section one hundred and twenty-six

Section one hundred and thirty-two, the words " Commissioner of Police" being substituted for " Magistrate of the District."

Chapter XI (*Of Complaints to a Magistrate*), except the second clause of section one hundred and forty-four.

Chapter XII (*Of the Summons*) :

Chapter XIII (*Of the Warrant*)

Chapter XIV (*Preliminary*) .

Part V (*Of Inquiries and Trials*) :

Chapter XV (*Of Inquiry into Cases triable by the Court of Session or High Court*) .

Chapter XVI (*Of the Trial of Summons Cases by Magistrates*) :

Chapter XVII (*Of the Trial of Warrant Cases by Magistrates*) :

Part VII (*Execution*), Chapter XXIII .

সপ্তম খণ্ড।

রাজধানীর পোলীস মাজিষ্ট্রেট সাহেবদের কথা।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোন২ ভাগ রাজধানীর প্রতি খাটিবার কথা।

৪০ ধারা। ফোজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নিম্নলিখিত কএক ধারা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের পোলীস মাজিষ্ট্রেটদের আদালতের ও পোলীসের প্রতি খাটে।

অর্থাৎ

উপস্থিত মোকদ্দমা বিষয়ক ৩ ধারা ও অর্থ করণ বিষয়ক ৪ ধারা।

তদন্ত লইবার ও বিচার করিবার স্থানবিষয়ক ৬ অধ্যায়ের ৬৩ অবধি ৭০ পর্য্যন্ত সমস্ত ধারা।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের অপরাধের বিচারাধিপত্য বিষয়ক ৭ অধ্যায়ের।

৭১ অবধি ৭৫ পর্য্যন্ত সমস্ত ধারা, ও ৮৩ ও ৮৪ ও ৮৫ ও ৮৭ ও ৮৮ ধারা।

ওয়ারণ্টবিনা ধৃত করিবার বিধি বিষয়ক ৯ অধ্যায়।

পোলীসের অনুসন্ধান লইবার ক্ষমতা বিষয়ক ১০ অধ্যায়।

ইহার ১১০ ধারায় " প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের" এই কথার পরে " এবং কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে পোলীসের কোন মাজিষ্ট্রেট কিম্বা কমিশ্যনর সাহেবের" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

১১৪ ধারায় " মাজিষ্ট্রেটের" এই শব্দের পরিবর্ত্তে " পোলীসের কমিশ্যনর সাহেবের" এই কথা পাঠ করিতে হইবে।

১২৪ ধারার প্রথম পদে " মাজিষ্ট্রেটের আজ্ঞা না থাকিলে" এই কথার পরে " কিম্বা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে পোলীসের মাজিষ্ট্রেট কিম্বা কমিশ্যনর সাহেবের আজ্ঞা না থাকিলে" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

১২৬ ধারা।

১৩২ ধারায় " জিলার মাজিষ্ট্রেটের" এই কথার পরিবর্ত্তে " পোলীস কমিশ্যনর সাহেবের" এই কথা পাঠ করিতে হইবে।

১৪৪ ধারার দ্বিতীয় প্রকরণ ভিন্ন মাজিষ্ট্রেটের নিকট নালিশ বিষয়ক ১১ অধ্যায়।

সমনের বিধি বিষয়ক ১২ অধ্যায়।

ওয়ারণ্টের বিধি বিষয়ক ১৩ অধ্যায়।

তদন্ত লওনের ও বিচারের বিধি বিষয়ক পঞ্চম খণ্ডের

প্রথম স্থলীয় কার্য্য বিষয়ক ১৪ অধ্যায়।

সেশন আদালতের কি হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার তদন্ত লওন বিষয়ক ১৫ অধ্যায়।

মাজিষ্ট্রেটেরা সমন দিয়া যে মোকদ্দমার বিচার করেন তাহার বিধি বিষয়ক ১৬ অধ্যায়।

যে মোকদ্দমায় ওয়ারণ্ট বাহির হয় মাজিষ্ট্রেটদের দ্বারা তাহার বিচার হওন বিষয়ক ১৭ অধ্যায়।

আজ্ঞা সাধন করিবার বিধি বিষয়ক সপ্তমখণ্ডের ২৩ অধ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১২ আগষ্ট।]

Sections three hundred and seven, three hundred and eight, three hundred and nine, three hundred and eleven to three hundred and eighteen (both inclusive), and three hundred and twenty-two:

Chapter XXIV (*Special Rules of Evidence in Criminal Cases*):

Chapter XXV (*Evidence how Taken*):

Sections three hundred and thirty-one, three hundred and forty, three hundred and forty-two to three hundred and forty-five (both inclusive), three hundred and forty-seven, and three hundred and forty-nine:

Chapter XXVI (*Of Securing the Attendance of Witnesses*):

Chapter XXVII (*Of Search Warrants*), except section three hundred and eighty-five:

Chapter XXVIII (*Bail*), except sections three hundred and eighty-eight and three hundred and eighty-nine, and the last paragraph of section three hundred and ninety-eight:

Chapter XXX (*Miscellaneous Provisions*):

Chapter XXXI (*Lunatics*):

Chapter XXXII (*Contempts of Court*).

Chapter XXXIII (*Of the Charge*), except section four hundred and fifty-one·

Chapter XXXIV (*Of the Judgment, Order, and Sentence*,) except section four hundred and sixty-one

Chapter XXXV (*Prosecutions in Certain Cases*)

Chapter XXXVII (*Of Security for Keeping the Peace*).

Chapter XXXVIII (*Of Security for Good Behaviour*)

Chapter XXXIX (*Local Nuisances*)

Chapter XLI (*Of the Maintenance of Wives and Families*).

CHAPTER VIII.

Miscellaneous.

Advocate-General may exhibit informations to High Courts in matters of revenue, &c.

41. The Advocate-General at the several Presidencies of Fort William, Fort St. George, and Bombay, may exhibit, in behalf of the Secretary of State for India in Council, to the local High Court, as occasion shall require, against any person subject to the jurisdiction of the said Courts, any information for any breach of the revenue laws, or for any fine, penalty, forfeiture, debt, or sum of money, committed, incurred, or due by any such person in respect of any such law.

Such proceedings shall be taken upon every such information as may lawfully be taken, in case of an information filed by Her Majesty's Attorney-General in the Court of Exchequer in England, for any offence committed against the

ইহার ৩০৭ ও ৩০৮ ও ৩০৯ ও ৩১১ অবধি ৩১৮ পর্য্যন্ত সমস্ত ধারা ও ৩২২ ধারা।

ফৌজদারী মোকদ্দমার সাক্ষ্য বিষয়ক বিশেষ বিধি সূচক ২৪ অধ্যায়।

সাক্ষ্য যেরূপে লইতে হইবে তদ্বিষয়ক ২৫ অধ্যায়।

ইহার ৩৩১ ও ৩৪০ ও ৩৪২ অবধি ৩৪৫ পর্য্যন্ত সকল ধারা ও ৩৪৭ ও ৩৪৯ ধারা।

সাক্ষিদিগকে উপস্থিত করাইবার বিধি বিষয়ক ২৬ অধ্যায়।

৩৮৫ ধারাভিন্ন তলাশী পরওয়ানার বিধি বিষয়ক ২৭ অধ্যায়।

৩৮৮ ও ৩৮৯ ও ৩৯৮ ধারার শেষ দফাভিন্ন হাজির জামিন বিষয়ক ২৮ অধ্যায়।

বিবিধ বিধান বিষয়ক ৩০ অধ্যায়।

ক্ষিপ্ত ব্যক্তি বিষয়ক ৩১ অধ্যায়।

আদালতের অবজ্ঞা বিষয়ক ৩২ অধ্যায়।

৪৫১ ধারাভিন্ন অভিযোগবিষয়ক ৩৩ অধ্যায়।

৪৬১ ধারাভিন্ন নিষ্পত্তি ও আজ্ঞা ও দণ্ডাজ্ঞা বিষয়ক ৩৪ অধ্যায়।

স্থলবিশেষের অভিযোগ বিষয়ক ৩৫ অধ্যায়।

শান্তিভঙ্গ না হইবার জামিন বিষয়ক ৩৭ অধ্যায়।

সদাচারের প্রতিভূবিষয়ক ৩৮ অধ্যায়।

স্থানবিশেষে অনিষ্টজনক বিষয়ের ৩৯ অধ্যায়।

স্ত্রী ও সন্তানাদির ভরণপোষণ বিষয়ক ৪১ অধ্যায়।

অষ্টম অধ্যায়।

বিবিধ বিধি।

রাজস্বপ্রভৃতি বিষয়ে হাই কোর্টের নিকট আডবোকেট জেনরল সাহেবের সন্ধান জ্ঞাত করিবার কথা।

৪১ ধারা। কলিকাতার কি মান্দ্রাজের কি হাই কোর্টের বিচারাধীন কোন ব্যক্তি রাজস্ববিষয়ক কোন আইন লঙ্ঘন করিলে কিম্বা উক্ত কোন আইন সম্পর্কে কোন অর্থদণ্ডের কি দণ্ডের কি সম্পত্তি দণ্ডের কি ঋণের কি টাকার দাবী কি ঋণ হইলে, সেইং রাজধানীর আডবোকেট জেনরল সাহেব প্রয়োজনমতে ভারতবর্ষের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পক্ষে সেইং স্থানের হাই কোর্টে সেই ব্যক্তির বিপক্ষে সন্ধান জানাইতে পারিবেন।

ইঙ্গলণ্ডের রাজস্বসংক্রান্ত আইনের বিপরীত কোন অপরাধ করা গেলে কিম্বা তৎসম্পর্কে কোন অর্থদণ্ড কি দণ্ড কি সম্পত্তি দণ্ড কি টাকা দেনা হওয়াতে শ্রীশ্রীমতী মহারাণীর আটর্ণি জেনরল সাহেব ইঙ্গলণ্ডের একস্চেকর কোর্টে সন্ধানের কথা উপস্থিত করিলে যে

revenue laws of England, or for any fine, penalty forfeiture, debt, or sum of money due in respect thereof; so far as the circumstances of the case and the course and practice of proceeding in the said Courts respectively will admit.

All fines, penalties, forfeitures, debts, and sums of money, recovered or levied under or by virtue of any such information, shall belong to the Government of India.

কার্য্যানুষ্ঠান হইতে পারে, বিষয়ের অবগতিক বিবেচনায় এবং উক্ত কোর্টের কার্য্যধারা ও রীতি বিবেচনায় আইনমতে যত দূর হইতে পারে তত দূর উক্ত ভিন্ন রাজধানীর হাই কোর্টে তদ্রূপ সন্ধানঅনুসারে তদ্রূপ কার্য্যানুষ্ঠান হইবে।

তদ্রূপ সন্ধান দ্বারা বা তাহার বলে অর্থদণ্ডের কি দণ্ডের কি সম্পত্তি দণ্ডের কি ঋণের যে টাকা ও অন্য যে টাকা পাওয়া যায় কি আদায় হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে ইতি।

SCHEDULE

(See section 2)

A Acts

No and year.	Subject or Title	Extent of repeal
XXXI of 1838	Supreme Courts, Criminal Law	So much as has not been repealed.
XXII of 1839	An Act for enabling persons charged with offences to make their defence more effectually	So much as has not been repealed.
XVI of 1852	An Act for further improving the Administration of Criminal Justice in Her Majesty's Courts of Justice in the Territories of the East India Company	So much as has not been repealed
XVIII of 1859	An Act to amend the law relating to offences declared to be punishable on conviction before a Magistrate	The whole.
XVIII of 1862.	An Act to repeal Act XVI of 1852 in those parts of British India in which the Indian Penal Code is in force, and to re-enact some of the provisions thereof with amendments, and further to improve the administration of Criminal Justice in Her Majesty's Supreme Courts of Judicature.	Sections 1 to 46 (both inclusive), and sections 54 to 57 (both inclusive).
XIII of 1865	An Act to amend the procedure of Her Majesty's High Courts of Judicature in the exercise of their original jurisdiction, and to provide for the exercise of such jurisdiction at places other than Presidency Towns	So much as has not been repealed.
IV of 1866	An Act to amend the constitution of the Chief Court of Judicature in the Panjáb and its Dependencies	Sections 20 to 41 (both inclusive)

তফসীল।

(২ ধারা দেখ।)

ক। আইন।

নম্বর ও সাল	নাম	যত দূর রহিত করা গেল।
১৮৩৮ সা. ৩১ আ।	সুপ্রীম কোর্টের ফৌজদারী আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৩৯ সা. ২২ আ.	কোন ব্যক্তিদের নামে অভিযোগ হইলে তাহাদের নির্দ্দোষতা প্রকাশ করিবার সুবিধা করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৫২ সা. ১৬ আ.	কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্তর্গত শ্রীশ্রীমতী মহারাণীর আদালতে ফৌজদারী মোকদ্দমার সুবিচারের বিধান করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৫৯ সা. ১৮ আ.	মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যেং অপরাধের প্রমাণ হইয়া দণ্ড হইতে পারে তাহার আইন সংশোধন করিবার আইন	সম্পূর্ণ।
১৮৬২ সা. ১৮ আ.	ভারতবর্ষের দণ্ডবিধির আইন বৃটিশীয় ভারতবর্ষের যেং স্থানে প্রচলিত আছে সেইং স্থানে ১৮৫২ সালের ১৬ আইন রদ করিবার ও সেই আইনের কোনং বিধান সংশোধন পূর্ব্বক পুনশ্চ বহাল করিবার ও শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রীম কোর্টে ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্যের সৌষ্ঠব করিবার আইন	১ অবধি ৪৬ পর্য্যন্ত ও ৫৪ অবধি ৫৭ পর্য্যন্ত সমস্ত ধারা।
১৮৬৫ সা. ১৩ আ.	শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের প্রথম স্বকীয় ফৌজদারী বিচারাধিপত্য প্রয়োগে তাহার কার্য্য প্রণালী সংশোধনার্থ ও প্রেসীডেন্সী নগর ভিন্ন অন্যং স্থানে সেই বিচারাধিপত্য প্রয়োগের বিধান করণার্থ আইন	যে পর্য্যন্ত পূর্ব্বে রহিত হয় নাই সেই পর্য্যন্ত।
১৮৬৬ সা. ৪ আ.	পঞ্জাবের ও তদধীন দেশে প্রধান আদালত স্থাপন করণার্থ আইন সংশোধন করিবার আইন	২০ অবধি ৪১ পর্য্যন্ত সমং ধারা।

No. and year	Subject or Title	Extent of repeal
XVI of 1866	An Act to relieve the Governor-General of India in Council from the duty of signing the commissions mentioned in sections 22 and 44 of the High Court's Criminal Procedure Amendment Act, 1865.	The whole
XXIV of 1866.	An Act to amend the procedure of the High Court of Judicature for the North-Western Provinces of the Presidency of Fort William	Sections 2 to 17 (both inclusive)
XIII of 1869	An Act further to amend the procedure for the High Court of Judicature for the North Western Provinces.	Sections 1 and 2, and so much of sections 3 and 4 as relates to criminal jurisdiction.
XXII of 1870	An Act to confirm certain laws affecting European British subjects	Section 3

নম্বর ও সাল	নাম	যত দূর রহিত করা গেল।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৬ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সামান্য দ্যূতক্রীড়া ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের ২ ধারামতে ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ অবধি শ্রীরামপুর মহকুমার নিম্নলিখিত পথে ও নগরে ও গ্রামে উক্ত আইনের ১১ ধারার বিধান প্রচলিত করিয়াছেন।

প্রথম। ফরাশী চন্দননগরহইতে মুরিপুকুরের যে স্থানে বৈদ্যবাটীর গঙ্গাধারের পথ পশ্চিমে যাইবার বড় রাস্তার সঙ্গে মিলে সেই স্থান পর্য্যন্ত পশ্চিমে যাইবার বড় রাস্তা। ফরাশী গোরহাটির মধ্যে দিয়া পশ্চিমে যাইবার বড় পথের ন্যূনাধিক ২০০ গজ পরিমাণের যে অংশ তাহা ধরিতে হইবে না।

দ্বিতীয়। উপরোক্ত সীমার অন্তর্গত পশ্চিমে যাইবার বড় রাস্তার দুই ধারে পার্শ্বলিখিত এইং নগরে ও গ্রামে।

১। তেলিনীপাড়া।
২। পাইকপাড়া।
৩। শ্যামবাটী।
৪। ভদ্রেশ্বর।
৫। ত্রিবেণী।
৬। চাঁপদানী।

তৃতীয়। বৈদ্যবাটীর নদীর ধারের পথ মুরিপুকুরের যে স্থানে পশ্চিম যাইবার বড় রাস্তার সঙ্গে সংযোগ হয় সেই স্থান অবধি যে স্থানে শ্রীরামপুরের মুনিসিপলীটির উত্তর সীমা কাটিয়া যায় সেই স্থানপর্য্যন্ত ঐ পথে।

চতুর্থ। উপরোক্ত সীমার অন্তর্গত বৈদ্যবাটীরনদীর ধারের পথের দুই ধারে পার্শ্বের লিখিত এইং নগরে ও গ্রামে।

১। বৈদ্যবাটী।
২। শঙ্করপুর।
৩। বৈদ্যপুর।
৪। বৈদ্যবাটীর হাট।
৫। শেওড়াফুলির হাট।
৬। শেওড়াফুলি।

পঞ্চম। বৈদ্যবাটীর রেলওয়ে ষ্টেশনঅবধি হরিপাল থানার অন্তর্গত তারকেশ্বর পর্য্যন্ত বৈদ্যবাটী ও তারকেশ্বরের পথে।

ষষ্ঠ। উপরোক্ত থানার অন্তর্গত বৈদ্যবাটী ও তারকেশ্বরের পথের দুই ধারের পার্শ্ব লিখিত গ্রামে ও নগরে।

শঙ্করপুর ও দীর্ঘাঙ্গ ও রাজ্যধরপুর, ও ছিহনমেড ও চাপদারা ও মাবপুরা ও দেশাপাড়া ও মসিবপুর ও পুরুষোত্তমপুর ও মল্লিকপুর ও রত্নপুর ও শিঙ্গুর ও দলুইগাছা ও বালিকুল ও বড়গাছা ও দক্ষিণকূল ও বন্দীপুর ও হামির গাছা ও বামুনপাড়া ও মহেশ্যামপুর ও গোপীনগর ও বসুদেবপুর ও বালচোরা ও কইকালা ও কীর্ত্তিনগর ও বেকরা ও বাবরকন্দ ও কাইমপুর ও বাকবরি ও বালগুড়ি ও বাজিপুর ও তারকেশ্বর।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

CARD SHARPING IN THE HOOGHLY DISTRICT.

No. 306, dated Burdwan, the 21st June 1873.

From—C. T. BUCKLAND, ESQ., Commissioner of Burdwan.

To—The Secretary to the Government of Bengal, Judicial Department.

I HAVE the honor to submit, for the information of Government, copy of a letter No. 298 of 17th June, from the Magistrate of Hooghly, and to recommend that section 11 of Act II (B.C.) of 1867 may at once be extended to the places named in the margin of paragraph 10 of the Magistrate's letter, and along the public road from the Boidyabatty railway station to Tarkessur, and to the towns of Boidyabatty and Bhudessur.

2. The circumstances reported by the Magistrate are very remarkable, and it is very necessary that immediate steps should be taken to put a stop to gambling by means of the well-known "three-card-trick," which is, I fear, an importation of Western science

3. I regret that the subject was not brought to my notice sooner, as it has evidently run its course for at least a year, and the police have been vainly attempting to stop it under prosecutions for obstructing the road and obstructing the police in the execution of their duty.

4. I believe that a notification of the villages and the road and towns as recommended by the Magistrate will be sufficient for the purposes of the Act. I should be, however, glad to see a more general notification issued for the extension of the law to *all towns, villages and places within the district of Hooghly*, as such a notification would enable the Magistrate to suppress the offence wherever it appears, as it is only too probable that, if the offence is only prohibited locally, some of the gamblers may shift their quarters and prey on the silly people elsewhere in the district. If this cannot be done, I will direct the Magistrate to propose and submit a more comprehensive list of villages; and, under any circumstances, a clearer definition is needed of the river-side road running beside the Grand Trunk Road.

No 298, dated Hooghly, the 17th June 1873.

From—F. H. PELLEW, ESQ, Offg. Magistrate of Hooghly

To—The Commissioner of Burdwan.

IN reference to your No. 176, dated 14th ultimo, I have the honor to report on the gambling in the neighbourhood of the Tarkessur Road.

2. With regard to my not having before reported on it, I beg to explain that gambling to an extent requiring special action is only of recent growth; my attention had only been called to it very shortly before the Rajodhurpore dacoity, and then I passed orders to the police to endeavour to deal with it under the general criminal law.

3. It appears that gambling is practised more or less along the whole length of the road from Boidyabatty to Tarkessur, the villages of Chapsarah, Rajodhurpore, and Chinamore (on the road-side) contain most professional gamblers. It is estimated that at these three villages alone not less than seventy persons gain their livelihood by winnings from chance-way-farers going to or returning from the large Sewrafully or Boidyabatty markets held every Tuesday and Saturday.

4. The road from Tarkessur to Boidyabatty is the only one from the interior of the district that leads to the above places On hât days the road is alive with people for miles, and professional gamblers are then at work from early morning till late at night. Gamblers are in greatest force at Tarkessur, and along this road, when the two great annual festivals at Tarkessur take place in February and April. During the last mêla the District Superintendent noticed a member of a gang of gamblers who was practising near Chapsarah. He was a young Mussulman, a resident of the 24-Pergunnahs, and a *khitmudgar* by profession; he found on him cards, opium, ganjah, gooli, and kolkis for smoking opium balls. He could give no good account of himself, so the District Superintendent sent him to the Serampore Joint-Magistrate. On the 4th instant, while the District Superintendent was travelling at 5 P.M. along the above-mentioned road, he came upon another gambling party. On the 11th instant, Narain Deen Tewary, Inspector, was passing along the road and was asked to interfere in a

হুগলী জেলা। তাস খেলার কথা।

৩০১ নং। বর্দ্ধমান, ১৮৭৩ সাল ২১ জুন।

জুডিশ্যল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরীর নিকট,

বর্দ্ধমানের কমিশ্যনর শ্রীযুত সি টি বকলণ্ড সাহেবের পত্র।

হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের ১৭ জুনের ২৯৮ নম্বরের পত্রের নকল গবর্ণমেণ্টের অবগার্থে পাঠাইলাম। মাজিষ্ট্রেট সাহেবের ঐ পত্রের ১০ দফার পার্শ্বে যেং স্থানের নাম লেখা আছে সেইং স্থানে এবং বৈদ্যবাটীর রেলওয়ে ষ্টেশনঅবধি তারকেশ্বরপর্য্যন্ত রাস্তার ধারের সকল স্থানে ও বৈদ্যবাটীতে ও তারকেশ্বরে ঐ ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের ১১ ধারা প্রচলিত করা যায়, সম্মানপূর্ব্বক এই পরামর্শ দিতেছি।

২য়। মাজিষ্ট্রেট সাহেব যে বৃত্তান্তের রিপোর্ট করিলেন তাহা আশ্চর্য্য এবং তিনতাসের খেলা নামে যে প্রকারের জুয়াখেলার কথা প্রায় সকলেই শুনিতে পাইয়াছে তাহা বোধ হয় ইউরোপ খণ্ডের বিদ্যাদ্বারাই উৎপন্ন হইল কিন্তু অগৌণেই তাহা নিবৃত্ত করিবার বিধান করা অত্যাবশ্যক।

৩। এই প্রকারের খেলা ন্যূনকল্পে এক বৎসর অবধি চলিতেছে ইহা স্পষ্ট দেখা গেলেও যে ইহার পূর্ব্বে আমাকে জ্ঞাত করা যায় নাই, ইহা আক্ষেপের বিষয়। পোলীসের কর্ম্মকারকেরা পথ অবরোধ করার ও পোলীসের কর্ত্তব্য কর্ম্ম নিষ্পাদনের বাধা দেওয়ার নালিশ করিয়া সেই খেলা নিবারণ করিবার উদ্যোগ করিয়াছে কিন্তু তাহা বৃথা হইল।

৪। মাজিষ্ট্রেট সাহেবের পরামর্শমতে গ্রামের ও রাস্তার ও নগরের নোটিস প্রচার করা গেলেও বোধ হয় আইনের কার্য্যপক্ষে যথেষ্ট হইবে। কিন্তু হুগলী জিলার অন্তর্গত সকল নগরে ও গ্রামে ও স্থানে উক্ত আইন ব্যাপ্ত হইল, বিস্তারিত ভাবে এই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ হইলে সন্তুষ্ট হই। কেননা সেই প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ হইলে ঐ অপরাধ যে কোন স্থানে করিতে দেখা যাউক মাজিষ্ট্রেট সাহেব তাহা দমন করিতে পারিবেন। কোনং স্থানমাত্র নিষেধ করা গেলে জুয়ারিরা জিলার অন্য কোন স্থানে গিয়া অজ্ঞান লোকদের সর্ব্বনাশ করিতে পারিবে এই আশঙ্কা হইতেছে। হুগলী জিলার সকল স্থানে ঐ আইন প্রচলিত হইতে না পারিলে আমি মাজিষ্ট্রেট সাহেবকে নানা গ্রামের আরো বিস্তারিত এক নির্ঘণ্টপত্র লিখিয়া দিয়া তথায় ঐ আইন প্রচলিত করিবার প্রস্তাব করিতে আদেশ করিব। যাহা হউক, পশ্চিম যাইবার বড় রাস্তার পার্শ্বে নদীর ধারের যে পথের উল্লেখ হইয়াছে তাহা আরো স্পষ্ট করিয়া নির্ণয় করা আবশ্যক।

---

২৯৮ নম্বর। হুগলী, ১৮৭৩ সাল ১৭ জুন।

বর্দ্ধমানের কমিশ্যনর সাহেবের নিকট,

হুগলীর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এক এচ পেলিউ সাহেবের পত্র।

আপনকার গত মাসের ১৪ তারিখের ১৭৬ নম্বরের পত্র লক্ষ করিয়া, তারকেশ্বরের পথের নিকট স্থানে জুয়া খেলার বিষয়ে এই রিপোর্ট লিখিয়া দিলাম।

২। ইহার পূর্ব্বে যে এই বিষয়ের রিপোর্ট করি নাই তাহার কারণ এই, যাহাতে আইনঅনুসারে বিশেষ কার্য্য চলিতে পারে ঐ জুয়া খেলা কেবল অল্পকাল অবধি এত দূর চলিতে লাগিয়াছে। রাজ্যধরপুরে ডাকইতী হইবার অতি অল্প পূর্ব্বে আমি সেই খেলার কথা জানিতে পাইয়াই পোলীসকে আজ্ঞা করিলাম যে তাহা লইয়া সাধারণ ফৌজদারী আইনমতে কার্য্য করিতে উদ্যোগ কর।

৩। দেখা গেল যে, বৈদ্যবাটীহইতে তারকেশ্বরপর্য্যন্ত যে পথ আছে সেই তাবৎপথের ধারেং ন্যূনাধিকরূপে জুয়াখেলা চলিতেছে। চাপসারা ও রাজ্যধরপুর ও পথের ধারেই তিনামোড এই সকল গ্রামে অনেক প্রসিদ্ধ জুয়ারির নিবাস। ঐ তিন গ্রামের মধ্যে অনূ্যন সত্তর জন, মঙ্গলবারে ও শনিবারে শেওড়াফুলীর কি বৈদ্যবাটীর বড়ং হাটে লোকদের যাওয়া আসার সময়ে, পথের ধারে থাকিয়া তাহারদিগকে ডাকিয়া খেলা করে। জিতিলে যে পয়সা পায় তাহাতেই জীবিকা চালায়।

৪। তারকেশ্বরহইতে বৈদ্যবাটী যাইবার যে পথ আছে জিলার মফঃসল স্থানহইতে পূর্ব্বোক্ত স্থানে যাইতে ভিন্ন পথ নাই। হাটের দিনে অনেক ক্রোশ অবধি বহু লোকের যাতায়াত হইয়া থাকে। সেইং দিনে ঐ প্রসিদ্ধ জুয়ারিরা ভোর বেলা হইতে অনেক রাত্রী পর্য্যন্ত আপনারদের ব্যবসায় চালাইয়া থাকে। বৎসরং ফেব্রুআরি ও আপ্রিল মাসে তারকেশ্বরে মেলা হইয়া থাকে সেই সময়ে তারকেশ্বরে ও উক্ত পথের ধারে অনেক জুয়ারি বসে। গত বারের মেলায় ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব জুয়ারি দলের এক ব্যক্তিকে চাপসারার নিকট খেলা করিতে দেখিলেন। সে যুবা মুসলমান ২৪ পরগনা নিবাসি, খিদমৎগারের কর্ম্ম করে, তাহার নিকট তাস আফিম গাঁজা গুলি ও আফিমের গুলি খাইবার কয়েকটা কলিকা পাওয়া গেল। সে আপনার কথা ভাল করিয়া বলিতে না পারিলে ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে শ্রীরামপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট চালান করিলেন। ডিসট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই মাসের ৪ তারিখে সেই পথে যাইতেং অপরাহ্ন ৫ টার সময় আর একটা জুয়ারি দল দেখিতে পাইলেন। এই মাসের ১১ তারিখে ইন্‌স্পেকটর নারায়ণাধীন তেওয়ারি ঐ পথে যাইতেছিল এমন সময়ে জুয়ারিরা ৩২ টাকা লাভ করাতে ইনস্পেকটরের নিকট সেই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

case in which the gamblers had gained Rs. 32. The Inspector got hold of them and persuaded them to return their gains to the complainant. Inspector Cavenaugh and the Sub-Inspector of Boidyabatty have caught persons gambling very often.

5. It appears that this gambling was first commenced so late as July last, since which time it has been rapidly on the increase. The professional gamblers are generally of the lower classes of Hindoos, such as Bagdis, Kaorahs, or Koibuttos. But in some cases, as has been shown above, Mussulmans join. Since the 1st January last as many as nine police cases resulting from this gambling have been prosecuted, all of which occurred close to Chapsarah. Eighteen persons were sent up for trial, eleven for obstructing the road by playing cards on it and collecting a crowd, and seven for obstructing the police when attempting to clear the road.

6. Gamblers in this part generally go about in gangs of seven or eight. To each gang is attached a boy of eleven or twelve years old who commences to play first with some other members of the gang. The boy wins and his winnings attract attention. By-and-by people sit down to try their hand with the boy, who, advised by one of the gang, generally succeeds in winning his victim's money, then his goods, and sometimes the very clothes he wears; women also are great sufferers, for they generally stake the ornaments they have on their persons.

7. The other members of the gang go up and down the road showing rupees to likely individuals, pretending that they have won these by gambling with the boy.

8. Only three cards are used for gambling purposes. They are quickly shuffled together and thrown out for a person to choose which among them is the one determined upon before hand. The boy who is an expert at the trick invariably wins

9 The naibs, gomashtas, and chowkeedars along the road aid and abet this gambling, as they get a certain share of the winnings. Five chowkeedars of Rajodhurpore, Chapsarah, and Chinamore are notorious gamblers, and the District Superintendent was shown the other day a large well-built *bari* belonging to the son of a Bagdi chowkeedar, who, a year ago, is said to have had hardly a rag to his back.

10. Though the police protect the people that travel along this road from these gamblers to the best of their ability, they can do but little, and it is only when the road is obstructed or a breach of the peace occurs (by no means an uncommon occurrence) that they can interfere Besides the Tarkessur Road, gambling prevails on the Grand Trunk Road from Serampore to French Chandernagore and on the river-side road running beside the Grand Trunk Road. I think it therefore desirable that section 11 of Act II of 1867 be extended along the road from Boidyabatty railway station to Tarkessur, and to all the villages marginally noted through which this road passes At the same time I would suggest that the same section be extended to the towns of Boidyabatty and Bhudessur through which runs the Grand Trunk Road from French Chandernagore, and also the river-side road above alluded to At Serampore the section is now in force.

1	Sunkerpore	17	Bundipore.
2	Digghungo.	18	Hameergacha
3.	Rajodhurpore	19.	Bamunparah
4	Chinamore	20	Ghoneshampore
5	Chapsarah	21.	Gopinuggur
6	Majpora	22	Basdobpore
7.	Dosapara.	23	Balchora
8	Numbpore	24	Koikala
9	Poorusutompore.	25.	Kirtinuggur
10	Mullickpore	26	Jhekra
11	Ruttonpore	27	Baburkund
12.	Singoor	28	Kampore
13.	Dulloegacha	29	Bakburi
14	Nalicool	30	Balgoon
15	Baigacha	31	Bujeepore
16	Dhukhincool	32	Tarkessur

A. Mackenzie,
Offg Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

—

Establishment.

The 19th August 1873.

No. 299.—*Leave of Absence* —Baboo Grischunder Doss, Overseer, Third Grade, attached to the Goalpara and Kamroop Districts, is allowed privilege leave for two months, under Supplement F, Section 12, of the Civil Leave Code

[*Government Gazette*, *2nd September* 1873.]

নিষক্তের বিচার করিবার প্রার্থনা হইয়াছিল। ইনস্পেক্টর তাহারদিগকে ধরিয়া ফরিয়াদীর ঐ ৩২ টাকা ফিরিয়া দিতে প্রবৃত্তি দিলেন। ইনস্পেক্টর কাবিনা সাহেব ও বৈদ্যবাটীর সব-ইনস্পেক্টর অনেক২ বার লোকদিগকে জুয়া খেলিতে দেখিয়াছেন।

৫। দেখা গেল যে এই প্রকারের খেলা কেবল গত জুলাই মাস অবধি চলিতে লাগিয়াছে। উহার মধ্যে অত্যন্ত বাড়িয়া উঠিয়াছে। ঐ জুয়ারিরা প্রায়ই বাগদী, কাওরা, কৈবর্ত্ত প্রভৃতি নীচ জাতীয় হিন্দু লোক। কিন্তু উপরে যেমন লেখা হইয়াছে তেমনি কোন স্থানে মুসলমানেরাও তাহারদের সঙ্গে যুটিয়া যায়। গত জানুআরি মাসের ১ তারিখঅবধি এই জুয়া খেলা হইতেই মরটা পোলীস মোকদ্দমা উপস্থিত হইয়াছে সকলই চাপসারার নিকট উৎপন্ন হইল। রাস্তার ধারে তাস খেলা করিয়া লোক জমায়ত করণদ্বারা পথ অবরোধ করণ দোষে এগারো জনকে, ও পোলিসের কর্ম্মকারকেরা পথ তাড়াইয়া দিবার উদ্যোগ করিলে তাহারদের বাধা দেওন দোষে আর সাত জনকে, এই প্রকারে আঠারো জনকে বিচার হইবার নিমিত্ত চালান করা যায়।

৬। এই স্থানের জুয়ারিরা সাত আট জনে দল বাঁধিয়া বেড়ায়। এক২টা দলের সঙ্গে ১১।১২ বৎসর বয়সের এক২ জন বালক থাকে। সে প্রথমে ঐ দলের কোন লোকের সঙ্গে খেলা করিতে লাগে। করিয়া বালকটা জীতে। তাহাকে জেতা দেখিয়া অনেক লোক জমা হইয়া আইসে। পরে অন্য লোকেরা বালকের সঙ্গে খেলা করিতে বসে। বালক ঐ দলের কোন লোকের নিকট শিক্ষা পাইয়া ঐ২ ব্যক্তিকে জিতিয়া তাহারদের টাকা লয় পরে তাহারদের নানা দ্রব্য, শেষে গায়ের বস্ত্র পর্য্যন্ত লইয়া যায়। এই প্রকারের খেলাতে স্ত্রীলোকদেরও অধিক হানি হইয়া থাকে কেননা তাহারা আপনারদের গায়ের অলঙ্কার বাজী রাখিয়া হারিয়া যায়।

৭। ঐ দলের আর কএক জন পথে বেড়াইয়া২ উপযুক্ত লোককে দেখিতে পাইলে হাতে তাহাকে টাকা দেখাইয়া বলে, ঐ বালকের সঙ্গে খেলা করিয়া তাহাকে হারাইয়া এই টাকা পাইলাম।

৮। কেবল তিনখানি তাস লইয়া খেলা হইয়া থাকে। তাহার মধ্যে একখানি পূর্ব্বে নিরূপণ করা গেলে বালকটি শীঘ্র২ তাস ভাসিয়া ফেলে, তাহাতে যেটি নিরূপণ হইল কোন ব্যক্তি তাহা আপাতত দেখাইয়া দেয়। এইরূপে বালক পটু হইয়া সর্ব্বদাই জিতিয়া থাকে।

৯। যে নায়েবেরা ও গোমাশতারা ও চৌকীদারেরা পথের ধারে থাকে তাহারা জুয়ারিদের টাকার এক অংশ পাইয়া ঐ জুয়া খেলার সহায়তা করিয়া থাকে। রাজ্যধরপুর ও চাপসারা ও ছিনামোড় গ্রামের পাঁচ জন চৌকীদার প্রসিদ্ধ জুয়ারি। সে দিন ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে বাগদীজাতীয় কোন চৌকীদারের সন্তানের উত্তম নির্ম্মিত একটা বড় বাড়ী দেখাইয়া দেওয়া গেল কিন্তু লোকে বলে যে এক বৎসর হইল সেই সন্তানের গায়ে দিবার একখানি কেঁতাও ছিল না।

১০। যে লোকেরা এই পথ দিয়া যায় পোলীসের কর্ম্মকারকেরা সাধ্যমতে চেষ্টা করিয়া তাহারদিগকে ঐ জুয়ারিদেরহাতহইতে বাঁচাইয়া থাকে। কিন্তু তাহারা কি পর্য্যন্ত করিতে পারে। কেবল পথ অবরোধ কিম্বা দাঙ্গা হইয়া উঠিলে তাহারা হাত দিতে পারে। দাঙ্গা প্রায়ই হইয়া থাকে। কেবল তারকেশ্বরের পথে নয় শ্রীরামপুরহইতে ফ্রান্সীয়দের চন্দননগর পর্য্যন্ত যে বড় রাস্তা যায় ও তাহার পার্শ্বে গঙ্গার ধারের যে রাস্তা আছে তাহার ধারেও অনেক জুয়া খেলাহইয়া থাকে। অতএব বৈদ্যবাটীর রেলওয়ে ষ্টেশনহইতে তারকেশ্বর পর্য্যন্ত যে পথ যায় আমার বিবেচনায় সেই পথে ও তাহার দুইদিগের পার্শ্বে লিখিত* সকল গ্রামে ১৮৬৭ সালের ২ আইনের ১১ ধারা প্রচলিত করা বিহিত। আরো ফ্রান্সীয় চন্দননগরহইতে পশ্চিম যাইবার বড় রাস্তা বৈদ্যবাটী ও ভদ্রেশ্বর দিয়া যায় অতএব সেই২ নগরেও গঙ্গাধারের পূর্ব্বোক্ত রাস্তার ঐ ধারা প্রচলিত হইবার পরামর্শ দিতে চাহি। শ্রীরামপুরে সেই ধারা প্রবল আছেই।

১। শঙ্করপুর	১৭। বন্দিপুর *
২। দীর্ঘাঙ্গ	১৮। হামিরগাছা
৩। রাজ্যধরপুর	১৯। বামনপাড়া
৪। ছিনামোড়	২০। ঘনেশ্যামপুর
৫। চাপসারা	২১। গোপীনগর
৬। মাবপুরা	২২। বসুদেবপুর
৭। দেশাপাড়া	২৩। বালচবা
৮। নলিবপুর	২৪। কইকালা
৯। পুরুষোত্তমপুর	২৫। কীর্ত্তিনগর
১০। মল্লিকপুর	২৬। বেকরা
১১। রঘুপুর	২৭। বাববকন্দ
১২। সিঙ্গুর	২৮। কাইনপুর
১৩। দলুইগাছা	২৯। বাকবরী
১৪। নালিকুল	৩০। বালগুডী
১৫। বড়গাছা	৩১। বাঞ্চীপুর
১৬। দক্ষিণকুল	৩২। তারকেশ্বর

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৭৩ সাল ১৯ আগষ্ট।

২৯৯ নম্বর।—ছুটী।—গোয়ালপাড়া ও কামরূপ জিলায় নিযুক্ত তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু গিরীশচন্দ্র দাস সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

No. 300.—Baboo Ootum Kristo Sircar, Overseer, First Grade, attached to the Burdwan District, is allowed privilege leave for twelve days, under Supplement F, Section 12, of the Civil Leave Code, in addition to that already granted* to him

* Bengal Government (Public Works Department) Notification No. 201, dated 28th May 1873

The 21st August 1873.

No. 301.—*Transfers.*—Mr. C. H. Ringwood, Assistant Engineer, Second Grade, from the Luckimpore and Seebsaugor to the Goalpara and Kamroop Districts.

No. 302.—Baboo Gopaul Govind Chowdry, Accountant, Fourth Grade, from the Dacca District to the Central Office of Accounts, Bengal.

No. 303.—*Appointments.*—Mr. E. Lumsden is appointed as an Accountant, Fourth Grade, on probation, and posted to the Dacca District.

No. 304.—Mr. G. Gray is appointed as an Accountant, Fourth Grade, on probation, and posted to the Central Office of Accounts, Bengal.

The 22nd August 1873.

No. 305.—*Notification.*—Baboo Moorari Mohun Goopto, Supervisor, Second Grade, attached to the Howrah and Hooghly Districts, availed himself of four months' sick leave from the 9th August 1873

No. 306.—*Leave of Absence.*—Mr. J. Bradshaw, Overseer, First Grade, attached to the Moorshedabad District, is allowed privilege leave for three months under Supplement F, Section 12, of the Civil Leave Code, with effect from the 12th August 1873, afternoon.

No. 307.—The following order issued by the Government of India, Public Works Department, is republished for information .—

No. 523 *of the* 12*th August* 1873.—Baboos Rakhal Dass Chatterjee and Kally Sunkur Chatterjee are appointed to the Public Works Department as Probationary Assistant Engineers, Third Grade, and posted to Bengal Provincial Establishment.

The 25th August 1873.

No. 308.—*Leave of Absence.*—Mr. J. Fennessy, Executive Engineer, Second Grade, Dinagepore and Maldah Districts, for two years on medical certificate, under Supplement F, Section 3, of the Civil Code, to proceed to Europe.

IRRIGATION.

NOTIFICATIONS.

Establishment.

The 22nd August 1873.

No. 338.—*Notification.*—Mr. C. E. Livesay, Assistant Engineer, First Grade, officiated as Executive Engineer, Dehree Division, from the afternoon of the 13th to the afternoon of the 17th June 1873.

No. 339.—Mr. C. Fouracres, Executive Engineer, Third Grade, officiated as Executive Engineer, Dehree Division, from the afternoon of the 17th to the forenoon of the 23rd June 1873.

No. 340.—*Leave.*—Mr G. Toynbee, c.s, Canal Revenue Superintendent, Orissa availed himself of the privilege leave granted him in the order, marginally noted, on the afternoon of the 11th August 1873.

No. 283, dated 15th July 1873

No. 341.—*Notifications.*—Corporal M. Doyle, Overseer, First Grade, rejoined the Arrah Division from privilege leave on the 12th August 1873.

The unexpired portion of the leave is hereby cancelled.

[*Government Gazette, 2nd September* 1873.]

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৮শের ২০১ নং বিজ্ঞাপন।

৩০০ নম্বর।—বর্দ্ধমান জিলার নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু উমাকৃষ্ণ সরকার যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে বার দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩১৮৭৩ সাল ২১ আগষ্ট।

৩০১ নম্বর।—স্থানান্তরে নিয়োগে।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এচ, রিংউড সাহেব লক্ষীপুর ও শিবসাগর জিলাহইতে গোয়ালপাড়া ও কামরূপ জিলায় প্রেরিত হইয়াছেন।

৩০২ নম্বর।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু গোপালগোবিন্দ চৌধুরী ঢাকা জিলাহইতে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে প্রেরিত হইয়াছেন।

৩০৩ নম্বর।—নিয়োগ।—শ্রীযুত ই লমসডেন সাহেব পরীক্ষার্থে চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া ঢাকা জিলায় অবস্থিত হইয়াছেন।

৩০৪।—শ্রীযুত জি গ্রে সাহেব পরীক্ষার্থে চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে অবস্থিত হইয়াছেন।

১৮৭৩ সাল ২২ আগষ্ট।

৩০৫ নম্বর।—বিজ্ঞাপন।—হাবড়া ও হুগলী জিলায় নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু মুরারি মোহন গুপ্ত ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৯ তারিখঅবধি পীড়াপ্রযুক্ত চারি মাস ছুটী গ্রহণ করেন।

৩০৬ নম্বর।—ছুটী।—মুরশিদাবাদ জিলায় নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত জে ব্রাউণ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১২ তারিখের অপরাহ্ণ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ২৫ আগষ্ট।

৩০৮ নম্বর।—ছুটী।—দিনাজপুর ও মালদহ জিলায় দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে কেনসি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ইউরোপে গমনার্থে দুই বৎসর ছুটী পাইয়াছেন।

জলসেচনসম্পর্কীয়।

বিজ্ঞাপন।

সিরিশতা বিষয়ক।

১৮৭৩ সাল ২২ আগষ্ট।

৩৩৮ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ই, লাইবসে সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ১৩ তারিখের অপরাহ্ণ অবধি ১৭ তারিখের অপরাহ্ণ পর্য্যন্ত দেহড়ী খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন।

৩৩৯ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ফোরেকর্স সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ১৭ তারিখের অপরাহ্ণ অবধি ২৩ তারিখের পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত দেহড়ী খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন।

৩৪০ নম্বর।—ছুটী।—উড়িষ্যার খালের রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি টরনরি সাহেব, সি এস, পার্শ্বের লিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহ ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১১ তারিখের অপরাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের ১৫ জুলাইর ২৮৩ নম্বর।

৩৪১ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র কর্পোরাল এম ডয়ল সাহেব অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১২ তারিখে আরাখণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

উক্ত ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

No. 342.—Mr. T. R. Roberts, Assistant Engineer, First Grade, rejoined the Brahminee Division from privilege leave on the afternoon of the 6th August 1873.

No. 343. Mr. H. Herd, Temporary Sub-Engineer, Third Grade, rejoined the Dehree Division from privilege leave on the forenoon of the 5th August 1873.

The 23rd August 1873.

No. 344—Baboo Nuddea Ram Moonah, Sub-Overseer, First Grade, joined the Cossye Division on the afternoon of the 18th August 1873.

The 25th August 1873.

No 345.—*Posting.*—Mr F. B Pemberton, Executive Engineer, Third Grade, to the Balasore Survey Division, which he joined on the forenoon of the 11th August 1873.

No. 346.—*Leave*—M F. Taylor, Executive Engineer, Fourth Grade, Hidgellee Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted, on the afternoon of the 15th August 1873.

No 298, dated 24th July 1873

H. W. GULLIVER, *Lieut.-Col*, R E.,
Offg Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

৩৪২ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি আর রবর্টস সাহেব অনুগ্রহের ছুটী-হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৬ তারিখের অপরাহ্নে ব্রাহ্মণী খণ্ডে পুনরায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৪৩ নম্বর।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত এচ হার্ড সাহেব অনুগ্রহের ছুটীহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৫ তারিখের পূর্ব্বাহ্ণে মেহড়ী খণ্ডে পুনরায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ২৩ আগষ্ট।

৩৪৪ নম্বর।—প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু নদীবারাম মুনা ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৮ তারিখের অপরাহ্নে কসুই খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ২৫ আগষ্ট।

৩৪৫ নম্বর।—অবস্থিতির কথা।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ বি পেম্বরটন সাহেব বালেশ্বরের জরীপীখণ্ডে অবস্থিত হইলেন। তিনি ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করেন।

৩৪৬ নম্বর।—ছুটী।—হিজলী খণ্ডের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ টেলর সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৫ তারিখের অপরাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের ২৪ জুলাইর ২৯৬ নম্বর।

এচ, ডবলিউ, গলিবর, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেন্টের
একটিং জাইন্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 2, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২ সেপ্টেম্বর।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 14th August 1873, and was referred to a Select Committee with instructions to make their report thereon in four months —

No. 16 of 1873.

THE EUROPEAN VAGRANCY BILL, 1873.

CONTENTS.

PREAMBLE

PART 1.

PRELIMINARY.

SECTIONS

1. Short title.
   Local extent.
   Commencement.
2. Repeal of Acts
3. Interpretation-clause

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৪ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইলে চারি মাসের মধ্যে তাঁহারদের রিপোর্ট করিবার আদেশ হইল।

১৮৭৩ সালের ১৬ নম্বর।

ইউরোপীয় বেটুসাবিষয়ক ১৮৭৩ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

হেতুবাদ।

প্রথম খণ্ড।

পরিভাষা।

ধারা।

১। আইনের সংক্ষেপ নাম।
যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।
যে অবধি চলিবে তাহার কথা।
২। যেং আইন রহিত করা যাইবে তাহার কথা।
৩। অর্থ করণের ধারা।

PART II.

Procedure.

PART III.

Government Workhouses.

PART IV

Removal from India.

PART V

Penalties

দ্বিতীয় খণ্ড।

কাৰ্য্য প্রণালীর বিধি।

তৃতীয় খণ্ড।

গবর্ণমেণ্টের হরিনবাড়ীর বিধি।

চতুর্থ খণ্ড।

দেশান্তরে পাঠাইবার বিধি।

পঞ্চম খণ্ড।

দণ্ডের বিধি।

A Bill to consolidate and amend the Law relating to European Vagrancy.

Preamble

Whereas it is expedient to consolidate and amend the Laws relating to persons of European extraction who wander in a destitute condition throughout India, It is hereby enacted as follows.—

PART I.

PRELIMINARY.

Short title

1. This Act may be called "The European Vagrancy Act, 1873."

[*Government Gazette, 2nd September* 1873.]

ইউরোপীয় লোকদের বেটুয়াগিরি করণ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ইউরোপীয় লোকদের বংশজ যে লোকেরা দীনাবস্থায় ভারতবর্ষের নানা স্থানে বেড়ায় তাহারদের বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

পারিভাষা।

আইনের সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "ইউরোপীয় বেটুয়া-বিষয়ক ১৮৭৩ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

It extends to the whole of British India and to the dominions of Princes and States in India in alliance with Her Majesty;

Local extent.

And it shall come into force at once: Provided that sections four to sixteen (both inclusive), nineteen, twenty, twenty-four, and twenty-nine, shall not come into force in Coorg, or in the Andaman and Nicobar Islands, or in any of the dominions of the Princes and States in India in alliance with Her Majesty not situate within the limits of any Presidency, Lieutenant-Governorship, or Chief Commissionership in British India, until such day or respective days as the Governor-General in Council from time to time, by notification in the *Gazette of India*, appoints in this behalf.

Commencement.

2. Acts No. XXI of 1869 (*to provide against European Vagrancy*) and No. XXVIII of 1871 (*to amend the European Vagrancy Act*, 1869) are hereby repealed.

Repeal of Acts

But all appointments and orders made, workhouses provided, certificates given, powers conferred, rules prescribed, and exemptions granted, under the former Act, shall be deemed to have been respectively made, provided, given, conferred, prescribed, and granted under this Act

Interpretation-clause.

3. In this Act—

"Person of European extraction"

"Person of European extraction" includes Americans and Australasians

"Vagrant"

"Vagrant" means a person of European extraction found asking for alms, or wandering about without any employment or visible means of subsistence

"Master of a ship"

"Master of a ship" includes any person in charge of a decked vessel

"Magistrate."

And in Parts III and V of this Act "Magistrate" means, within the limits of the towns of Calcutta, Madras, and Bombay, a Magistrate of Police, and, outside those limits, a person exercising powers under the Code of Criminal Procedure not less than those of a Magistrate of the second class.

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে এবং শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে ভারতবর্ষীয় যেং রাজগণ ও রাজ্যাধিকার সন্ধিবদ্ধ আছেন তাঁহারদের রাজ্যেও প্রচলিত হইবে।

যে অবধি চলিবে তাহার কথা।

এই আইন একেবারে প্রচলিত হইবে। কিন্তু কুর্গে কিম্বা আন্দামান ও নিকবার উপদ্বীপে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজগণের যে দেশ ও যে রাজ্যাধিকার ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন প্রেসীডেন্সীর কি লেপ্টেনেন্ট গবরণর কি প্রধান কমিশ্যনর সাহেবদের শাসনাধীন দেশের সীমার মধ্যে না থাকে সেইং দেশে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের ৪ অবধি ১৬ পর্য্যন্ত সমস্ত ধারা ও ১৯, ২০, ২৪ ও ২৯ ধারা প্রচলিত হইবার যে দিন কি যেং দিন নিরূপণ করেন তৎপূর্ব্বে ঐং ধারা তথায় প্রচলিত হইবে না ইতি।

যেং আইন রহিত করা যাইবে তাহার কথা।

২ ধারা। ইউরোপীয় লোকদের অন্যায় পরিভ্রমণ নিবারণের বিধান করণার্থ ১৮৬৯ সালের ২১ আইন এবং ইউরোপীয়দের অন্যায় পরিভ্রমণ বিষয়ক ১৮৬৯ সালের আইন সংশোধন করণার্থ ১৮৭১ সালের ২৮ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু প্রথমোক্ত আইনমতে যে সকল নিয়োগ ও আজ্ঞা করা যায় ও যেং কর্ম্মাগারের বিধান করা যায় ও যেং সর্টিফিকট দেওয়া যায় ও যে ক্ষমতা অর্পণ করা যায় ও যে বিধি নির্দ্দিষ্ট হয় ও যেং নিষ্কৃতি দেওয়া যায় তাহা এই আইনমতে করা গেল ও দেওয়া গেল ও অর্পিত ও নির্দ্দিষ্ট হইল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। এই আইনে—

"ইউরোপীয় লোকদের বংশজ।"

"ইউরোপীয় লোকদের বংশজ" এই কথার মধ্যে আমেরিকা ও অষ্ট্রেলিয়া দেশের লোকও গণ্য।

"বেটুয়া।"

"বেটুয়া" শব্দে ইউরোপীয় লোকদের বংশজ যে ব্যক্তিকে ভিক্ষা করিতে কিম্বা নিষ্কর্ম্ম হইয়া কি জীবিকা নির্ব্বাহের স্পষ্ট উপায় বিনা স্থানেং বেড়াইতে দেখা যায় তাহাকে বুঝাইবে।

"জাহাজের অধ্যক্ষ।"

ডুতকওয়ালা কোন নৌকাদিতে যে ব্যক্তি অধ্যক্ষ হন "জাহাজের অধ্যক্ষ" শব্দে তিনিও গণ্য।

"মাজিষ্ট্রেট।"

এই আইনের তৃতীয় ও পঞ্চম খণ্ডে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার মধ্যে "মাজিষ্ট্রেট" শব্দে পোলীসের মাজিষ্ট্রেটকে বুঝাইবে। ঐ সীমার বহির্ভূত স্থানে যে ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন অনুসারে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ন্যূন ক্ষমতাক্রমে কার্য্য না করেন তাঁহাকে বুঝাইবে ইতি।

PART II.

PROCEDURE.

Power to require apparent vagrant to go before Magistrate.

4. Any Police officer may within the limits of the towns of Calcutta, Madras, and Bombay, require any person who is apparently a vagrant to accompany him or any other Police officer to, and to appear before, the nearest Magistrate of Police, and may, without those limits, require any such person to accompany him or any other Police officer to, and to appear before, the nearest Justice of the Peace exercising the powers of a Magistrate of the first class under the Code of Criminal Procedure.

Summary inquiry into vagrant's circumstances.

5. The Magistrate of Police or Justice shall make a summary inquiry into the circumstances and character of the alleged vagrant; and if he is satisfied that such person is a vagrant, he shall record in his office a declaration to that effect.

Order to go to workhouse.

If he is further of opinion that the vagrant is not likely to obtain employment at once, or if he has reason to believe that a declaration of vagrancy has on any former occasion been recorded in respect of such vagrant, he shall require the vagrant to go to a Government workhouse, and shall draw up an order to that effect.

The vagrant shall then be placed in charge of the Police for the purpose of being forwarded to the workhouse, and the said order shall be a sufficient authority to the Police for retaining him in their charge while he is on his way to the workhouse, and to the governor of the workhouse for receiving and detaining such vagrant

Forwarding vagrant to place of employment

6. Where the officer making the inquiry mentioned in section five is of opinion that the vagrant is likely to obtain employment in any place subject to the local Government, or (when the vagrant is in any part of the said dominions) in any place subject to the nearest local Government, such officer may in his discretion forward the vagrant to such place in charge of the Police and draw up an order to that effect.

Such order shall be a sufficient authority to the Police for retaining the vagrant in their charge while he is on his way to such place of employment.

[*Government Gazette, 2nd September* 1873.]

দ্বিতীয় খণ্ড।

কার্য্য প্রণালীর বিধি।

যাহাকে বেটুয়া জ্ঞান হয় তাহাকে মাজিষ্ট্রেটের নিকট যাইতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার মধ্যে যাহাকে দেখিলে বেটুয়া বোধ হয়, পোলীসের কোন কর্ম্মকারক এমত ব্যক্তিকে আপনার কি পোলীসের অন্য কর্ম্মকারকের সঙ্গে২ পোলীসের অতিনিকট মাজিষ্ট্রেটের নিকট গিয়া উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও উক্ত সীমার বহির্ভূত স্থানে তদ্রূপ কোন ব্যক্তিকে আপনার কিম্বা পোলীসের অন্য কর্ম্মকারকের সঙ্গে২ গিয়া ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ অতিনিকট জষ্টিসের সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিতে পারিবেন ইতি।

সরাসরীমতে বেটুয়ার অবস্থার সন্ধান লইবার কথা।

৫ ধারা। যাহাকে বেটুয়া বলা গেল পোলীসের মাজিষ্ট্রেট কিম্বা জষ্টিস সরাসরীমতে তাহার অবস্থার ও চরিত্রের অনুসন্ধান লইবেন। ও সেই ব্যক্তি বেটুয়া ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে তিনি আপন আফিসে সেই মর্ম্মের নির্দ্দেশ লিপি লিখিয়া রাখিবেন।

হরিনবাড়ীতে যাইবার আজ্ঞার কথা।

আরো তৎকালে ঐ বেটুয়ার কর্ম্ম পাইবার সম্ভাবনা নাই এমত জ্ঞান করিলে, অথবা পূর্ব্ব কোন সময়ে তাহার বেটুয়া হওনবিষয়ক নির্দ্দেশ লিপি লেখা গিয়াছে এমত জানিবার কারণ থাকিলে, তিনি ঐ বেটুয়াকে গবর্ণমেণ্টের হরিনবাড়ীতে যাইতে আজ্ঞা করিয়া সেই মর্ম্মের আজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

তাহা হইলে বেটুয়াকে ঐ হরিনবাড়ীতে আনাইবার জন্যে পোলীসের জিম্মা করিয়া দেওয়া যাইবে, ও সেই আজ্ঞাপত্র হরিনবাড়ী যাইবার পথে বেটুয়াকে পোলীসের জিম্মায় রাখিবার ও তাহাকে হরিনবাড়ীর অধ্যক্ষের আটক করিয়া রাখিবার যথোচিত ক্ষমতাপত্র হইবে ইতি।

বেটুয়াকে কর্ম্ম স্থানে চালান করিবার কথা।

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত দেশের কোন স্থানে বেটুয়ার কর্ম্ম পাওয়ার সম্ভাবনা, কিম্বা বেটুয়া পূর্ব্বোক্ত রাজ্যের কোন স্থানে থাকিলে অতিনিকট স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত কোন স্থানে তাহার কর্ম্ম পাওয়ার সম্ভাবনা, যে কার্য্যকারক ৫ ধারার উল্লিখিত অনুসন্ধান লন তাঁহার এমত বোধ হইলে তিনি স্বীয় বিবেচনামতে সেই বেটুয়াকে পোলীসের জিম্মা করিয়া দিয়া সেই স্থানে চালান করিবেন ও সেই মর্ম্মের আজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

সেই পত্র বেটুয়াকে সেই কর্ম্ম স্থানে যাইবার পথে পোলীসের জিম্মায় রাখিবার যথোচিত ক্ষমতাপত্র হইবে ইতি।

7. Upon his arrival at the place of employment, the vagrant shall be taken before the nearest Magistrate of Police or Justice of the Peace exercising powers as aforesaid, to whom the order for transmission shall be delivered.

Assistance to obtain employment

Such officer shall thereupon, to the best of his ability, assist the vagrant in seeking employment, and may in the meantime, if he think fit, keep the vagrant in the charge of the Police

Should the vagrant fail to obtain suitable employment within a reasonable time not exceeding fifteen days from such arrival, such officer shall forward him to a Government workhouse in the manner provided by section five

৭ ধারা । কর্ম্মস্থানে পঁহুছিলে, বেটুয়াকে পোলীসের অতি নিকট মাজিষ্ট্রেটের কিম্বা পূর্ব্বোক্ত ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকট উপস্থিত করা যাইবে ও তাঁহাকে সেই ব্যক্তির চালান করিবার আজ্ঞাপত্র দেওয়া যাইবে।

কর্ম্ম পাইবার সাহায্যের কথা।

তাহা হইলে সেই কর্ম্মকারক ঐ ব্যক্তির কর্ম্ম পাইবার চেষ্টায় সাধ্যমতে তাহার সাহায্য করিবেন। ইতিমধ্যে উচিত বোধ করিলে তাহাকে পোলীসের জিম্মায় রাখিতে পারিবেন।

পঁহুছিবার পনেরো দিনের অনধিক উপযুক্ত কোন সময়ের মধ্যে ঐ বেটুয়া কর্ম্ম না পাইলে সেই কর্ম্মকারক ৫ ধারার বিধানমতে তাহাকে গবর্ণমেণ্টের হরিনবাড়ীতে পাঠাইবেন ইতি।

8. Every person while in charge of the Police, whether before inquiry as to his vagrancy, or while he is on his way, under section five, to the workhouse, or, under section six, to a place of employment, shall be entitled to an allowance for his subsistence at the rate of eight annas per diem.

Subsistence allowance

The Magistrate of Police or Justice, before whom any vagrant is taken under section seven, may, if he think fit, order the vagrant to receive a similar allowance while he is seeking employment.

The local Government shall cause such allowance to be paid out of such funds at its disposal and in such manner as it may from time to time direct.

৮ ধারা । কোন ব্যক্তির বেটুয়াগিরি করিবার কথার সন্ধান লইবার পূর্ব্বে কিম্বা ৫ ধারামতে সে হরিনবাড়ীতে কিম্বা ৬ ধারামতে কর্ম্মস্থানে যাইবার পথে যত কাল পোলীসের জিম্মায় থাকে, তত কাল তাহার দিন প্রতি ।৷০ আনা খোরাকী পাইবার অধিকার থাকিবে।

খোরাকীর কথা।

৭ ধারামতে পোলীস মাজিষ্ট্রেটের কি জষ্টিসের নিকটে বেটুয়াকে উপস্থিত করা গেলে, তিনি উচিত বোধ করিলে বেটুয়া যত দিন কর্ম্মের চেষ্টা করে তাহার তত দিন সেই খোরাকী পাইবার আজ্ঞা দিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের নিকট খরচ করিবার নিমিত্ত যে তহবীল থাকে তাহা হইতে গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারে ঐ খোরাকী দিতে আজ্ঞা করেন তাহা সেই প্রকারে দেওয়া যাইবে ইতি।

9. Any Magistrate of Police or Justice of the Peace exercising powers as aforesaid may, on being satisfied that any person of European extraction is not likely to become a vagrant, give such person a certificate under his hand stating that for a certain time (mentioning it) not exceeding six months from the date of the certificate, and within certain limits (mentioning them), nothing in sections four, five, six, and seven shall apply to the holder of such certificate, and thereupon (subject to the provisions contained in sections twenty-three and twenty-four) nothing in sections four, five, six, and seven shall apply to such person for such time and within such limits as aforesaid.

Power to give certificates

Every such certificate shall be in the form set forth in the first schedule to this Act annexed, or as near thereto as circumstances will admit.

Form of certificate

৯ ধারা । ইউরোপীয় লোকের বংশজ কোন ব্যক্তির বেটুয়া হওয়ার সম্ভবনা নাই, পোলীসের কোন মাজিষ্ট্রেট কিম্বা পূর্ব্বোক্ত ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিস ইহা সুবোধমতে জানিলে, সর্টিফিকট স্বাক্ষর করিয়া সেই ব্যক্তিকে দিতে পারিবেন। সর্টিফিকটের মর্ম্ম এই, ঐ সর্টিফিকট যাহাকে দেওয়া গেল সর্টিফিকটের তারিখঅবধি ছয় মাসের অনধিক এতকাল অমুক২ সীমার মধ্যে তাহার প্রতি ৪, ৫, ৬, ও ৭ ধারার কোন কথা বর্ত্তিবে না। তাহা হইলে (২৩ ও ২৪ ধারার বিধান প্রবল মানিয়া) উক্ত কালপর্য্যন্ত ও উক্ত সীমার মধ্যে ঐ ব্যক্তির প্রতি ৪, ৫, ৬ ও ৭ ধারার কোন কথা বর্ত্তিবে না।

সর্টিফিকট দিবার ক্ষমতার কথা।

উক্ত প্রত্যেক সর্টিফিকট এই আইনের প্রথম তফসীলের পাঠে কিম্বা গতিক বিবেচনায় তদনুসারে লেখা যাইবে ইতি।

সর্টিফিকটের পাঠ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৩ । ২ সেপ্টেম্বর ।]

Power to invest certain officials with jurisdiction of Justices under sections 5, 7, 8, and 9.

10. The local Government may from time to time, by notification in the official Gazette, invest any Justice of the Peace, District Superintendent of Police, or Assistant District Superintendent of Police, with the jurisdiction and powers conferred by this Part on a Justice of the Peace exercising powers as aforesaid.

কোনং কর্ম্মকারকদের প্রতি ৫, ৭, ৮, ৯ ধারামতে জষ্টিসদের বিচারাধিপত্য প্রদান করিবার কথা।

১০ ধারা। এই খণ্ডদ্বারা পূর্ব্বোক্ত ক্ষমতামত কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি যে বিচারাধিপত্য ও যে ক্ষমতা দেওয়া গেল, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের ও পোলীসের কোন ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ও পোলীসের কোন আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের প্রতি সেই বিচারাধিপত্য ও ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

PART III.

Government Workhouses.

Provision of Government workhouses

11. The local Government, with the previous sanction of the Governor-General in Council, may provide workhouses with their necessary furniture and establishment, at such places as it may think proper, for the temporary reception of vagrants,

or may, by writing under the hand of a Secretary to such Government, certify any building, or part of a building, not provided as a workhouse under the former part of this section, to be fit for a workhouse for the purposes of this Act. Every such certificate shall be published in the local official *Gazette*, and thereupon such building or part of a building shall, until the local Government otherwise orders, be deemed a Government workhouse under this Act.

তৃতীয় খণ্ড।

গবর্ণমেণ্টের হরিনবাড়ীর বিধি।

গবর্ণমেণ্টের হরিনবাড়ী নিরূপণ করিবার কথা।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যেং স্থান উপযুক্ত বোধ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি লইয়া এমত স্থানেং বেটুয়াদের কিয়ৎকাল থাকিবার হরিনবাড়ী নিরূপণ করিতে পারিবেন ও তথায় প্রয়োজনমতে লওয়াজিমা ও চাকরপ্রভৃতি নিযুক্ত করিয়া রাখিতে পারিবেন।

অথবা কোন ঘর কিম্বা ঘরের কোন অংশ এই ধারার পূর্ব্ব ভাগানুসারে হরিনবাড়ীর মত সাজাইয়া রাখা না গেলেও ঐ গবর্ণমেণ্টের একজন সেক্রেটরী সাহেব ঐ ঘর কি ঐ ঘরের এক অংশ এই আইনের কার্য্যপক্ষে হরিনবাড়ীর উপযুক্ত বলিয়া আপনার স্বাক্ষর করা সর্টিফিকট দিতে পারিবেন। ঐ প্রত্যেক সর্টিফিকট তৎস্থানের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল অন্যরূপ আজ্ঞা না করেন তত কাল সেই ঘর কিম্বা ঘরের সেই অংশ এই আইনমতে গবর্ণমেণ্টের হরিনবাড়ী বলিয়া জ্ঞান হইবে।

Scale of diet.

The local Government shall allow the same scale of diet for the support of vagrants received in such workhouses as is for the time being allowed for Europeans confined in the local prisons or penitentiaries.

আহারের নিয়মের কথা।

ইউরোপীয় লোক স্থানীয় কারাগারে কিম্বা চরিত্র সংশোধনালয়ে বদ্ধ হইলে যে সময়ে যে হারানুসারে আহার পাইয়া থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট হরিনবাড়ীতে সেই বেটুয়াদের সেই হারানুসারে আহারাদি পাইবার অনুমতি দিবেন ইতি।

Superintendence of workhouses.

12. Every such workhouse shall be under the immediate charge of a governor, who shall be appointed, and may be suspended or removed, by the local Government

Every such governor shall, if the local Government think fit, be subject to the orders of a Committee of Management appointed from time to time by such Government, or, in the absence of a Committee, to the orders of such officer as the local Government from time to time appoints in this behalf.

[*Government Gazette*, 2nd *September* 1873.]

হরিনবাড়ীর কর্ত্তৃত্বের কথা।

১২ ধারা। তদ্রূপ প্রত্যেক হরিনবাড়ী অব্যবহিতরূপে কর্ত্তার অধীন থাকিবে। স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করিবেন এবং কিয়ৎকালের কি চিরকালের নিমিত্ত অবসরও করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে সময়েং ঐ হরিনবাড়ীর কার্য্যাধ্যক্ষস্বরূপ কমিটী নিযুক্ত করিতে পারিবেন, তাহা হইলে ঐ কর্ত্তা ঐ কমিটীর আজ্ঞাধীনে থাকিবেন, অথবা কমিটী না থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার আজ্ঞাধীনে থাকিবেন ইতি।

13. Every such governor may order that any vagrant admitted to the workhouse unde his charge shall be searched, and that the vagrant's bundles, packages, and other effects shall be inspected, and may direct that any money then found with or on the vagrant, shall be applied (subject to the orders of the local Government) towards the expense of carrying this Act into execution, and may order that all or any of the said effects shall be sold, and that the produce of the sale be applied as aforesaid, but subject to the like orders.

Search of vagrants.

১৩ ধারা। তদ্রূপ প্রত্যেক কর্ত্তার অধীন যে হরিনবাড়ী থাকে তন্মধ্যে বেটুয়াকে লওয়া গেলে, কর্ত্তা তাহার গাত্তলাশীও তাহার গাঁটরি বোঁচকা প্রভৃতি সকল দ্রব্য খুলিয়া দেখিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহার নিকট কি তাহার কাছে টাকা থাকিলে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সেই টাকা লইয়া এই আইনমতে কার্য্যের খরচের জন্যে প্রয়োগ করিবার আজ্ঞা করিবেন। এবং উক্ত দ্রব্যাদির সমুদয় কি কোন অংশ বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহাও সেই কর্ম্মে প্রয়োগ করিবার আজ্ঞা দিতে পারিবেন। এমত স্থলে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার অপেক্ষা থাকিবে ইতি।

বেটুয়াদের গাত্তলাশীর কথা।

14 Vagrants admitted to workhouses under this Act shall be subject to such rules of management and discipline as may from time to time be prescribed by the local Government with the previous sanction of the Governor-General in Council.

Discipline

Any governor of a workhouse (if authorised in this behalf by the local Government) may punish any vagrant who knowingly disobeys or neglects any such rule—

(*a*) by imprisoning him in solitary confinement for any time not exceeding seven days,

(*b*) by ordering him for any time not exceeding three days to close confinement, to be there kept upon a diet reduced to such extent as the local Government shall prescribe, or

(*c*) by hard labour for any time not exceeding seven days.

And any such vagrant shall also, on conviction before a Magistrate, be punishable with rigorous imprisonment for a term which may extend to three months.

১৪ ধারা। এই আইনমতে বেটুয়াদিগকে হরিনবাড়ীতে লওয়া গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরেল সাহেবের অনুমতি লইয়া সময়ে২ ঐ বাড়ীর কার্য্যসম্পাদনের ও শাসনের যে২ বিধি করেন তাহারা সেই২ বিধি মানিবে।

শাসনের কথা।

কোন বেটুয়া জানিয়া শুনিয়া উক্ত কোন বিধি না মানিলে কি তুচ্ছ করিলে হরিনবাড়ীর কর্ত্তা স্থানীয় গবর্ণমেণ্টের নিকট ক্ষমতা পাইলে এই২ প্রকারে ঐ বেটুযার দণ্ড করিতে পারিবেন।

(ক) সাত দিনের অনধিক কাল তাহাকে একলা বদ্ধ রাখিতে পারিবেন।

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট তাহার যত কম আহার পাইবার অনুমতি দেন তাহাকে তত কম আহার দিয়া তিন দিনের অনধিককাল দৃঢ়মতে বদ্ধ করিয়া রাখিতে পারিবেন।

(গ) সাত দিনের অনধিক কাল তাহাকে কঠিন পরিশ্রম করাইতে পারিবেন।

আরো মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে তাহার তিন মাসের অনধিক কঠোর কারাদণ্ড হইতে পারিবে ইতি।

15. The governor and the Committee of Management (if any) of every such workhouse shall use his and their best endeavours to obtain outside the workhouse suitable employ- for the vagrants admitted thereto.

Refusal to accept employment

When such employment is obtained, any such vagrant refusing or neglecting to avail himself thereof, shall, on conviction before a Magistrate, be punishable with rigorous imprisonment for a term which may extend to one month

১৫ ধারা। বেটুয়াদিগকে হরিনবাড়ীতে আনা গেলে হরিনবাড়ীর কর্ত্তা এবং কার্য্যাধ্যক্ষ কমিটী থাকিলে সেই কমিটী সাধ্যমতে যত্ন করিয়া ঐ হরিনবাড়ীর বাহিরে ঐ বেটুয়াদের জন্যে উপযুক্ত কর্ম্মের চেষ্টা করিবেন।

কর্ম্ম লইতে স্বীকার না করিলে তাহার কথা।

তদ্রূপ কর্ম্ম পাওয়া গেলে যদি বেটুয়া তাহা লইতে না চাহে কিম্বা লইতে শৈথিল্য করে তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার কঠিন পরিশ্রম সহিত এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

PART IV.

Removal from India.

Removal of vagrants.

Cost of removal.

16. If after the lapse of a reasonable time no suitable employment is obtainable for any such vagrant, the local Government may either (when he has entered into such agreement as hereinafter mentioned) cause him to be removed from British India in manner hereinafter provided, the cost of such removal being paid by Government;

or it may cause sections twenty-three and thirty to be read to him and may then release him.

Agreements with vagrants.

17. Any vagrant or other person of European extraction may enter into an agreement in writing with the Secretary of State for India in Council, binding himself—

(*a*) to proceed to such port in British India as shall be mentioned in the agreement;

(*b*) there to embark on board such ship and at such time as is directed by an officer appointed in this behalf by the local Government of the territories in which such port is situate, for the purpose of being removed from India at the expense of the said Secretary of State in Council;

(*c*) to remain on board such ship until she has arrived at her port of destination; and

(*d*) not to return to India until five years have elapsed from the date of such embarkation.

Form of agreement.

Every such agreement may be on unstamped paper, and shall be in the form set forth in the second schedule to this Act annexed, or as near thereto as circumstances admit.

Power to perform agreement.

18. The local Government of the territories in which the said port is situate, may enter into such contracts for conveyance or otherwise, and perform such other acts as may be necessary to carry out such agreement on the part of the said Secretary of State in Council.

PART V.

Penalties.

Refusal to go before Magistrate.

19. Any person refusing or failing to accompany a Police officer to, or to appear before, a Magistrate of Police or Justice of the Peace, for the purpose of preliminary inquiry, when

চতুর্থ খণ্ড।

দেশান্তরে পাঠাইবার বিধি।

বেটুয়াদিগকে দেশান্তরে পাঠাইবার কথা।

স্থানান্তরে পাঠাইবার খরচের কথা।

১৬ ধারা। উপযুক্ত সময় গত হইলেও যদি উক্ত কোন বেটুয়ার জন্যে উপযুক্ত কর্ম পাওয়া যাইতে না পারে, তবে সেই ব্যক্তি নিম্নলিখিত নিয়মপত্র লিখিয়া দিলে স্থানীয় গবর্ণমেণ্ট নিম্নলিখিতমতে তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষহইতে ভিন্নদেশে পাঠাইতে পারিবেন। স্থানান্তরে পাঠাইবার খরচ গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে।

অথবা তাহার নিকটে ২৩ ও ৩০ ধারার কথা পাঠ করাইয়া তাহাকে ছাড়িয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

বেটুয়াদের সহিত নিয়মপত্রের কথা।

In Section 5, Chapter XXI, page 307, expunge Clause 4, and after the word "time" in Clause 6 add, as a new sentence—For the discount allowable on purchases of Postage Stamps, *vide* Rules published at pages 350-371 of *India Gazette*, dated 12th July 1873

No. 3

THE attention of divisional and district officers is drawn to the following Resolution by the Government of India, in the Financial Department, No. 1763, dated 24th July 1873, regarding the cancelation of adhesive Court Fee Stamps, and they are requested to see that the orders of Government are invaribly carried out —

The Governor-General in Council has recently had under consideration the best method of cancelling adhesive Court Fee Labols, so that they may not be fraudulently used again.

2. Under Act VII of 1870, Section 30, Court Fee Labels are cancelled by punching out the figure-head. But this does not perhaps afford sufficient protection, and pending further consideration of the subject, the Governor-General in Council directs that the record-keeper of every Court shall, when a case is decided, and the record consigned to his custody, punch a second hole in each label, distinct from the first, and note the date of his doing so at the same time. The second punching should not remove so much of the stamp as to render it impossible or difficult to ascertain its value or nature.

[*Government Gazette, 2nd September* 1873.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৩ সাল আগষ্ট মাস।

মান্যবর বি, এচ, শক সাহেব,

১ নম্বর।

৩১ ও ৪১ নং রিটর্ণ প্রস্তুত করণের রীতির বৈলক্ষণ্য দেখা যাইতেছে অতএব সেই বিষয়ে যে মেম্বর সাহেবের কর্তৃত্ব আছে তিনি এই আজ্ঞা করিয়াছেন। এখন অবধি ঐ রিটর্ণ কেবল অর্থসংক্রান্ত হইবে, কার্য্যনিরূপণসংক্রান্ত রিটর্ণ হইবে না। অর্থাৎ রাজস্বসংক্রান্ত বৎসরের মধ্যেই যে টাকা দেওয়া ও লওয়া যায় কেবল তাহাই ঐ রিটর্ণে লিখিতে হইবে।

মান্যবর এচ, এল, ডাম্পিয়র সাহেব।

২ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ডাকের টিকিট রাখিবার ও বিলি করিয়া দিবার ও বিক্রয় করিবার যে নূতন বিধি করিয়াছেন তদুপলক্ষে বোর্ডের বিধি পুস্তক নিম্নলিখিত মতে পরিবর্ত্তন করা আবশ্যক।

৪৭৪ পৃষ্ঠার ২১ অধ্যায়ের ৫ পরিচ্ছেদের ৪ ধারা উঠাইয়া দিতে হইবে। ৬ ধারার শেষে এই নূতন কথা সংযোগ করিয়া দিতে হইবে,—ডাকের টিকিট ক্রয় করা গেলে তাহার উপর যত ডিসকৌণ্ট দেওয়া যাইবে এই বিষয়ে ১৮৭৩ সালের ২২ জুলাইর গবর্ণমেণ্ট গেজেটের প্রথম খণ্ডের ১৬৫ পৃষ্ঠায় প্রকাশিত বিধি দেখিতে হইবে।

৩ নম্বর।

আদালতের রসুমের আটালো ইষ্টাম্প অকর্ম্মণ্য করণ বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্‌শাল ডিপার্টমেণ্টে ১৮৭৩ সালের ২৪ জুলাইর ১৭৬৩ নম্বরের যে নির্দ্ধারণ করিলেন তৎপ্রতি দেশখণ্ডের ও জিলার কর্তৃপক্ষ সাহেবদের মনোযোগ করিতে ও গবর্ণমেণ্টের আজ্ঞামতে সর্ব্বদাই কার্য্য করা যায় এই বিষয়ে অবধান করিতে আদেশ হইতেছে।

আদালতের রসুমের আটালো ইষ্টাম্প যাহাতে দ্বিতীয়বার ব্যবহার হইতে না পারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহা এমন করিয়া অকর্ম্মণ্য করিবার কোন সুনিয়ম বিবেচনা করিয়াছেন।

২। ১৮৭০ সালের ৭ আইনের ৩০ ধারামতে আদালতের রসুমের টিকিটে রাণীর মুখের যে প্রতিকৃতি আছে ছেনীদ্বারা তাহা কাটিয়া লইবার বিধান হইয়াছে। কিন্তু বোধ হয় ইহাতেও তাহার পুনশ্চ ব্যবহার না হওয়ার যথোচিত উপায় হয় নাই, অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই বিষয়ের আরো বিবেচনার অপেক্ষা রাখিয়া এই আদেশ করিয়াছেন, মোকদ্দমা নিষ্পত্তি হইয়া কাগজ পত্র সকল মহাফেজের জিম্মায় অর্পণ করা গেলে তিনি সেই প্রত্যেক টিকিটের প্রথমবার ছেনীকাটা স্থানের কিঞ্চিৎ অন্তর অন্য স্থানে আবার ছেনি দিয়া কাটিয়া সেই সময়েই তাহা কাটিবার তারিখ লিখিয়া দিবেন। যাহাতে ঐ ইষ্টাম্পের মূল্য কি ভাব নির্ণয় করিতে না পারা যায় কিম্বা নির্ণয় করা সুকঠিন হয় দ্বিতীয়বার ছেনী দিয়া কাটিবার সময়ে ইষ্টাম্পের এত অংশ যেন তুলিয়া ফেলা না যায়।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette, 2nd September* 1873.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 2, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২ সেপ্টেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

সাধারণের ইস্তেহার।

জিলা মুঙ্গের।

এস্তাহারনামা কাছারী কালেকটরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে মুঙ্গের জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎলিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৭৩ সালের ১৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৮১ বাঙ্গালার আশ্বিন মাসের ১৩ই শুক্রবার জেলা মজকুরের কালেকটরী কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। এক শত টাকার অধিক হইলে ডাকপণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক, বিক্রয়ের দিবস এক দিন করিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখীল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ত্রুটীকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্বউচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

ষ্টেটমেণ্টের নম্বর।	জেলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যুনাধিক যত একর পরিমাণ।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এঃ কঃ পুঃ		
১১২	৪৪৬৩	লালদাস জমীদারের বসতবাটীর সম্পর্কীয় জমী ... নন্দরাম জমীদারের বসতবাটীর সম্পর্কীয় জমী মোতালকে ইংলিশ বরহিয়া পং সলিমাবাদ ...	০ ০ ১৬ ০ ০ ২৮ ০ ১ ৪	১২৲	

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ত্রিপুরা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা ত্রিপুরার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকলের ১৮৭৩ সালের ২৮ জুন তারিখে সরকারি প্রাপ্য বাকী মালগুজারি আদায়ের শেষ তারিখ ধার্য্য ছিল তাহা আদায় না হওয়াতে ঐ দাবি আদায়ের নিমিত্ত ১৮৭৩ সালের ৩ সেপ্টেম্বর তারিখ এই জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৭৩ ইং ১২ জুলাই।

তপসিল মহাল।

৫৬২ নং মহাল পং বরদাখাত হিং ॥৵১৩।৴ ক্রান্ত মৌজে হাজিপুর মালীক আনন্দ বেহারি সেন সদর জমা ও রাস্তা খরচ মঃ ৫৯৪৲ টাকা বাকী খাজানা মঃ ১১০।৵০ আনা।

৭৫৮ নং মহাল পং আমিরাবাদ চর কালীরা ৪৩ নং ৮১৯ সালের ২ কানুনের ডিক্রী মালিক দুর্গাদাস ভট্টাচার্য্য অলী আমিরে গোলাম হয়দর মিঞা ও গোলাম কাদের মিঞা গোলাম হবদর মিঞা ও গোলাম রজা মিঞা নাবালগান ললিতচন্দ্র সেন শ্রীমতী স্বস্তিময়ী কালিদাস সোম দুর্গাদাস সোম মাহামদ রাজা চৌধুরী আজিমদ্দি সরকার রবিউল্লা সরকার দিলু বিজি দৌলত সরকার সরিপউল্লা মুনশী শ্রীমতী সাজু বিবি শ্রীমতী পুণী বিবি শ্রীমতী রাণীভবাণী শ্রীমতী রাণীকমলকুমারী শ্রীমতী কমলা চন্দ্রনাথ সেন নবীনচন্দ্র মজুমদার সদর জমা ও রাস্তাখরচ মং ১৫২৫৶৴০ আনা বাকী খাজানা মং ৪২৭।৵১০ পাই।

১৯৭৬ নং মহাল পং নারায়ণপুর ।৶৫ গণ্ডা কিসমত মালিক গোলাম হোসন মিঞা শ্রীমতী ছকরন্নেছা বিবি গোলাম কাদের মিঞা সদর জমা মং ১১৯৩॥৵৩ পাই বাকী খাজানা মং ৫৫৩॥৵৬ পাই।

G. S. Park,
Offg. Collector.

জিলা বাকরগঞ্জ।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল ১৮৭৩ সালের ২৮ জুন তারিখের প্রাপ্য বাকী মালগুজারীর আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ১৮৭৩। তারিখ ১২ আগষ্ট।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল পং কোটালীপাড়া জমিদারি নং ২০৪৯ তাহার হিস্যে ।৶৯॥ = ৫ । ১৭ । ৪৪ । ৲৪॥ সাত আনা সারে নয়গণ্ডা দুই ক্রান্ত পাচ দিপ সত্তের দন্তি সারে চৌত্রিশ তিল সারে চারি কোন মালিক হারতন্নেছা খাতুন গয়রহ সদর জমা রসদমতে ৫৯৮।১০॥ পাই বাকি ৮৶৪॥ পাই।

H. Beveridge,
Offg. Collector.

জিলা নদিয়া।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওযা চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭৩ সাল তাং ১ আগষ্ট।

১১৭ নং। ডিহি চণ্ডী পং পাঁজনওর মালিক মেঃ জান ককরেল সাহেব অফিসর এসাইনদিগর স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট মহালের সদর জমা ৫১২৩৴৪ টাকা পোলীস ৬৪॥৴২ টাকা বাকী খাজানা ৯৯।৶৪

দ্বিতীয় শ্রেণী।

২১৭৯ নং। চর শ্যামনগর পং রাজপুর মালিক মেঃ জে বি মেকন্টস সাহেব মেনেজর আঃ বেঙ্গল ইণ্ডিগো কোম্পানীদিগর সদর জমা ৫২৩॥৴৮ টাকা রোড ফণ্ড ৫৶১০ টাকা বাকী খাজানা ৪।০ টাকা।

২২৫৪ নং। চর সুখসাগর পং পাজনউর মালিক রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়দিগর সদর জমা ৫০৬৶০ টাকা বাকী খাজানা ৩৭।৶১

C. C. Stevens,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

জিলা পুরী।

সরবরাকারি ও ভূমি বিক্রয়ের ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৭১ সালের ২ আইনের বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে জেলা পুরির অন্তর্গত নিম্নলিখিত সরবরাকারি ওগেরমাহাল উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে বাকি রাজস্বের নিমিত্ত নিম্নলিখিত নিরূপিত তারিখে প্রকাশ্য নীলাম দ্বারায় বিক্রয় হইবেক তাং ১১ আগষ্ট সন ১৮৭৩ সাল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	খাস মহাল তৌজির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৮০ সালের বাকী	নীলামের নিরূপিত তারিখ	কৈফিয়ৎ।
১	মিয়াদি বন্দোবস্ত	১৬৪	প্রঃ রাহাঙ্গা। গ। বাজোর মৌরশী শরবরাকারি	১ রাঘব শ্রীচন্দনদল বেহারা ২ বৈরাগীচরণ মহাপাত্র কোটকরণ ৩ গোবিন্দদাস ভুমিমুল ৪ গোপীনাথ রাউতরা ৫ বালকৃষ্ণ সাঁতরা ৬ হরিমঙ্গরাজ ৭ কীর্ত্তিবাস শ্রীচন্দন মলারাজ	৯৯৮৵১৭॥	৯৪৫৶৯	২০ সেপ্টেম্বর সন ১৮৭৩ সাল বং সন ১২৮১ সাল রোজ শনিবার ৬ আশ্বিন	উক্ত বাকির জন্য এ মাহাল নীলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষতক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযায়ি বাহাল রহিয়াছে।
২	ঐ	৪৬	প্রঃ চব্বিশ কুদ মৌঃ গোলরা মৌরশী শরবরাকারি	১ কীর্ত্তিবাস পধান ২ মধুসূদন রাউতরা ৩ রাম সুঞাই ৪ গোপী সুঞাই ৫ বৃন্দাবনচন্দ্র দাস ৬ কার্ত্তিক সাউ ৭ গিরিধারী পধান	৫০৭॥৵৮।	৫০৭॥৵৮।	ঐ	ঐ
৩	ঐ	৫০	প্রঃ চব্বিশ কুদ মৌঃ জগদল মৌরশী শরবরাকারি	১ বাবু শাহু ২ ধনি পলাই ৩ বিদ্যাধর পলাই নাবালগ বাহাকিম ধনি পলাই ৪ আরত দাস	১১১৭৸৶৬।	৬৯৯৵৮॥	ঐ	ঐ

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	খাষ মহাল তৌজির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৮০ সালের বাকী	নীলামের নিরূপিত তারিখ	ৈকফিয়ৎ।
৪	মিয়াদি বন্দো-বস্ত	৫১	প্রঃ চব্বিশ কুম মৌঃ ভলবাল মৌরশী শর-বরাকারি	১ মাগুনি শাহু ২ হরি সাহু ৩ জগবন্ধু মল্লিক ৪ ভাগীরথী সাউ ৫ প্রমানন্দ সাহু ৬ রাঘব পধান ৭ আনিকন্দ পধান ৮ বিদ্যাধর দাস	১১৪৮৸৵৪৷৷	১১৪৮৸৵৪৷৷	২০ সেপ্টেম্বর সন ১৮৭৩ সাল মঃ সন ১২৮১ সাল রোজ শনিবার ৯ আশ্বিন	উক্ত বাকির জন্য এ মাহাল নীলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষ-তক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযারি বাহাল রহিয়াছে।
৫	ঐ	৫৫	প্রঃ চব্বিশ কুম মৌঃ বড় বন্দকেরা কিঃ পধানি	১ রঘু পলাই কিসমত	৫৩৭৶৭৷৷	৫৩৭৶৭৷৷	ঐ	ঐ
৬	ঐ	৪২	প্রঃ শীরাই মৌঃ হরশ-পাড়া কিঃ পধানি	১ জগাত বিসাল ২ বারানিধি বিসাল ৩ কৃপা বিসাল ৪ চৈতন্য বিসাল	৭৫০৷৴৯।	৫৫৪৷৷৶১।	ঐ	ঐ
৭	ঐ	৪৫	প্রঃ শীরাই মৌঃ জম্বু-লি গোদা কিঃ পধানি	১ আনিকন্দ বড়াল ২ বাঙ্গু মিজেনা ৩ মাধব বড়াল ৪ মুলি পধান ৫ নারাণ পধান ৬ নিধি জেনা ৭ গোবিন্দ বাউতরা	১০০০৷৶৭৷৷	৬২৮৸৵৪৸	ঐ	ঐ
৮	ঐ	৪৬	প্রঃ শীরাই মৌঃ আলি-বাড়ী কিঃ পধানি	১ ভুজ পত্রড়া ২ চরণ পত্রড়া ৩ ছবি পালই ৪ ভগবান পলাই ৫ বালুকি বরাড ৬ বিশ্বম্ভর পধান ৭ নিধি সাউ	৮৪০৸৵৪৸	৬২২৷৶৪	ঐ	ঐ

JOSEPH ARMSTRONG, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২ সেপ্টেম্বর।]

জেলা মেদিনীপুর।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মেদিনীপূরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ২৩ সেপ্টেম্বর বাঙ্গলা সন ১২৮০ সাল ৮ আশ্বিন আমলি সন ১২৮১ সাল ৯ আশ্বিন মঙ্গলবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

রেজিষ্টরির নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা।	যে বাকির জন্যে মহাল নী-লাম হইবে তাহা।	কৈফিয়ত।
			প্রথম শ্রেণীর মেয়াদি বন্দবস্তী মহাল।			
১৯৫১	১৮৫	মং মাজনা মুঠা পং মাজনা মুঠা ও সরিফাবাদ ও ময়নাবাদ মাজনা ও দোব দুবনান ও কিঃ পটাসপুর ও দস্ত খোড়হ ও কিঃ স্বিপুর ও মাড়ুয়া মুঠা ও কসবা হিজলী বালী জোড়া ও আমিরাবাদ।	শ্রীমত্যা চৌধুরাণী ব্রহ্মময়ী বনিতা ৺ নন্দলাল রায় ও বৃন্দাবনচন্দ্র মণ্ডল ও উমেশ-চন্দ্র মণ্ডল স্বয়ং ও রমেশ-চন্দ্র মণ্ডল ও শরৎচন্দ্র মণ্ডল অপ্রাপ্ত বয়স্কদয়ের মাতা ও রক্ষক শ্রীমতী হরিমণী দাসী ও চৌং আনন্দলাল রায় ও কালীপ্রসাদ রায় চৌং ও শ্যামাপ্রসাদ রায় চৌং ও হরিপ্রসাদ রায় চৌং ও শ্রী-মত্যা চৌধুরাণী সত্যভামা বনিতা ৺ স্বরূপনারায়ণ রায় ও জয়নারায়ণ গিরি বাদ নিম্নলিখিত ব্যক্তিগণের সন ১৮৫৯ সালের ১১ আইনমতে পৃথক হওয়া হিস্যা। বৃন্দাবনচন্দ্র মণ্ডল ও উমেশ চন্দ্র মণ্ডল স্বয়ং ও রমেশচন্দ্র মণ্ডল ও শরৎচন্দ্র মণ্ডল অ-প্রাপ্ত বয়স্কদ্বয়ের মাতা ও রক্ষক শ্রীমতী হরিমণী দাসীর পৃথক হিস্যা যাহা আদায় হওয়াতে নীলাম হইবেক না ৯১৯০৵৯ জয়নারায়ণ গিরির ৯১৯৮৵৯ কালীপ্রসাদ রায় চৌং ও শ্যামাপ্রসাদ রায় চৌং ও হরিপ্রসাদ রায় চৌংর পৃথক হিস্যা যাহা গত কিস্তির বাকীর জন্য নীলাম হইয়াছে তাহা ডাক ফাজিল হইতে আদায় হওন জন্য নীলাম হইবেক না ১৯৩৯৬।/৫ শ্রীমত্যা চৌধুরাণী ব্রহ্ম-ময়ী বনিতা ৺ নন্দলাল রায় যাহার এজমালি হিস্যা এক্ষ-ণে নীলাম হইবেক না ২৫৮৬১৸/৩	১১৬৩৭৮৵৮		
			বাকী টাকা	৬৪৬৫৪।।১০ ৫১৭২৩।৷৵৬	১৫০৯৭।৯	

এক্সেকিউটিভ নম্বর।	তৌজি নম্বর।	নাম মহাল ও প৹গনা।	নাম মালিক।	সদর জমা।	যে বাকি রাজস্বের জন্য নীলাম হইবেক তাহা।	কৈফিয়ত।
২০৫০	২১৩	মং মাজনামুঠা জলপাই খাসপতিত বালিজোড জলপাই সবির্ফাবাদ জলপাই মাজনামুঠা জলপাই খাসপতিত কসবা হিজলি জলপাই খাসপতিত পং মাজনামুঠার অন্তর্গত সংক্রান্ত	এই বাকীর মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে নিম্নলিখিত ব্যক্তিগণের পৃথক হওয়া হিস্যা পৃথকরূপে তাহাদের নিজ২ রাজস্বের বাকির জন্য নিলাম হইবেক চৌধুরী আনন্দলাল রায় চৌধুরাণী সত্যভামা বণিতা ৺ স্বরূপনারায়ণ রায় } রাধিকাপ্রসন্ন চন্দ্র	২৫৮৬।৶/৩ ২৫৮৬।৶/৩ ৫১৭২।৵৬ ১০০৬৯৸০	৭৮১৩৸৶/১০ ৭২৮৩(২১ ১৫০৯৭(৯) ২০৭৬৸৵/৩	রুসদিমতে এই মহালের সদর জমা ১৮৭৪।৭৫ সালে ১০,২৩০৸০ টাকা হইবেক, আর বৃদ্ধি হইবেক না।

মেদিনীপুর কালেক্টরি
১৩ আগস্ট ১৮৭৩ সাল। }

H. L HARRISON,
Collector.

WANTED

A Clerk for the Sub-divisional Office at Cutwa, salary Rs. 20 rising to Rs. 30 by a biennial increase. The candidates are required to appear with their testimonials at Cutwa on the 15th September next. Preference will be given to those who know English.

Cutwa,
The 20th August 1873.

Bhugwan Chunder Bose,
Dy. Magistrate and Dy. Collector.

NOTICE.

Bengalee Edition of the Acts of Government.

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year without postage	Rs	10	0	0
Ditto with postage	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম

মূল্যের হার।

ডাকমাশুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাশুল সুদ্ধ ঐ	১২।।০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একখান ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette*, *2nd September* 1873.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এড্‌ইন মরিস্‌ লুইস
সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1780. ১৭৮০ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 9, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৯ সেপ্টেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATION.

JUDICIAL.

Simla, the 28th August 1873.

No. 1481.—Under the provisions of Section 319 of Act X of 1872 (the Code of Criminal Procedure), the Governor-General in Council is pleased to appoint the Presidency Jail in Calcutta as a place to which persons sentenced to transportation may be sent.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

ACCOUNTS.

Simla, the 27th August 1873.

No. 2705.—Mr. F. Lushington having been permitted to resign his offices as Accountant General, Madras, and Commissioner of the Department of Issue of Government Paper Currency in that Presidency, the following appointments are made in the Financial Department, with effect from the 17th August 1873 :—

Mr. J. Westland, Bengal Civil Service, to be an Officer of the Financial Department. Mr. Westland is appointed to be Deputy Accountant General, Madras ; but he will continue to officiate as Accountant General, Bengal, till further orders.

The 28th August 1873.

No. 2715.—Mr. R. Taylor availed himself, on the afternoon of the 14th August 1873, of the privilege leave granted to him in Notification of this Department, No. 1888, dated 24th July 1873.

Leave for one month on private affairs, under Section 5 of Supplement F. to the Civil Leave Code, beginning on the 23rd August 1873, is granted to Mr. R. W. Mathews, Officiating Assistant to the Comptroller General.

Mr. E. S. Byrne availed himself, on the afternoon of the 25th August 1873, of the privilege leave granted to him in Notification of this Department, No. 2194 of the 7th idem.

The following officers of the Financial Department are appointed to officiate in the Classes, and from the dates noted against their names :—

Name	Class	Date
Baboo Shamachurn Dey	Class II.	15th August 1873.
Mr T. G. Trevor	„ III.	15th August 1873.
„ R. A. Sterndale	„ II.	17th August 1873
„ D. Kissen Sing	„ III.	17th August 1873
„ C. J. O. Mayne ...	„ IV.	17th August 1873
„ H. S. Schurr	„ V.	17th August 1873
„ T. H. S Biddulph	„ IV	23rd August 1873.
„ T. Kristna Moorty Jyengar, B.A. ...	„ V.	23rd August 1873.
„ E. M. Palmer	„ IV.	26th August 1873.

The appointment of Mr. H. S. Groves, B.A., to officiate in Class V, notified in the Orders of this Departmemt, No 2463, dated 18th August 1873, has effect from the 4th August 1873. The appointment of Messrs. G. H. R. Hart and F. J. Atkinson to officiate in Classes IV and V, respectively, also notified in the said Orders, has effect from the 15th August 1873.

[*Government Gazette, 9th September* 1873.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

জুডিশ্যাল।

১৮৭৩ সাল ২৮ আগষ্ট।

১২৮১ নম্বর।—যাহারদের দ্বীপান্তরপ্রেরণ দণ্ড হইল তাহারদের রাখিবার স্থান বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৭২ সালের ১০ আইনের ৩ ৯ ধারার বিধানমতে কলিকাতার প্রেসিডেন্সী জেল, নিরূপণ করিয়াছেন।

এ, সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফিনানশ্যল ডিপার্টমেণ্ট।

হিসাব বিষয়ক
বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৭ আগষ্ট।

২৭০৫ নম্বর।—শ্রীযুত এক কশিংটন সাহেবের প্রতি মান্দ্রাজের আর্কোণ্টাণ্ট জেনরলের ঐ প্রেসিডেন্সীর গবর্ণমেণ্ট নোট প্রচলন কার্য্যবিভাগের কমিশ্যনরের কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি হওয়াতে ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টে ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৭ তারিখ অবধি নিম্নলিখিত নিয়োগ করা গেল,—

বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টের এক জন কর্ম্মচারি হইবেন। শ্রীযুত ওয়েষ্টলণ্ড সাহেব মান্দ্রাজের ডেপুটী আর্কোণ্টাণ্ট জেনরল হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি বঙ্গদেশের আর্কোণ্টাণ্ট জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৭৩ সাল ২৮ আগষ্ট।

২৭১৫ নম্বর।—শ্রীযুত আর টেলর সাহেব এই ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৪ জুলাইর ১৮৮৮ নম্বরের জ্ঞাপনপত্রানুসারে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৪ তারিখের অপরাহ্ণে গ্রহণ করিলেন।

কনট্রোলর জেনরল সাহেবের একটিং আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ মাথিউস সাহেব নিজ প্রয়োজনের নিমিত্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ১৮৭৩ সালের আগষ্ট মাসের ২৩ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ই এস বর্ণ সাহেব এই ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ৭ আগষ্টের ২১৯৪ নম্বরের জ্ঞাপন পত্রমতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ঐ মাসের ২৫ তারিখের অপরাহ্ণে গ্রহণ করিলেন।

ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টের নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বের লিখিত শ্রেণীমতে ও তারিখ অবধি কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু শ্যামাচরণ দে	...	দ্বিতীয় শ্রেণী	১৮৭৩ সালের ১৫ আগষ্ট।
,, টি জি ট্রেবর সাহেব	..	তৃতীয় ঐ	১৮৭৩ সালের ১৫ আগষ্ট।
,, আর এ ষ্টর্নডেল সাহেব ..		দ্বিতীয় ঐ	১৮৭৩ সালের ১৭ আগষ্ট।
,, ডি কৃষ্ণ সিংহ	...	তৃতীয় ঐ	১৮৭৩ সালের ১৭ আগষ্ট।
,, সি জে ও মেইন সাহেব ...		চতুর্থ ঐ	১৮৭৩ সালের ১৭ আগষ্ট।
,, এচ এস শুর সাহেব	...	পঞ্চম ঐ	১৮৭৩ সালের ১৭ আগষ্ট।
,, টি এচ এস বিডলফ সাহেব		চতুর্থ ঐ	১৮৭৩ সালের ২৩ আগষ্ট।
,, টি কৃষ্ণ মূর্ত্তি আইনগর বি এ		পঞ্চম ঐ	১৮৭৩ সালের ২৩ আগষ্ট।
,, ই এম পামর সাহেব	...	চতুর্থ ঐ	১৮৭৩ সালের ২৬ আগষ্ট।

শ্রীযুত এচ এস গ্রোবস সাহেবের পঞ্চম শ্রেণীতে কর্ম্মকরণার্থ যে নিয়োগ এই ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৮ তারিখের ২৪৬৩ নং আজ্ঞাপত্রে প্রকাশ হয় তাহা ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৪ তারিখঅবধি এবং শ্রীযুত জি এচ আর হার্ট সাহেবের ও শ্রীযুত এক জে আর্টকিনসন সাহেবের চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে কর্ম্ম করণার্থ যে নিয়োগ ঐ আজ্ঞাপত্রে প্রকাশ করা যায় তাহা ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৫ তারিখ অবধি প্রবল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

EXPENDITURE.

(ADMINISTRATION.)

The 26th August 1873.

No. 2599.—Privilege leave for three months, beginning on the 1st September 1873, is granted to Mr. D. Barbour, Officiating Under-Secretary to the Government of India in this Department.

Mr. J. W. Gardiner, Bengal Civil Service, is appointed to officiate for Mr. D. Barbour as Under-Secretary to the Government of India in this Department, until the head-quarters of the Government leave Simla, or until further orders

The 27th August 1873.

No. 2710.—Mr. D. Barbour is confirmed in the office of Under-Secretary to the Government of India in this Department, with effect from the 17th August 1873.

LEAVE AND ALLOWANCES.

The 27th August 1873.

No. 2622.—The Governor-General in Council directs that the following be added as clause (*e*) of Section 25 of the Acting Allowance Code :—

" (*e*.) A Sub-Assistant Patrol of the Inland Customs Department, when placed in charge of a beat, owing to the absence on leave of a Patrol or an Assistant Patrol, is entitled to a charge allowance of Rs. 15 per mensem."

PENSIONS AND GRATUITIES.

The 28th August 1873.

No. 2685.—The Governor-General in Council directs that the following be substituted for Section 20 of the Civil Pension Code :—

"Section 20.—Press servants who are paid for piece-work, and section-writers in Bengal, the North-Western Provinces and Madras, are reckoned members of a permanent establishment if—

(1)—They are employed not casually but as a part of a fixed establishment ; and

(2)—During the last 72 months of their actual employment they have been attached to one office uninterruptedly for 24 months, or it has not been through their own choice or misconduct that they have not been so attached."

SEPARATE REVENUE.

(CUSTOMS)

The 29th August 1873.

No. 2729.—In exercise of the powers conferred by Section 6 of the Indian Tariff Act, 1871, the Governor-General in Council is pleased to fix, for the purposes of that Act, the value of roseine and magenta dyes in the form of crystals at 4 annas an ounce avoirdupois, the import duty on all other sorts of aniline dyes being levied *ad valorem*.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.

ESTABLISHMENT.

The 23rd August 1873.

No 554.—Mr G Burnell, Temporary Sub-Engineer, 2nd Grade, attached to the Office of the Store keeper for State Railways at Calcutta, is confirmed in that grade.

The 27th August 1873.

No. 562.—Mr. G. F. Moore is appointed to the Public Works Department as an Assistant Engineer, 3rd Grade, on probation, and posted to Bengal Irrigation Branch.

C. H. DICKENS, *Col.*, R.A.,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 9*th September* 1873.]

ব্যয় বিষয়ক কার্য্যবিভাগ।

১৮৭৩ সাল ২৬ আগষ্ট।

২৫৬৯ নম্বর।—এই ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত ডি বারবর সাহেব ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

এই গবর্ণমেন্টের প্রধান কার্য্যস্থান যে তারিখে সিমলাহইতে উঠিয়া আইসে সেই তারিখ কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জে ডবলিউ গার্ডিনর সাহেব শ্রীযুত ডি বারবর সাহেবের স্থানে এই ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৭ আগষ্ট।

২৭১০ নম্বর।—শ্রীযুত ডি বারবর সাহেব ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১৭ তারিখ অবধি এই ডি পার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরীর পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

ছুটী ও বৃত্তি বিষয়ক।

১৮৭৩ সাল ২৭ আগষ্ট।

২৬২২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব একটিংরূপে কর্ম্ম করণের বেতন বিষয়ক সংগৃহীত বিধির ২৫ ধারার (e) প্রকরণ বলিয়া নিম্নলিখিত কথা সংযোগ করিবার আজ্ঞা দিয়াছেন।

"(e) মফঃসল দেশের কষ্টম ডিপার্টমেন্টের পেট্রলের কিম্বা আসিষ্টান্ট পেট্রলের ছুটীপ্রভৃক্ত অনুপস্থানকালে; সব-আসিষ্টান্ট পেট্রল তাঁহার কর্ম্মের ভার পাইলে তিনি মাসে ১৫ টাকা করিয়া বৃত্তি পাইতে পরিবেন।"

পেনশ্যান ও পারিতোষিক।

১৮৭৩ সাল ২৮ আগষ্ট।

২৬৮৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল পেন্‌শ্যান বিধির ২০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিবার আজ্ঞা করিয়াছেন।

"২০ ধারা।—ছাপাখানার যে কর্ম্মচারিরা কর্ম্মের হিসাবে বেতন পায় তাহারা এবং বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের ও মান্দ্রাজের সেক্সন লেখকেরা যদি—

(১) কিয়ৎকালীনরূপে নিযুক্ত না হইয়া নির্দ্দিষ্ট সিরিশ্‌তার অংশস্বরূপ কর্ম্ম করে। ও

(২) গত ৭২ মাসের মধ্যে কর্ম্ম নিযুক্ত হইবা একই কার্য্যালয়ে অবিচ্ছেদে ২৪ মাস নিযুক্ত থাকে কিম্বা তাহারা স্বেচ্ছামতে কর্ম্ম ত্যাগ না করে কিম্বা তাহাদের অহিতাচারহেতু কর্ম্ম না যায় তবে তাহারা স্থায়ি সিরিশতার কর্ম্মচারি বলিয়া গণ্য হইবে।"

স্বতন্ত্র রাজস্ব।

(কষ্টম।)

১৮৭৩ সাল ২৯ আগষ্ট।

২৭২৯ নম্বর।—ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭১ সালের আইনের ৬ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি, উক্ত আইনের কার্য্য পক্ষে স্ফটিকাকারের রোসীন্ ও মাজেন্টা রঙ্গের উক্ত প্রতি ।০ আনা মূল্য অবধারণ করিয়াছেন। অন্য সকল নীলরঙ্গের আমদানীর মাসুল মূল্যানুসারে আদায় করা যাইবে।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিরিশতাবিষয়ক।

সিমলা, ১৮৭৩ সাল ২৩ আগষ্ট।

৫৫৪ নম্বর।—কলিকাতাস্থ ষ্টেট রেলওয়ের ষ্টোর কিপরের কার্য্যালয়ে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত জি বর্ণেল সাহেব ঐ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৭ আগষ্ট।

৫৬২ নম্বর।—শ্রীযুত জি এক মোর সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেন্টে পরীক্ষার্থ তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইয়া বঙ্গদেশের জলসেচন শাখায় অবস্থিত হইলেন।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 9, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৯ সেপ্টেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENT.

No. 1142.

GENERAL.—*The 26th August* 1873.—The following persons are appointed to be Honorary Magistrates in the Town of Jamalpore in the District of Monghyr, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Mr. D. W. Campbell.	The Revd J C Love.
„ C B. LeMesurier	Babu Purshad Mundul.
„ N. St. Leger Carter.	„ Bunyad Mundul

The 27th August 1873.—Mr. William Fraser McDonell, V C., District and Sessions Judge of Patna, is allowed two days' privilege leave under Section 18 of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 14th ultimo.

The following persons are appointed to be Honorary Magistrates in the District of Gya, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Babu Buldeo Lall Khurkotha, Gyawal ...	Sudder Station
„ Goorbux Lall, Zemindar	Nowadah Sub-division.
Syud Dilwar Hossain, ditto .. .	Nowadah Sub-division.

The 28th August 1873.—Mr Edmond Breton Godfrey, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is transferred temporarily to Balasore

The 29th August 1873.—Mr. Henry Bell, C.S., reported his departure from India on furlough on the 12th instant

The orders of the 21st instant, commuting into short furlough in India the one month's privilege leave which was granted to Lieutenant-Colonel Arthur Elderton, late Officiating Cantonment Magistrate of Dum-Dum, in orders of the 15th April last, are cancelled.

The 1st September 1873 —Babu Bhugwan Chunder Sen, Deputy Collector of Survey, Midnapore, is allowed six months' leave of absence without pay under Section 9, Supplement F, of the Civil Leave Code

Babu Bissessur Banerjee is appointed to officiate as a Deputy Collector of Survey in Midnapore during the absence on leave of Babu Bhugwan Chunder Sen, or until further orders. Babu Bissessur Banerjee is vested with the powers of a Collector under Regulations VII of 1822 and IX of 1825 in Midnapore.

Mr. John White, Deputy Magistrate and Deputy Collector of Barh in Patna, is allowed six weeks' privilege leave from the 5th instant, under Section 18 of the Civil Leave Code.

Babu Bemolanund Mookerjee is appointed to have temporary charge of the Barh Division

Mr. Alexander Thomas Maclean, District and Sessions Judge of Burdwan, is allowed three months' privilege leave under Section 18 of the Civil Leave Code.

Mr Thomas Walton is appointed to officiate as District and Sessions Judge of Burdwan in the Second Grade during Mr. Maclean's absence, or until further orders.

The 2nd September 1873 —Mr. Charles Miller, Magistrate of Police, Calcutta, is allowed privilege leave for one month from the 25th instant, under Section 18 of the Civil Leave Code

Mr C. H Reily, Barrister-at-Law, is appointed to officiate as a Magistrate of Police, Calcutta, during Mr Miller's absence, or until further orders Mr. Reily is also appointed to officiate as Coroner of Calcutta and Judge of the Court for the trial of Pilots Mr. Reily is appointed under Section 4, Act II of 1869, to be a Justice of the Peace for the Town of Calcutta, and also, under Section 3 of the same Act, to be a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

[*Government Gazette, 9th September* 1873.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১১৪২ নম্বর।

জেনরল।—১৮৭৩ সাল ২৬ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা মুঙ্গের জিলার অন্তর্গত জামালপুর নগরে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডি ডবলিউ কাম্বেল সাহেব।	পাদরী শ্রীযুত জে সি লব সাহেব।
,, সি বি লা মুম্বনির সাহেব।	শ্রীযুত বাবু প্রসাদ মণ্ডল।
,, এম সেণ্ট লেজর কার্টর সাহেব।	,, বাবু বুনিয়াদ মণ্ডল।

১৮৭৩ সাল ২৭ আগষ্ট।—পাটনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত উলিয়ম ফ্রেসর মাকডনেল সাহেব, বি, সি, গত মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু বলদেব লাল খরকোঠা গয়াওয়াল	সদর মোকাম।
,, বাবু গুরবক্স লাল জমীদার।	নবদহ মহকুমা।
,, সৈয়দ দিলওয়ার হুসেন জমীদার	

১৮৭৩ সাল ২৮ আগষ্ট।—হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এডমণ্ড ব্রিটন গডফ্রি সাহেব কিয়ৎকালের নিমিত্তে বালেশ্বরে প্রেরিত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৯ আগষ্ট।—শ্রীযুত হেনরি বেল সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১২ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

দমদমা সেনানিবেশের ভূতপূর্ব্ব একটিং মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর্থর এলডরণ্টন সাহেবকে গত আপ্রিল মাসের ১৫ তারিখের আজ্ঞাপত্রমতে যে ছুটী দেওয়া যায় তৎপরিবর্ত্তে এই মাসের ২১ তারিখের যে আজ্ঞামতে ভারতবর্ষে অল্পকালে নিয়মিত ছুটী দেওয়া যায় তাহা রহিত করা গেল।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—মেদিনীপুরের জবীপী কার্য্যের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে ছয় মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেনের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায় মেদিনীপুরে জরীপী কার্য্যের ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত বাবু বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায় মেদিনীপুরে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

পাটনার অন্তর্গত বাঢ়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জান ওয়াইট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এই মাসের ৫ তারিখ অবধি ছয় সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু বিমলানন্দ মুখোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে বাঢ় খণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত আলেকজাণ্ডর তামস মাকলীন সাহেব সিবিল কার্য্য-কারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিনমাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত মাকলীন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত তামস ওয়ালটন সাহেব দ্বিতীয় শ্রেণীমতে বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২ সেপ্টেম্বর।—কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেট শ্রীযুত চার্লস মিলর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে বর্ত্তমান মাসের ২৫ তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত মিলর সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বারিষ্টর-আট-লা শ্রীযুত সি এচ রাইলী সাহেব কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেটের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত রাইলী সাহেব কলিকাতার করনরের ও আডকাটিদের বিচার করণার্থ আদালতের জজের কর্ম্মও করণার্থে নিযুক্ত হইয়াছেন। তিনি ১৮৬৯ সালের ২ আইনের ৪ ধারামতে কলিকাতা নগরের শান্তি-রক্ষার্থ জষ্টিসের পদে এবং ঐ আইনের ৩ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে শান্তিরক্ষার্থ জষ্টিসের পদেও নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

Mr. Charles Forbes Carnac, Opium Agent of Benares, is allowed privilege leave for one month and nine days, under Section 18 of the Civil Leave Code, from the 3rd instant. The Principal Assistant will conduct the current duties of the Agent's Office during Mr. Carnac's absence.

The following Officers are appointed to officiate as Joint-Magistrates and Deputy Collectors of the First Grade :—

Mr. Arthur Forbes ...
" Henry Granville Sharp ...
" John Edward Beevor Jéffery ...
" Phillip Nolan ...
} With effect from the 1st July last.

Mr. James Kelleher, with effect from the date on which Mr. J. Boxwell took charge of the Sonthal Pergunnahs District.

Mr. William Fiddian, with effect from the date on which Mr. T. Norman received charge of the District of Balasore.

Mr. Alfred Augustus Wace, with effect from the date on which Mr. F. Wyer received charge of the Maldah District.

Mr. Richard Maunsell Waller, with effect from the date on which Mr. J. F. Stevens received charge of the Cuttack District.

The following Officers are appointed to officiate as Joint-Magistrates and Deputy Collectors of the Second Grade :—

Mr. George Goodair Dey ...
" James Pratt ...
" Guybon Henry Damant ...
" Francis William Badcock ...
" John Barlow ...
} With effect from the 1st July last.

Mr. Charles Archibald Samuells, with effect from the date on which Mr. W. H. Page joined his appointment as Assistant Commissioner in Maunbhoom.

Mr. James Austin Bourdillon, with effect from the date of Mr Kelleher's promotion to the First Grade.

Mr Joseph Posford, with effect from the date of Mr. Wace's promotion to the First Grade.

Mr. Thomas James Murray, with effect from the date of Mr Waller's promotion to the First Grade.

Mr Robert Cornish, B.A , with effect from the date of Mr. J. Crawfurd's joining his appointment as Officiating Under-Secretary to the Government of Bengal.

Mr. Alfred Wallis Paul, B A., is appointed to officiate as an Assistant Commissioner of the Second Grade, with effect from the 1st April 1873.

The 1st September 1873.—The under-mentioned officers are appointed to officiate as Deputy Magistrates and Deputy Collectors, and are posted to the districts noted opposite their names :—

Baboo Mohanundo Goopto, B A., Sub-Deputy in the 24-Pergunnahs, posted to the Hooghly District.
" Kristo Coomar Sen, Head-master of the Dinageporo School, posted to the Rungpore District.
" Mohes Chunder Sen, B.A., Sub-Deputy in the Furreedpore District, posted to the same District.

The two Sub-Deputies who are promoted to officiate as Deputy Magistrates and Deputy Collectors will vacate their Sub-Deputyships from the date of such promotion, and in their room—

Baboo Mohim Chunder Ghose, B A., a passed candidate for the Native Civil Service, is appointed to be a 1st-class Sub-Deputy in the 24-Pergunnahs
" Mohendro Chunder Mozoomdar, B.A., a passed candidate as above, is appointed to be a Sub-Deputy in the Furreedpore District.

The undermentioned officers are vested with the powers of a Magistrate of the 3rd class :—

Baboo Mohanundo Goopto, B.A., Officiating Deputy Magistrate.
" Kristo Coomar Sen, ditto ditto.
" Mohes Chunder Sen, B.A , ditto ditto.
" Mohim Chunder Ghose, B A., Sub-Deputy.
" Mohendro Chunder Mozoomdar, B.A., Sub-Deputy.

[*Government Gazette, 9th September* 1873.]

বানারসের আফীমের এজেন্ট শ্রীযুত চার্লস ফর্ব্বস কার্ণাক সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এই মাসের ৩ তারিখ অবধি এক মাস নয় দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন। শ্রীযুত কার্ণাক সাহেবের অনুপস্থানকালে প্রধান আসিষ্টান্ট সাহেব ঐ কার্য্যালয়ের কর্ম্ম চালাইবেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা প্রথম শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর্থর ফর্ব্বস সাহেব ...
,, হেনরি গ্রাম্বিল শার্প সাহেব ...
,, জান এডওয়ার্ড বীবর জেফরি সাহেব
,, ফিলিপ নোলান সাহেব ..
} গত জুলাই মাসের ১ তারিখ অবধি।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব যে তারিখে সাঁওতাল পরগনা জিলার কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত জেমস কেলিহর সাহেব।

শ্রীযুত টি নর্ম্মান সাহেব যে তারিখে বালেশ্বর জিলার কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত উলিয়ম ফিডিসন সাহেব।

শ্রীযুত এফ ওয়াইয়র সাহেব যে তারিখে মালদহ জিলার কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত আলফ্রেড আগষ্টস ওয়েস সাহেব।

শ্রীযুত জে এফ ষ্টীবন্স সাহেব যে তারিখে কটক জিলার কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত রিচার্ড মরসেল ওয়ালর সাহেব।

নিম্নলিখিত কার্য্যকারকেরা দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জর্জ গুডের ডে সাহেব ...
,, জেমস গ্রাণ্ট সাহেব ...
,, গয়বন হেনরি ডায়ন্ট সাহেব ...
,, ফ্রান্সিস উলিয়ম ব্যাডকক্ সাহেব
,, জান বারলো সাহেব ...
} গত জুলাই মাসে ১ তারিখ অবধি।

শ্রীযুত ডবলিউ এচ পেজ সাহেব যে তারিখে মানভূমে স্বীয় আসিষ্টান্ট কমিশ্যনরের কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত চার্লস আর্চিবলড সামুয়েলস সাহেব।

শ্রীযুত কেলিহর সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হইবার তারিখঅবধি শ্রীযুত জেমস অষ্টিন বোর্ডিলন সাহেব।

শ্রীযুত ওয়েস সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হইবার তারিখ অবধি শ্রীযুত জোসেফ পোসফর্ড সাহেব।

শ্রীযুত ওয়ালর সাহেবের প্রথম শ্রেণীভুক্ত হইবার তারিখ অবধি শ্রীযুত টামস জেমস মরে সাহেব।

শ্রীযুত জে ক্রাফর্ড সাহেবের বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরীর কর্ম্ম গ্রহণের তারিখ অবধি শ্রীযুত রবর্ট কর্ণিশ সাহেব, বি,এ।

শ্রীযুত আলফ্রেড ওয়ালিস পাল সাহেব, বি,এ, ১৮৭৩ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত কর্ম্মকারকেরা ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া আপন২ নামের পার্শ্বে লিখিত জিলায় অবস্থিত হইয়াছেন।

২৪ পরগনা জিলার সব-ডেপুটী শ্রীযুত বাবু মহানন্দ গুপ্ত, বি, এ, হুগলী জিলায় অবস্থিত হইয়াছেন।

দিনাজপুর স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু কৃষ্ণকুমার সেন, রঙ্গপুর জিলায় অবস্থিত হইলেন।

ফরীদপুর জিলার সব-ডেপুটী শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন, বি, এ, ঐ জিলায় অবস্থিত হইলেন।

উক্ত যে দুই জন সব-ডেপুটী উচ্চ পদ পাইয়া ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন তাঁহারা সেই পদবৃদ্ধির তারিখ অবধি সব-ডেপুটীর কর্ম্ম ছাড়িলে তাঁহাদের স্থানে,—

এতদ্দেশীয় সিবিল সর্ব্বিস পরীক্ষাতে উত্তীর্ণ শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ, বি, এ, ২৪ পরগনায় প্রথম শ্রেণীর সব-ডেপুটীর পদে নিযুক্ত হইলেন।

উক্ত পরীক্ষাতে উত্তীর্ণ শ্রীযুত বাবু মহেন্দ্র চন্দ্র মজুমদার, বি,এ, ফরীদপুর জিলায় সব-ডেপুটীর পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

একটিং ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু মহানন্দ গুপ্ত, বি, এ।
ঐ ঐ ,, ,, কৃষ্ণকুমার সেন।
ঐ ঐ ,, ,, মহেশচন্দ্র সেন, বি, এ।
সব- ডেপুটী ঐ ,, ,, মহিমচন্দ্র ঘোষ, বি, এ।
ঐ ঐ ,, ,, মহেন্দ্রচন্দ্র মজুমদার, বি, এ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

Police.—*The 1st September* 1873.—Mr. James Hammond Thompson is re-appointed to be a District Superintendent of Police of the Fourth Grade, and will officiate as District Superintendent of Police, Backergunge, during the absence on leave of Mr. H. W. J. Bamber, or until further orders.

Mr. Edward Melian Showers is appointed to be an Assistant Superintendent of Police, Patna, and to officiate in the First Grade of Assistant Superintendents.

Education —*The 29th August* 1873.—Babu Issur Chundra Khasnavis is appointed to be Secretary to the Maldah District School Committee in lieu of the present Secretary.

The 2nd September 1873.—Babu Dwarikanath Mukerjee officiated temporarily as Deputy Inspector of Schools in the Sonthal Pergunnahs from the 10th April to the 1st May last.

Medical —*The 23rd August* 1873 —Mr. Richard Maunsell Waller, C.S , is appointed to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Bancoorah.

The 30th August 1873.—Babu Shurrut Chunder Banerjee, M.A. and B L., is appointed to be Secretary to the Committee for the management of the Charitable Dispensary at Burpettah in Kamroop, in the place of Babu Karunamoy Banerjee, transferred from that District.

The 28th August 1873.—The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary established at Dhuniakhally in Hooghly —

Babu Kalachand Bhuttacharjee. Babu Troylucconath Audhicary.
„ Anunto Ram Dass. „ Bhoobun Mohun Banerjee.

The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary established at Maharah in Bancoorah —

Mr. William Rea Larminie, C.S. ..	*President.*
„ John Briscoe Birch	*Members*
The Civil Medical Officer of Bancoorah ..	
Babu Romanauth Seal .	
„ Mohindronarain Roy ...	
„ Nilcomul Roy ...	
„ Ramchand Biswas .	
„ Damoodur Sing Udhorjo	

The last named gentleman to be also Secretary to the Committee.

The 29th August 1873.—Mr John Briscoe Birch is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Bancoorah

Road Cess.—*The 29th August* 1873.—The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Branch Road Cess Committee at Nattore in Rajshahye, under Section 76 of Act X (B C) of 1871 —

The Officer in charge of the Nattore Division ..	Chairman
Rajah Promoth Nath Roy, Bahadoor	Vice-Chairman.
Babu Koylash Chunder Bose, Sub-Deputy Collector	Officials.
„ Shama Churn Roy, Police Inspector ..	
Moulvi Mahomed Rasid Khan Chowdry .	Landholders.
Babu Taranath Chowdry .. .	
„ Kashee Prosad Sukul	
„ Rajcoomar Sircar	
„ Sharoda Prosad Sukul	
„ Keshub Chunder Semal .. .	Dewan of the Nattore Rajah.
„ Anundo Chunder Moitra . ..	Pleader.
„ Kaleenath Biswas	Mooktear.
Koodrutoollah	Ryots.
Zomeer Pramanick . ..	

The 1st September 1873.—Mr. John Briscoe Birch is appointed to be a member of the District Road Committee in the Bancoorah District, *vice* Mr. C. P. L. Macaulay, on deputation to Midnapore.

[*Government Gazette, 9th September* 1873.]

পোলীস সম্পর্কীয়।—১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—শ্রীযুক্ত জেমস হাবণ্ড ডাবসন সাহেব পোলীসের চতুর্থ শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের পদে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন। শ্রীযুক্ত এচ ডবলিউ জে বাম্বর সাহেবের ছুটি প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত এডওয়ার্ড মিলিয়াম শৌরার্স সাহেব পাটনায় পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়া আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শিক্ষাসম্পর্কীয়।—১৮৭৩ সাল ২৯ আগষ্ট।—মালদহ জিলার স্কুল কমিটীর বর্ত্তমান সেক্রেটরীর পরিবর্ত্তে শ্রীযুক্ত বাবু ঈশ্বরচন্দ্র খাসনবিস সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

১৮৭৩ সাল ২ সেপ্টেম্বর।—শ্রীযুক্ত বাবু দ্বারিকানাথ মুখোপাধ্যায় গত আপ্রিল মাসের ১০ তারিখ অবধি মে মাসের ১ তারিখ পর্য্যন্ত সাঁওতাল পরগনার স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটরের কর্ম্ম করিলেন।

চিকিৎসা সম্পর্কীয়।—১৮৭৩ সাল ২৩ আগষ্ট —শ্রীযুক্ত রিচার্ড মনসেল ওয়ালর সাহেব, সি, এস, বাঁকুড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ৩০ আগষ্ট।—শ্রীযুক্ত বাবু বরদাময় বন্দ্যোপাধ্যায় কামরূপ জিলাহইতে অন্য স্থানে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুক্ত বাবু শরৎচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম, এ, ও বি, এল, কামরূপের অন্তর্গত বড় পেটার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৮ আগষ্ট।—হুগলীর অন্তর্গত ধন্যাখালিতে সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্যসম্পাদনার্থ কমিটী বলিয়া নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুক্ত বাবু কালাচাঁদ ভট্টাচার্য্য।　　শ্রীযুক্ত বাবু ত্রৈলোক্যনাথ অধিকারি।
„ „ অনন্তরাম দাস।　　„ „ ভুবনমোহন বন্দ্যোপাধ্যায়।

বাঁকুড়ার অন্তর্গত মালিবাড়ায় যে দাতব্য ঔষধালয় স্থাপন হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনার্থ কমিটী বলিয়া নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত উলিয়ম রে লারমিনি সাহেব, সি, এস	...	সভাপতি।
„ জান ব্রিস্কো বর্চ সাহেব	... ...	মেম্বর।
বাঁকুড়ার সিবিল চিকিৎসক	. ...	
শ্রীযুক্ত বাবু রমানাথ শীল	... ...	
„ „ মহেন্দ্র নারায়ণ রায়	... ..	
„ „ নীলকমল রায়	... ...	
„ „ রামচাঁদ বিশ্বাস	... ...	
„ „ দামোদর সিংহ উকীল	... ...	

সব শেষে যাঁহার নাম লেখা গেল তিনি উক্ত কমিটীর সেক্রেটরী হইবেন।

১৮৭৩ সাল ২৯ আগষ্ট।—শ্রীযুক্ত জান ব্রিস্কো বর্চ সাহেব বাঁকুড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

পথকর বিষয়ক।—১৮৭৩ সাল ২৯ আগষ্ট।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৬ ধারামতে নিম্নলিখিত মহাশয়দিগকে রাজশাহীর অন্তর্গত নাটোরের শাখা পথকর কমিটী বলিয়া নিযুক্ত করিলেন।

নাটোর মহকুমার কর্ত্তৃপক্ষ	... ...	সভাপতি।
শ্রীযুক্ত রাজা প্রমথনাথ রায় বাহাদুর	... ...	প্রতিনিধি সভাপতি।
সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র বসু	...	রাজকর্ম্মচারি।
পোলীসের ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ রায়	.	
শ্রীযুক্ত মৌলবী মহম্মদ রসীদ খাঁ চৌধুরী	... ...	ভূম্যধিকারী।
„ বাবু তারানাথ চৌধুরী	... ...	
„ „ কাশীপ্রসাদ সুকুল	... ...	
„ „ রাজকুমার সরকার	... ...	
„ „ শারদাপ্রসাদ সুকুল	... :	
„ „ কেশবচন্দ্র সিন্নাল	... ...	নাটোরের রাজার দেওয়ান।
„ „ আনন্দচন্দ্র মৈত্র	... ...	উকীল।
„ „ কালীনাথ বিশ্বাস	... ...	মোক্তার।
„ কুদরতুল্লা	... ...	রাইয়ত।
„ জমির পণ্ডামণিক	... ...	

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—শ্রীযুক্ত সি পি এল মাকলে সাহেব রাজকর্ম্মে মেদিনীপুরে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুক্ত জান ব্রিস্কো বর্চ সাহেব বাঁকুড়া জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

ERRATUM.—*The 1st September* 1878.—In the orders of the 21st July 1878, appointing certain Honorary Magistrates in the Dacca Division,—

For	*Read*
"Babu Radhanath Roy,"	"Babu Radha Kant Roy."

C BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF 24-PERGUNNAHS.

The 1st September 1873.—It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Twenty-four Pergunnahs have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing year beginning on the first of October next, at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I.—Six pie, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly cess. Rs.	A.	P.
Not less than Rs.	100	but less than Rs.	500 ..	1	0	0
" "	500	" "	1,000 ...	3	0	0
" "	1,000	" "	2,000 ..	4	8	0

" " 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of estimated present value.

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100 to pay a yearly tax of one rupee.

C. BERNARD,
Offg Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF FURREEDPORE.

The 1st September 1873 —It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Furreedpore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing year beginning on the first of October next, at the following rates, being three-fourths of the maximum rates, and the said rates are published accordingly :—

I.—Four and half pie, or one and half pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly cess Rs.	A.	P.
Not less than Rs.	100	but less than Rs	500 ..	0	12	0
" "	500	" "	1,000	2	4	0
" "	1,000	" "	2,000 ...	3	6	0

" " 2,000 and upwards, two rupees and four annas for every Rs 1,000 or part thereof of estimated present value.

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100 to pay a yearly tax of twelve annas.

C BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF PURNEAH.

The 1st September 1873.—It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Purneah have,

অশুদ্ধ শোধন।—১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—ঢাকাখণ্ডে কএকজন অবৈতনিক মাজিষ্ট্রেটের নিয়োগ বিষয়ক ১৮৭৩ সালের ২১ জুলাইর আজ্ঞার মধ্যে

শ্রীযুত বাবু রাধানাথ রায় এই নামের পরিবর্ত্তে শ্রীযুত বাবু রাধাকান্ত রায় পাঠ করিতে হইবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী

চব্বিশ পরগনা জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে ২৪ পরগনা জিলার পথকর কমিটী উক্ত আইনের ৭৪ ধারামতে সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে উক্ত জিলায় সেই হারে কর লওয়া যাইবে, তদনুসারে সেই হার প্রকাশ করা যাইতেছে।—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের কি টাকার উপর ২দুই পয়সা।

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই২ হারে লওয়া যাইবে,

বর্ত্তমান মূল্য অনুমান—						বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে		...	১৲
৫০০	,,	,,	১০০০	,,	...	২৲
১০০০	,,	,,	২০০০	,,		৪।০

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর তিন টাকা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ টাকার অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে এক টাকা টাক্স লাগিবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিদপুর জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে ফরিদপুর জিলার পথকর কমিটী উক্ত আইনের ৭৪ ধারামতে তাহার চারি অংশের তিন অংশ অর্থাৎ ৸০ আনা হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে উক্ত জিলায় সেই হারে কর লওয়া যাইবে, তদনুসারে সেই হার প্রকাশ করা যাইতেছে।—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের কি টাকার উপর দেড় পয়সা।

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই২ হারে লওয়া যাইবে,

বর্ত্তমান মূল্য অনুমান—						বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে		..	৸০
৫০০	,,	,,	১০০০	,,		১।০
১০০০	,,	,,	২০০০	,,	...	৩।৵০

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর ২।০ দুই টাকা চারি আনা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ টাকার অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে ৸০ আনা টাক্স লাগিবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

পুরণিয়া জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৫৭ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে পুরণিয়া

under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing year beginning on the first of October next, at the following rates, being three-fourths of the maximum rates, and the said rates are published accordingly.

I.—Four and half pie, or one and half pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

					Yearly cess Rs	A.	P
Not less than Rs	100	but less than Rs.	500	...	0	12	0
,, ,,	500	,, ,,	1,000	.	2	4	0
,, ,,	1,000	,, ,,	2,000	.	3	6	0

,, ,, 2,000 and upwards two rupees and four annas for every Rs. 1,000 or part thereof of estimated present value.

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs 25 and less than Rs. 100 to pay a yearly tax of twelve annas

C BERNARD,
Offg Secy to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

The 2nd September 1873—Under Section 1, Act X (B C) of 1871 (The District Road Cess Act), the Lieutenant-Governor is pleased to extend the aforesaid Act to the Districts of Beerbhoom and Bancoorah, and to provide that the Act shall commence and take effect in those districts from the 15th September 1873

C. BERNARD,
Offg Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st September 1873—It is hereby notified for general information that the Lieutenant-Governor has been pleased to cancel, with effect from the 1st October next, the Notification* extending the provisions of certain Sections of Act III (B C) of 1864 to Darjeeling, which was published in the *Calcutta Gazette* of the 20th November 1872.

* Dated 13th November 1872

C BERNARD,
Offg. Secy. to the Govt of Bengal

THE APPOINTMENT OF A MANAGING REPRESENTATIVE BY A PLURALITY OF CO-SHARING LANDLORDS.

RESOLUTION.

REVENUE DEPARTMENT

LAND REVENUE.

Calcutta, the 28th August 1873.

READ—

Chapter XVII of the Board of Revenue's memorandum on the land revenue administration of the Lower Provinces of Bengal.

Letter to Government of India No. 1664, dated 2nd July 1873, reporting on the petition of certain inhabitants of Hijlee, complaining of the oppression of zemindars

Letter from Government of India in reply, No 621, dated 30th July, concurring in the views expressed by the Lieutenant-Governor in the above letter.

1 The Board of Revenue in their Administration Report for 1870-71, in describing the land tenures of Bengal, mentioned that as a consequence of the practice of proprietors sub-letting separately undivided shares of the whole superior tenure, each tenant had now very commonly to pay his rents to "two or many more than two masters."

[*Government Gazette, 9th September* 1873.]

জিলার পথকর কমিটি উক্ত আইনের ৭৪ ধারামতে তাহার চারি অংশের তিন অংশ অর্থাৎ ৵৹ আনা হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে উক্ত জিলায় সেই হারে কর লওয়া যাইবে, তদনুসারে সেই হার প্রকাশ করা যাইতেছে।—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের কি টাকার উপর দেড় পয়সা।

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই২ হারে লওয়া যাইবে,

বর্ত্তমান মূল্য অনুমান—					বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে	...	৵৹
৫০০	,,	,,	১০০০ ,,	...	২।০
১০০০	,,	,,	২০০০ ,,	...	৩৵০

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের একং হাজার টাকার কি তাহার কোন অংশের উপর ২।০ দুই টাকা চারি আনা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ টাকার অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে ৵৹ আনা টাক্স লাগিবে।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২ সেপ্টেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের (অর্থাৎ পথকর বিষয়ক আইনের) ১ ধারামতে বীরভূম ও বাঁকুড়া জিলায় উক্ত আইন প্রচলিত করিয়া ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ অবধি ঐ২ জিলায় ঐ আইন আরম্ভ ও প্রবল হইবার বিধান করিলেন।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১ সেপ্টেম্বর।—১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের কএক ধারার বিধান দারজিলিঙ্গে প্রচলিত করণবিষয়ক যে বিজ্ঞাপন* ১৮৭২ সালের নবেম্বর মাসের ২৬ তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি তাহা রহিত করিয়াছেন সাধারণের জ্ঞানার্থে এই সংবাদ দেওয়া গেল।

* ১৮৭২ সালের ১৩ নবেম্বর।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

এক জমীদারির অনেক শরিক থাকিলে সকলের পক্ষে এক জন সরবরাহকার নিযুক্ত করিবার কথা।

নির্দ্ধারণ।

রেবিনিউ ডিপার্টমেন্ট।

ভূমির রাজস্বের কথা।

কলিকাতা ১৮৭৩ সাল ২৮ আগস্ট।

এই২ পত্রাদি পাঠ করা গেল।

বঙ্গপ্রভৃতি দেশের ভূমির রাজস্বসংক্রান্ত কার্য্যবিষয়ে রেবিনিউ বোর্ডের স্মরণার্থ লিপির ১৭ অধ্যায়।

হিজলি নিবাসি কএক ব্যক্তি জমিদারদের অত্যাচার বিষয়ে যে দরখাস্ত করেন তদ্বিষয়ের রিপোর্ট বলিয়া ভারতবর্ষের গবর্ণমেন্টের নিকট ১৮৭৩ সালের ২ জুলাইর ১৬৬৪ নম্বরের পত্র।

উক্ত পত্রে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যে অভিপ্রায় প্রকাশ করিলেন তাহার অনুমোদনার্থ ভারতবর্ষের গবর্ণমেন্টের ৩০ জুলাইর ৬২১ নং উত্তর।

১। ১৮৭০।৭১ সালের আডমিনিসট্রেশন রিপোর্টে বঙ্গদেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা তালুকাদির বর্ণনা করিয়া লিখিয়াছেন যে, অবিভক্ত বড়২ তালুকের মালিকেরা স্বতন্ত্র২ পাট্টা দিয়া থাকেন ইহাতে একং জন প্রজার দুই২ কি তাহার অত্যধিক কর্ত্তার নিকটে খাজানা দিতে হয়।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

2. The hardships and harassment, to which the practice of shareholders collecting separately subjects the tenant, had frequently come under the Lieutenant-Governor's notice in different shapes; he therefore requested the Board to consider whether some remedy should not be applied by legislation, suggesting the possibility of reverting to the rule of the permanent settlement quoted in the margin, under which the proprietors of a joint undivided estate were required to elect a sarbe-rakar or manager, who should have the exclusive management of their lands during the continuance of his appointment.

(Regulation VIII of 1793, sections 23 and 25.)

23. Where more proprietors than one possess an undivided estate, and the whole of them be not within the description of disqualified landholders specified in section 20, the settlement is to be made with them jointly, and they are to be required to elect a sarberakar or manager, who shall have the exclusive management of their lands during the continuance of his appointment The determination of the majority of the proprietors, or of the majority of those present, in the event of the absence of any, is to be binding on the remainder in the choice of a manager, and when the votes of the proprietors are equal, the election of the manager is to be determined by the greater interest of the proprietors in the property If in any case the interest also be equal, the manager is to be appointed by the Board of Revenue

25 If the joint proprietors of undivided estates should neglect to elect a sarberakar on the requisition of the collector of the revenue of the zillah in which such estates may be situated, the latter is authorized to nominate a manager for the approbation of the Board of Revenue, which manager, when confirmed by them, shall have the exclusive management as long as it may be thought advisable to continue him The expense of the manager, as well as the responsibility for the public revenue, resting nevertheless with the proprietors

3. On this the Board consulted the Commissioners and local officers, and the result is embodied in chapter XVII of the Board's memorandum on the revenue administration of the Lower Provinces of Bengal recently printed. Local officers were "very "unanimous in deploring the evils and hardships of the present system," but were not generally hopeful as to the probable result of the remedy proposed, or of any other remedy.

4. The reports of the local officers certainly show that extreme hardship, injustice, and wrong to the uninfluential holders of small fractional shares in realizing, as well as to the tenants in paying, their rents is very often the result of the existing state of things, and the same thing is made evident by individual instances which have come prominently to light from time to time in different parts of the country.

Opinions of local officers

5. The Commissioner of Dacca observes that "at present much money "is wasted by each petty sharer having a "gomashtah, who has his pickings both from ryot "and landlord."

6. The Collector of Backergunge—that "the tenants who pay to three or "four shareholders are undoubtedly often subjected to serious inconvenience, "and the hardship is equally great on the other side. Indeed, the person who "is probably most to be pitied in the transaction is the small shareholder, "especially if such person happens to be a woman or a minor. It is only too "common for the latter to be practically dispossessed by the more powerful "co-sharers who persuade or cozen the tenants into acknowledging no landlord "but themselves."

The Commissioner of the Presidency Division observes that "there can be "but one opinion as to the great difficulties in the way of tenants in such a "predicament. The hardship is unquestionably much felt from one end of the "country to the other, and I think that a legal remedy should be applied to "an evil that affects the great bulk of the rural population."

In the Behar districts the evil is not so common. A joint representative is often appointed to deal with the ryots, while in other cases the putwaree acts as collector for the shareholders jointly. In fact, in this, as in other things,

২। শরীকেরা পৃথকরূপে খাজানা আদায় করাতে প্রজাদের অত্যন্ত কষ্ট ও ক্লেশ হইয়া থাকে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই কথা বারম্বার নানা প্রকারে জানিতে পাইয়াছেন। অতএব চিরকালীন বন্দোবস্তের আইনে পার্শ্বলিখিত যে বিধি ছিল তিনি সেই বিধিমতে পুনর্বার কার্য্য হইতে পারিবার কথা উল্লেখ করিয়া কোন আইন দ্বারা উক্ত কষ্ট নিবারণের উপায় করা যাইতে পারে কি না এই বিষয়ে বোর্ডের সাহেবদের বিবেচনা করিতে আদেশ করিলেন। উক্ত বিধির মর্ম্ম এই। সাধারণ অবিভক্ত মহালের অধিকারিরা এক জন সরবরাহকারকে মনোনীত করিয়া নিযুক্ত করিবেন। তিনি যত দিন সেই পদে থাকেন তত দিন তাঁহাদের মহালের সরবরাহ কার্য্য কেবল তাঁহারই হাতে থাকিবে।

(১৭৯৩ সালের ৮ আইনের ২৩ ও ২৫ ধারা।)

২৩ ধারা। যে কালে কোন ভূমি দুই কিম্বা ততোধিক অধিকারিদিগের সাধারণক্রমে থাকে ও সেই অধিকারিরা সকলে ২০ বিংশতি ধারার লিখিত অনুপযুক্ত অধিকারিদিগের ন্যায় না হয় সে কালে সে ভূমির বন্দোবস্ত সেই সকল অধিকারির একযোগের সঙ্গে করা যাইবেক এবং তাহাদিগেরে হুকুম হইবেক যে আপনারদিগের সরবরাহকারির নিমিত্তে একেক সরবরাহকার এই রূপে যে যাবৎ সে আপন কার্য্যে নিযুক্ত ও কায়েম থাকে তাবৎ সেই ভূমির সরবরাহকারী তাহার মারফতে হয় ঠাহর করে। সেই সরবরাহকার ঠাহরের বিষয়ে সেই সকল অধিকারির মধ্যে অনেকের ঐক্যক্রমে যে পরামর্শ হয় তাহাই মাতবর হইবেক যদি সেই সরবরাহকার ঠাহরেরকালে সমস্ত অধিকারী উপস্থিত না থাকে তবে যাহারা উপস্থিত থাকে তাহারদিগের মধ্যে যাহাদিগের মন্ত্রণা অনেকের সহিত একায় তাহারদিগের ঠাহর মাতবর হইবেক আর যদি সেই অধিকারিরা দুইপক্ষ সমান হইয়া একং পক্ষের একং মন্ত্রণা হয় তবে যে অধিকারিদিগের এলাকা সেই ভূমিতে অধিক থাকে তাহারদিগের ঠাহর মাতবর হইবেক যদি তাহারদিগের এলাকা তুল্য হয় তবে সে ভূমির সরবরাহকারেরা বোর্ড রেবিনিউর সাহেবদিগের বিবেচনাক্রমে নিযুক্ত হইবেক ইতি।

২৫ ধারা। যদি কোন সাধারণ ভূমির অংশিরা কালেক্টর সাহেবের অনুমতিক্রমে সরবরাহকার ঠাহরিতে শৈথিল্য করে তবে সেই সাহেবের কর্ত্তব্য যে আপনি একেককে সেই ভূমির সরবরাহকারীর অর্থে বিবেচিয়া তাহার নিযুক্তের বিষয়ে বোর্ড রেবিনিউর সাহেবদিগের স্থান হইতে হুকুম চাহেন ইহাতে ঐ বোর্ডের সাহেবদিগের মঞ্জুর হইলে পর সেই সরবরাহকার আপন কার্য্যে প্রবৃত্ত হইবেক ও যাবৎ তাহার বহাল থাকন উচিত হইবেক তাবৎ অন্যের বিনা প্রবৃত্ততায় সেই ভূমির সরবরাহকারী কার্য্যের ভার তাহার প্রতি খাটিবেক। কিন্তু সেই সরবরাহকারের খরচ এবং সরকারের মালগুজারীর জওয়াব দেওয়া পূর্ব্বানুসারে সেই অংশিদিগের শিরে রহিবেক ইতি।

৩। বোর্ডের সাহেবেরা উক্ত আদেশ পাইয়া কমিশ্যনর সাহেবদের ও নানা স্থানের কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শ করিলেন। বঙ্গপ্রভৃতি দেশের রাজস্ব সংক্রান্ত কার্য্যনির্ব্বাহের বিষয়ে সম্প্রতি বোর্ডের সাহেবদের যে স্মরণার্থ পত্র মুদ্রিত হইয়াছে তাহার ১৭ অধ্যায়ে ঐ পরামর্শের ফল ব্যক্ত হইয়াছে। এইক্ষণে যে নিয়ম চলিতেছে স্থানীয় কর্তৃপক্ষেরা একবাক্য হইয়া সেই নিয়ম অত্যন্ত কষ্টকর ও অনিষ্টজনক বলিয়া আক্ষেপ করিয়াছেন, কিন্তু তাহার প্রতিকারার্থ যে উপায়ের প্রস্তাব হইয়াছে তাহা কিম্বা অন্য কোন উপায় যে ফলজনক হইবে এই বিষয়ে তাঁহারদের প্রায় আশা নাই।

৪। এইক্ষণে যে রূপে কার্য্য চলিতেছে তাহার এই ফল যে, যে অংশিদের হিস্যা অত্যল্প ও প্রতিপত্তি কম, খাজানা আদায় করণ সময়ে তাঁহাদেরই, এবং খাজানা দেওন সময়ে প্রজাদেরই পক্ষে অত্যন্ত কষ্ট ও অন্যায় ও অত্যাচার হইয়া থাকে। নানা স্থানের কর্তৃপক্ষের রিপোর্ট দ্বারা ইহা স্পষ্ট দেখা গেল এবং দেশের নানা স্থানে ব্যক্তি বিশেষের বিষয়ে যাহা সময়ে২ প্রকাশ হইয়া থাকে তদ্দ্বারাও সেই প্রকারের কষ্ট ও অত্যাচার দেখা যাইতেছে।

নানা স্থানের কর্তৃপক্ষের অভিমত।

৫। ঢাকার কমিশ্যনর সাহেব লিখিয়াছেন যে, অল্প হিস্যার শরীকদের একং জন গোমাশতা থাকে সেই গোমাশতা প্রজাদের ও ভূম্যধিকারিদের স্থানে কিঞ্চিৎ২ করিয়া পাইয়া থাকে, এইরূপে অনেক টাকা মিথ্যা খরচ হয়।

৬। বাকরগঞ্জের কালেক্টর সাহেব কহেন, তিন চারি জন শরিককে প্রজাদের খাজানা দিতে হইলে তাহাদের ভারি ক্লেশ হয় ও অন্য পক্ষের অত্যন্ত কষ্ট, সন্দেহ নাই। অল্প হিস্যার শরিকদার হইলে বিশেষতঃ স্ত্রী কি নাবালগ হইলে তিনি বিশেষ করুণার আস্পদ হইতে পারেন। ক্ষমতাশালি অন্য শরিকগণ প্রজাদিগকে লওয়াইয়া আপনদের ছাড়া অন্য শরীককে ভূম্যধিকারি বলিয়া স্বীকার না করিতে উৎসাহ দিয়া কার্য্যপক্ষে ক্ষুদ্র এ শরিকগণকে প্রায় বেদখল করিয়া ফেলে।

প্রেসিডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেব কহেন যে, উক্ত অবস্থাপন্ন প্রজাদের যে অত্যন্ত কষ্ট হইয়া থাকে ইহার ভিন্নমত হইতে পারে না। দেশ ব্যাপিয়া তদ্রূপ কষ্ট ভোগ হইতেছে সন্দেহ মাত্র নাই। অতএব কৃষিকারিদের অধিকাংশ লোক যদ্দ্বারা এত ক্লেশ পাইয়া থাকে তাহা নিবারণ করিবার জন্যে আমার বিবেচনায় আইন প্রণয়ন করা উচিত।

বেহার প্রদেশের অন্তর্গত নানা জিলায় সেই কুরীতি তাদৃশ প্রচলিত নয়। রায়তদের স্থানে খাজানা-প্রভৃতি বুঝিয়া লইবার জন্যে শরীকেরা মিলিয়া প্রায়ই এক জন প্রতিনিধি নিযুক্ত করিয়া থাকেন। কোনং স্থলে পাটওয়ারি সকল শরীকদারের জন্যে আদায় উসুল করিয়া থাকে। এই বিষয়ে এবং

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

Behar resembles the North-Western Provinces much more than Bengal. Still the Commissioner has known instances in which, "owing to quarrels among "shareholders, ryots have not been allowed to cut the dhan, and ryots' and "maliks' shares have thus altogether gone to destruction. In Sarun, tenants "under joint co-parceners are put to much trouble in getting receipts and in "recovering amounts overpaid. The Commissioner is of opinion that the "evil is very considerable, and is not only a source of vexation and harassment "to the ryot, but of serious loss, inasmuch as it multiplies the number of "amlahs and underlings whom he has to fee."

7. Other officers represent the difficulties to which the ryots are subjected when a dispute occurs among the joint-shareholders to whom he has to pay his rent, or when a new proprietor of a fractional share comes in and endeavours to raise the rents payable on account of his share. The extortion to which the ryots are subjected by collecting establishments is an admitted grievance, and that wrong is intensified to an intolerable degree when he has to satisfy the illicit demands of the servants, not of one landlord but of many, for the gratuities or presents, which are sometimes said to be given by the ryots of their own free will.

8. The Commissioner of Orissa goes fully into the subject, and his remarks are here reproduced :—

"In my opinion payment of rent by tenants to several fractional owners "separately is productive of the greatest confusion, annoyance, and injury. An "estate paying revenue of Rs. 300 often has as many as 25 or 30 proprietors, "whose shares are in some cases so minute that they can only be described by "fractions of a cowree. The ryots are generally an uncomplaining class, but "cases have come to light in which they have suffered severely from this "multiplicity of zemindars. On this subject the Collector of Cuttack reports "as follows :—

"'In the whole circumstances regulating the position of landlord and "'tenant, there is nothing so detrimental, I might say ruinous, to the ryot as "'the number of persons who claim to exercise the power of landlord over "'him. As a rule, in this district the shareholders in a joint undivided property "'have no common manager or tehsildar, each collects his own fractional "'share of the rent separately. The consequences to the ryot in an estate "'where there are ten or fifteen shareholders, each with his own set of amlah, "'demanding his own particular *dustury*, are too plain to call for explanation, "'but when the road cess comes to be collected the consequences will be far "'more injurious than they are now. The maximum cess payable by ryots is a "'pice in every rupee of rent, but thousands of instances will occur in which "'the whole rent to be received by any one shareholder will not exceed a "'few annas. The portion of cess due on this could not well be adjusted, and the "'probability is that when the whole amount is made up the ryot will find that "'he has paid three or four times more than he ought to have done. I have "'no hesitation in repeating here my conviction that unless the appointment "'of a common manager in joint estates is enforced, the ryots can never be "'placed in a fair position, and nothing, moreover, can be more detrimental to "'the proper management of an estate than a lot of shareholders acting "'independently, and squabbling over the plunder. That there is a marvellous "'want of unanimity, I knew before, and my opinion has been only too well "'confirmed by what has transpired in working the Cess Act.'"

Particular instances.

9. In his Land Revenue Report for the year 1872-73, the Commissioner of Burdwan writes to the Board of Revenue :—

"As a rule, the principal sharers in joint "estates have each their mal-cutcherry and separate collecting agency. This "is harassing to the tenants, but it is an old established practice in the district. "The different sharers do not in all cases collect rents at the same rate. Of "two 8-anna sharers one may realize much more than the other. It is stated "that a certain powerful zemindar in the Hooghly district with a four-fifth "share realizes seven times as much rent as the one-fifth shareholder."

[*Government Gazette, 9th September* 1873.]

অন্যান্য বিষয়ে বেহার প্রদেশে বঙ্গদেশের ন্যায় কর্ম্ম না হইয়া উত্তরপশ্চিম দেশের ন্যায় কর্ম্ম হইয়া থাকে। হইলেও কমিশ্যনর সাহেব জানিতে পাইয়াছেন যে স্থানে২ শরিকদের মধ্যে বিবাদ হওয়াতে রায়তেরা ধান কাটিতে পায় না, ইহাতে রায়তদের ও মালিকদের হিস্যা উভয়ই নষ্ট হইয়া যায়। সাহবে যাহারা সাধারণ অংশিদের প্রজা তাহারদের দাখিলা পাইতে ও বেশী টাকা ফিরিয়া পাইতে অত্যন্ত কষ্ট হইয়া থাকে। কমিশ্যনর সাহেব বোধ করেন যে ঐ কুব্যবহার অতি বিস্তৃত ভাবে চলিতেছে তাহাতে প্রজাদের যে কেবল বৈরক্তি ও ক্লেশ জন্মে তাহা নয় অত্যন্ত ক্ষতিগ্রস্ত হইয়া থাকে। কেননা অনেক আমলা ও অধীন কর্ম্মচারি নিযুক্ত করা আবশ্যক হওয়াতে তাহারদিগকেও কিঞ্চিৎ২ দিতে হয়।

৭। কোন২ স্থলে সাধারণ যে অংশিদিগকে প্রজাদের খাজানা দিতে হয় তাহারদের পরস্পর বিবাদ হইলে, কিম্বা অল্প হিস্যার নূতন শরীক উপস্থিত হইয়া আপনার অংশের খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা করিলে প্রজাদের যে কত ক্লেশ হইয়া থাকে, এই বিষয় অন্য কর্তৃপক্ষেরাও লিখিয়াছেন। খাজানা উসুল করিবার জন্যে যে আমলাগণ নিযুক্ত হয়, তাহারদের দ্বারা প্রজারদের অনেক অত্যাচার হইয়া থাকে ইহা সকলেই জানে। তদ্ভিন্ন কেহ২ বলে প্রজারা জমীদারদের চাকরকে ইচ্ছা করিয়া পালি-পার্ব্বনি দিয়া থাকে ফলতঃ তাহা না হইয়া কেবল এক জমীদারের চাকর নয় অনেক জমীদারের চাকরের প্রজাদের স্থানে বেআইনীমতে পার্ব্বনি নজর প্রভৃতি পাইবার দাওয়া করিলে প্রজাদের পক্ষে অসহ্য ঘোরতর অন্যায়াচার হইয়া উঠে।

৮। উড়িষ্যার কমিশ্যনর সাহেব সেই বিষয় সম্পূর্ণরূপে লিখিয়াছেন। তাঁহার কথা নিম্নভাগে লেখা গেল।

অল্প২ অংশের অনেক স্বামিকে প্রজাদের স্বতন্ত্র২ খাজানা দিতে হইলে আমার বিবেচনায় অত্যন্ত গোলযোগ ও ক্লেশ ও অপকার হয়। অনেক স্থলে যে মহালের ৩০০ টাকামাত্র রাজস্ব তাহার ২৫ কি ৩০ জন মালিক। এক২ জনের হিস্যা এত অল্প যে কেবল কাগ ভ্রান্তিভিন্ন নিরূপণ হইতে পারে না। প্রজারা প্রায় অত্যন্ত নিরীহ। কিন্তু অনেক জমীদার থাকায় তাহাদের যে বিষম ক্লেশ হয় ইহা স্থানে২ প্রকাশ পাইয়াছে। এই বিষয়ে কটকের কালেকটর সাহেব এই রিপোর্ট করেন,

ভূম্যধিকারি ও প্রজাদের পরস্পর অবস্থা বিবেচনায় যাঁহারা প্রজাদের উপর প্রভুত্ব করেন তাঁহারদের বহু সংখ্যা থাকার তুল্য হানিকর আর কোন বিষয় নাই বরং তাহা সর্ব্বনাশজনক বলিলেও অত্যুক্তি হয় না। এই জিলায় সাধারণ অবিভক্ত সম্পত্তির অংশীদের ঐকমাত্র তহসীলদার কি সর-বরাহকার প্রায় থাকে না, প্রত্যেকে আপন২ ক্ষুদ্র২ অংশের খাজানা আদায় করিয়া থাকেন। কোন মহালের দশ কি পনেরো জন শরীক ও প্রত্যেক শরিকের কতকগুলি আমলা, সেই আমলারা প্রত্যেকে দস্তুরী চাহিয়া লইলে রায়তের যে কত কষ্ট হয়, তাহা স্পষ্টই, ব্যাখ্যা করা প্রয়োজন নাই। আবার ইহার উপর পথকরও আদায় করিতে আরম্ভ করিলে অপেক্ষাকৃত অধিক হানিজনক হইয়া উঠিবে। প্রজাদের খাজনার উপর পথকর বলিয়া টাকা প্রতি এক পয়সার অধিক লইবার অনুমতি নাই, কিন্তু সহস্র২ স্থলে এক২ জন অংশির সমুদয় খাজনার উপর পথকর কএক আনামাত্রের অধিক হইবে না। ইহার মধ্যে প্রজার যে অংশ দিতে হইবে তাহা ঠিক নিরূপণ করা কঠিন এইরূপ হইলে দেখা যাইবে যে প্রজার যত পয়সা দেওয়া উচিত তাহার তিন চারিগুণ অধিক দেওয়া হইয়াছে। আমি আপনার এই দৃঢ় অভিমত পুনরায় জানাইতেছি যে, সাধারণ মহালের একি জন সরবরাহকার নিযুক্ত করিবার বিধি প্রবল করা না গেলে, প্রজারা কখন প্রকৃত অবস্থাপন্ন হইতে পারিবে না। এবং অনেক শরীক স্বতন্ত্র২ কর্ম্ম করিয়া আপনারদের লোটা মাল লইয়া বিবাদ করাতে মহালের উপযুক্তমতে সরবরাহ হইবার যত বাধা হইতে পারে অন্য কিছুতেই তত হয় না। তাহারদের আশ্চার্য্য অনৈক্য আছে ইহা পূর্ব্বে জানিতাম বটে, এইক্ষণে পথকরের আইনমতে কার্য্য চালাইতে প্রবর্ত্ত হইয়া আমার সেই অভিমত আরো দৃঢ় হইয়াছে।

"৯। বর্দ্ধমানের কমিশ্যনর সাহেব ১৮৭২।৭৩ সালের ভূমির রাজস্ব বিষয়ক রিপোর্টে রেবিনিউ বোর্ডের সাহেবদের নিকট এই কথা লিখিয়াছেন।

বিশেষ উদাহরণের স্থল।

সাধারণ মহালের প্রধান২ অংশিগণের প্রায় ভিন্ন২ মাল কাছারী থাকে ও খাজানা উসুল করিবার জন্যে নিজ২ লোকও থাকে। ইহাতে প্রজাদের অত্যন্ত ক্লেশ হয় কিন্তু এই রীতি জিলার মধ্যে বহুকালাবধি চলিয়া আসিতেছে। শরীকগণ একি ভাবে সর্ব্বদা খাজানা আদায় করেন না আট২ আনা হিস্যার দুই জন শরীকের মধ্যে এক জন অন্যের অধিক আদায় করিতে পারেন। এইরূপ জনশ্রুতি আছে যে, হুগলী জিলার অত্যন্ত প্রতাপশালি কোন জমীদারের পাঁচ ভাগের চারি ভাগ হিস্যা আছে কিন্তু তিনি পাঁচ ভাগের এক ভাগ হিস্যার অন্য শরীক অপেক্ষা সাতগুণ অধিক খাজানা আদায় করিয়া থাকেন।"

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

In his report on the land revenue administration of the Cooch Behar Division in 1871-72, the Commissioner gives the following account of a complaint which was made to Colonel Haughton during his tour:—

"A Garo talookdar, whose tenure, from the evidence produced, was in "existence prior to the decennial settlement, and whose ancestors came forward "and made the same complaint to Mr. Elliot, the Commissioner deputed to "settle the disputes between the zemindars of Sherepore and the Garos, made "the following statement:—That the pergunnah having been divided amongst "thirteen recorded sharers and a number of unrecorded sharers, it has become "a matter of impossibility for him to pay his rent. Each sharer residing at a "variety of distances required his rent to be conveyed to his house, and to "each he has to pay his quota of abwabs. It so happens that when two "separate sharers of the same house disagree, he is often obliged to dance "attendance upon them till their dispute is settled. Again, a sharer dying, "the tenant has either to wait till the heir takes his certificate of administra-"tion, or to pay at the risk of being obliged to pay again; the matter "has become intolerable to the extreme, and a better instance for legislative "enactment cannot be given, if it be the intention of Government to intercede "on behalf of these oppressed tenants."

10. If a talookdar finds himself in this position, the still greater difficulties with which an ordinary ryot is beset under similar circumstances can be easily understood. The Commissioner further writes:—

"By this difficulty, not only the tenants suffer, but the zemindars "themselves are great losers. The tenant being extorted or harassed by one "sharer, delays to pay his rent to another; and in this way another sharer "becomes a loser"

11. Again, during the recent disturbances in Pubna, the same difficulty cropped up as one leading to much agrarian discord. The village in which the feeling was most bitter, and most violence was committed, was one in which a dispute existed between the shareholders. One of them had sub-let his share to a man who was opposed by the others, and the acts of violence which occurred were supposed to have been fomented by the discordant shareholders.

12. In September 1872 a petition was presented to the Governor-General in Council by certain ryots of Hijlee, in the Midnapore district, containing the following complaint among others:—

"Each zemindar collects revenue from each ryot, according to his own share of the district, and your Excellency's petitioners are therefore subject to constant visitations from their peons, and the consequent annoyances and oppression. They are also subject to pay illegal cesses, which it is customary with zemindars to exact from ryots, and your Excellency can therefore imagine the hardships under which your Excellency's petitioners are laboring;" and they prayed that, as a remedy for these hardships, orders might be given for the partition of the district among the zemindars according to their respective shares, or else that it should be placed "under khas management or izaradars appointed by Government," which would remove the "intolerable grievances" under which the petitioners were laboring. In reporting on this petition the Commissioner of Burdwan wrote—"The Mujnamootah estate, of which they are residents, is held in six different shares, and each shareholder has in his employ a distinct collecting agency, whose separate visitations for the purpose of collecting the rents is probably a source of annoyance to the ryots, but there is nothing illegal in the proceeding. The prayer of the petitioners for the partition of the estate into different shares is inadmissible, as there is no law to compel the adoption of such a course on the part of the owners."

Opinion of the Governor General in Council

13. In submitting a report on the petition, the Lieutenant-Governor observed that the evil complained of is a "most cruel wrong," and expressed an opinion that legislation should be resorted to, "so as to provide against a number of joint proprietors in an estate separately and individually harassing the tenants for their dues." The Governor-General in Council fully approved of the views thus expressed by the Lieutenant-Governor in submitting this report, and His Excellency in Council has directed that, before legislating on the

কুচবেহারের কমিশ্যনর সাহেব আপন খণ্ডের ভূমির রাজস্ব বিষয়ক ১৮৭১। ৭২ সালের রিপোর্টে লিখিয়াছেন যে, করর্ণেল হটন সাহেব কোন সময়ে দৌরায় গেলে তাঁহার নিকট নিম্নলিখিত প্রকারের নালিশ হইয়াছিল।

"গারো তালুকদারের দশসনী বন্দোবস্তের পূর্ব্বে এক তালুক ছিল, তিনি দখীল দেখাইয়া ইহা প্রতিপন্ন করিলেন। পূর্ব্বে কমিশ্যনর এলিয়ট সাহেব শেরপুরের জমীদারদের ও গারোদের মধ্যে বিবাদ নিষ্পত্তি করিতে নিযুক্ত হওয়াতে ঐ তালুকদারের পূর্ব্বপুরুষেরা ঐ সাহেবের নিকট উপস্থিত হইয়া, সেই বিষয়ের নালিশ করিয়াছিলেন। তাহার মর্ম্ম এই।—পরগনা, তেরো জন অংশির মধ্যে বিভক্ত হইয়া তাহারদের নাম রেজিস্টরী করা যায় তদ্ভিন্ন যাহারদের নাম রেজিস্টরী করা যায় নাই এমত আর অনেক অংশী আছে এইক্ষণে সকলের খাজানা দেওয়া আমার পক্ষে অসাধ্য হইয়া উঠিয়াছে। সকল শরীক কমবেশ দূর২ স্থানে বাস করিয়া থাকে। প্রত্যেক জনের নিজ২ ঘরে গিয়া তাহার খাজানা দিয়া আসিতে হইবে। আবার প্রত্যেক জনকে আবওয়াবও দিতে হইবে। কখন২ একি ঘরের দুই জন স্বতন্ত্র শরীকের মধ্যে বিবাদ হইলে তাহারদের সেই বিবাদ যত দিন না মিটীয়া যায় তত দিন দুই জনের নিকট সর্ব্বদাই যাতায়াত করিতে হয়। অপর কোন শরীক মরিয়া গেলে তাহার উত্তরাধিকারি যত দিন আডমিনিষ্ট্রেশনের সর্টিফিকট না পান, তত দিন খাজানা দিতে পারি না, দিলে পাছে অন্যকে আবার দিতে হয়। এই বিষয়টি একেবারে অসহ্য হইয়া উঠিয়াছে। অতএব গবর্ণমেণ্ট এই অত্যাচারগ্রস্ত প্রজাদের উপকার করিতে মানস করিলে ইহার অপেক্ষা আইন করিবার আর উপযুক্ত স্থল কই।

১০। তালুকদারের যদি এইরূপ কষ্ট হয় তবে সেই অবস্থায় সামান্য প্রজার যে আর কত কষ্ট হইবে তাহা সহজেই বুঝায় যাইতে পারে। কমিশ্যনর সাহেব আরো লিখিয়াছেন,।—

এই প্রকারের কষ্টদ্বারা কেবল প্রজাদের যে দুঃখ হয় তাহা নয় জমীদারদেরও অধিক হানি হইয়া থাকে। এক জন শরীক প্রজাকে ভয় দেখাইয়া টাকা লইলে কিম্বা তাহাকে কষ্ট দিলে অন্য শরীকের খাজানা দিতে তাহার বিলম্ব হইয়া উঠে, এই প্রকারে সেই অন্য শরিকেরও হানি হয়।

১১। সম্প্রতি পাবনা জিলায় যে গোলযোগ উপস্থিত হইয়াছিল সেই প্রকারের কষ্টদ্বারা গ্রাম্য বিবাদ হইয়া উঠিল। যে গ্রামের মধ্যে অধিক বিদ্বেষ ভাব ও অধিক দৌরাত্ম্য হইয়াছিল সেই গ্রামের অংশিদের মধ্যে পরস্পর বিবাদ ছিল। এক জন অংশী আপনার হিস্যা অন্য কোন ব্যক্তিকে পাট্টা করিয়া দিলে, আর কএক জন তাহার বিপক্ষ হইয়া উঠিল ও বল প্রকাশ দ্বারা যে সকল অত্যাচার ঘটিয়াছিল বোধ হয় ঐ বিবাদি অংশীরাই তাহা উস্কাইয়া দিয়াছিলেন।

১২। ১৮৭২ সালে ৪ সেপ্টেম্বর মাসে মেদিনীপুর জিলার অন্তর্গত হিজলী নিবাসি কএক জন রাইত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নিকট দরখাস্ত দিয়া অন্যান্য বিষয়ের মধ্যে এই নালিশও করিলেন,।—

এই জিলার মধ্যে জমীদারেরা আপন২ অংশঅনুসারে প্রত্যেক জন রাইতের স্থানে খাজানা আদায় করিয়া থাকেন। তাঁহারদের নগদী ও বারম্বার আসাতে দরখাস্তকারিদের অনেক ক্লেশ ও অত্যাচার ভোগ করিতে হইয়াছে। আরো রাইতদের স্থানে জমীদারদের বেআইনীমতে যে আবওয়াব লইবার রীতি আছে তাহাও প্রজাদের দিতে হয় ইহাতে যে আমারদের কত দূর কষ্ট হয় মহিমবর তাহা বুঝিতে পারিবেন। আরো তাহারা এই প্রার্থনা করিল যে ঐ কষ্ট নিবারণের নিমিত্ত জমীদারদের অংশানুসারে জিলা ভাগ করিয়া দিতে আজ্ঞা হউক অথবা খাস তহসীল অর্থাৎ গবর্ণমেণ্টের নিযুক্ত ইজারদারের হাতে অর্পণ করা যাউক তাহা হইলে দরখাস্তকারিদের প্রতি যে অসহ্য অত্যাচার হইতেছে তাহার নিবারণ হইবে। বর্দ্ধমানের কমিশ্যনর সাহেব ঐ দরখাস্তের বিষয়ে রিপোর্ট করিয়া এই কথা লিখিলেন, দরখাস্তকারিরা মাজনামুটা মহাল নিবাসি। সেই মহালের ছয়টি স্বতন্ত্র হিস্যা। প্রত্যেক অংশির খাজানা আদায় করিবার জন্যে স্বতন্ত্র আমলা থাকে, তাহারা খাজানা আদায় করিবার জন্যে বারং গিয়া প্রজাদের অত্যন্ত বৈরক্তি জন্মায় কিন্তু এই কার্যটি বেআইনী নয়। ঐ মহাল ভাগ করিয়া দেওয়া যায় দরখাস্তকারিদের এই প্রার্থনা অগ্রাহ্য, যেহেতুক জোর করিয়া ভূম্যধিকারিদের মহাল ভাগ করাইয়া দিবার আইন নাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অভিমত।

১৩। ঐ দরখাস্তের রিপোর্ট দিবার সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই কথা লিখিলেন। দরখাস্তকারিরা যে অনিষ্টের নালিশ করিয়াছে তাহা "ঘোরতর অন্যায়।" এবং একি মহালের অনেক এজমালী শরীক আপন২ পাওনার জন্যে স্বতন্ত্র ও পৃথকরূপে প্রজাদিগকে আর ক্লেশ দিতে না পারে ইহার বিধান করিবার জন্যে আইন প্রচলিত করা উচিত। রিপোর্ট দেওন সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত যে অভিপ্রায় প্রকাশ করিলেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহাতে সম্পূর্ণ সম্মত হইয়া এই আজ্ঞা করিয়াছেন যে, উক্ত বিষয়ের আইন প্রণয়ন করিবার পূর্ব্বে প্রধান২ জমীদারদের নিকট ঐ অনিষ্টের প্রতিকার করণের আবশ্যক প্রকাশ করা যাউক, এবং

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

subject, "the necessity of remedying the evil complained of may be pointed out to the heads of the zemindari interest, and their opinion asked as to the measures which will secure the object, with the least disturbance of the rights of the several shareholders on a joint estate."

14. That the Government is thoroughly justified in insisting on the appointment of representatives of the shareholders, if that course should appear to be for the benefit of the community at large, is evident from the fact that a provision requiring them to do this was among the fundamental provisions of the permanent settlement The original law on the subject is transcribed in paragraph 2 of this resolution. It may be added that a provision of this kind has been carried into full effect, and is now in universal use in the North-Western Provinces, Oude, and Punjab, where without it society would fall to pieces. The effect of the Hindoo and Mahomedan law of inheritance and other causes are such that there are very few estates held by single owners either in Bengal or in other provinces. At the same time it must be admitted that, as things are now situated in Bengal, there are considerable difficulties in the way. This was felt as early as 1805, when, at the instance of many landholders, the provision above quoted was repealed.

Sec. 23, Reg VIII of 1793.

15. Looking at the relations which so often exist between co-parceners in Bengal, it is to be expected that it may often be found difficult for them to agree in selecting one of their number or any common agent to deal with their tenants on behalf of all. The preamble to Regulation XVII of 1805, which Regulation repealed the rules of the settlement law requiring the appointment of a joint manager, sets forth "the reluctance manifested generally by the proprietors to elect a manager under those rules;" but in the correspondence which led to the passing of the repealing Regulation, the question is viewed from the zemindars' side only,—its bearing on the tenants is not even alluded to.

Necessity of overcoming the difficulties which present themselves

It is only necessary now to say that, on a full consideration of the question, the Governor-General in Council, as well as the Government of Bengal, has been convinced that justice is not done to all classes under the present system, and that a remedy must be devised. It remains to devise the best form of remedy.

16. It is to be observed that the appointment of a joint manager to represent all interests is by no means a new or unusual thing even in these provinces. In Burdwan it is reported that in many joint estates or talooks "there is a common "agent or gomashtah who makes the collections for all the co-parceners, "and pays to each his share of the rent, although in large estates or talooks "having several shareholders each of them employs a separate naib or agent, "and the ryots have to pay rents to the several agents." In Dinagepore, where there is no dispute, the ryots "generally pay in lump sums to the "putwaree of the village, whose business is to apportion the amount to the "shareholders."

Appointment of a joint manager no new or unusual thing

"In Maldah and Pubna the proprietors of small estates generally employ a joint collecting establishment, although it is not so in large estates. In the districts of Behar, the cases in which the ryot has to pay separately to several proprietors are not so common as in Bengal. Although small estates are owned jointly by numerous co-parceners, some arrangement is generally made by which the ryot has to deal with one person only; sometimes he pays in a lump sum to the putwaree, who distributes the collections to the shareholders; sometimes to a joint tehsildar. In some villages of Gya, as all of the numerous co-proprietors "are related to each other, they appoint one from amongst themselves to collect "from the tenants." In the Bhaugulpore Division one shareholder sometimes manages for all.

17. It may then be said that (except on large estates) so long as the co-parceners are at one, it is generally found convenient for all parties that the ryots should pay their rents to one representative of the proprietors, and some arrangement is often made accordingly. Indeed, the inconvenience of collecting their fractional

Review of the position

সাধ্যমতে অবিভক্ত মহালের ভিন্ন২ অংশীদের স্বত্বের ব্যাঘাত না করিয়া উক্ত অভিপ্রায় সফল করিবার কীদৃক উপায় করা উচিত এই বিষয়ে তাঁহারদের অভিমত গ্রহণ করা যাউক।

১৭৯৩ সালের ৮ আইনের ২৩ ধারা দেখ।

১৪। অংশীদের প্রতিনিধি নিযুক্ত করিলে সাধারণ লোকদের হিতজনক হয় গবর্ণমেণ্ট এমত বিবেচনা করিয়া তদ্রূপ কার্য্যের বিধান করিলেও যে সম্পূর্ণ নির্দ্দোষী হইবেন তাহার প্রমাণ এই, চিরকালীন বন্দোবস্তের মূল বিধানের মধ্যে তাদৃশ কার্য্য হইবার বিধান ছিল। এই বিষয়ের মূল আইন এই নিষ্কারণপত্রের ২ দফায় উল্লিখিত হইয়াছে। এই স্থলে আরো বক্তব্য যে, উত্তর পশ্চিম দেশে ও অযোধ্যায় ও পঞ্জাবে সেই প্রকারের বিধান সম্পূর্ণরূপে প্রচলিত হইয়াছে ও সর্ব্বত্র প্রবল হব যাইতেছে। তাহা না হইলে সেইং দেশে সামাজিক নিয়ম ভঙ্গ হইয়া পড়ে। হিন্দু ও মুসলমানদের উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থার যে ফল তদ্দ্বারা ও অন্যান্য হেতুতে এখন এমন হইয়া উঠিয়াছে যে বঙ্গ প্রভৃতি দেশে যে মহালের একি মাত্র স্বামী থাকে এমন মহাল প্রায় পাওয়া যায় না। অপর পক্ষে বঙ্গদেশের আধুনিক অবস্থা বিবেচনায় উক্ত প্রকারের বিধান করার অনেক বাধা আছে। ১৮০৫ সালেও ইহা দেখাগিয়াছিল সেই হেতুক অনেক ভূম্যধিকারির প্রার্থনামতে ঐ বিধান রহিত করা গিয়াছিল।

বাধা উঠাইয়া ফেলিবার আবশ্যকের কথা।

১৫। বঙ্গদেশের শরিকদের মধ্যে পরস্পর যে সম্বন্ধ প্রায়ই দেখা যাইতেছে তদ্বিবেচনায় তাঁহারা যে ঐক্য হইয়া প্রজাদের সঙ্গে সকলেরই পক্ষে কার্য্য করিবার জন্যে আপনারদের মধ্যে একি ব্যক্তি কিম্বা সাধারণের একি জন নাএব নিযুক্ত করিতে পারেন ইহা প্রায়ই দুষ্কর হইবে। বন্দোবস্তের আইনে সাধারণের পক্ষে এক জন সরবরাহকার নিযুক্ত করিবার যে বিধি ছিল ১৮০৫ সালের ১৭ আইন দ্বারা তাহা রহিত করা যায়। সেই বিধিমতে একং জন সাধারণ সরবরাহকার মনোনীত করিতে ভূম্যধিকারিদের অত্যন্ত অনিচ্ছা এই কথা সেই আইনের হেতুবাদে প্রকাশ হইয়াছিল। কিন্তু ঐ বিধি রহিত করণার্থ আইন প্রণয়ন করিবার পূর্ব্বে যে নিরূপণ হয় তন্মধ্যে কেবল জমীদারদের পক্ষে সেই কথার বিবেচনা হইয়াছিল প্রজাদের পক্ষে তাহার যে ফলাফল হইতে পারে তাহার উল্লেখও হয় নাই।

এইক্ষণে এই মাত্র লেখা আবশ্যক। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এবং বঙ্গদেশের গবর্ণমেণ্ট উক্ত বিষয়ের সম্পূর্ণ বিবেচনা করিয়া ইহা নিশ্চয় জানিয়াছেন যে, বর্ত্তমান নিয়মানুসারে সকল শ্রেণীর পক্ষে ন্যায়াচার হইতেছে না ও ইহার প্রতিবিধান করা আবশ্যক। এইক্ষণে প্রতিবিধানের যথাসাধ্য সদুপায় নির্ণয় করা প্রয়োজন।

সাধারণের সরবরাহকার নিযুক্ত করা নূতন বিষয় না হওয়ার কথা।

১৬। এজমালী কএক জনের স্বত্বের প্রতিনিধিস্বরূপ এক জন সরবরাহকার নিযুক্ত করা এই দেশের মধ্যে নূতন কি অসাধারণ বিষয় নয়। বৰ্দ্ধমান হইতে এই রিপোর্ট পাওয়া গিয়াছে যে, তথাকার অবিভক্ত অনেক মহালের কি তালুকের একি জন নাএব কি গোমাশতা সকল অংশির পক্ষে খাজানা আদায় করিয়া প্রত্যেক জনকে আপনং অংশ দিয়া থাকেন। তথাপি বড়ং মহালের কি তালুকের অনেক শরিক থাকিলে তাঁহারা প্রত্যেকে আপনার নাএব কি গোমাশতা নিযুক্ত করেন ও রায়তেরা ঐ গোমাশতাদিগকে খাজানা দিয়া থাকে। দিনাজপুরের জমীদারদের মধ্যে বিবাদ নাই, সেই স্থানের রায়তেরা গ্রামের পাটওয়ারিকে মোটে জমা দিলে তিনি শরিকদের অংশ ভাগ করিয়া দিয়া থাকেন।

মালদহে ও পাবনায় ক্ষুদ্রং মহালের অধিকারিরা মিলিয়া খাজানা উসুল করিবার একি সেরিশতা রাখেন, কিন্তু মহাল বড় হইলে তাহা করেন না। বেহার প্রদেশের অন্তর্গত জিলার প্রজারা কখনং ভিন্ন মালিকদিগকে খাজানা দিয়া থাকেন কিন্তু বঙ্গদেশে সেই রীতি যেমন প্রায়ই হইয়া থাকে বেহারে তেমন নয়। ক্ষুদ্রং মহালের অনেক শরীক থাকিলেও কেবল একি ব্যক্তির সঙ্গে প্রজার খাজানা আদায় উসুল করিবার নিয়ম করা যায়। রায়ত কখন পাটওয়ারিকে মোটে টাকা দিলে তিনিই শরীকদের মধ্যে ঐ টাকা বন্টন করিয়া দেন, কখন বা সাধারণের এক জন তহসীলদারকে সকল টাকা দেওয়া যায়। গয়ার কোনং গ্রামে অনেক শরীক থাকিলেও তাঁহাদের পরস্পর প্রায়ই জ্ঞাতিত্ব সম্বন্ধ থাকাতে প্রজাদের স্থানে খাজানা আদায় করিবার কার্য্যে আপনারদের এক জনকে নিযুক্ত করিয়া থাকেন। ভাগলপুর খণ্ডে এক জন শরীক সকলের তরফে সরবরাহকার হন।

উক্ত অবস্থার সমালোচন।

১৭। পূর্ব্বোক্ত কথার দ্বারা ইহা জানা গেল। বড় মহাল ছাড়া অন্য মহালের শরীকদের মধ্যে যত দিন ঐক্যভাব থাকে তত দিন সকলের প্রতিনিধিস্বরূপ একি ব্যক্তিকে প্রজাদের খাজানা দেওয়া সুবিধা জ্ঞান হইয়া প্রায় তদনুযায়ি নিয়ম থাকে। ফলতঃ সাধারণের রায়তদের স্থানে [illegible]আদায় অল্পং অংশ আদায় করা অত্যন্ত অসুবিধাজনক জ্ঞান করিয়া কোনং স্থলে ভূম্যধিকারিগণ আপোসে আপনাদের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

shares of rent from joint ryots is so much felt by proprietors that it is not an uncommon thing for them to make an amicable division of the ryots of their estate, so that each proprietor shall collect the whole amount of rent payable by a certain number of the ryots of the estate.

The cases in which the evils of separate collection of fractional shares of rent are most felt may be said to be—

I. Those in which disputes have arisen among the co-parceners; and

II. Those of large estates or tenures, some of the proprietors of which are presumably men with considerable local power and influence.

Whatever may be the causes which operate to prevent these larger shareholders from adopting the course of appointing joint agents, which is found convenient by smaller landlords, it is evident that both in all cases of disputes and in the case of large shareholders who collect separately, the ryots suffer, and in neither case are they in any degree to blame In the latter case the petty shareholders, if any, probably suffer also, without any fault of their own.

18. It is for the protection of the interests of these weaker parties that interference is called for; and such interference should be limited to the cases in which it is really necessary The necessary protection might best be given perhaps in the shape of a law, similar to the original law of 1793, giving authority to the district officer, upon application made by the tenants of any estate, or otherwise, when he finds such a measure necessary for the peace of the district and the due protection of the tenures, to call upon all persons (whatever may be the degree of their tenures) who are entitled to collect fractional shares of rent direct from the cultivating ryots, to appoint one of their own number to represent the whole body in their dealings with the ryots, or to appoint a joint agent for that purpose. In case of default to nominate jointly, it seems unavoidable to vest the powers of appointing a manager with the Collector. The power would only be used where it might be necessary from the circumstances of the estate, and the Lieutenant-Governor believes that the very knowledge that it lay in the hand of the Collectors would often go far to check those abuses of private management which have led to the present discussion.

It will be a question whether, in order to meet such cases as those of the talookdar in Cooch Behar, which is given above, the proposed authority should not be extended somewhat higher, the Collector being empowered to call on the holders of superior tenures to nominate a joint agent to deal with the proprietors of subordinate tenures

19. In connection with this subject it appears to the Lieutenant-Governor possible that if the system of appointing joint managers were more generally adopted, many of those undoubted cases of hardship might be avoided in which estates are brought to sale for arrears of revenue, caused by the default of one out of several shareholders In some cases doubtless such defaults are intentionally committed, in order to allow the estate to be brought to sale for the purposes of the defaulting party; in other instances the default occurs through some *bonâ fide* misunderstanding or mistake, which would be remedied if the Collector could only communicate specially with all the parties concerned. But as things now stand it would not be possible to require the Collector by law to make such special communications in every case of default; for it would often be practically impossible for him to find out who all the actual joint-proprietors are, many of their interests being represented in his registers by the names of persons who have been long dead, or who have alienated their shares.

Where there is a joint manager representing all, no such difficulties could occur, and it might be a matter for consideration whether the severity of the present sale laws could be relaxed.

20. The Lieutenant-Governor now desires, in accordance with the suggestion of the Government of India, to invite the views of the representatives of the landed interest "as to the measures which will secure the object with the "least disturbance of the rights of the several shareholders on a joint estate," and which would generally be open to the least objection; and he accordingly directs that copies of this resolution be sent to the various societies in

মহালের রায়তদিগকে ভাগ করিয়া লইয়া একং জন ভূম্যধিকারী মহালের কএক জন মাত্রের সমুদয় খাজানা আদায় করিয়া থাকেন।

খাজানার অল্পং অংশ স্বতন্ত্র আদায় করণদ্বারা যে অনিষ্ট ঘটে তাহা বিশেষমতে এইং স্থলে প্রকাশ হইয়া থাকে।

১। শরীকদের মধ্যে বিবাদ হইলে।

২। বড়ং মহালের কি তালুকের ভূম্যধিকারিদের মধ্যে কএক জনের অধিক ক্ষমতা ও প্রতাপ থাকার অনুভব হইলে।

ক্ষুদ্রতর ভূম্যধিকারিরা সাধারণের গোমাশতা নিযুক্ত করা সুবিধা জ্ঞান করিলেও বড়ং শরীকগণ যে সেই বিধিমতে কর্ম্ম না করেন ইহার যে হেতু হউক তাঁহাদের মধ্যে বিবাদ হইলেই এবং বড়ং শরীকগণ স্বতন্ত্রভাবে খাজানা আদায় করিলেই প্রজাদের অনিষ্ট হয় অথচ প্রজাদের দোষমাত্র নাই। শেষোক্ত স্থলে ক্ষুদ্রং অংশিদার থাকিলে তাঁহারদের দোষবিনাও কষ্ট পাওয়া সম্ভাবনা।

১৮। উক্ত দুর্ব্বল পক্ষের স্বার্থরক্ষার জন্যে হস্তক্ষেপ করা আবশ্যক। আর যে স্থলে নিতান্তই আবশ্যক কেবল সেই স্থলে হস্তক্ষেপ করা কর্ত্তব্য। ১৭৯৩ সালের আইনের মত কোন আইন প্রণয়ন করা ইহার সর্ব্বাপেক্ষা সদুপায় জ্ঞান হয়। তদ্দ্বারা জিলার কর্ত্তৃপক্ষের প্রতি এই ক্ষমতা দেওয়া যাইবে যে, কোন মহালের প্রজার তাঁহার নিকট দরখাস্ত করিলে কিম্বা স্থলান্তরেও তাঁহার জিলার মধ্যে শান্তিরক্ষার ও তালুকের উপযুক্ত মতে রক্ষা হওয়ার জন্যে বিহিত বোধ করিলে, কৃষিকারি রায়তদের স্থানে অল্পং হিস্যানুসারে যাঁহারদের খাজানা আদায় করিবার অধিকার থাকে, তাঁহারদের যত অধিক কি যত অল্প অংশ হউক ঐ কর্ত্তৃপক্ষ সাহেব তাঁহারদিগকে রায়তদের সঙ্গে আদায় উসুল প্রভৃতি কার্য্য করিবার জন্যে আপনারদের মধ্যহইতে এক ব্যক্তি কিম্বা সাধারণের এক জন নায়েব নিযুক্ত করিতে আজ্ঞা দিবেন। তাঁহারা মিলিয়া এক ব্যক্তিকে নিযুক্ত না করিলে কালেক্টর সাহেবের প্রতি সরবরাহকার নিযুক্ত করার ভার অর্পণ করা বিনা আর উপায় দেখা যাইতেছে না। কিন্তু মহালের অবস্থা দৃষ্টে নিতান্ত আবশ্যক না হইলে তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিবেন না। ভূম্যধিকারিদের নিজে সরবরাহ করণ দ্বারা যে অনিষ্ট হইয়া এই বিষয়ের আন্দোলন করিতে হইয়াছে কালেক্টর সাহেবের হাতে তদ্রূপ ক্ষমতা যে আছে ইহা জানা গেলেই সেই অনিষ্ট আপনিই প্রায় শুধরিয়া যাইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই বিবেচনা হইতেছে।

কুচবেহারের তালুকদারের যে কথা পূর্ব্বে লেখা গিয়াছে সেই প্রকারের কথা উত্থাপিত হইলে কালেক্টর সাহেবের প্রতি যে ক্ষমতা দিবার প্রস্তাব হইল তাহা বৃদ্ধি করিয়া দেওয়া উচিত কি না! অর্থাৎ অধীন তালুক প্রভৃতির ভূম্যধিকারিদের সঙ্গি হইয়া কার্য্য করিবার নিমিত্ত উপরিস্থ ভূম্যধিকারিদের প্রতি সাধারণের এক জন গোমাশতা নিযুক্ত করিতে আজ্ঞা দিবার ক্ষমতা দেওয়া উচিত কি না এই প্রশ্ন উঠিতে পারে।

১৯। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আরো বিবেচনা করিয়াছেন, এইক্ষণে একি মহালের অনেক অংশী থাকিলে কথনং এক জনের জমা বাকী থাকাতে মহাল বিক্রয় হইয়া থাকে, ইহাতে অত্যন্ত কষ্টের সন্দেহ নাই। কিন্তু সাধারণের এক জন সরবরাহকার নিযুক্ত হওয়ার নিয়ম সচরাচর-প্রচলিত হইলে সেই কষ্ট দূর হইতে পারিবে। কোনং স্থলে বাকীদারের নিজ অভিসন্ধি সফল হইবার জন্যে তিনি ইচ্ছা করিয়া খাজানা বাকী রাখিয়া মহাল নিলাম করান। অন্যং স্থানে শুদ্ধ বুঝিবার ভ্রম কি ভুলহেতুক জমা বাকী পড়িয়া থাকে, কিন্তু কালেক্টর সকল অংশির সঙ্গে বিশেষ করিয়া লেখাপড়া করিতে পারিলে ইহা নিবারণের সদুপায় হয়। এইক্ষণকার অবস্থা বিবেচনায়, জমা বাকী পড়িলেই কালেক্টর সাহেব প্রত্যেক জন অংশীকে ইহা জানাইবেন, এই মর্ম্মের আইন করা যাইতে পারে না। কারণ প্রকৃত সকল শরীক নির্ণয় করা তাঁহার সুকঠিন। বিশেষত তাঁহার রেজিস্টরী বহীতে অংশী বলিয়া যাহারদের নাম লেখা আছে তাহারদের মধ্যে কত জন কতকাল মরিয়াছে কিম্বা আপনারদের অংশ হস্তান্তর করিয়া গিয়াছে এইক্ষণে কে তাহারদের স্বার্থ ভোগ করেন তাহা বলিতে পারেন না।

সকলের প্রতিনিধিস্বরূপ এক জন সরবরাহকার থাকিলে আর সেই প্রকারের কষ্ট থাকে না, তাহা হইলে নিলামের যে কঠিন আইন এখন প্রচলিত আছে তাহাও কিছু শিথিল করা উচিত বলিয়া বিবেচনা হইতে পারিবে।

২০। এইক্ষণে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পরামর্শ অনুসারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভূম্যধিকারিদের প্রতি এই আদেশ করিতেছেন। উক্ত অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে সাধ্যমতে অবিভক্ত মহালের নানা অংশিদের স্বত্বের যাহাতে ব্যাঘাত না হয় অথচ সাধারণের আপত্তিও না জন্মে এমত কি উপায় করা যাইতে পারে তাঁহারা এতদ্বিষয়ে আপনং মত জ্ঞাত করুন। এত হেতুক কলিকাতায় ও অন্যান্য স্থানে সামাজিক যে মহোদয়গণ ভূম্যধিকারিদের স্বার্থসাধনে প্রবর্ত্ত আছেন ও ভূমিতে অন্য যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারদের নিকট এই নির্দ্ধারণপত্রের কএক খান প্রতিলিপি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৯ সেপ্টেম্বর।]

Calcutta and elsewhere, which are accustomed to promote the interests of landholders and others connected with the land, and that it be translated, and copies in English and vernacular be sent to the local officers for distribution to intelligent persons among the zemindars, sub-holders, and ryots. Also that it be published in the Supplement to the *Gazette*, and that suggestions on the question be invited.

ORDER.—Ordered that copies of this resolution be forwarded to the Landholders' and Commercial Association, and to the British Indian Association, for an expression of their views on the subject, and to all Commissioners for distribution as directed.

Also, ordered that the resolution be translated into the vernaculars, and published in the vernacular *Gazettes*.

By order of the Lieutenant Governor of Bengal,

L. C. ABBOT,
Additional under. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1143.

JUDICIAL.—*The 28th August* 1873.—Babu Nobocoomar Banerjee, Additional Subordinate Judge of Moorshedabad, is allowed one month's leave of absence on Medical Certificate, under Section 3, Supplement F, of the Civil Leave Code, from the date on which he ceased to work.

Babu Nuffur Chunder Bhutto, B.L., is appointed to officiate temporarily as Additional Subordinate Judge of Moorshedabad.

The 29th August 1873.—Babu Romesh Chunder Lahiree, B.L., Extra Munsif in Rungpore, is appointed to officiate as Munsif of Maldah during the absence on leave for two months, from 22nd September next, of Babu Uma Churn Dutt, or until further orders.

Babu Gooroo Persad Sen, Second Subordinate Judge of Backergunge, is allowed twenty-nine days' privilege leave, under Section 18 of the Civil Leave Code, during the ensuing Dusserah vacation.

The 1st September 1873.—Babu Surbessur Mozoomdar, L L., is appointed to officiate as Munsif of Bood-Bood in East Burdwan during the absence on leave for two months, from the 1st October next, of Babu Sreenath Dutt, or until further orders.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

The 2nd September 1873.—It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to sanction, as an experimental measure, the establishment of a new sub-registry office at Santipore, and another at Mohespore in the district of Nuddea, and to appoint Baboo Jadub Chunder Pramanik to be Additional Sub-Registrar of Ranaghat with head-quarters at Santipore, and Baboo Chunder Coomar Moitry to be Additional Sub-Registrar of Bongong and Chooadangah with head-quarters at Mohespore.

If the Inspector is not a Magistrate, he shall without delay send the complainant and his witnesses to the nearest Magistrate, and such Magistrate shall thereupon dispose of the case in due course of law.

Recovery of wages

99. If, upon the complaint of any immigrant, it is proved to the satisfaction of the Magistrate that the wages of such immigrant are in arrear to an amount exceeding the total of his wages for two months, such Magistrate may award to the complainant the amount which appears to be then due to him; and also, by way of compensation,

Compensation if wages are due for more than two months

such further sum not exceeding that amount, as appears to the Magistrate to be just; and, in case of default, the Deputy Commissioner shall, upon the requisition of the Magistrate, levy the entire sum in the manner prescribed for the levy of rates under this Act

Cancellation of contract

100. If any employer, or any person placed in authority over any immigrant by such employer, is convicted of any offence causing injury to the person or property of such immigrant and triable under the Code of Criminal Procedure by the Court of Session;

[*Government Gazette*, 16*th September* 1873.]

নালিশ অসত্য কি তুচ্ছ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৯৭ ধারা। উক্ত প্রকারে তদন্ত লইয়া ইনস্পেক্টর সাহেবের বিবেচনায় ঐ নালিশ অসত্য কিতুচ্ছ হইলে তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ে যাহা নির্ণয় করিলেন তাহার হেতু সংক্ষেপে লিখিয়া মোকদ্দমা ডিসমিস করিবেন।

আরো সেই তদন্ত প্রযুক্ত বাদী যত দিন কর্ম্মে যায় নাই, কর্ত্তার নিকট ঐ মজুরের চুক্তি পত্রের যে নকল থাকে তাহার পৃষ্ঠে তিনি ঐ দিনের সংখ্যা লিখিয়া দিবেন।

ও ঐ মজুরের চাকরী করিবার মিয়াদ তত দিন বাড়িয়া যাইবে ও

ঐ পত্রের পৃষ্ঠে যত দিন লেখা হইয়াছে মজুর উপযুক্ত কারণভিন্ন তত দিন কর্ম্মে যায় নাই, ঐ পৃষ্ঠলিপিই ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

নালিশ সত্য হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৯৮ ধারা। যদি ইনস্পেকটর পূর্ব্বোক্ত তদন্ত ক্রমে সেই নালিশ সমূলক জ্ঞান করেন, তবে তিনিই মাজিষ্ট্রেট হইলে আইনের নিয়মিত দাঁড়ামতে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

মাজিষ্ট্রেট না হইলে বাদিকে ও তাহার সাক্ষিদিগকে অবিলম্বে নিকটবর্ত্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন। উক্ত মাজিষ্ট্রেট সাহেব আইনের নিয়মিত দাঁড়ামতে সেই বিষয়ের নিষ্পত্তি করিবেন ইতি।

বেতন আদায়ের কথা

৯৯ ধারা। মজুরের দুই মাসের বেতন যত টাকা হয় সর্ব্বশুদ্ধ তাহার অধিক বেতন বাকী আছে মজুরের নালিশ ক্রমে এই কথা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ করা গেলে, সেই সময়ে ঐ মজুরের যত টাকা পাওনা বলিয়া দেখা যায় মাজিষ্ট্রেট সাহেব তাহার তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন। আরো মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহার ঐ টাকার অনধিক আর যত টাকা ন্যায্যমতে পাওনা হইতে পারে তিনি ক্ষতিপূরণস্বরূপে তাহার আর তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে এই আইনে রেট আদায় করিবার যে বিধান আছে মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে ডেপুটী কমিশ্যনর সাহেব সেই বিধানমতে সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

দুই মাসের অধিক বেতন বাকী থাকিলে ক্ষতিপূরণের কথা।

চুক্তি বাতিল করিবার কথা।

১০০ ধারা। যাহাতে মজুরের কিম্বা তাহার সম্পত্তির হানি হইয়াছে, কোন কর্ত্তা সাহেবের কিম্বা কোন ব্যক্তি ঐ সাহেবের স্থানে মজুরের উপর ক্ষমতা পাইয়া তাঁহার এমত অপরাধ প্রমাণ হইলে ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ঐ অপরাধ সেশন আদালতের বিচার্য্য হইলে,

or if any such employer, or other person as aforesaid is twice convicted of any such offence against such immigrant triable under the said Code by a Magistrate;

or if it be proved before a Magistrate that the wages of such immigrant are in arrear to an amount exceeding the total of such immigrant's wages for three months;

or if a Magistrate, on the report of the Inspector and after due enquiry, in the presence of the parties is satisfied that any immigrant has been compelled to perform any labor while he was to his employer's knowledge unfit for it, or has been subjected to ill-usage by such employer or any other person placed in authority over the immigrant by such employer,

the Magistrate may, if he think fit, on the application of the immigrant, in each of such cases cancel the contract of such immigrant, and award to him, in addition to the wages (if any) due for service performed, compensation not exceeding thirty rupees.

Every such cancelment shall be certified by the Magistrate on the back of the instrument of contract.

The compensation may be recovered in the same way as rates leviable under section sixty-seven.

Determination of Contracts.

Immigrant who has completed his contract may have such completion registered.

101. Every immigrant on completing the term of his contract may appear before the Inspector, in order that the completion of the contract may be registered.

Any employer forcibly or fraudulently detaining an immigrant after the completion of his contract, or failing to give notice of such completion to the Inspector within one month after the date of such completion, shall be liable to fine not exceeding *five hundred* rupees.

Power to redeem contract

102. If any immigrant is able and desirous to redeem the unexpired term of his contract of service by payment of a sum equivalent to the value thereof, he may demand to be taken or allowed to go before the Inspector of Immigrants within the local limits of whose authority he may be employed, and on his depositing such sum in the hands of such Inspector, such Inspector shall give notice to the employer that such immigrant requires him, within one week, to show cause why such immigrant should not be released from his contract;

কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ অপরাধের বিচার হইতে পারিলে ঐ মজুরের প্রতি ঐ কর্ত্তার কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুই-বার প্রমাণ হইলে,

কিম্বা ঐ মজুরের তিন মাসের বেতন মোটে যত টাকা হয় সর্ব্বসুদ্ধ তাহার অধিক বেতন পাওনা আছে ইহা কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা গেলে.

কিম্বা কর্ত্তা সাহেব মজুরকে বিশেষ কোন কর্ম্ম করিতে অপারক জানিলেও তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইয়াছে, কিম্বা কর্ত্তা কি তাঁহার স্থানে মজুরদের উপর ক্ষমতা পাইয়া অন্য ব্যক্তি তাহার প্রতি কটু-ব্যবহার করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব ইন্‌স্পেক্টরের রিপোর্টক্রমে ও উভয়পক্ষের সাক্ষাতে উপযুক্ত তদন্ত লইয়া ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে,

ঐ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে মজুরের প্রার্থনাক্রমে তাহার চুক্তি বাতিল করিতে পারিবেন, এবং কর্ম্মের নিমিত্ত যে বেতন পাওনা থাকে তাহার উপর ত্রিশ টাকার অনধিক ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

চুক্তিপত্র তদ্রূপে বাতিল করা গেলে মাজিষ্ট্রেট সাহেব ঐ পত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন।

৬৭ ধারার রেট আদায় করিবার যে বিধি আছে ক্ষতিপূরণের টাকা সেই প্রকারে আদায় হইতে পারিবে ইতি।

চুক্তির মিয়াদ ফুরাইবার কথা।

মজুরের চুক্তি পূর্ণ হইলে সেই কথা রেজিষ্টরী করাইতে পারিবার কথা।

১০১ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে, তাহার চুক্তির মিয়াদ ফুরাইবার কথা রেজিষ্টরী করাইবার নিমিত্ত সে ইন্‌স্পেক্টরের নিকট যাইতে পারিবে।

মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলেও কর্ত্তা তাহাকে জোর করিয়া কি প্রতারণা করিয়া আটক করিয়া রাখিলে কিম্বা সেই চুক্তির মিয়াদ ফুরাইবার পর এক মাসের মধ্যে ইন্‌স্পেক্টর সাহেবকে সম্বাদ না দিলে সেই কর্ত্তা সাহেবের ৫০০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।

১০২ ধারা। চুক্তিমতে মজুরের মজুরী করিবার যত দিন বাকী থাকে, সে তত দিনের সমান মূল্য দিয়া চুক্তি হইতে নিস্তার পাইতে পারিলে ও চাহিলে যে ইন্‌স্পেক্টরের ক্ষমতার অধীন স্থানে কর্ম্ম করে, তাঁহার নিকট আনীত হইবার কি যাইবার অনুমতির দাওয়া করিতে পারিবে। এবং ইন্‌স্পেক্টর সাহেবের হাতে ঐ টাকা দিলে ইন্‌স্পেক্টর সাহেব কর্ত্তাকে এই মর্ম্মের নোটিস দিবেন যে চুক্তিহইতে মজুরের নিস্তার না পাইবার কোন কারণ থাকিলে তুমি এক সপ্তাহের মধ্যে উপস্থিত হইয়া ঐ কারণ জানাও মজুরের এই প্রার্থনা।

and if no sufficient cause be shown, such Inspector shall require the production of the contract of such immigrant, and endorse thereon a certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such immigrant.

If any employer, or other person authorised to act for him, neglect to comply with such demand as aforesaid, such employer, or other person as aforesaid, shall be liable to fine not exceeding *five hundred* rupees.

The value of the unexpired term of contract shall be deemed to be the aggregate amount of one rupee for every month of the unexpired portion of the first year, of two rupees for every such month of the second year, and of three rupees for every such month of the third year of the original term of the immigrant's engagement.

Certificate of release from contract

103. Every immigrant whose contract has been completed, determined, released by purchase as aforesaid, or rescinded by the mutual assent of the parties thereto, shall be entitled to receive forthwith from the Inspector a certificate of release in such form as may from time to time be prescribed by the Chief Commissioner by an order to be published in the *British Burma Gazette*.

Return passage

104. Any immigrant whose contract has been completed, determined, or rescinded by the mutual assent of the parties thereto, shall be entitled to be conveyed back to the port from which he embarked for British Burma at the expense of the employer with whom he may have contracted.

The Chief Commissioner, shall, from time to time, determine what shall be taken to represent the cost of such re-conveyance, and to make rules for the care and protection of immigrants on their return journey.

The cost of such re-conveyance shall be recoverable from the employer, liable in the same manner as rates leviable under section sixty-seven.

PART V.

SUBSIDIARY RULES.

Power of Government of India to make rules

105. The Governor General in Council may from time to time make rules consistent with this Act to regulate the following matters—

(*a*) the periodical returns to be made by the Emigration Officers, by Magistrates, by

উপযুক্ত কারণ না জানাইলে ইনস্পেক্টর সাহেব সেই মজুরের চুক্তিপত্র আনাইয়া 'সে মূল্য দিয়া মুক্তি পাইয়াছে' ঐ পত্রের পৃষ্ঠে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, ও মজুরের কর্ত্তা সাহেবের নিমিত্তে ঐ টাকা আমানৎ রাখিবেন।

কোন কর্ত্তা কি তাহার নিমিত্তে কর্ম্ম করিতে ক্ষমতা প্রাপ্ত অন্য ব্যক্তি পূর্ব্বোক্ত দাওয়ামতে অনুমতি না দিলে সেই কর্ত্তার কি উক্ত অন্য ব্যক্তির ৫০০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

চুক্তির যত দিন বাকী থাকে তত দিনের মূল্য নিরূপণের নিয়ম এই। মজুরের চুক্তির আসল মিয়াদের প্রথম বৎসরের বাকী যত মাস থাকে তাহার একং মাসের এক টাকা, দ্বিতীয় বৎসরের একং মাসের তিন টাকা, তৃতীয় বৎসরের একং মাসের পাঁচ টাকা মোটে ধরিলে, যত হয় তাহা মূল্য বলিয়া ধরিতে হইবে ইতি।

চুক্তি হইতে মুক্তি পাইবার সর্টিফিকটের কথা।

১০৩ ধারা। মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কি শেষ করা গেলে কিম্বা সে পূর্ব্বোক্ত মূল্য দিয়া মুক্তি পাইলে কিম্বা উভয়-পক্ষের সম্মতিক্রমে চুক্তি বাতিল করা গেলে, ইনস্পেক্টর সাহেবের স্থানে তাহার অ:গৌণে মুক্তির সর্টিফিকট পাইবার স্বত্ব থাকিবে। শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব সময়২ ব্রিটনীয় বর্ম্মা গেজেটে আদেশ পত্রদ্বারা যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ঐ সর্টিফিকট সেই পাঠে লেখা যাইবে ইতি।

দেশে ফিরিয়া যাইবার কথা।

১০৪ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কি রহিত করা গেলে কিম্বা উভয় পক্ষের সম্মতিমতে বাতিল করা গেলে, ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার জন্যে সে যে বন্দরে নৌকাদিতে উঠিল, যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিয়াছিল সেই কর্ত্তা সাহেবের খরচে তাহাকে সেই বন্দরে ফিরিয়া পাঠান যায়, তাহার এই দাওয়া থাকিতে পারিবে।

তাহাকে ফিরিয়া পাঠাইতে যত খরচ লাগিবে প্রধান কমিশ্যনর সাহেব সময়ে২ ইহা নিরূপণ করিবেন। ও ফিরিয়া যাইবার সময়ে মজুরের দেখা শুনা ও রক্ষণাবেক্ষণ হইবার বিধান করিবেন।

৬৭ ধারায় রেট আদায় করিবার যে বিধি আছে ঐ মজুরকে ফিরিয়া পাঠাইবার খরচ সেই বিধিমতে আদায় হইতে পারিবে ইতি।

পঞ্চম খণ্ড।

পরিশিষ্ট বিধি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।

১০৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন।

(ক) এমিগ্রেশন কার্য্যকারকদের ও মাজিষ্ট্রেট সাহেবদের ও বর্ম্মাদেশগত মজুরদের ইমিগ্রেশন এজেণ্ট

Immigration Agents, and by the Inspectors of Immigrants;

(*b*) the books to be kept for the registration of emigrants and their contracts;

(*c*) the dates between which no emigrants shall proceed to British Burma;

(*d*) what ports shall be ports of embarkation and debarkation respectively under this Act;

(*e*) the probable maximum length of the voyage from each port of embarkation to each port of debarkation,

(*f*) and generally to carry out the purposes of this Act.

Power of Local Government of port of embarkation

106. The Local Government of every port of embarkation under this Act may from time to time make rules consistent with this Act to regulate the following matters—

(*a*) the fees payable under section seventeen,

(*b*) the form of notice of the arrival of emigrants at depôts,

(*c*) the management and regulation of depôts;

(*d*) the medical care of emigrants during their residence at the depôts and during transport;

(*e*) the clothing to be supplied to emigrants during transport;

(*f*) the mode of applying for licenses under section thirty-six,

(*g*) the survey of emigrant vessels,

(*h*) the procedure on embarkation;

(*i*) the space to be provided for emigrants on board ships sailing from ports of embarkation under this Act;

(*j*) the provisions, fuel and water to be laden on board such vessels, and the daily allowance to be issued to each emigrant,

(*k*) the medical officers, medicines, and medical requirements to be on board such vessels,

(*l*) the ventilation and cleanliness of vessels during the journey, the control of officers, cooks, and other servants, and generally the accommodation of emigrants.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৬ সেপ্টেম্বর।

সাহেবদের ও ইনসপেক্টর সাহেবদের সময়েং যেং রিটর্ণ দিতে হইবে তাহার বিধি।

(খ) মজুরদের ও তাহারদের চুক্তিপত্রের রেজিষ্টরী করিবার যেং বহী রাখিতে হইবে তাহার বিধি।

(গ) যেং তারিখের মধ্যে ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরদের যাইতে না হইবে তাহার বিধি।

(ঘ) এই আইনমতে মজুরেরা যেং বন্দরে নৌকাদিতে উঠিবে ও যেং বন্দরে নৌকাদিহইতে নামিয়া যাইবে তাহার বিধি।

(ঙ) নৌকাদিতে উঠিবার কোন বন্দরহইতে নামিয়া যাইবার বন্দরে পঁহুছিতে অত্যধিক যত কাল লাগিবার সম্ভাবনা তাহার বিধি।

(চ) এবং সাধারণমতে এই আইনের কার্য্য সকল করিবার সমস্ত বিধি করিবেন ইতি

নৌকাদিতে উঠিবার বন্দরে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

১০৬ ধারা। এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দর যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট সময়েং এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন

(ক) ১৭ ধারামতে যত ফী দিতে হইবে তাহার বিধি।

(খ) আড্ডায় মজুরদের পঁহুছিবার নোটিস যে পাঠে লিখিতে হইবে তাহার বিধি।

(গ) আড্ডার অধ্যক্ষতাপ্রভৃতি কার্য্য যে বিধানমতে করা যাইবে তাহার বিধি।

(ঘ) মজুরদের আড্ডায় থাকনকালে ও নৌকাদিতে যাইবার সময়ে তাহারদের চিকিৎসা হইবার বিধি।

(ঙ) পথে যাইবার সময়ে মজুরদের নিমিত্তে যে বস্ত্রাদি দিতে হইবে তাহার বিধি।

(চ) ৩৬ ধারামতে লাইসেন্স পাইবার যেরূপ প্রার্থনা করিতে হইবে তাহার বিধি।

(ছ) মজুরেরা যে নৌকাদিতে যায় তাহার অবস্থার যে রূপে অনুসন্ধান করিতে হইবে তাহার বিধি।

(জ) নৌকাদিতে উঠিবার সময়ে যাহা করিতে হইবে তাহার বিধি।

(ঝ) এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দর হইতে যাইবার সময়ে নৌকাদিতে মজুরদের থাকিবার যত স্থান নিরূপণ হইবে তাহার বিধি।

(ঞ) সেই নৌকাদিতে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালান কাষ্ঠ প্রভৃতি ও যত জল দিতে হইবে ও প্রত্যেক জন মজুর প্রতিদিন যত করিয়া পাইবে তাহার বিধি।

(ট) ঐং নৌকাদিতে যত জন ডাক্তর ও যেং ঔষধ ও চিকিৎসা সংক্রান্ত যেং উপকরণ থাকিবে তাহার বিধি।

(ঠ) পথে যাইবার সময়ে নৌকাদিতে বাতাস খেলিবার ও নৌকাদি পরিষ্কার রাখিবার ও কর্ম্মকারকদের ও পাচকদের ও অন্য চাকরের উপর কর্তৃত্ব রাখিবার ও সাধারণ্যে মজুরদের স্বচ্ছন্দে থাকার যেং বিধি করিতে হইবে তাহাও করিবেন ইতি।

107. The Chief Commissioner of British Burma may, with the previous sanction of the Governor General in Council, from time to time make rules consistent with this Act to regulate the following matters—

Power of Chief Commissioner of British Burma

(*a*) the transport of immigrants from ports of disembarkation under this Act to the places of their respective employments, their medical inspection during such transport, their detainer at any place on the way on account of sickness and the accommodation, support and medical treatment of immigrants so detained;

(*b*) the diet, clothing, medical attendance, and management of immigrants in transit;

(*c*) the hospital accommodation, medicine and medical attendance to be provided by employers for their immigrants at the place of employment;

(*d*) the periodical inspection of immigrants, and the books to be kept by Inspectors of Immigrants,

(*e*) the house accommodation, water-supply, sanitary arrangements and supply of suitable food to be provided by employers for their immigrants, and the price of such food,

(*f*) the hospital accommodation and medical care of laborers, and the nature, quality, and quantity of medical drugs and other stores to be provided for them,

(*g*) and generally to provide for the security, well-being, and protection of immigrants.

108. All Rules made under sections one hundred and five, one hundred and six, and one hundred and seven shall be published—

Publication of rules

in the case of rules made under section one hundred and five, in the *Gazette of India*,

in the case of rules made under section one hundred and six, in the local official *Gazette*,

in the case of rules made under section one hundred and seven, in the *British Burma Gazette*,

and shall thereupon have the force of law

SCHEDULE A.

(*Referred to in Section* 13.)

RECRUITER'S LICENSE.

Office of the Emigration Agent for British Burma at

[*Government Gazette, 16th September* 1873.]

১০৭ ধারা। ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া সময়েং এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধান করিবেন।

ব্রিটণীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

(ক) মজুরেরা এই আইনমতে কোন বন্দরে পঁহুছিয়া নৌকাদিহইতে নামিয়া গেলে পর কর্ম্ম স্থানে তাহারদিগকে চালান করিবার ও যাওন সময়ে তাহারদের চিকিৎসা হইবার ও পথে যাইতেং পীড়া হইলে তাহারদিগকে আটক করিয়া রাখিবার ও আটক থাকন সময়ে তাহারদের স্বচ্ছন্দে থাকার ও ভরণ-পোষণের ও চিকিৎসা করাইবার বিধি।

(খ) মজুরদের কর্ম্মস্থানে যাইবার সময়ে তাহারদের আহার ও বস্ত্রাদির ও চিকিৎসা করাইবার ও তাহারদের উপর অধ্যক্ষতা করিবার বিধি।

(গ) মজুরেরা কর্ম্মস্থানে পঁহুছিলে কর্ত্তা সাহেবদের দ্বারা তাঁহারদের হাসপাতালে থাকিবার স্থানের ও ঔষধ পাইবার ও চিকিৎসা করাইবার যেং বিধান করা যাইবে তাহার বিধি।

(ঘ) মজুরদিগকে সময়েং দেখিবার ও মজুরদের ইনস্পেকটর সাহেবদের যেং বহী রাখিতে হইবে তাহার বিধি।

(ঙ) মজুরদের থাকিবার নিমিত্ত কর্ত্তাদের যে ঘরাদি করাইয়া দিতে হইবে ও জল যোগাইবার ও তাহারদের সুস্থ থাকিবার ও উপযুক্ত আহারাদি যোগাইবার যে বিধান করিতে হইবে তাহার ও আহারীয় দ্রব্যের মূল্যের বিধি।

(চ) মজুরদের পীড়া হইলে হাস্পাতালে তাহারদের থাকিবার স্থানের ও চিকিৎসা হইবার বিধি, ও তাহারদের নিমিত্ত যেং প্রকারের ও যে গুণের ও যে পরিমাণে ঔষধীয় ও অন্যান্য দ্রব্য যোগাইয়া দিতে হইবে তাহার বিধি,

(ছ) ও সাধারণ্যে মজুরদের নিরাপদে ও কুশলে থাকার ও রক্ষা পাইবার বিধি করিবেন ইতি।

১০৮ ধারা। ১০৫, ১০৬ ও ১০৭ ধারামতে যে সকল বিধি করা যায় তাহা প্রকাশ করা যাইবে।

বিধি প্রকাশ করিবার কথা।

১০৫ ধারামত বিধি ইণ্ডিয়া গেজেটে,

১০৬ ধারামত বিধি স্থান বিশেষের রাজকীয় গেজেটে,

১০৭ ধারামত বিধি ব্রিটনীয় বর্ম্মা গেজেটে প্রকাশ করা যাইবে।

প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

A তফসীল।

(১৩ ধারায় ইহার কথা আছে।)

মজুরসংগ্রাহকের লাইসেন্স।

ব্রিটনীয় বর্ম্মাদেশের অমুক স্থানের এমিগ্রেশন জেন্টের আফিস।

A. B. is hereby licensed under the British Burma Labor Contract Law, 1873, to act as a recruiter in the district of , for the purpose of inducing and engaging persons to proceed to British Burma for the purpose of laboring for hire.

This license will be in force for one year only from this date.

dated the day of

(Sd.) C. D.,
Emigration Agent.

SCHEDULE B.

(*Referred to in Section* 17.)

CERTIFICATE OF MEDICAL OFFICER AS TO HEALTH OF INTENDING EMIGRANT.

I hereby certify that I have this day examined A. B., and that he is, to the best of my belief and judgment, in a fit state of health, and able, in point of physical condition, to proceed to British Burma [and to work for hire there.]*

(Sd.) C. D,
[Here add designation of examining officer.]

* These words to be omitted in case of women and children not engaging for labor.

SCHEDULE C.

(*Referred to in Section* 51)

PASS PERMITTING IMMIGRANT TO PROCEED TO DISTRICT OF LABOR.

I hereby certify that the immigrant named below has obtained leave to proceed from to for the purpose of laboring for hire [or, in company with his/her (here state the relationship or connexion) who is under contract to labor for hire.]

(Countersigned) C. D, (Sd) A. B.,
Superintendent of Labor Transport at [Employer, or agent as the case may be.]
Dated the

Name.	Sex.	Age.	Father's name.	District of destination	Name of employer

STATEMENT OF OBJECTS AND REASONS

The object of this Bill, which has been prepared at the desire of the Chief Commissioner of British Burma, is to regulate the transport

ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করিবার চুক্তি বিষয়ক ১৮৭৩ সালের আইনমতে শ্রীঅমুককে এই লাইসেন্স দেওয়া গেল। ইহার বলে উক্ত শ্রীঅমুক অমুক জিলার মজুরী পাইয়া খাটিবার জন্যে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইতে লোকদিগকে প্রবৃত্তি দিয়া তাহারদের সঙ্গে করার করিতে পারিবে।

এই লাইসেন্স অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সাল তাং

শ্রীঅমুক
এমিগ্রেশন এজেন্ট।

B তফসীল।

(১৭ ধারায় ইহার কথা আছে।)

যাহারা মজুরী করিতে যাইবে তাহারদের সুস্থ থাকার বিষয়ে ডাক্তর সাহেবের সর্টিফিকট।

আমি অদ্য অমুককে দেখিয়াছি ও তাহার শরীর সুস্থ ও বলিষ্ঠ বিবেচনায় সে আমার বিশ্বাস ও বিবেচনামতে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার (ও মজুরী পাইয়া খাটিবার)* উপযুক্ত, ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

শ্রীঅমুক।
যে ডাক্তর সাহেব দেখিলেন তাহার পদবিপ্রভৃতি এই স্থলে লিখিতে হইবে।

* স্ত্রী লোক ও বালকবালিকা মজুরী করিবার করার না করিয়া কেবল মজুরের সঙ্গে গেলে তাহারদের বিষয়ে এই ( ) চিহ্নের মধ্যে সকল কথা ত্যাগ করিতে হইবে।

C তফসীল।

(৫১ ধারায় ইহার কথা আছে।)

মজুরী করিবার জিলায় মজুরকে যাইতে দিবার পাস।

যে মজুরের নাম ইহার পর লেখা যাইতেছে সে [ও তাহার (স্ত্রী প্রভৃতি যে জ্ঞাতি কি কুটুম্ব) মজুরী লইয়া খাটিতে চুক্তি করিয়াছে তাহাকে সঙ্গে লইয়া] অমুক জিলায় মজুরী পাইয়া খাটিবার জন্যে অমুক স্থানহইতে যাইবার অনুমতি পাইয়াছে ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

আড়সহী শ্রী অমুক শ্রী অমুক
অমুক স্থানে মজুরদের [কর্ত্তা কিম্বা বিষয়বিচালান কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট। শেষে কর্ত্তার নাএব।]
সাল তাং

নাম	পুরুষ কি স্ত্রী	বয়স	পিতার নাম	যে জিলায় যাইবে	কর্ত্তা সাহেবের নাম

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের প্রার্থনামতে আইনের এই পাণ্ডুলিপি লেখা গেল। মজুরদের সেই দেশে যাইবার বিধান করা ও মজুরী

of coolies to that Province, and their employment therein under contracts of service. It is divided into five Parts.

Part I contains the usual preliminary provisions and repeals, so far as regards British Burma, Madras Act V of 1866.

Part II relates to emigration. It provides for the appointment at each port of embarkation of an Emigration Agent and a Medical Inspector of Emigrants, and describes the duties of those officers. It provides for the establishment and inspection of depôts for emigrants; it prescribes rules for (*a*) the recruiting emigrants, (*b*) the contracts into which they will enter, (*c*) their medical examination, (*d*) the ascertainment of their knowledge of the nature of their contracts, (*e*) their registration, (*f*) their journey from their homes to the depôt, (*g*) the procedure on arriving at the depôt, (*h*) emigrant vessels and the embarkation of emigrants. For the survey of vessels, procedure on embarkation, space, fuel, water, provisions, &c., to be provided on board, rules will be made by the Local Government of the port of embarkation.

Part III relates to the disembarkation of immigrants in Burma, and their transit to the districts in which they have contracted to labor. The Chief Commissioner will appoint at each port of debarkation an Immigration Agent and a Medical Inspector, and the former officer will establish a suitable depôt, and provide the immigrants with proper lodging, food, clothing, and medical attendance until they are despatched to the place of labor. The Bill then provides a procedure on the arrival of vessels carrying immigrants, and regulates their assignment to employers, and their transit to the place of labor

Part IV relates to the labor-districts and the relations of employer and immigrant. It begins with clauses empowering the Chief Commissioner to fix and realise a yearly payment not exceeding five rupees per immigrant, to be paid by the employers, and to be credited to a Labor Fund, which will be applied in carrying out the provisions of the proposed Act It then provides for the appointment of Inspectors of Immigrants, and details their duties. It requires employers, with the previous sanction of the

[*Government Gazette*, 16*th September* 1873.]

করিবার চুক্তি করিলে তাহারদের তথায় কর্ম্ম পাইবার বিধান করা এই আইনের উদ্দেশ্য। তাহা পাঁচ খণ্ডে ভাগ করা গেল।

রীতিমতে আইনের প্রথম ভাগে যেং বিধান করা গিয়া থাকে ইহারও প্রথম খণ্ডে সেইং বিধান আছে, এবং ব্রিটনীয় বর্ম্মাদেশ সম্পর্কে ১৮৬৬ সালের মান্দ্রাজীয় ৫ আইন রহিত করা গেল।

দ্বিতীয় খণ্ডে ঐ দেশে যাইবার বিধান আছে। মজুরেরা যেং বন্দরে জাহাজে উঠিয়া যাইবে সেইং বন্দরে একং জন এমিগ্রেশন এজেন্ট ও মজুরদের ডাক্তর সাহেবের থাকিবার বিধান হইল। তাঁহারদের যেং কর্ম্ম করিতে হইবে তাহাও নিরূপণ হইল। মজুরদের নিমিত্ত আড্ডা করিবার ও তাহা দেখিয়া লইবার বিধান করা গেল। আরো (ক) মজুরদিগকে সংগ্রহ করিয়া আনিবার ও (খ) তাহারদের যে চুক্তি করিতে হইবে তাহার ও (গ) ডাক্তর সাহেবের দ্বারা তাহারদের দেখিয়া লওয়ার ও (ঘ) তাহারা যে চুক্তি করে তাহার ভাব বুঝিয়াছে কি না ইহা জানিয়া লওয়ার ও (ঙ) তাহারদের রেজিষ্টরী হওয়ার ও (চ) নিজং গ্রামহইতে আড্ডায় যাইবার পথের ও (ছ) আড্ডায় পহুঁছিলে যদ্রূপে কার্য্য চলিবে তাহার ও (জ) মজুরদের যাইবার জাহাজের ও ঐ জাহাজে মজুরদের উঠিয়া যাইবার বিধান করা গেল। মজুরেরা যে বন্দরে জাহাজে উঠে সেই বন্দর যে গবর্ণমেণ্টের অধীন থাকে ঐ গবর্ণমেণ্ট জাহাজের অবস্থা দেখিয়া লওয়ার, ও মজুরেরা জাহাজে উঠিলে যে কার্য্য হইবে তাহার, ও মজুরদের থাকিবার স্থানের, ও জ্বালানি কাষ্ঠ ও জল ও আহারাদি পাইবার বিধি করিবেন।

মজুরেরা বর্ম্মাদেশে পঁহুছিলে তৃতীয় খণ্ডে তাহারদের জাহাজহইতে নামিয়া যাইবার ও যেং স্থানে খাটিতে চুক্তি করিয়াছে তাহারদের সেইং স্থানে যাইবার বিধান হইয়াছে। যেং বন্দরে জাহাজহইতে নামিয়া যায় প্রধান কমিশ্যনর সাহেব সেইং বন্দরে ইমিগ্রেশন এজেণ্ট ও ডাক্তর সাহেবকে নিযুক্ত করিবেন। ইমিগ্রেশন এজেণ্ট সাহেব মজুরদের থাকিবার উপযুক্ত আড্ডা করিয়া তাহারদিগকে যত দিন কর্ম্মস্থানে চালান না করা যায় তত দিন তাহারদের থাকিবার উপযুক্ত স্থানের ও উপযুক্ত আহার ও বস্ত্রাদি পাইবার ও চিকিৎসা হইবার বিধান করিবেন। মজুর লইয়া জাহাজ সেই দেশে পঁহুছিলে যেরূপে কার্য্য করিতে হইবে আইনে ইহারও বিধান আছে। এবং কর্ত্তা সাহেবদের হাতে মজুর অর্পণ করিবার ও কর্ম্মস্থানে তাহারদের চালান করিবার বিধান করা গেল।

চতুর্থ খণ্ডে মজুরী করিবার স্থানের এবং কর্ত্তার ও মজুরের পরস্পর সম্বন্ধের কথা আছে। ইহার মধ্যে প্রথম কএক প্রকরণে প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি এই ক্ষমতা দেওয়া গেল যে তিনি মজুরপ্রতি বৎসর ৫৲ টাকা ফী ধার্য্য করিয়া আদায় করিতে পারিবেন, কর্ত্তা সাহেবদের ঐ ফী দিতে হইবে। আদায় হইলে তাহা "লেবর ফণ্ড" নামক তহবীলে জমা করিয়া দেওয়া যাইবে ও প্রস্তাবিত আইনের বিধান প্রবল করিবার কার্য্যে ঐ টাকা খরচ হইবে। মজুরদের ইন্‌স্পেক্টর নিযুক্ত করিবার, ও তাহারদের কর্ম্মের বিধান হইল। মজুরদের প্রতিদিন যত কর্ম্ম করিতে হইবে

Inspector, to fix the immigrants' daily tasks. It empowers the Inspector in proper cases to suspend the execution of the contract of any immigrant, and (where the immigrant is permanently incapacitated for labor) to cancel his contract. It contains provisions for securing the health and comfort of the immigiants It provides penalties for immigrants breaking their contracts, and for persons enticing away, &c., immigrants under contract to others. It lays down the procedure when immigrants desire to complain of breach of contract or ill-usage by their employers.

Part IV then contains three clauses relating to the determination of immigrants' contracts, and concludes with a clause entitling immigrants whose contracts have been completed, determined or rescinded by mutual assent of the parties, to a return passage at the employer's expense.

Part V empowers the Governor-General in Council, the Local Governments, and the Chief Commissioner to make subsidiary rules consistent with the Act

Nothing in the Bill applies to contracts with, or the emigration of, Native seamen, domestic servants, or skilled artizans.

SIMLA, A. HOBHOUSE.
The 24th July 1873.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

ইনস্পেকুটরদের অনুমতি লইয়া কর্ত্তা সাহেবদের তাহা নিরূপণ করিবার বিধান হইল। ইনস্পেকুটরদিগকে এই ক্ষমতা দেওয়া গেল যে স্থলবিশেষে তাঁহারা মজুরদের চুক্তি স্থগিত রাখিতে ও মজুর একেবারে কর্ম্ম করিতে অপারক হইলে তাহার চুক্তি বাতিলও করিতে পারিবেন। মজুরেরা যাহাতে সুস্থ হইয়া স্বচ্ছন্দে থাকিতে পারে ইহারও বিধান হইল। মজুরেরা চুক্তি ভঙ্গ করিলে তাহারদের দণ্ডের ও অন্য কোন ব্যক্তি তাহাদিগকে ফুসলাইয়া লইয়া গেলে তাহারদেরও দণ্ডের বিধান হইল। কর্ত্তারা চুক্তি ভঙ্গ করিলে কি মজুরদের প্রতি অত্যাচার করিলে মজুরেরা নালিশ করিতে চাহিলে তাহারদের যেরূপে করিতে হইবে তাহারও বিধান করা গিয়াছে।

পরে মজুরদের চুক্তির মিয়াদ ফুরাইলে চতুর্থ খণ্ডে তাহারও তিনটি ধারা আছে। মজুরদের চুক্তির মিয়াদ ফুরাইলে কিম্বা কর্ত্তা ও মজুর উভয় পক্ষের সম্মতিক্রমে তাহা শেষ কি বাতিল করা গেলে কর্ত্তার খরচে মজুরের স্বদেশে ফিরিয়া যাইবার বিধান আছে।

পঞ্চম খণ্ডে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ও স্থানীয় গবর্ণমেণ্টের ও প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি এই আইন সঙ্গত পরিশিষ্ট বিধি করিবার ক্ষমতা দেওয়া গেল।

খালাসীদের কি ঘরের চাকরদের কি নিপুণ কারিগরদের সঙ্গে যে চুক্তি করা যায় তাহার সঙ্গে কি তাহারদের সেই দেশে যাওয়ার সঙ্গে এই আইনের কোন সম্পর্ক নাই।

সিমলা, এ, হবহৌস।
১৮৭৩ সাল ২৪ জুলাই।

উইটলি ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR OF THE HIGH COURT.—(CIVIL SIDE.)

No. 19.

Dated Calcutta, the 6th August 1873.

HIGH COURT
ENGLISH DEPARTMENT
Civil.
No 26, dated 5th September 1871
" 18, " 16th May 1872
* G O (Home Department) No. 1312, dated 24th July 1873

The Circulars noted in the margin are hereby rescinded, and the following rules (which have received the sanction of His Excellency the Viceroy and Governor-General in Council,* as provided by 24 and 25 Vic., cap. CIV, section 15) concerning the levy of fees on the sale of movable and immovable property in execution of decrees in the Civil Courts subordinate to the High Court, are hereby promulgated and are to be strictly observed:—

I. There shall be levied in every case of a sale in execution an *ad-valorem* fee at the rates undermentioned, the amount whereof shall be credited to Government, whether the sale be conducted by the Court itself or by an officer of the Court, or by any public officer under its orders

Nature of Case.	*Rate of Fee.*
When the price does not exceed Rs. 1,000 ...	On Rupee on every hundred or part of a hundred.
When the price exceeds Rs. 1,000, but does not exceed Rs 10,000	On Rs. 1,000 as above, and on the surplus up to Rs 10,000, one half rupee on every hundred or part of a hundred.
When the price exceeds Rs. 10,000 ...	On Rs. 10,000 as above, and on the surplus one-quarter per cent.

Provided that the amount of fee shall never be less than Rs 5 upon immovable property.

II. Such minimum fee of Rs. 5 shall in every case be deposited by the party applying for execution before the proclamation of sale of immovable property, under section 249 of the Code of Civil Procedure, shall issue, and such fee shall be recoverable, in the discretion of the Court, as part of the costs of execution.

By order of the High Court,

W M. SOUTTAR,
Registrar.

No. 20.

Dated Calcutta, the 14th August 1873

HIGH COURT
ENGLISH DEPARTMENT
Civil

The Court is pleased to prescribe, for general adoption by all Civil Courts, the annexed form of a diary intended to show the attendance of witnesses.

2 The witness on reporting himself to the Nazir or other Officer of the Court is to be entered forthwith in this book, the columns of which are all to be duly and regularly filled up, and the book is to be signed daily by the Judge, Subordinate Judge or Moonsiff, presiding in the Court.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Registrar.

[*Government Gazette, 16th September 1873.*]

হাই কোর্টের দেওয়ানী সর্কুলর।

---

১৯ নম্বর।

কলিকাতা, ১৮৭৩ সাল ৬ আগষ্ট।

ইংরেজী ডিপার্টমেণ্ট।
১৮৭১ সালের ৫ সেপ্টেম্বরের ২৬ নং সরকুলর
১৮৭২ „ ১৬ মের ১৮ নং „
*হোম ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৪ জুলাইর ১৩১২ নং জেনরল অর্ডর

পার্শ্বের লিখিত সরকুলর রহিত করা গেল। হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে ডিক্রী জারীক্রমে স্থাবর ও অস্থাবর সম্পত্তির নিলাম হইলে তাহার উপর যত ফী আদায় করিতে হইবে, তদ্বিষয়ের নিম্নলিখিত বিধি প্রচার করা যাইতেছে। সেই বিধি আঁটাআঁটি করিয়া মানিতে হইবে। শ্রীশ্রীমতী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের* আইনের ১৫ ধারামতে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও মন্ত্রিসভাধিষ্ঠিত গবরনর জেনরল সাহেব ঐ বিধিতে সম্মত হইয়াছেন।

১। ডিক্রী জারীক্রমে কোন সম্পত্তির নিলাম হইলে, আদালত আপনি নিলাম করুন কিম্বা আদালতের কোন কর্ম্মকারক কি আদালতের আজ্ঞামতে রাজকীয় অন্য কার্য্যকারকই ঐ নিলাম করুন, সম্পত্তির মূল্যানুসারে নিম্নলিখিত হিসাবে ফী লওয়া যাইবে। ও সেই টাকা গবর্ণমেণ্টের নামে জমা করিয়া দেওয়া যাইবে।

যে প্রকারের মোকদ্দমা	যে হিসাবে ফী লওয়া যাইবে।
মূল্য ১০০০৲ টাকার অধিক না হইলে ...	শত টাকার কি এক শতের কোন অংশের উপর ১ টাকা
মূল্য ১০০০ টাকার অধিক কিন্তু ১০,০০০ টাকার অনধিক হইলে ...	১০০০ টাকার উপর পূর্ব্বোক্ত হিসাবমতে ও তাহার ঊর্দ্ধ ১০,০০০ টাকা পর্য্যন্ত কি শতের কি এক শতের কোন অংশের উপর আট আনা।
১০,০০০ টাকার অধিক মূল্য হইলে ...	১০,০০০ টাকার উপর পূর্ব্বোক্ত হিসাবমতে ও তাহার ঊর্দ্ধ সকল টাকার উপর শতকরা ।০ আনা।

কিন্তু স্থাবর সম্পত্তির উপর কখন ৫ টাকার কম ফী লওয়া যাইবে না।

২। যে ব্যক্তি স্থাবর সম্পত্তি নিলাম করিবার ডিক্রী জারী করিতে প্রার্থনা করে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৪৯ ধারামতে ঘোষণাপত্র প্রকাশ হইবার পূর্ব্বে, তাহার সেই ৫ টাকা ফী আমানৎ করিতে হইবে, এবং আদালতের বিবেচনামতে সেই ফী ডিক্রী জারীর খরচার ন্যায় আদায় হইতে পারিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ এম স্টুটর,
রেজিষ্ট্রার।

---

২০ নম্বর।

কলিকাতা, ১৮৭৩ সাল ১৪ আগষ্ট।

ইঙ্গরেজী ডিপার্টমেণ্ট।

হাই কোর্টের সাহেবেরা নিম্নলিখিত পাঠে সাক্ষিদের হাজিরীর রোজনামা লিখিয়া রাখিবার আদেশ করিয়াছেন। সকল দেওয়ানী আদালতে তাহা রাখিতে হইবে।

২। সাক্ষী হাজির বলিয়া নাজিরের কিম্বা আদালতের অন্য আমলার নিকট উপস্থিত হইলেই এই বহীতে তাহার নাম লিখিতে হইবে। টেবিলের সকল ঘর নিয়মিত ও উপযুক্তরূপে পূরণ করিতে হইবে ও যে জজ সাহেব কিম্বা যে সবর্ডিনেট জজ কি মুনসেফ আদালতের কর্ত্তা হন তিনি প্রতি দিন তাহাতে সহী করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ, এম, স্টুটর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৬ সেপ্টেম্বর।]

Diary of Witnesses' Attendance 187 .

Date of first attendance	No of case	Names of witnesses present	For Plaintiff or Defendant	Date of examination.	Date of discharge.	Further attendance, if necessary	Expenses paid (Amount) Rs.	A	P	Receipt of witness or party.	REMARKS

No. 21.

Dated Calcutta, the 18*th August* 1873.

HIGH COURT
ENGLISH DEPARTMENT
Civil.

In order to the better arrangement of business and the obtaining of better sales when property is sold by Civil Courts in execution of decree, the Court is pleased to direct that every District Judge shall appoint a certain fixed day in each month on which, at an hour to be named, all sales of immovable property in execution of decrees in his own Court and in the inferior Courts at the Sudder Station shall be held No sale of immovable property shall take place except on such fixed date or on the next open day (to which any sale not completed on the said fixed date may be adjourned). The notification of sale prescribed by Section 249, Code of Civil Procedure, shall be worded in accordance herewith, and the District Judge shall cause to be published in all Courts at the Sudder Station and at the Collector's Office, not less than 14 days before the date of sale, a list of such property to be sold.

2. The sale shall commence at the hour appointed, and in some suitable part of the Court-house, and the lots shall be sold strictly according to such list *by the Nazir of the District Court* The sales are to be conducted in a business-like way. *Without undue haste,* but not to be unduly protracted.

3. The Judge shall also fix, on the report of the Moonsiffs who are not stationed at head-quarters, a certain day or days for the sale of immovable property, under similar conditions, at the Court of each Moonsiff, and the sales shall take place in each Court as above directed *mutatis mutandis.*

4. When the sale day in any case falls on a Sunday or other close holiday, the sale shall take place on the first open day thereafter.

By order of the High Court,

W. M. SOUTTAR,

Registrar.

CIRCULAR OF THE HIGH COURT.— (CRIMINAL SIDE.)

No. 8.

Dated Calcutta, the 19*th August* 1873.

HIGH COURT
ENGLISH DEPARTMENT
Criminal.

The High Court deems it necessary to warn Sessions Judges and Magistrates to take care that parties holding certificates as Revenue Agents do not practise as Mookhtears without renewing their certificates in that capacity.

By order of the High Court,

W. M. SOUTTAR,

Registrar.

[*Government Gazette,* 16*th September* 1873.]

সাক্ষিদের হাজিরীর রোজ নামা। সাল তাং

যে তারিখে হাজির উপস্থিত হয়	মোকদ্দমার নম্বর	উপস্থিত সাক্ষিদের নাম	ফরিয়াদী কি আসামীর তরফ।	জোবানবন্দী লইবার তারিখ	খাইতে দিবার তারিখ	পুনরায় উপস্থিত হইবার আবশ্যক হইলে	যত টাকা খরচা দেওয়া গেল	সাক্ষির কি এক পক্ষের উকীল	মন্তব্য কথা।

২১ নম্বর।

কলিকাতা, ১৮৭৩ সাল ১৮ আগষ্ট।

ইঙ্গরেজী ডিপার্টমেণ্ট।

কোন দেওয়ানী আদালতে ডিক্রীজারীক্রমে সম্পত্তি নিলাম করিতে হইলে, ঐ কার্য্য সুধারামতে চলে ও দ্রব্য উত্তমরূপে বিক্রয় হয়, এই নিমিত্ত আদালত এই আজ্ঞা করিতেছেন। প্রত্যেক জিলার জজ সাহেবের আদালতে, ও সদর মোকামে তাঁহার অধীন সকল আদালতে, স্থাবর সম্পত্তি প্রতি মাসের যে দিনে যে ঘণ্টায় নিলাম হইবে জিলার জজ সাহেব ইহা নিরূপণ করিবেন। সেই নির্দ্ধারিত তারিখ ভিন্ন অন্য দিনে স্থাবর সম্পত্তির নিলাম হইবে না। সেই দিনে সকল সম্পত্তির নিলাম হইতে না পারিলে তাহার পর যে দিনে কাছারী খোলা যায় সেই দিনে আবার নিলাম চলিবে। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৪৯ ধারায় নিলামের যে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার বিধান আছে, এই নিয়মমতে তাহার কথা লেখা যাইবে। ও যে সকল সম্পত্তির নিলাম হইবে নিলামের তারিখের পূর্ব্বে ১৪ দিনের কম নাহয় এমত সময় থাকিতে জিলার জজ সাহেব সদর মোকামের সকল আদালতে ও কালেক্টরী কাছারিতে ঐ সম্পত্তির তালিকা প্রকাশ করাইবেন।

২। নির্দ্ধারিত সময়ে আদালত ঘরের কোন উপযুক্ত স্থানে নিলাম আরম্ভ হইবে ও উক্ত তালিকার সম্পত্তি যে ক্রমে লেখা গেল জিলার আদালতের নাজির ঠিক সেই ক্রমানুসারে সকল লাট নিলামে ধরিয়া দিবেন। ব্যবসায়ের উপযুক্ত নিয়মানুসারে নিলামের কার্য্য চালাইতে হইবে তাড়াতাড়ী করিবা নয় অথচ অনুচিতমতে গতিক্রিয়া না করিয়া করিতে হইবে।

৩। সদর মোকামে যে মুনসেফেরা নিযুক্ত না থাকেন জজ সাহেব তাঁহাদের রিপোর্ট পাইয়া প্রত্যেক মুনসেফের আদালতেও সেই নিয়মানুসারে স্থাবর সম্পত্তি নিলাম হইবার দিন নিরূপণ করিবেন ও সেই২ আদালতে পূর্ব্বোক্ত আদেশমতে নিলাম হইবে। ইহার মধ্যে যে কথা মতান্তর করা আবশ্যক তাহা মতান্তর করা যাইতে পারিবে।

৪। নিলামের যে তারিখ নির্দ্ধার্য্য হয় সেই তারিখ রবিবার কি বন্দের অন্য দিন হইলে তাহার পশ্চাৎ যে দিনে কাছারী খোলা যায় সেই দিনে নিলাম হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুর,
রেজিষ্ট্রার।

হাই কোর্টের ফৌজদারী সরণার্থ সরকুলর।

৮ নম্বর।

কলিকাতা ১৮৭৩ সাল ১৯ আগষ্ট।

ইংরেজী ডিপার্টমেণ্ট

যে ব্যক্তিদের নিকট রেবিনিউ এজেন্টের সর্টিফিকট থাকে তাঁহারা নূতন করিয়া মোখতারী সর্টিফিকট না লইলে যেন মোক্তারী কর্ম্ম করিতে না পান, এই বিষয়ে হাই কোর্টের সাহেবেরা সেশন জজ সাহেবদিগকে ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে সতর্ক করা আবশ্যক জ্ঞান করিলেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, স্টুর,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৭ সেপ্টেম্বর।]

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATIONS.

LEAVE OF ABSENCE UNDER SECTION 18, CHAPTER VI, OF THE CIVIL LEAVE CODE.

The 3rd September 1873.—Baboo Anundo Chunder Mullick, Moonsiff of Furreedpore, District Dacca, for one month, from the 21st current.

The 5th September 1873.—Baboo Jugutvandhu Dutt, M.A. and B.L., Additional Moonsiff of Pauchpookhoriah, District Tipperah, for one month, from the 21st current.

The 9th September 1873.—Baboo Gopal Chunder Banerjee, Moonsiff of Seebgunge, District Dinagepore, for the Dusserah vacation from 21st current.

TRANSFER OF MOONSIFFS.

The 4th September 1873.—Baboo Anund Kumar Sarvadhukari, Officiating Moonsiff of Gungarampore, District Dinagepore, to be confirmed in that Moonsiffee.

Baboo Hurro Chunder Dass, Additional Moonsiff of Rungpore, to Ameergong, District Tipperah, as Moonsiff of that station.

Baboo Gopal Chunder Bose, B. L., Moonsiff of Rungpore, to be an Additional Moonsiff in that District.

Monshee Hushmutoolah, Moonsiff of Ameergong, District Tipperah, to be Moonsiff of Chittagong.

Moulvie Sookur Ally, Moonsiff of Chittagong, to 24-Pergunnahs, as an Additional Moonsiff to be posted at Diamond Harbour.

Mr. W. Cardozo, Moonsiff of Gurbetta, District Midnapore, to be Moonsiff of Rungpore.

Baboo Kalee Churn Chatterjee, Additional Moonsiff of the 24-Pergunnahs, posted at Diamond Harbour, to be Moonsiff of Noakhally, District Tipperah.

Baboo Obhoy Churn Dey, Moonsiff of Noakhally, District Tipperah, to Ranaghat, District Nuddea.

Baboo Promothonath Mookerjee, L.L., Moonsiff of Gungarampore, District Dinagepore, to Buddergunge, District Rungpore

Baboo Kaseenath Dass, Moonsiff of Buddergunge, District Rungpore, to Gurbetta, District Midnapore.

Baboo Juddoonath Mookerjee, Moonsiff of Bhangah, District Dacca, to Raojan, District Chittagong.

*Baboo Bhugwan Chunder Chuckerbutty, Moonsiff of Raojan, District Chittagong, to Bhangah, District Dacca

Baboo Kisto Beharee Mookerjee, Additional Moonsiff, Jessore, to be Moonsiff of Kooshtea, District Nuddea.

Baboo Sham Lall Haldar, B.L., Moonsiff of Kooshtea, District Nuddea, to Alipore, District 24-Pergunnahs.

Baboo Krishennath Roy, B L., Moonsiff of Alipore, District 24-Pergunnahs, to be an Additional Moonsiff in the District of Jessore *vice* Baboo Kristo Beharee Mookerjee.

Moulvie Dadar Buksh, Additional Moonsiff of Begooserai, District Bhaugulpore, to be an Additional Moonsiff in the District of Tipperah.

By order of the High Cout,

W. M. SOUTTAR,
Registrar.

HIGH COURT,
The 9th September 1873.

[*Government Gazette, 16th September* 1873.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামত ছুটী।

১৮৭৩ সাল ৩ সেপ্টেম্বর।—ঢাকা জিলার অন্তর্গত ফরীদপুরের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মল্লিক এই মাসের ২১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৫ সেপ্টেম্বর।—ত্রিপুরা জিলার অন্তর্গত পাঁচ পুকুরিয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু দত্ত, এম, এ, ও বি, এল, এই মাসের ২১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৯ সেপ্টেম্বর।—দিনাজপুর জিলার অন্তর্গত শিবগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপাল চন্দ্র বন্দ্যোপাধ্যায় এই মাসের ২১ তারিখ অবধি দুর্গোৎসবের বন্ধে ছুটী পাইয়াছেন।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭৩ সাল ৪ সেপ্টেম্বর।—দিনাজপুর জিলার অন্তর্গত গঙ্গারামপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু আনন্দ কুমার সর্ব্বাধিকারী সেই মুনসেফীতে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন।

রঙ্গপুরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু হরচন্দ্র দাস, ত্রিপুরা জিলার অন্তর্গত আমীর গাঁয়ে প্রেরিত হইলেন। তিনি ঐ মোকামের মুনসেফ হইবেন।

রঙ্গপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র বসু, বি, এল, ঐ জিলাতে আডিশ্যনল মুনসেফ হইবেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত আমীর গাঁয়ের মুনসেফ শ্রীযুত মুনশী হসমৎউল্লা চট্টগ্রামের মুনসেফ হইবেন।

চট্টগ্রামের মুনসেফ শ্রীযুত মৌলবী সুকুরআলী আডিশ্যনল মুনসেফস্বরূপ ২৪ পরগনায় প্রেরিত হইলেন। ইনি কলাগাছিতে অবস্থিত হইবেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেটার মুনসেফ শ্রীযুত ডবলিউ কার্ডেজ সাহেব রঙ্গপুরের মুনসেফ হইবেন।

কলাগাছিতে অবস্থিত ২৪ প'গনার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কালীচরণ চট্টোপাধ্যায় ত্রিপুরা জিলার অন্তর্গত নওয়াখালীর মুনসেফ হইবেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত নওয়াখালীর মুনসেফ শ্রীযুত বাবু অভয়াচরণ দে নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাটে প্রেরিত হইয়াছেন।

দিনাজপুর জিলার অন্তর্গত গঙ্গারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়, এম, এ, রঙ্গপুর জিলার অন্তর্গত বদরগঞ্জে প্রেরিত হইয়াছেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত বদরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কাশীনাথ দাস মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেটায় প্রেরিত হইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত ভাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায় চট্টগ্রাম জিলার অন্তর্গত রাঙ্গুনিয়ায় প্রেরিত হইয়াছেন।

চট্টগ্রাম জিলার অন্তর্গত রাঙ্গুনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী ঢাকা জিলার অন্তর্গত ভাঙ্গায় প্রেরিত হইয়াছেন।

যশোহরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণবিহারী মুখোপাধ্যায় নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার মুনসেফ হইবেন।

নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্যামলাল হালদার, বি, এল, ২৪ পরগনা জিলার অন্তর্গত আলীপুরে প্রেরিত হইয়াছেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত আলীপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণনাথ রায়, বি, এল, শ্রীযুত বাবু কৃষ্ণবিহারী মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে যশোহর জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

ভাগলপুর জিলার অন্তর্গত বেগুসরাইর আডিশ্যনল মুনসেফ শ্রীযুত মৌলবী দেদা—, ত্রিপুরা জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

আজ্ঞা—মে,
ডবলিউ, এম, সুটর,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট,
১৮৭৩ সাল ৯ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ সেপ্টেম্বর।]

CIRCULAR ORDERS BY THE BOARD OF REVENUE, L. P.

AUGUST 1873.

HON'BLE V. H SCHALCH.

No. 4

THE following alterations are to be made in Circular Order No. 8 of April last—

Under heading *e*, " Government estates under farming leases," for " farming " substitute " temporary."

For the first clause of the *N.B.*, substitute—

" Under present Rules all Government estates settled for terms of years with purchasers of the proprietary right, pass out of the category of Government estates, and become the property of the settlement-holders. Such estates will, therefore, be included under Class *c*.

" All Government estates, settled for terms of years with persons to whom the proprietary right has not been transferred by sale, even though the right to conditional re-settlement has been conceded to the settlement-holders, must be regarded as temporarily settled estates, and be included in Class *e*. This class will also, of course, include Government estates settled in farm, *i.e.*, for a definite term, with concession to the settlement-holder of a right to re-settlement."

It will be necessary for Collectors to revise their quarterly returns No. X for the first quarter of 1873-74, in accordance with the above instructions.

The Superintendent of Stationery will be directed to issue revised forms and slips, but meanwhile the necessary alterations must be made in manuscript in the forms and slips already supplied

---

No. 5.

DISCREPANCIES between the quarterly Statements of Land Revenue Receipts submitted to the Board by the Accountant-General and the figures of Return No. X have, in several instances, been traced to the fact that estates upon which revenue had been paid in advance into the treasury of one district, had, before the instalments which such advance was intended to meet fell due, been transferred to the Revenue Roll of another district. To obviate the necessity of calling for frequent explanations, the Member in charge directs that, whenever any such payments in advance stand to the credit of an estate at the time of transfer, the transferring Collector shall, in all cases, carefully notify to the Collectors of the district to which the mehals have been transferred the exact position of each mehal in regard to realization of revenue. And the exact facts as regard such transferred mehals should be noticed in the Return No. X both for the district from, and the district to, which they are transferred.

No. 6.

THE Member in c[illegible]e requests that district officers when submitting their final reports in connection with cas[illegible] under the Land Acquisition Act X of 1870, will be careful to note in column 3 of Appendix [illegible] whether the general notice required under section 9 of the Act has been issued.

[*Government Gazette*, *16th September* 18[illegible]]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৩ সাল আগষ্ট মাস।

মান্যবর বি, এচ, শক সাহেব।

৪ নম্বর।

গত আপ্রিল মাসের ৮ নম্বরের সরক্যুলর এই প্রকারে মতান্তর করিতে হইবে।

(ঙ) শ্রেণীতে "গবর্ণমেণ্টের যে মহালের ইজারার পাট্টা দেওয়া গেল" এই কথার "ইজারার" পরিবর্ত্তে "মেয়াদী" শব্দ দিতে হইবে।

মন্তব্য কথার প্রথম পদের পরিবর্ত্তে এই পদ দিতে হইবে।

"যাঁহারা অধিকারিত্ব স্বত্ব ক্রয় করেন তাঁহারদের সঙ্গে কএক বৎসরের মিয়াদে গবর্ণমেণ্টের যে মহালের বন্দোবস্ত করা যায়, এইক্ষণকার প্রচলিত বিধিমতে তাহা আর গবর্ণমেণ্টের মহালের মধ্যে ধরা যায় না, যাঁহারদের সঙ্গে বন্দোবস্ত করা গেল তাঁহারদের সম্পত্তি হয়। অতএব ঐ প্রকারের সকল মহাল (গ) শ্রেণীর মধ্যে ধরিতে হইবে।

"অধিকারিত্ব স্বত্ব বিক্রয়ক্রমে হস্তান্তর করিয়া যে ব্যক্তিদের প্রতি দেওয়া না যায় তাঁহারদের সঙ্গে গবর্ণমেণ্টের যে মহালের বন্দোবস্ত করা যায় তাহা মিয়াদী বন্দোবস্তের মহাল জ্ঞান হইয়া (ঙ) শ্রেণীর মধ্যে ধরিতে হইবে। কোন২ নিয়মাধীনে ঐ ব্যক্তিদের সঙ্গে পুনশ্চ বন্দোবস্ত হইবার অধিকার থাকার অনুমতি হইলেও তাহা মিয়াদী বন্দোবস্তের মহাল বলিতে হইবে। গবর্ণমেণ্টের যে মহালের ইজারার বন্দোবস্ত করা যায়, অর্থাৎ যাঁহার সঙ্গে বন্দোবস্ত করা গেল তাঁহার সঙ্গে পুনশ্চ বন্দোবস্ত হইবার অধিকার থাকার অনুমতিবিনা, নির্দ্দিষ্ট মিয়াদের নিমিত্ত যে মহালের বন্দোবস্ত করা যায় সেই মহালও উক্ত শ্রেণীর মধ্যে ধরিতে হইবে।"

কালেক্টর সাহেবদের উক্ত উপদেশমতে ১৮৭৩। ৭৪ সালের প্রথম তিন মাসের ১০ নং ত্রৈমাসিক রিটর্ন সংশোধন করা আবশ্যক হইবে।

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি সংশোধিত পাঠ ও স্লিপ পাঠাইতে আদেশ করা যাইবে। ইতিমধ্যে পূর্ব্বে যে পাঠ ও স্লিপ দেওয়া গিয়াছে তাহা হাতে লিখিয়া প্রয়োজনমতে পরিবর্ত্তন করিতে হইবে।

৫ নম্বর।

আকৌণ্টেণ্ট জেনরল সাহেব বোর্ডের নিকট ভূমির রাজস্বের রসীদের যে ত্রৈমাসিক বর্ণনাপত্র পাঠাইয়া থাকেন, তাহার সঙ্গে ১০ নং রিটর্ণের অঙ্কের বৈলক্ষণ্য বারম্বার দেখা গিয়াছে। তাহার কারণ জানিতে চেষ্টা হইলে দেখা গেল যে, কোন মহালের রাজস্ব কোন জিলার খাজানাখানায় আগাম দেওয়া গিয়াছে, পরে ঐ আগাম দেওয়া টাকা যে কিস্তির মধ্যে ধরা যাইবে সেই কিস্তির টাকা পাওনা হইতে না হইতে, ঐ মহাল অন্য জিলার তৌজীতে দাখিল করা যায়। এইং বিষয়ের হেতু জানিবার নিমিত্ত বারম্বার পত্র লেখার প্রয়োজন না হয় এই নিমিত্ত যে মেম্বর সাহেব সেই কার্য্যের অধ্যক্ষ তিনি এই আদেশ করিতেছেন। খারিজদাখিল করণসময়ে কোন মহালের নামে তদ্রূপ আগাম দেওয়া টাকা জমা থাকিলে, যে কালেক্টর সাহেব মহাল খারিজ করেন তিনি, যে জিলায় ঐ মহাল দাখিল করেন সেই জিলার কালেক্টর সাহেবের নিকট, রাজস্ব দানসম্পর্কে ঐ মহালের প্রকৃত অবস্থা জানাইয়া রাখিবেন। ও যে জিলাহইতে মহাল খারিজ হয় ও যে জিলায় দাখিল হয় সেই দুই জিলার ১০ নং রিটর্ণে ঐ মহালের উক্ত বিষয়ের প্রকৃত বিবরণ লিখিতে হইবে।

৬ নম্বর।

এই বিষয়ে যে সাহেবের কর্ত্তৃত্ব ভার থাকে তিনি জিলার কর্ত্তৃপক্ষদিগকে এই আদেশ করিতেছেন। তাঁহারা ভূমি গ্রহণবিষয়ক ১৮৭০ সালের ১০ আইনমত মোকদ্দমার শেষ রিপোর্ট দিলে আইনের ৯ ধারায় সাধারণের নিকট যে নোটিস দিবার আদেশ হইল তাহা দেওয়া গিয়াছে কি না এই কথাও মনোযোগ করিয়া F চিহ্নিত ক্রোড়পত্রের ৩ ঘরে লিখিবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 16, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নীলামের ইশ্‌তেহার।

জিলা মুঙ্গের।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে মুঙ্গের জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎলিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ত্ব ইংরেজী ১৮৭৩ সালের ১৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৮১ বাঙ্গালার আশ্বিন মাসের ১৩ই শুক্রবার জেলা মজকুরের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক ইতি।

Thannah Gouripura.

The Sub-Divisional Officer of Brahmunbariah	..	Chairman.
„ Police Sub-Inspector of Gouripura ..	.	*Ex officio* Member.
Baboo Krishna Mohun Chowdhuri, Zemindar		Members.
„ Dabi Churan Chowdhuri, Pensioned Clerk	..	
„ Kalikisore Roy, Talookdar	..	
„ Joy Gobind Roy, Mahajan ..	..	
Ameer Sarkar, Ryot .. .	..	
Johiruddin, ditto .. .	..	
Soman Khan, ditto	..	

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

RULES REGARDING AGE-CERTIFICATE OF CANDIDATES FOR THE INDIAN CIVIL SERVICE RE-PUBLISHED FOR GENERAL INFORMATION —

RESOLUTION.

GENERAL DEPARTMENT.

EDUCATION.

Fort William, the 3rd July 1871.

READ letter No. 2893, dated the 10th ultimo, from the Government of India n the Home Department, forwarding a set of rules regarding the age-certificates of candidates for the Indian Civil Service, and requesting their promulgation if His Honor the Lieutenant-Governor sees no objection.

2. The Lieutenant-Governor is pleased to adopt the rules which, as applied to Bengal, are as under :—

I.—Candidates for admission to compete in England for the Indian Civil Service are required, before leaving India, to obtain a certificate of age signed by the Secretary to the Government of Bengal in the General Department.

II —In order to obtain a certificate, candidates are required to prove the date of their birth before the Magistrate of the district in which the candidate's family resides; or, if the family residence is in Calcutta, before the Magistrate of Police in either the Northern or Southern Division

III.—Candidates will signify their desire to compete not less than three months before the date on which they propose to go to England to the Secretary to the Government of Bengal in the General Department, who will then forward each application for the purpose of inquiry to the Magistrate to whose district it belongs.

IV.—The Magistrate will call upon the candidate to appear and give evidence of the date of his birth within one month. He will carefully examine into the value of the evidence given, and forward a summary of it, with certified copies of all documents tendered, and with his comments and opinion, to the Secretary to the Government of Bengal in the General Department.

V.—The documentary evidence which the candidates may be expected to produce comprises—

(*a*) The horoscope

(*b*) Family books.

(*c*) Tradesmen's account books showing entries relating to the birth.

(*d*) The record of admission in the registers of the school in which the candidate was educated, and the record of the candidate's age at various periodical school examinations

(*e*) If the candidate is matriculated, a certified copy of his application to the Registrar in form A.

(*f*) Oral testimony of persons acquainted with the candidate's family and others will also be taken, and the candidate is required to comply to the best of his power with any requisition the Magistrate may make in order to clear up any doubt as to the purport of the documentary proofs.

[*Government Gazette, 23rd September* 1873.]

থানা গৌরীপুর।

ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কর্ত্তৃপক্ষ	সভাপতি।
গৌরীপুর পোলীসের সব-ইনস্পেক্টর .. .	স্বপদোপলক্ষে মেম্বর।
শ্রীযুত বাবু কৃষ্ণমোহন চৌধুরী, জমিদার	মেম্বর।
„ „ দেবীচরণ চৌধুরী, পেন্সনভোগী ক্লার্ক .	মেম্বর।
„ „ কালীকিশোর রায়, তালুকদার .. .	মেম্বর।
„ „ জয়গোবিন্দ রায়, মহাজন . ..	মেম্বর।
„ আমীর সরকার, রায়ত	মেম্বর।
„ জহিরুদ্দিন, রায়ত	মেম্বর।
„ সোনান খাঁ, রায়ত	মেম্বর।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

নির্দ্ধারণ।

জেনরল ডিপার্টমেণ্ট।

শিক্ষাসংক্রান্ত

কোর্ট উলিয়ম। ১৮৭১ সাল ৩ জুলাই।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত মাসের ১০ তারিখের ২৮১৩ নম্বরের পত্র পাঠ করা গেল। যে ব্যক্তিরা ভারতবর্ষের সিবিল সরবিসে কর্ম্ম পাইতে চাহেন ঐ পত্র সহিত তাঁহারদের বয়সের সর্টিফিকট বিষয়ক বিধিও পাঠান গেল মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আপত্তি না থাকিলে তাহা প্রকাশ করিতে আদেশ ও হইল।

২। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ বিধি গ্রাহ্য করিয়াছেন। বঙ্গদেশসম্পর্কে সেই বিধি এই।

১।—কোন ব্যক্তি ইঙ্গলণ্ডে গমনপূর্ব্বক ভারতবর্ষের সিবিল সর্বিসের নিমিত্ত পরীক্ষা দিবার অনুমতির প্রার্থী হইলে ভারতবর্ষহইতে যাত্রা করিবার পূর্ব্বে তাঁহার বয়সের সর্টিফিকট লইতে হইবে। জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেব সেই সর্টিফিকটে স্বাক্ষর করিবেন।

২।—উক্ত পদার্থির বাড়ী যে জিলায় থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া জন্মদিনের প্রমাণ করিলে সর্টিফিকট পাইতে পারিবেন। কলিকাতায় বাড়ী হইলে উত্তর কিম্বা দক্ষিণখণ্ডের পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তদ্রূপ প্রমাণ দিলে সর্টিফিকট পাইতে পারিবেন।

৩।—ইঙ্গলণ্ডে যাইবার অন্যূন তিন মাস পূর্ব্বে উক্ত পদার্থী জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট পরীক্ষা দেওনের মনস্থ জানাইবেন। তাহা হইলে পূর্ব্বোক্ত কথার সন্ধান লওয়া যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধিকার আছে সেক্রেটরী সাহেব তাঁহার নিকট ঐ প্রার্থনাপত্র পাঠাইবেন।

৪।—মাজিষ্ট্রেট সাহেব সেই পদার্থিকে এক মাসের মধ্যে উপস্থিত হইয়া আপন জন্মদিনের প্রমাণ করিতে আজ্ঞা করিবেন। পরে তিনি সেই প্রমাণের গুণাগুণ সুক্ষ্মরূপে বিবেচনা করিয়া জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট ঐ প্রমাণের সারাংশ পাঠাইবেন ও প্রমাণার্থ যে সকল লিপি দেওয়া যায় তাহার সংশিত প্রতিলিপি ও তদ্বিষয়ে আপনার বক্তব্য কথা ও অভিমত লিখিয়া পাঠাইবেন।

৫।—উক্ত পদার্থী প্রমাণস্বরূপ যে লিপি দিবেন তাহা এই২।

(ক) কোষ্ঠী।

(খ) পরিবারসম্পর্কীয় পুস্তকাদি।

(গ) কোন ব্যবসায়িদের খাতাবহীতে সেই পদার্থির জন্মদিনসম্বন্ধীয় কোন কথা লেখা থাকিলে ঐ বহী।

(ঘ) পদার্থী যে বিদ্যালয়ে শিক্ষা করেন সেই বিদ্যালয়ের রেজিষ্টরীতে তাঁহার গ্রাহ্য হওয়ার কথা, এবং সময়ে২ পরীক্ষা দিলে সেই২ সময়ে তাহার বয়সের যে লিপি থাকে তাহা।

(চ) পদার্থী যদি প্রবেশিকা পরীক্ষা দিয়া থাকেন, তবে A চিহ্নিত পাঠে রেজিষ্ট্রারের নিকট তাঁহার প্রার্থনাপত্রের সংসিত প্রতিলিপি।

(ছ) পদার্থির পরিবারের পারিচিত লোকপ্রভৃতির বাচনিক প্রমাণও লওয়া যাইবে। এবং লিপিবদ্ধ প্রমাণের মর্ম্মবিষয়ে সন্দেহ হইলে, মাজিষ্ট্রেট সাহেব সেই সন্দেহ ভঞ্জন করণার্থে পদার্থিকে যে আদেশ করেন তদনুসারে তাঁহার সাধ্যমতে করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

VI.—If the Secretary shall be satisfied by the papers submitted by the Magistrate that the candidate has stated the date of his birth correctly, he will issue a certificate declaring that the candidate has submitted the proofs of his birth to the Magistrate of the——— district, and has satisfied him that he was actually born on or about the date stated by him viz. the———day of———18—.

VII.—If the Secretary finds reason to doubt that the candidate was born on the day asserted by him, the certificate will be refused, and the candidate will be unable to obtain admission to the competitive examination for the Indian Civil Service.

VIII.—Where the date of a birth has been formally registered in a register kept by any public officer, an extract from the register duly certified by the proper official shall be accepted as sufficient proof of the date of the birth

IX.—Any declaration of age made after the application of these rules on occasion of seeking admission to any university examination, educational institution, or Government office or otherwise recorded in a formal and deliberate manner, will be taken as conclusive evidence in disproof of the subsequent assertion by the same person that he is of a different age to that so declared or recorded.

3. The age-certificates are at present submitted to Government by the Director of Public Instruction. In future they will be submitted by the District Magistrates under the above-mentioned rules, but an opportunity will be given to the Director of Public Instruction to compare them with the school and college entry certificates of candidates.

Ordered that a copy of this resolution be forwarded to all Commissioners of Divisions for communication to District Magistrates for their guidance.

Also that a copy be forwarded to the Director of Public Instruction for information.

Also that a copy be forwarded to the Commissioner of Police, Calcutta, for communication to the Police Magistrates.

C BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th September 1873.—Under the provisions of Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor is pleased to declare the Kushba, Shilla, and Coolpara ferries over the river Damoodah, and situated within the Sub-division of Bood-Bood, Burdwan district to be public ferries

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF RAJSHAHYE

The 12th September 1873.—It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Rajshahye have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing year beginning on the first of October next, at the following rates, being half the maximum rates, and the said rates are published accordingly —

I.—Three pie or one pice on every rupee of the annual value of lands under Part II of the Act

৬।—মাজিষ্ট্রেট সাহেব যে পত্রাদি প্রেরণ করেন সেক্রেটরী সাহেব ঐ পত্রাদি দৃষ্টে পদার্থী আপনার জন্মের প্রকৃত দিন জানাইয়াছেন ইহা অবোধমতে জানিলে তিনি এই মর্ম্মের সর্টিফিকট দিবেন, যথা পদার্থী অমুক জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপন জন্মদিনের প্রমাণ করিয়াছেন এবং আপনার কথানুসারে তাঁহার অমুক সালের অমুক মাসের অমুক দিনে জন্ম হয় ইহা উক্ত সাহেবের অবোধ জন্মাইয়াছেন।

৭।—পদার্থী স্বীয় জন্মের যে দিন কহেন সেই দিনে তাঁহার জন্ম হয় নাই সেক্রেটরী সাহেবের এমত সন্দেহের কারণ থাকিলে ঐ সর্টিফিকট দেওয়া যাইবে না। তাহা হইলে পদার্থী ভারতবর্ষের সিবিল সার্বিসের নিমিত্ত পরীক্ষা দিবার অনুমতি পাইবেন না।

৮।—রাজকীয় কার্য্যকারকের রেজিষ্টরী বহীতে পদার্থির জন্মদিন নিয়মমতে রেজিষ্টরী করা গেলে, উপযুক্ত কার্য্যকারকের সর্টিফিকট সহিত ঐ রেজিষ্টর হইতে গৃহীত কথাই জন্মদিনের প্রচুর প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে।

৯।—এই বিধিমতে কর্ম্ম করা গেলে পর উক্ত পদার্থী বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষা দেওনের কিম্বা কোন বিদ্যালয়ে কিম্বা গবর্ণমেণ্ট আফিসে গ্রাহ্য হওনের মানসে আপনার অন্য বয়স জানাইলে কিম্বা নিয়মিত কার্য্যক্রমে ও জ্ঞানপূর্ব্বক অন্য বয়স লিখিলে তাহার অপ্রমাণ করণার্থে পূর্ব্বোক্ত কথা সিদ্ধান্ত হইবে।

৩। এইক্ষণে সাধারণের শিক্ষা সংক্রান্ত ডাইরেকটর সাহেব গবর্ণমেণ্টের নিকট বয়সের সর্টিফিকট পাঠাইয়া থাকেন, এই অবধি জিলার মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত বিধিমতে ঐ সর্টিফিকট দিবেন। কিন্তু পদার্থিকর স্কুলে ও কালেজে প্রবেশ করণের সর্টিফিকটের সঙ্গে শিক্ষা সংক্রান্ত ডাইরেকটর সাহেব সেই সর্টিফিকট মিলাইয়া দেখিতে পারিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেবদের কার্য্যপ্রণালী দেখাইবার জন্যে তাহাদের নিকট প্রেরণার্থে এই নির্দ্ধারণ পত্রের এক২ প্রস্থ দেশখণ্ডের সকল কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবার আজ্ঞা হইল।

এবং শিক্ষাসংক্রান্ত ডাইরেকটর সাহেবের জ্ঞানার্থে ইহার এক প্রস্থ পাঠাইবার আজ্ঞা হইল।

এবং কলিকাতার পোলীস মাজিষ্ট্রেট সাহেবদিগকে জ্ঞাত করিবার জন্য পোলীস কমিশ্যনর সাহেবের নিকট ইহার এক প্রস্থ পাঠাইবার আজ্ঞা হইল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

আর এচ উইলসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

সি, বর্ণাড।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত বুদবুদ মহকুমায় দামোদর নদের কশবা ও শিল্লা ও কুলপাড়ার খেয়া ঘাট ১৮৬৯ সালের ৬ আইনের ৩ ধারার বিধানমতে রাজকীয় ঘাট বলিয়া প্রকাশ করিলেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজশাহী জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১২ সেপ্টেম্বর —প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে রাজশাহী জিলার পথকর কমিটী উক্ত আইনের ৭৪ ধারামতে তাহার অর্দ্ধেক হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে রাজশাহী জিলায় সেই হারে কর লওয়া যাইবে, তদনুসারে সেই হার প্রকাশ করা যাইতেছে।—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের ফি টাকার উপর এক পয়সা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly cess. Rs. A. P.
Not less than Rs.	100 but less than Rs.	500	...	0 8 0
„ „	500 „ „	1,000	...	1 8 0
„ „	1,000 „ „	2,000	...	2 4 0

„ „ 2,000 and upwards, one rupee and eight annas for every Rs. 1,000, or part thereof of estimated present value.

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100 to pay a yearly tax of eight annas.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.
DISTRICT OF HAZAREEBAUGH.

The 15th September 1873.—It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Hazareebaugh have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act at three-fourths of the maximum rates for the ensuing Road Cess year. The cesses payable in the Hazareebaugh district for the year beginning on the first of October 1873 will therefore be at the following rates —

I.—Four and half pie or one and half pice on every rupee of the annual value of lands under Part II of the Act

II.—The following rates on non-agricultural houses and shops :—

Dwelling-houses estimated to be of the present value of—

				Yearly cess Rs. A. P.
Not less than Rs	100 but less than Rs.	500	..	0 12 0
„ „	500 „ „	1,000	..	2 4 0
„ „	1,000 „ „	2,000	...	3 6 0

„ „ 2,000 and upwards, two rupees and four annas for every Rs. 1,000 or part thereof of estimated present value.

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100 to pay a yearly tax of twelve annas.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.
DISTRICT OF NUDDEA.

The 16th September 1873.—It is notified under Section 75 of Act X (B.C.) of 1871 (The District Road Cess Act), that the Road Cess Committee of the District of Nuddea have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing year beginning on the 1st of October next, at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly —

I.—Six pie or two pice on every rupee of the annual value of lands under Part II of the Act.

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly cess Rs. A. P.
Not less than Rs.	100 but less than Rs.	500	...	1 0 0
„ „	500 „ „	1,000	...	3 0 0
„ „	1,000 „ „	2,000	...	4 8 0

„ „ 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of estimated present value

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100 to pay a yearly tax of one rupee.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 23rd September* 1873.]

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের এই২ হারে লওয়া যাইবে,

বর্ত্তমান মূল্য অনুমান—						বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে		...	৷৷৹
৫০০	,,	,,	১০০০	,,	...	১৷৷৹
১০০০	,,	,,	২০০০	,,	...	২৷৹

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর এক টাকা আট আনা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ টাকার অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে ৷৷৹ আনা টাক্স লাগিবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

হাজারিবাগ জিলার।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৫ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারা-মতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে হাজারিবাগ জিলার পথকর কমিটী উক্ত আইনের ৭৪ ধারামতে তাহার চারি অংশের তিন অংশ অর্থাৎ ৵৹ আনা হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে হাজারিবাগ জিলায় নিম্নলিখিত হারে কর লওয়া যাইবে,—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের কি টাকার উপর দেড় পয়সা।

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের কর এই২ হারে লওয়া যাইবে,

বসত বাটীর বর্ত্তমান মূল্য অনুমান—						বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে		...	৵৹
৫০০	,,	,,	১০০০	,,		২৷৹
১০০০	,,	,,	২০০০	,,	...	৩৷৶৹

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর দুই টাকা চারি আনা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে ৵৹ বার আনা টাক্স লাগিবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

নদীয়া জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারা-মতে এই সংবাদ দেওয়া গেল। ঐ আইনমতে অত্যুচ্চ যে হারে কর ধার্য্য হইতে পারে নদীয়া জিলার পথকর কমিটী উক্ত আইনের ৭৪ ধারামতে সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের যে বৎসর আরম্ভ হইবে সেই বৎসরে উক্ত জিলায় সেই হারে কর লওয়া যাইবে, তদনুসারে সেই হার প্রকাশ করা যাইতেছে।—

১। উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়মতে ভূমির বার্ষিক মূল্যের কি টাকার উপর দুই পয়সা।

২। কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই২ হারে লওয়া যাইবে,

বর্ত্তমান মূল্য অনুমান—						বার্ষিক কর।
১০০ টাকার কম না হইলে কিন্তু			৫০০ টাকার কম হইলে		...	১৲
৫০০	,,	,,	১০০০	,,	...	৩৲
১০০০	,,	,,	২০০০	,,		৪৷৷৹

২০০০ টাকার ও তদূর্দ্ধ মূল্যের ঘরের বর্ত্তমান আনুমানিক মূল্যের এক২ হাজার টাকার কি তাহার কোন অংশের উপর তিন টাকা লওয়া যাইবে।

বাণিজ্য কার্য্যের নিমিত্তে যে দোকানের কি ঘরের ব্যবহার হইয়া থাকে তাহার বর্ত্তমান মূল্য অনুমান ২৫ টাকার অধিক ও ১০০ টাকার কম হইলে বৎসরে এক টাকা টাক্স লাগিবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

JUDICIAL DEPARTMENT.

No 1295.

RESOLUTION

JUDICIAL DEPARTMENT.

JUDICIAL.

Calcutta, the 10th September 1873.

THE Lieutenant-Governor is pleased to direct that the accompanying notification regarding the duties imposed by law upon landowners and others, and upon the public generally, with reference to giving information of offences, the consorting of bad characters, and other matters of a like character, be translated into the vernaculars and circulated widely for the guidance of those concerned.

2. A copy of the notification will be given to all considerable landholders and their agents. It will, when possible, be delivered by the police at the residence of the landholder, and a receipt be taken for it; otherwise it will be handed over by the towjih nuvis to the agent of each landholder when paying in revenue or zemindary dâk tax, a receipt being taken as above directed. The district officers will determine how best to give effect to this order.

3. Copies will be affixed and renewed from time to time in some conspicuous place in each village of Bengal. The report of such proclamation having been made, shall be signed by the local representative of the zemindar and some of the principal men of the village. The report should also certify that the notification has been read in the presence of the village chowkeedar or chowkeedars. This will not exempt police officers in charge of stations from fully and regularly explaining their duty in connection with crime to chowkeedars when they visit the stations.

4. Copies will also be supplied to the managers of estates under the Court of Wards, who will be responsible for communicating them to their subordinates.

5. It will rest with Magistrates now to enforce the provisions of the law. If this is done vigorously in one or two cases, the Lieutenant-Governor has no doubt a great improvement will follow in the working of the district police.

A MACKENZIE,
Offg. Secy. to the Govt of Bengal

NOTIFICATION.

JUDICIAL DEPARTMENT

JUDICIAL.

Calcutta, the 10th September 1873.

THE following provisions of the Code of Criminal Procedure set forth the duty of landholders, village police, and others, in the matter of aiding the Magistrate and police by giving early information respecting the commission of crime and co-operating in the apprehension of criminals.

2. By Section 89 of the Code of Criminal Procedure *every person* aware of the commission of any offence made punishable under the sections of the Indian Penal Code mentioned in the accompanying schedule is bound to give information of the same to the nearest police officer or Magistrate.

Sections 89 and 91 refer to *all persons*

3. By Section 91 *every person* is bound to assist a Magistrate or police officer demanding his aid in the prevention of a breach of the peace, or in the suppression of a riot or an affray, or in the taking of any other person whom such Magistrate or police officer is authorized to arrest.

[*Government Gazette, 23rd September* 1873.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১২৯৫ নম্বর।

নির্দ্ধারণ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যল।

কলিকাতা। ১৮৭৩ সাল ১০ সেপ্টেম্বর।

অপরাধের সন্ধান ও দুশ্চরিত্র লোকদের ঘোট হওনের ও তত্তুল্য ভাবের অন্যং বিষয়ের সন্ধান জানাইবার বিষয়ে আইনমতে ভূম্যধিকারি প্রভৃতির ও সাধারণ লোকদের যেং কর্ম্ম করা কর্ত্তব্য, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তদ্বিষয়ের নিম্নলিখিত জ্ঞাপনপত্র দেশীয় ভাষায় তর্জ্জমা করিয়া, সেই বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাহাদের মধ্যে অতি বিস্তৃত রূপে বিতরণ করিতে আজ্ঞা দিয়াছেন

২। বড়ং জমীদারদের ও তাঁহাদের গোমশতাদের নিকট ঐ জ্ঞাপনপত্রের একং খানি পাঠান যাইবে। হইতে পারিলে, পোলীসের কর্ম্মকারকেরা জমীদারদের ঘরেং একং খানি দিয়া তাহার রসীদ লইবেন। তাহা হইতে না পারিলে, প্রত্যেক জন জমীদারের গোমাশতা নাজম্ব কি জমীদারী ডাকের টাক্স দিতে আইলে তৌজী নবীস তাহাদিগকে উক্ত একং খানি জ্ঞাপনপত্র দিয়া উক্ত প্রকারে রসীদ লইবেন। এই আজ্ঞা যাহাতে উত্তমরূপে সফল হইতে পারে জিলার কর্ত্তৃপক্ষেরা তাহা নিরূপণ করিবেন।

৩। বাঙ্গালাদেশের অন্তর্গত প্রত্যেক গ্রামের কোন প্রকাশ স্থানে এই জ্ঞাপনপত্র লটকাইয়া দেওয়া যাইবে ও নষ্ট হইলে সময়েং তাহার পরিবর্ত্তে নূতন এক খানি লাগাইয়া দেওয়া যাইবে। প্রত্যেক গ্রামের মধ্যে যিনি জমীদারের নাএব থাকেন তিনি, ও গ্রামের প্রধানং লোকদের মধ্যে কএক জন ঐ ঘোষণাপত্র প্রকাশ হইবার রিপোর্টে স্বাক্ষর করিবেন। আর সেই জ্ঞাপনপত্র গ্রামের চৌকীদারের কি চৌকীদারদের নিকট পড়িয়া শুনান গেল, ঐ রিপোর্টে এই মর্ম্মের সর্টিফিকটও লেখা যাইবে। কিন্তু চৌকীদারেরা যে কোন সময়ে থানায় গেলে, থানার পোলীসের প্রধান কর্ম্মকারক অপরাধ বিষয়ে তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম সম্পূর্ণরূপে ও নিয়ত ভাজিয়াং বলিবেন, উক্ত ঘোষণাপত্র প্রচার করা গেলেও তাঁহারা সেই কর্ম্মহইতে মুক্ত হইবেন না।

৪ কোর্ট ওয়ার্ডসের অধীন মহালের সরবরাহকারদিগকেও ঐ জ্ঞাপন পত্রের একং খানি দেওয়া যাইবে ও তাঁহারদের অধীন কর্ম্মকারকদের কর্ত্তব্য কর্ম্ম জানাইবার বিষয়ে তাঁহারাই দায়ী।

৫। এইক্ষণে ঐ আইনের সকল বিধান প্রচলন করণের ভার মাজিষ্ট্রেট সাহেবদের প্রতি থাকিল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে দুই এক স্থানে ঐ বিধান আঁটাআঁটি করিয়া প্রবল করা গেলে, জিলার পোলীসের কর্ম্ম আরো উৎকৃষ্টরূপে চলিতে পারিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যাল।

কলিকাতা, ১৮৭৩ সাল ১০ সেপ্টেম্বর।

কোন অপরাধ করা গেলে ত্বরায় তদ্বিষয়ের সন্ধান জানাইয়া, ও অপরাধিদিগকে ধৃত করিবার সাহায্য করিয়া, মাজিষ্ট্রেট সাহেবের ও পোলীসের সহায়তা করণবিষয়ে ভূম্যধিকারিদের ও গ্রাম্য পোলীসের ও অন্য ব্যক্তিদের যেং কর্ম্ম করা উচিত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে তদ্বিষয়ের এইং বিধান আছে।

২। নিম্নলিখিত তফসীলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যেং ধারার উল্লেখ হইয়াছে, তদনুসারে যেং অপরাধের দণ্ড হইতে পারে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৮৯ ধারামতে যে কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ হওয়ার কথা জানিতে পায়, নিকটবর্ত্তি পোলীসের কর্ম্মকারককে কিম্বা মাজিষ্ট্রেটকে তাঁহার সেই কথা জানাইতেই হইবে।

৮৯ ও ৯১ ধারায় সকল লোক লক্ষিত হইবার কথা।

৩। ৯১ ধারামতে মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক শান্তিভঙ্গ নিবারণ করিবার কিম্বা দাঙ্গা কি হাঙ্গামা থামাইয়া রাখিবার জন্যে, কিম্বা ঐ মাজিষ্ট্রেট কি পোলীসের ঐ কর্ম্মকারক কোন ব্যক্তিকে গ্রেফ্তার করিতে অনুমতি পাইলে তাহাকে ধরিয়া দিবার জন্যে, কোন ব্যক্তির সাহায্য চাহিলে তাঁহার সাহায্য করিতেই হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

4. By Section 90 every village headman, village watchman, owner or occupier of land, or the agent of any such owner or occupier, and every native officer employed in the collection of revenue or rent of land on the part of Government or the Court of Wards, is (in addition to the obligations imposed on him by sections 89 and 91) bound forthwith to communicate to the nearest Magistrate, or to the officer in charge of the nearest police station, any information which he may obtain respecting—

Section 90 refers specially to *landlords, village police,* and others holding cognate positions

(*a*) the residence of any notorious receiver or vendor of stolen property at the village of which he is headman or watchman, or in which he owns or occupies land or collects rent or revenue, as the case may be;

(*b*) the resort to any place within the limits of such village of any person or persons known or reasonably suspected of being a thug or robber;

(*c*) the commission or intention to commit suttee *or other non-bailable offence* at or near such village;

(*d*) the occurrence of any sudden or unnatural death.

5. Besides those set out in the schedule attached to this notification, the principal non-bailable offences in regard to which the persons described in paragraph 4 above are *specially* bound to give information are the following:—

Penal Code Sections.

Sections 194 and 195.—Giving or fabricating false evidence in order to get any person convicted of a capital offence or of an offence punishable with transportation or imprisonment for more than seven years.

Section 226.—Unlawful return from transportation.

Sections 231 to 254.—All offences connected with counterfeit coin.

Section 307.—Attempt to murder.

Sections 313 to 316.—Causing miscarriage or abortion without the woman's consent or when death ensues.

Sections 326 to 329.—Causing grievous hurt by dangerous means for purposes of extortion, and administering stupefying drugs in order to cause hurt.

Sections 331 to 333.—Causing grievous hurt to extort confession, or to deter a public servant from his duty.

Sections 363 to 369 and 371-373.—Kidnapping, dealing in slaves, selling and buying children for purposes of prostitution.

Sections 376 and 377.—Rape and unnatural offences.

Sections 379 to 382.—Theft.

Sections 386 to 389.—Extortion by putting in fear of death or grievous hurt, or by threat of accusing of heinous crime.

Sections 400 and 401.—Association of persons for habitual dacoity or theft.

Sections 411 to 414.—Receiving, dealing in, or concealing stolen property.

Sections 466 to 468. } Forgery of records, wills, and such like, or of Govern-
" 471 " 477. } ment notes, counterfeiting seals, dies, plates, &c.

Section 505.—Circulating false statements to cause mutiny or breach of the public peace.

Offences under Special Laws.

N.B.—All offences under special laws, when punishable with three years' imprisonment or upwards, are not bailable. Hence information must be given of the following offences:—

Act XXXI of 1860, Sections 2, 18, 23.—Unlicensed manufacture of cannon and unlicensed importation or transportation of arms or military stores.

Act XIV of 1866, Section 48.—Theft, destruction, or secretion by a post office employé of any article sent by post, or the abetment of such an offence.

[*Government Gazette*, 23rd *September* 1873.]

৯০ ধারা বিশেষমতে ভূম্যধিকারিদের ও গ্রাম্যপোলীসের ও তত্তুল্য অবস্থার অন্য ব্যক্তিদের প্রতি খাটিবার কথা।

৪ ৮৯ ও ৯১ ধারামতে সকল ব্যক্তির যেং কর্ম্ম করিতে হইবে, গ্রামের মণ্ডল ও গ্রামের চৌকীদার ও ভূমির অধিকারী কি দখিলকার ও সেই অধিকারির কি দখিলকারের গোমাশ্তা, ও গবর্ণমেণ্টের কিম্বা কোর্ট ওয়ার্ডসের তরফে এদেশীয় যে প্রত্যেক কার্য্যকারক ভূমির রাজস্ব কি খাজানা আদায় করিতে নিযুক্ত হন তিনিও সেইং কর্ম্ম করিবেন, এ তদতিরিক্ত নিম্নলিখিত বিষয়ের কোন সন্ধান পাইলে, যে মাজিষ্ট্রেট কিম্বা পোলীস থানার প্রধান যে কর্ম্মকারক নিকট থাকেন, ৯৭ ধারামতে তাঁহাকে তাঁহার ত্বরায় সেই সন্ধান জানাইতে হইবে।

(ক) যে গ্রামের মণ্ডল কি চৌকীদার হন কিম্বা যে গ্রামে তাঁহার জমী থাকে কিম্বা যে গ্রামের জমী অধিকার করেন কি বিষয়বিশেষে যে গ্রামে খাজানা কি রাজস্ব আদায় করেন সেই গ্রামে চোরা দ্রব্য গ্রাহক কি বিক্রয়কারি বলিয়া কোন ব্যক্তি থাকিলে তাহার বাসস্থান জানাইবেন।

(খ) যে ব্যক্তি কি ব্যক্তির ঠগ কি দস্যু বলিয়া জানা আছে, কিম্বা যুক্তিমতে যাহার প্রতি ঠগ কি দস্যু হওয়ার সন্দেহ থাকে, এমত কোন ব্যক্তি ঐ গ্রামের সীমার মধ্য কোন স্থানে যাতায়াত করিলে সেই স্থান জানাইবেন।

(গ) সেই গ্রামে কিম্বা তাহার নিকটে সহমরণ, কিম্বা অন্য যে অপরাধের নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে না পারে এমত কোন অপরাধ করা গেলে কি করিবার কল্পনা থাকিলে, সেই কথা জানাইবেন।

(ঘ) কোন ব্যক্তির হঠাৎ কি অপঘাত মৃত্যু হইলে তাহার কথা জানাইবেন।

৫। এই আপনপত্রের তফসীলে যেং অপরাধ লেখা আছে উক্ত ৪ ধারার নির্দ্দিষ্ট ব্যক্তিদের যেমন সেইং অপরাধের সন্ধান জানান কর্ত্তব্য তেমনি আর যেং অপরাধ হইলে হাজির জামিন লওয়া যাইতে না পারে তাহার মধ্যে নিম্নলিখিত অপরাধের বিষয়েও সন্ধান পাইলেই তাহারদের জানাইতে হইবে।

দণ্ডবিধির আইনের ধারা

১৯৪ ও ১৯৫ ধারা।—যে অপরাধের নিমিত্ত প্রাণদণ্ড কিম্বা সাত বৎসরের অধিককাল দ্বীপান্তর প্রেরণ কি কারাদণ্ড হইতে পারে, কোন ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হয় এই নিমিত্ত মিথ্যা প্রমাণ দেওন কি প্রস্তুত করণ অপরাধ।

২২৬ ধারা।—দ্বীপান্তর প্রেরণ হইলে পর বেআইনীমতে ফিরিয়া আইসন অপরাধ।

২৩১ অবধি ২৫৪ পর্য্যন্ত ধারা।—কৃত্রিম মুদ্রা সম্পর্কীয় সকল অপরাধ।

৩০৭ ধারা।—বধ করিতে উদ্যোগ করণ অপরাধ।

৩১৩ অবধি ৩১৬ পর্য্যন্ত ধারা।—স্ত্রীর অনুমতি বিনা গর্ভপাত কি জীবসঞ্চারিত গর্ভ নষ্ট করণ কিম্বা তাহাতে স্ত্রীর মৃত্যু হইলে সেই অপরাধ।

৩২৬ অবধি ৩২৯ পর্য্যন্ত ধারা।—দ্রব্যহরণ করিবার জন্যে শঙ্কটজনক অস্ত্র দ্বারা কি অন্য উপায়ে গুরুতর পীড়া জন্মাওন ও পীড়া জন্মাইবার নিমিত্ত নেশাজনক দ্রব্য সেবন করাওন অপরাধ।

৩৩১ অবধি ৩৩৩ পর্য্যন্ত ধারা।—অপরাধ স্বীকার করাইবার জন্যে কিম্বা রাজকীয় কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন এই নিমিত্ত গুরুতর পীড়া জন্মাওন অপরাধ।

৩৬৩ অবধি ৩৬৯ পর্য্যন্ত ও ৩৭১ অবধি ৩৭৩ পর্য্যন্ত ধারা।—মনুষ্য চুরি ও দাস লইয়া ব্যবসায় করা ও ব্যভিচারাদি কার্য্যের জন্যে বালক বালিকা ক্রয় বিক্রয় করণ অপরাধ।

৩৭৬ ও ৩৭৭ ধারা।—বলাৎকার করণ ও অস্বাভাবিক অভিগমন অপরাধ।

৩৭৯ অবধি ৩৮২ পর্য্যন্ত ধারা।—চৌর্য্য অপরাধ।

৩৮৬ অবধি ৩৮৯ পর্য্যন্ত ধারা।—মৃত্যুর কি গুরুতর পীড়ার আশঙ্কা জন্মাইয়া কিম্বা গুরুতর অপরাধের অভিযোগ করিবার ভয় দেখাইয়া দ্রব্য হরণ অপরাধ।

৪০০ ও ৪০১ ধারা।—নিয়ত ডাকাইতী কি চুরী করিবার জন্যে দলবদ্ধ হওন অপরাধ।

৪১১ অবধি ৪১৪ পর্য্যন্ত ধারা।—চোরা দ্রব্য গ্রহণ কি তাহা লইয়া ব্যবসায় করণ কি লুকাইয়া রাখণ অপরাধ।

৪৬৬ অবধি ৪৬৮ পর্য্যন্ত ধারা। } কাগজপত্র ও উইলপ্রভৃতি কি গবর্ণমেণ্টের নোট কৃত্রিম করণ ও
৪৭১ ,, ৪৭৭ ,, ধারা। } মোহর কি পট্ট কি ছাপ দিবার অন্য যন্ত্র কৃত্রিম করণ অপরাধ।

৫০৫ ধারা। রাজবিদ্রোহ কি শান্তিভঙ্গ করাইবার অভিপ্রায়ে মিথ্যা জনরব রাষ্ট্র করণ অপরাধ।

বিশেষং আইনমত অপরাধ।

মন্তব্য।—বিশেষং আইনমত যেং অপরাধের নিমিত্ত তিন বৎসর কি তাহার অধিক কারাদণ্ড হইতে পারে, সেইং অপরাধ করা গেলে হাজির জামিন লওয়া যাইতে পারে না। অতএব এইং অপরাধেরও সন্ধান জানাইতে হইবে।

১৮৬০ সালের ৩১ আইনের ২, ১৮, ২৩ ধারা।—বিনা অনুমতিতে কামান গড়ান ও অস্ত্র শস্ত্র কি যুদ্ধ সরঞ্জাম বিনাঅনুমতিতে আমদানীকরণ কিম্বা কোন স্থানে চালান করিয়া দেওন অপরাধ।

১৮৬৬ সালের ১৪ আইনের ৪৮ ধারা।—ডাকযোগে কোন দ্রব্য পাঠান গেলে ডাকঘরের কোন কর্ম্মকারকের তাহা চুরি কি নষ্টকরণ কি গোপন রাখণ কিম্বা তদ্রূপ অপরাধের সহায়তা করণ অপরাধ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

Act XVIII of 1854, Section 25.—Any wilful act or omission endangering the safety of railway passengers.

6. Neglect of the duties imposed by the above quoted sections (86, 90, and 91 of the Criminal Procedure Code), *i.e.*, intentionally omitting to give the information or assistance prescribed, is punishable under several sections of the Indian Penal Code by sentences varying in severity with the precise nature of the neglect involved: but the punishment may in certain cases amount to six months' rigorous imprisonment or fine unlimited, or both. (Sections 176, 187, 202 of the Penal Code.) The punishment for giving false information is still more severe.

7. Owners or occupiers of, and persons interested in land, are liable to special penalties for failing to give information of an impending riot or for failing to do all they can to prevent it. The following sections of the Penal Code bear upon this point:—

Offences against the Public Tranquillity.

(154.) Whenever any unlawful assembly or riot takes place, the owner or occupier of the land upon which such unlawful assembly is held, or such riot is committed, and any person having or claiming an interest in such land, shall be punishable with fine not exceeding one thousand rupees, if he or his agent or manager, knowing that such offence is being or has been committed. or having reason to believe it is likely to be committed, do not give the earliest notice thereof in his or their power to the principal officer at the nearest police station, and do not, in the case of his or their having reason to believe that it was about to be committed, use all lawful means in his or their power to prevent it, and in the event of its taking place, do not use all lawful means in his or their power to disperse or suppress the riot or unlawful assembly.

Owner or occupier of land on which an unlawful assembly is held

(155.) Whenever a riot is committed for the benefit or on behalf of any person who is the owner or occupier of any land respecting which such riot takes place, or who claims any interest in such land, or in the subject of any dispute which gave rise to the riot, or who has accepted or derived any benefit therefrom, such person shall be punishable with fine, if he or his agent or manager, having reason to believe that such riot was likely to be committed, or that the unlawful assembly by which such riot was committed was likely to be held, shall not respectively use all lawful means in his or their power to prevent such assembly or riot from taking place, and for suppressing and dispersing the same.

Liability of person for whose benefit a riot is committed

(156) Whenever a riot is committed for the benefit or on behalf of any person who is the owner or occupier of any land respecting which such riot takes place, or who claims any interest in such land or in the subject of any dispute which gave rise to the riot, or who has accepted or derived any benefit therefrom, the agent or manager of such person shall be punishable with fine, if such agent or manager, having reason to believe that such riot was likely to be committed, or that the unlawful assembly by which such riot was committed was likely to be held, shall not use all lawful means in his power to prevent such riot or assembly from taking place and for suppressing and dispersing the same.

Liability of agent of owner or occupier for whose benefit a riot is committed

8 Landholders, farmers, and managers of land should also be aware that under section 162 of the Criminal Procedure Code, the Magistrate of the district may direct a warrant to any of them for the arrest of any escaped convict, proclaimed offender, or person who has been accused of a non-bailable offence, and who has eluded pursuit. The landholder or other person to whom the warrant is directed is bound to acknowledge its receipt, and to execute it, should the person for whose arrest it is issued enter on or be in his estate, farm, or land under his charge, and must then hand over the prisoner with the warrant to the nearest police officer.

[*Government Gazette, 23rd September* 1873]

১৮৫৫ সালের ১৮ আক্টের ২৫ ধারা। যাহারা যেল পাস্তাতে চড়িয়া যান ইচ্ছা করিয়া তাহারদের নিরাপদে থাকনের বিঘ্নজনক কোন ক্রিয়া করণ কি ক্রিয়ার ত্রুটি করণ অপরাধ।

৬। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের উক্ত ৮৯ ও ৯০ ও ৯১ ধারামতে যেং কর্ত্তব্য কর্ম্ম নির্দ্ধারিত হইল, সেইং কর্ম্ম করিতে অবহেলা হইলে, অর্থাৎ জানিয়াশুনিয়া নির্দ্দিষ্ট সম্বাদ জানাইতে কি পূর্ব্বোক্তমতে সাহায্য করিতে ত্রুটি হইলে, ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নানা ধারামতে, সেই ত্রুটির বিশেষ ভাবানুসারে কম বেশ কঠিন দণ্ডের আজ্ঞা হইতে পারে। কোনং স্থলে কঠিন পরিশ্রম সহিত ছয় মাস কারাদণ্ড, কিম্বা অনির্দ্দিষ্ট সীমার অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড পর্য্যন্ত হইতে পারে (দণ্ডবিধির আইনের ১৭৬, ১৮৭, ২০২ ধারা।) মিথ্যা সম্বাদ জ্ঞাত হওয়ার দণ্ড আরো কঠিন।

৭। ভূমির অধিকারিরা কি দখিলকারেরা যে ভূমিতে যাহারদের সম্পর্ক থাকে তাঁহারা দাঙ্গা হওয়ার উপক্রম জানিতে পাইয়া তাহার সম্বাদ না জানাইলে কিম্বা সাধ্যমতে তাহা নিবারণ করিতে চেষ্টা না করিলে তাহারদের বিশেষ দণ্ড হইতে পারিবে। দণ্ডবিধির আইনের নিম্নলিখিত ধারায় তদ্বিষয়ের বিধি হইয়াছে।

সাধারণের শান্তিবিরুদ্ধ অপরাধ।

যে ভূমিতে বেআইনী মতের জনতা হয় সেই ভূমির স্বামীর কি দখিলকারের কথা।

১৫৪ ধারা। যখন বেআইনীমতের কোন জনতা কি হাঙ্গামা উপস্থিত হয় তখন যে ভূমিতে ঐ বেআইনীমতের জনতা কি ঐ হাঙ্গামা হয় তাহার স্বামী কি দখিলকার ও সেই ভূমিতে যে কোন ব্যক্তির কোন সম্পর্ক কি সম্পর্কের কোন দাওয়া থাকে সেই ব্যক্তি কি তাহার গোমাশতা কি সরবরাহকার যদি সেই অপরাধ হইতেছে কি হইয়াছে জানিয়াও, কিম্বা হইবেক এমত বিশ্বাস করিবার হেতু পাইয়াও, সেই কথার সংবাদ আপনার কি আপনাদের সাধ্যমতে ত্বরা করিয়া পোলীসের অতি নিকট থানার প্রধান কর্ম্মকারককে না দেয়, ও সেই অপরাধ হইবে তাহার কি তাহারদের এমত বিশ্বাস করিবার হেতু থাকিলে যদি তাহা নিবারণ করিবার জন্যে আপনার কি আপনাদের সাধ্যপর্য্যন্ত আইনমতের সকল উপায় মতে কার্য্য না করে, ও সেই অপরাধ হইয়া থাকিলে যদি আপনার কি আপনাদের সাধ্যমতে ঐ হাঙ্গামা নিবারণ করিতে কি বেআইনীমতের জনতার লোকদিগকে জনতা ভঙ্গ পূর্ব্বক পৃথক করিতে আইনমতের সকল উপায়মতে কার্য্য না করে, তবে সেই ভূস্বামির কি দখিলকারের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

যাহার উপকারার্থে হাঙ্গামা হয় তাহার দায়ের কথা।

১৫৫ ধারা। যদি কোন হাঙ্গামা কোন ভূস্বামির অথবা দখিলকারের পক্ষে কিম্বা উপকারার্থে হয়, কিম্বা সেই ভূমিতে যাহার কোন সম্পর্কের দাওয়া থাকে কি বিবাদের যে বিষয় লইয়া হাঙ্গামা হয় তাহাতে যে লোকের কোন সম্পর্কের দাওয়া থাকে কিম্বা হাঙ্গামা হইতে যে কেহ কিছু উপকার গ্রহণ করিয়াছে কি পাইয়াছে এমত কোন ব্যক্তির উপকারের জন্যে কি তাহার পক্ষে যদি সেই রূপ হাঙ্গামা হয়, তবে ঐ হাঙ্গামা হইতে পারিবে কিম্বা বেআইনীমতের যে জনতা দ্বারা হাঙ্গামা হয় সেই জনতা হইতে পারিবে ইহা বিশ্বাস করিবার হেতু জানিয়া, যদি সেই ব্যক্তি কি তাহার গোমাশতা কি সরবরাহকার সেই বেআইনীমতের জনতা কি হাঙ্গামা না হইবার ও সেই হাঙ্গামা নিবারণ করিবার ও জনতা ভঙ্গ পূর্ব্বক লোকদিগকে পৃথক করিতে আপনার কি আপনাদের সাধ্যের মধ্যে আইনসিদ্ধ সকল উপায়মত কার্য্য না করে তবে সেই ভূস্বামী প্রভৃতির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

যে স্বামীর কি দখিলকারের উপকারার্থে হাঙ্গামা হয় তাহার গোমাশতার দায়ের কথা।

১৫৬ ধারা। যদি কোন হাঙ্গামা কোন ভূস্বামির অথবা দখিলকারের পক্ষে কিম্বা উপকারার্থে কিম্বা সেই ভূমিতে অথবা বিবাদের যে বিষয় লইয়া হাঙ্গামা হয় তাহাতে যে ব্যক্তি কোন সম্পর্কের দাওয়া রাখে তাহার, কিম্বা সেই হাঙ্গামা হইতে যে কোন ব্যক্তি কোন উপকার গ্রহণ করিয়াছে কি পাইয়াছে সেই ব্যক্তির উপকারের জন্যে কি তাহার পক্ষে যদি ঐ হাঙ্গামা হয়, তবে ঐ লোকের গোমাশতা কি সরবরাহকার, ঐ হাঙ্গামা হইতে পারিবে কিম্বা যে জনতা দ্বারা সেই হাঙ্গামা হয় বেআইনীমতের সেই জনতা হইতে পারিবে ইহা বিশ্বাস করিবার হেতু জানিয়া, যদি সেই হাঙ্গামা কি জনতা না হইবার ও তাহা নিবারণ করিবার ও লোকদিগকে জনতাভঙ্গ পূর্ব্বক পৃথক করিবার আইন সকল উপায়মতে আপনার সাধ্য পর্য্যন্ত কার্য্য না করে, তবে ঐ গোমাশতার কি সরবরাহকারের অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

৮। ভূম্যধিকারী ও ইজারদার ও গোমাশতাদের এই কথাও জানা উচিত। কোন কয়েদী পলাতক হইলে তাহাকে, কিম্বা যে অপরাধির বিষয়ে ঘোষণা হইয়াছে তাহাকে, কিম্বা যে অপরাধ করা গেলে ব্যক্তির জামিন লওয়া যাইতে না পারে এমত অপরাধের অপরাধিকে ধরিবার চেষ্টা হইলেও ধরা যাইতে না পারিলে, তাহারদের ধরিবার জন্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৮২ ধারামতে জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ ভূম্যধিকারি প্রভৃতির নামে পরওয়ানা দিতে পারিবেন। যে ভূম্যধিকারির কি অন্য যে ব্যক্তির নামে ঐ পরওয়ানা দেওয়া যায় পরওয়ানা পহুছিয়াছে বলিয়া তাঁহারদের ঐ পরওয়ানার রসিদ দিতেই হইবে। ও যাহাকে ধরিবার নিমিত্ত পরওয়ানা দেওয়া যায় সেই ব্যক্তি তাঁহার মহালে কি ইজারায় কিম্বা তাঁহার সরবরাহ করা জমীতে গেলে কি থাকিলে তাঁহার তাহাকে ধরিয়া পরওয়ানা সহিত নিকটবর্ত্তি পোলীস কর্ম্মকারকের হাতে সমর্পণ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

9 Under sections 22 and 23 of Act XIII of 1857, all landholders, farmers, gomashtahs, and managers of land, and all village police, are bound under penalty to give information of any illegal cultivation of poppy within the estates or farms held or managed by them.

SCHEDULE

OF

Offences under the Penal Code of which every person must give information.

Section 121.—Waging or attempting to wage war or abetting the waging of war against the Queen.

Section 121A.—Conspiring to commit the above offence, or to deprive the Queen of her sovereignty in India, or to overawe by criminal force, or the show of criminal force, the Government of India or local Government.

Section 122.—Collecting men, arms, or ammunition, &c., with intention of waging war against the Queen.

Section 123.—Concealing a design to wage war against the Queen with intent to facilitate such design.

Section 124.—Assaulting or attempting to overawe or restrain the Governor-General of India, Governor of Presidency, Lieutenant-Governor, or Member of Council, with intent to compel or restrain the exercise of any lawful power.

Section 124A.—Attempting in any way to cause feelings of disaffection to the Government.

Section 125.—The waging war, or attempting or abetting the waging of war, against Asiatic powers, allies of the Queen or at peace with the Queen.

Section 126.—Committing depredation on the territories of any power in alliance or at peace with the Queen

Section 130.—Aiding the escape of or rescuing any State prisoner, or harbouring such prisoner.

Section 302.—Murder.

Section 303.—Murder by a life convict.

Section 304.—Culpable homicide not amounting to murder.

Section 382.—Theft after preparation for causing death or hurt in order to the theft.

Section 392.—Robbery.

Section 393.—Attempt to commit robbery.

Section 394.—Causing hurt in attempt to commit robbery.

Section 395.—Dacoity

Section 396.—Dacoity with murder.

Section 397.—Robbery or dacoity with attempt to cause death or grievous hurt.

Section 398.—Attempt to commit robbery or dacoity when armed with a deadly weapon.

Section 399.—Preparation to commit dacoity.

Section 402.—Assembling for the purpose of committing dacoity.

Section 435.—Mischief by fire or explosive substances with intent to cause damage to property of the value of Rs. 100 or upwards.

Section 436.—Mischief by fire or explosive substances with intent to destroy a place of worship, dwelling-house, store-house, &c.

Sections 449 and 450.—House-trespass in order to the commission of an offence punishable by death or transportation for life.

Sections 456 to 460.—Lurking, house-trespass, or house-breaking by night, whether simple, or in order to the commission of an offence, or accompanied by preparations for causing hurt or fear of hurt, or by grievous hurt, or attempts to cause death or grievous hurt.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal

[*Government Gazette*, 23rd *September* 1873.]

৯। ১৮৫৭ সালের ১৩ আইনের ২২ ও ২৩ ধারামতে কোন ভূম্যধিকারী কি ইজারদার কি গোমা-শতা কি সরবরাহকার যে যে মহাল কি ইজারা ভোগ করেন কি যাহার সরবরাহ করেন তাহার মধ্যে বেআইনীমতে পোস্তের চাষ হইলে তাহারদের ও গ্রামীয় পোলীসের সকল লোকের ঐ কথার সন্ধান জানাইতেই হইবে, না জানাইলে তাহারদের দণ্ড হইবে।

যেং অপরাধের সন্ধান প্রত্যেক ব্যক্তিরই দিতে হইবে দণ্ড বিধির আইনমত
সেইং অপরাধের তফসীল।

১২১ ধারা —মহারাণীর বিরুদ্ধে যুদ্ধ করণ কি যুদ্ধ করিবার উদ্যোগ করণ কি যুদ্ধের সহায়তা করণ।

১২১ ক ধারা।—উপরোক্ত অপরাধ করণের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ব্রিটনীয় ভারতবর্ষের আধিপত্যহরণ করণের ষড়যন্ত্র অথবা অপরাধঘটিত বলদ্বারা কিম্বা অপরাধঘটিত বলপ্রদর্শনদ্বারা ভারতবর্ষের গবর্ণমেণ্টকে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টকে শঙ্কাকুল করিবার ষড়যন্ত্র করণ অপরাধ।

১২২ ধারা।—শ্রীশ্রীমতী মহারাণীর বিরুদ্ধে যুদ্ধ করিবার অভিপ্রায়ে অস্ত্রশস্ত্র, বারুদাদি সংগ্রহ করণ অপরাধ।

১২৩ ধারা।—শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে যুদ্ধ করিবার কল্পনা সুগম করিবার মানসে ঐ কল্পনা গুপ্ত রাখণ অপরাধ।

১২৪ ধারা।—আইনমত ক্ষমতাক্রমে বলপূর্ব্বক কার্য্য করাইবার কি নিবারণ করিবার অভিপ্রায়ে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা কোন প্রেসীডেন্সীর গবরনর সাহেবের কি লেপ্টে-নেণ্ট গবরনর সাহেবের কি কৌন্সেলের মেম্বর সাহেবের প্রতি আক্রমণ করণ কিম্বা তাঁহাকে শঙ্কাকুল কি অবরোধ করিতে উদ্যোগ করণ অপরাধ।

১২৪ ক ধারা।—কোন প্রকারে গবর্ণমেণ্টের প্রতি অভক্তি জন্মাইবার উদ্যোগ করণ অপরাধ।

১২৫ ধারা।—মহারাণীর সহিত আশীয়া দেশীয় যে রাজার সন্ধি কি শান্তি ভাব থাকে সেই রাজার সঙ্গে যুদ্ধ করণ কিম্বা যুদ্ধ করিবার উদ্যোগ কি সহায়তা করণ অপরাধ।

১২৬ ধারা।—মহারাণীর সহিত সন্ধিবদ্ধ কি শান্তিভাবাপন্ন কোন রাজার দেশে উপদ্রব করণ অপরাধ।

১৩০ ধারা।—রাজনীতি পক্ষ বন্দির পলায়ন করিবার সাহায্য করণ কি তাহাকে ছাড়াইয়া লওন কি তাহাকে আশ্রয় দেওন অপরাধ।

৩০২ ধারা।—জ্ঞানকৃত বধ অপরাধ।

৩০৩ ধারা।—যাবজ্জীবন কয়েদীকর্ত্তৃক জ্ঞানকৃত বধ অপরাধ।

৩০৪ ধারা।—অপরাধযুক্ত যে নরহত্যা জ্ঞানকৃত বধের তুল্য নহে সেই অপরাধ।

৩৮২ ধারা।—চুরীকরিবার জন্যে হত্যা করিবার কি পীড়া জন্মাইবার উদ্যোগ প্রথমে করিয়া চুরী করণ অপরাধ।—

৩৯২ ধারা।—দস্যুতাকরণ অপরাধ।

৩৯৩ ধারা।—দস্যুতা করিবার উদ্যোগ করণ অপরাধ।

৩৯৪ ধারা।—দস্যুতা করিবার উদ্যোগ করণ সময়ে ইচ্ছাপূর্ব্বক পীড়া দেওন অপরাধ।

৩৯৫ ধারা।—ডাকাইতী করণ অপরাধ।

৩৯৬ ধারা।—ডাকাইতী করণ সময়ে হত্যাকরণ অপরাধ।

৩৯৭ ধারা।—হত্যা করিবার কি গুরুতর পীড়া জন্মাইবার উদ্যোগ করণ সহিত দস্যুতা কি ডাকাইতী করণ অপরাধ।

৩৯৮ ধারা।—প্রাণনাশক অস্ত্র লইয়া দস্যুতা কি ডাকাইতী করিবার উপক্রম করণ অপরাধ।

৩৯৯ ধারা।—ডাকাইতী করিবার উদ্যোগ করণঅপরাধ।

৪০২ ধারা।—ডাকাইতী করিবার জন্যে একত্র হওন অপরাধ।

৪৩৫ ধারা।—অগ্নির দ্বারা কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্যের দ্বারা এক শ টাকার কি তাহার অধিক মূল্যের সম্পত্তির ক্ষতি করিবার অভিপ্রায়ে অপকার করণ অপরাধ।

৪৩৬ ধারা।—ভজনালয় বা বসতবাটী বা গোলাঘরপ্রভৃতি নষ্ট করিবার অভিপ্রায়ে অগ্নির দ্বারা কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্যের দ্বারা অপকার করণ অপরাধ।

৪৪৯ ও ৪৫০ ধারা।—প্রাণদণ্ডের কিম্বা যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের যোগ্য কোন অপরাধ করিবার জন্যে পরগৃহে অনধিকার প্রবেশ করণ অপরাধ।

৪৫৬ অবধি ৪৬০ পর্য্যন্ত ধারা।—রাত্রিযোগে লুক্কায়িতরূপে পরগৃহে অনধিকার প্রবেশ কি দোষ-ভাবে পরগৃহে প্রবেশ করণমাত্র কিম্বা অপরাধ করিবার অভিপ্রায়ে কিম্বা পীড়া কি পীড়ার ভয় জন্মাইবার উদ্যোগ সহিত কিম্বা গুরুতর পীড়া জন্মাওন সহিত কিম্বা মৃত্যু কি গুরুতর পীড়া জন্মাইবার উদ্যোগ সহিত লুকিয়া ঘরে প্রবেশ করণ অপরাধ।

এ, মাকেঁঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 12th September 1873.

No. 330.—*Notification.*—Mr. W. B. Christie, Assistant Engineer, Second Grade, joined the First Calcutta Division on the 23rd August 1873, before noon, on return from special leave granted* to him.

* Bengal Government, Public Works Department Notification No. 299, dated 21st June 1873

No. 331.—*Transfer*—Baboo Bany Madhub Mozumdar, Overseer, First Grade, from the Jessore to the 24-Pergunnahs District.

The 15th September 1873.

No. 333.—*Promotions.*—The Lieutenant-Governor is pleased to make the following promotions in the Engineer, Upper and Lower Subordinate, and Accounts Establishments in Bengal, with effect from the 1st September 1873 —

PROVINCIAL.

ENGINEER ESTABLISHMENT.

To be Executive Engineer, Second Grade.

Wicks, Mr. T. H., Executive Engineer, Third Grade, Moorshedabad District.
Parkinson, Mr. T. F., Executive Engineer, Third Grade, Hazareebaugh District.

To be Executive Engineer, Third Grade.

Tyndall, Mr. A. H., Executive Engineer, Fourth Grade, Darjeeling District.

UPPER SUBORDINATE ESTABLISHMENT.

To be Overseer, First Grade.

Ghose, Baboo Womakant, Overseer, Second Grade, Sylhet and Cachar Districts.

To be Overseer, Second Grade

Banerjee, Baboo Beharry Lall, Overseer, Third Grade, Bhaugulpore District.
Ghosal, Baboo Ramessur, Overseer, Third Grade, Furreedpore and Backergunge Districts.
Banerjee, Baboo Poorno Chunder, Overseer, Third Grade, Sarun and Chumparun Districts.
Mitter, Baboo Aushutosh, Overseer, Third Grade, 24-Pergunnahs District.

LOWER SUBORDINATE ESTABLISHMENT.

To be Sub-Overseer, First Grade.

Chatterjee, Baboo Jodoonath, Sub-Overseer, Second Grade, First Calcutta Division
Chand, Baboo Kally Kant, Sub-Overseer, Second Grade, Sylhet and Cachar Districts.

To be Accountant, First Grade.

George, Mr S., Accountant, Second Grade, Central Office of Accounts, Bengal.

CIVIL BUILDINGS.

The 15th September 1873.

No 334.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose viz., for the construction of a Lunatic Asylum in Mouzah Jobra in the town of Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring 18 acres, more or less, bounded on the south-west by boundary of land taken up for General Hospital, on the north-west by the new road leading from Munglabag to Jobra, on the north-east by boundary of land taken up for Jobra workshop and crossing the road last mentioned, and on the south-east by the old road leading from Munglabag to Jobra cut through by the canal, is required within the aforesaid Mouzah of Jobra.

2 This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

J. E. T. NICOLLS, *Col.*, R.E,
Secy. to the Govt. of Bengal, P. W. D.

[*Government Gazette*, 23rd *September* 1873.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিবিলশন্তাবিষয়ক।

১৮৭৩ সাল ১২ সেপ্টেম্বর।

৩৩০ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ডবলিউ, বি, ক্রিপ্টী সাহেব বিশেষ যে ছুটী পান * তাহাহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের আগষ্ট মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে কলিকাতার প্রথম খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৩১ নম্বর।—স্থানান্তরে নিয়োগের কথা।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু বেণীমাধব মজুমদার যশোহরহইতে ২৪ পরগনা জিলায় প্রেরিত হইয়াছেন।

১৮৭৩ সাল ১৫ সেপ্টেম্বর।

৩৩৩ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি বঙ্গদেশের অন্তর্গত অপর ও লোয়র সবরডিনেট ইঞ্জিনিয়রের ও আকৌণ্ট সিবিলশন্তার কর্ম্মচারিদের নিম্নলিখিত পদবৃদ্ধি করিয়াছেন।

প্রবিন্‌শ্যাল।

ইঞ্জিনিয়র সিবিলশন্তা।

মুরশিদাবাদ জিলার তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত টি এচ উইল্ক সাহেব, ও
হাজারীবাগ জিলার তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত টি এফ পার্কিন্সন সাহেব,
দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

দার্জ্জিলিঙ্গ জিলার চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এ এচ টুওল সাহেব
তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

অপর সবর্ডিনেট, সিবিলশন্তা।

শ্রীহট্ট ও কাছাড় জিলার দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু উমাকান্ত ঘোষ
প্রথম শ্রেণীর ওবরসিয়র হইবেন।

ভাগলপুর জিলার তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু বিহারীলাল বন্দ্যোপাধ্যায়,
ফরীদপুর ও বাকরগঞ্জ জিলার তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু রামেশ্বর ঘোষাল,
সারণ ও চাম্পারণ জিলার তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ও
২৪ পরগনা জিলার তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু আশুতোষ মিত্র,
দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র হইবেন।

লোয়ার সবরডিনেট সিবিলশন্তা।

কলিকতার প্রথম খণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুক্ত বাবু যদুনাথ চট্টোপাধ্যায়, ও
শ্রীহট্ট ও কাছাড় জিলার দ্বিতীয় শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুক্ত বাবু কালীকান্ত চাঁদ
প্রথম শ্রেণীর সব-ওবরসিয় হইবেন।

বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসের দ্বিতীয় শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুক্ত এস জর্জ্জ সাহেব,
প্রথম শ্রেণীর আকৌণ্টাণ্ট হইবেন।

অট্টালিকা বিষয়ক।

৮ ধারা। ঐ দরখাস্ত সচরাচর উক্ত ডিক্রীর তারিখ অবধি ছয় মাসের মধ্যে দিতে হইবে।

যে সময়ের মধ্যে দরখাস্ত দিতে হইবে তাহার কথা।

কিন্তু আদালত বন্দ থাকন সময়ে সেই মিয়াদ ফুরাইলে, যে দিনে আদালত পুনশ্চ খোলা যায় সেই দিনে ঐ দরখাস্ত দেওয়া যাইতে পারিবে ইতি।

৯ ধারা। ৭ ধারামতে যে দরখাস্ত দেওয়া যায় তন্মধ্যে আপীলের সকল হেতু লেখা থাকিবে, এবং ৫ ধারামতে যত টাকার কি যত মূল্যের সম্পত্তির কি যে ভাবের বিবাদ হইলে আপীল হইতে পারে, এই মোকদ্দমায় তত টাকার কি তত মূল্যের কি সেই ভাবের বিবাদ আছে এইকথার সর্টিফিকট, কিম্বা অন্য কারণে মোকদ্দমা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার উপযুক্ত এই মর্ম্মের সর্টিফিকট পাইবার প্রার্থনা করিতে হইবে।

মূল্যের কি উপযুক্ততার সর্টিফিকটের কথা।

আদালত তদ্রূপ দরখাস্ত পাইলে উক্ত সর্টিফিকট না দিবার কারণ দেখাইবার জন্যে বিপক্ষ পক্ষের নামে নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

১০ ধারা। তদ্রূপ সর্টিফিকট দিতে অস্বীকার হইলে দরখাস্ত ডিসমিস হইবে।

সর্টিফিকট দিতে অস্বীকার হইলে তদ্বিষয়ের কথা।

পরন্তু যে ডিক্রীর বিষয়ে আপত্তি হয় তাহা হাই কোর্ট ভিন্ন কোন আদালতের ডিক্রী হইলে, ঐ আদালত যে হাই কোর্টের অধীন থাকে, সর্টিফিকট না দিবার আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে সেই হাই কোর্টে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ইতি।

১১ ধারা। সর্টিফিকট দেওয়া গেলে পর, যে ডিক্রীর উপর আপত্তি হয় দরখাস্তকারী তাহার তারিখ, কিম্বা সর্টিফিকটের তারিখ, ইহার মধ্যে যে তারিখ শেষ হয় সেই তারিখঅবধি, ছয় মাসের মধ্যে

সর্টিফিকট দেওয়া গেলে জামিন দিবার ও টাকা আমানৎ করিবার কথা।

(ক) রিস্পাণ্ডেন্টের খরচের জামিন দিবেন এবং

(খ) নিম্নলিখিত পত্রাদিভিন্ন মোকদ্দমার সমস্ত কাগজপত্র শুদ্ধরূপে তর্জমা ও নকল করিবার ও ছাপাইবার ও ইণ্ডেকস করিবার ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট এক কেতা পাঠাইবার খরচের উপযুক্ত টাকা আমানৎ করিবেন। বর্জ্জিতপত্র এই২।

(1) formal documents directed to be excluded by any order of Her Majesty in Council in force for the time being;

(2) papers which the parties agree to exclude; and

(3) accounts, or portions of accounts, which the officer empowered by the Court for that purpose considers unnecessary, and which the parties have not specifically asked to be included.

Admission of appeal and procedure thereon.

12. When such security has been given and deposit made to the satisfaction of the Court, the Court shall

(*a*) declare the appeal admitted,

(*b*) give notice thereof to the appellant and respondent, respectively,

(*c*) transmit to Her Majesty in Council, under the seal of the Court, a correct copy of the said record, except as aforesaid,

(*d*) give to either party one or more authenticated copies of any of the papers in the suit on his applying therefor, and paying the reasonable expenses incurred in preparing them, and

(*e*) give to either party an authenticated copy of any local Regulation, Act or Ordinance which he may require in the appeal.

Revocation of acceptance of security

13. At any time before the admission of the appeal, the Court may, upon cause shown, revoke the acceptance of any such security, and make further directions thereon

Power to order further security or payment

14. If at any time after the admission of the appeal, but before the transmission of the record, except as aforesaid, to Her Majesty in Council, such security appears inadequate,

or further payment is required for the purpose of translating, transcribing, printing, indexing, or transmitting the record, except as aforesaid,

the Court may order the appellant to furnish, within a time to be fixed by the Court, other and sufficient security, or to make, within like time, the required payment.

Failure to comply with order

15 If the appellant fail to comply with such order, the proceedings shall be stayed,

and the appeal shall not proceed without an order in this behalf of Her Majesty in Council,

[*Government Gazette, 23rd September* 1873.]

(১) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর বৎকালে যে আজ্ঞা প্রবল থাকে তদনুসারে কেবল দাঁড়ামতে লিখিত যে দলীল ত্যাগ করা যাইবে সেই দলীল।

(২) উভয় পক্ষ একবাক্য হইয়া যে কাগজপত্র ত্যাগ করেন তাহা।

(৩) এই কার্য্যপক্ষে আদালতের যে কর্ম্মকারকের ক্ষমতা থাকে তিনি যে২ হিসাব কি হিসাবের যে অংশ অনাবশ্যক জ্ঞান করেন, উভয় পক্ষের সেই২ হিসাব ধরিবার বিশেষ প্রার্থনা না থাকিলে তাহা ইতি।

আপীল গ্রাহ্য হওয়ের ও তৎসম্পর্কীয় কার্য্যপ্রণালীর কথা।

১২ ধারা। আদালতের সন্তোষমতে জামিন দেওয়া গেলে ও টাকা আমানৎ করা গেলে আদালত

(ক) আপীল গ্রাহ্য হইল বলিয়া প্রকাশ করিবেন,

(খ) আপেলাণ্টকে ও রেস্পাণ্ডেণ্টকে তদ্বিষয়ের নোটিস দিবেন,

(গ) পূর্ব্বোক্ত বর্জ্জিতপত্রভিন্ন উক্ত কাগজপত্রের পরিশুদ্ধ এক কেতায় আদালতের মোহর ছাপিয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠাইবেন।

(ঘ) কোন পক্ষ মোকদ্দমার কাগজপত্রের মধ্যে কোন কাগজপত্রের নকল প্রার্থনা করিলে ও তাহা প্রস্তুত করিবার যুক্তিসিদ্ধ খরচ দিলে সেই কাগজপত্রের প্রামাণিক নকল দিবেন।

(ঙ) আপীল সম্পর্কে কোন পক্ষের স্থানীয় কোন আইনের কি আক্টের কি ব্যবস্থার প্রয়োজন থাকাতে তিনি চাহিলে তাঁহাকে প্রামাণিক নকল দিবেন ইতি।

জামিন অন্যথা করিবার কথা।

১৩ ধারা। উক্ত যে জামিন লওয়া গেল আপীল গ্রাহ্য হইবার পূর্ব্বে কোন সময়ে কারণ দেখান গেলে আদালত তাহা অন্যথা করিয়া তদ্বিষয়ের অন্য আজ্ঞা দিতে পারিবেন ইতি।

অধিক জামিন কি টাকা দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। আপীল গ্রাহ্য হইলে পর ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পূর্ব্ব বর্জ্জিত পত্রাদিভিন্ন অন্য কাগজপত্র পাঠাইবার পূর্ব্বে, সেই জামিন অকুলন জ্ঞান হইলে,

কিম্বা পূর্ব্ববর্জ্জিত কাগজপত্রভিন্ন অন্য পত্রাদি তর্জ্জমা ও নকল করিবার ও ছাপাইবার ও তাহার ইণ্ডেক্স করিবার ও তাহা পাঠাইবার জন্যে আর টাকার প্রয়োজন হইলে,

আদালত সময় নিরূপণ করিয়া আপেলাণ্টকে সেই সময়ের মধ্যে অন্য ও বিশিষ্ট জামিন দিবার কিম্বা সেই সময়ের মধ্যে ঐ আবশ্যক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাহার কথা।

১৫ ধারা। আপেলাণ্ট সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত থাকিবে।

ও তৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা না হইলে সেই আপীল মোকদ্দমা চলিবে না।

and in the meantime execution of the judgment, decree or order appealed against shall not be stayed

16. When the record, except as aforesaid, has been transmitted to Her Majesty in Council, the appellant may obtain a refund of the balance, if any, of the amount which he has deposited under section eleven.

Refund of balance of deposit

III.—Proceedings pending appeals.

17. Notwithstanding the admission of any appeal under this Act, the decree appealed against shall be unconditionally enforced unless the Court admitting the appeal otherwise directs.

Powers of Court pending appeal

But the Court may, if it think fit, on any special clause, to be shown by any party interested in the suit, or otherwise appearing to the Court—

(a) impound the property in dispute, or any part thereof, or

(b) allow the decree appealed against to be enforced, taking such security from the respondent as the Court thinks fit for the due performance of any decree which Her Majesty in Council may make on the appeal, or

(c) stay the execution of the decree appealed against, taking such security from the appellant as the Court think fit for the due performance of the decree appealed against, or of any decree which Her Majesty in Council may make on the appeal, or

(d) place any party seeking the assistance of the Court under such conditions, or give such other direction respecting the subject-matter of the appeal, as it thinks fit.

18. If at any time during the pendency of the appeal the security so furnished by either party appears inadequate, the Court may on the application of the other party, require further security.

Increase of security found inadequate

In default of such further security being furnished as required by the Court, if the original security was furnished by the appellant, the Court may, on application of the respondent, issue execution of the decree appealed against as if the appellant had furnished no such security

ও যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয় তাহার জারী করা কার্য্য ইতিমধ্যে স্থগিত থাকিবে না ইতি।

১৬ ধারা। আপেলাণ্ট ১১ ধারামতে যে টাকা আমানৎ করেন, পূর্ব্ববর্জ্জিত পত্রাদিভিন্ন উক্ত কাগজপত্র মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠান গেলে পর তাহার কিছু টাকা বাঁচিলে তিনি তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

আমানতী টাকার উদ্বর্ত্ত ফিরিয়া দিবার কথা।

৩ অধ্যায়।—আপীল উপস্থিত থাকিতেও কার্য্যপ্রণালীর কথা।

১৭ ধারা। এই আইনমতে আপীল গ্রাহ্য হইলেও, যে আদালত আপীল গ্রাহ্য করেন, সেই আদালত অন্য আজ্ঞা না করিলে, যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রী নিয়ম ব্যতিরেকে জারী করা যাইবে।

আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।

কিন্তু মোকদ্দমায় যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে তিনি কোন বিশেষ কারণ জানাইলে, কিম্বা আদালত কোন বিশেষ কারণ জানিতে পাইয়া, বিহিত বোধ করিলে,

(ক) বিবাদীয় সম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিতে পারিবেন। কিম্বা

(খ) আপীলক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী যে ডিক্রী করেন সেই ডিক্রীমতে উপযুক্তরূপে কার্য্য সাধন হইবার বিষয়ে আদালত যে জামিন লওয়া উচিত বোধ করেন রিস্পাণ্ডেণ্টের স্থানে সেই জামীন লইয়া, যে ডিক্রীর উপর আপীল হয় তাহা জারী করিবার অনুমতি দিতে পারিবেন। কিম্বা।

(গ) যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রীমতে কিম্বা আপীলক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী যে ডিক্রী করেন সেই ডিক্রীমতে উপযুক্তরূপে কার্য্য সাধন হইবার বিষয়ে আদালত যে জামিন লওয়া উচিত বোধ করেন, আপেলাণ্টের স্থানে সেই জামিন লইয়া, যে ডিক্রীর উপর আপীল হয় তাহা স্থগিত রাখিবেন। কিম্বা,

(ঘ) যে পক্ষ আদালতের সাহায্য প্রার্থনা করেন, আদালতের বিবেচনায় যে নিয়ম করা উচিত বোধ হয় তাঁহাকে সেই নিয়মের অধীন রাখিবেন কিম্বা যে বিষয় ধরিয়া আপীল হয় সেই বিষয়ের জন্য যে আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

১৮ ধারা। কোন পক্ষ উক্ত প্রকারে যে জামিন দেন আপীল উপস্থিত থাকার কোন সময়ে সেই জামিন অকুলন জ্ঞান হইলে, আদালত বিপক্ষ পক্ষের প্রার্থনামতে আর জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

জামিন অকুলন জ্ঞান হইলে তাহা বৃদ্ধি করিবার কথা।

আদালতের আজ্ঞামতে আর জামিন না দেওয়া গেলে, যদি আপেলাণ্ট প্রথম জামিন দিয়া থাকেন তবে যে ডিক্রীর উপর আপীল হয় আপেলাণ্টের জামিন না দেওয়ারই মত আদালত রিস্পাণ্ডেণ্টের প্রার্থনামতে ডিক্রী জারী হইবার আজ্ঞা দিতে পারিবেন।

And if the original security was furnished by the respondent, the Court shall, so far as may be practicable, stay all further execution of the decree, and restore the parties to the position in which they respectively were when the security which appears inadequate was furnished.

IV.—EXECUTION OF DECREES OF HER MAJESTY IN COUNCIL

Certified decrees of Queen in Council to be executed

19 The decrees of Her Majesty in Council when duly certified shall be enforced and executed, subject to the directions of the High Court or other Court as aforesaid, by the Court by which the suit was originally tried, and in the manner and according to the rules applicable to the execution of its original decrees

Amendment of Act IX of 1871, schedule II, No 169

20. To the first column of No. 169 of the second schedule annexed to the Indian Limitation Act, 1871, the following words shall be added (that is to say), "or of Her Majesty in Council."

Petition for execution.

21. Whoever desires to enforce or obtain the execution of any such decree of Her Majesty in Council, shall present an application to the Court which made the first decree appealed from, and the said application shall be accompanied by a certified copy of the decree made in appeal and sought to be enforced or executed.

Appeal against order relating to execution

22. An appeal shall lie from any decree made by such last-mentioned Court relating to the enforcement or execution of any such decree of Her Majesty in Council, in the same manner and subject to the same rules as an appeal from a decree made upon an application for the enforcement or execution of the decree first appealed from.

V.—MISCELLANEOUS.

Power to make rules

23. The High Court may, from time to time, make general rules consistent with this Act to regulate—

(*a*) the service of notices under section nine,

(*b*) the grant of refusal of certificates, under sections ten and eleven, by Courts of final appellate jurisdiction subordinate to the High Court,

যদি রিস্পাণ্ডেণ্ট প্রথম জামিন দিয়া থাকেন তবে আদালত যত দূর পারেন তত দূর ডিক্রী জারীর আরং কার্য্য স্থগিত রাখিয়া যে জামিন অকুলন বলিয়া বোধ হইল সেই জামিন দিবার সময়ে উভয় পক্ষের পরস্পর যে অবস্থা ছিল তাহারদিগের পুনরায় সেই অবস্থা করাইয়া দিবেন ইতি।

৪ অধ্যায়।—মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর ডিক্রী জারী করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর সর্টিফিকটযুক্ত ডিক্রী প্রবল করিবার কথা।

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর ডিক্রীর সহিত নিয়মিতরূপে সর্টিফিকট থাকিলে, প্রথম যে আদালতে মোকদ্দমার বিচার হয় সেই আদালত আপনার প্রথম ডিক্রী যেরূপে জারী করিয়া থাকেন ও সেই ডিক্রী জারীর পক্ষে যে বিধি খাটে ঐ আদালত সেইরূপে ও সেই বিধিমতে, হাই কোর্টের কি পূর্ব্বোক্ত অন্য আদালতের আজ্ঞাধীনে, শ্রীশ্রীমতীর ঐ ডিক্রী প্রবল করিয়া জারী করিবেন ইতি।

১৮৭১ সালের ৯ আইনের ২ তফসীলের ১৬৯ নং প্রকরণ সংশোধন হইবার কথা।

২০ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭১ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬৯ নং প্রকরণের প্রথম ঘরে "কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে ইতি।

ডিক্রী জারী করিবার দরখাস্তের কথা।

২১ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন ডিক্রী প্রবল কি জারী করাইতে ইচ্ছা করিলে, প্রথম যে ডিক্রীর উপর আপীল হইল তাহা যে আদালত করিয়াছিলেন তিনি সেই আদালতে দরখাস্ত দিবেন। আপীলক্রমে যে ডিক্রী করা গেল ও যাহা প্রবল কি জারী করাইতে চেষ্টা হয় দরখাস্তের সঙ্গে ঐ ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকলও দিতে হইবে ইতি।

ডিক্রী জারী করণসম্পর্কীয় আজ্ঞার উপর আপীলের কথা।

২২ ধারা। প্রথম যে ডিক্রীর উপর আপীল হয়, তাহা প্রবল কি জারী করিবার দরখাস্ত হইলে যে ডিক্রী করা যায়, তাহার উপর যে প্রকারে ও যে বিধিমতে আপীল হইতে পারে, শেষোক্ত আদালত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন ডিক্রী প্রবল কি জারী করিবার বিষয়ে যে ডিক্রী করেন তাহার উপরও সেই প্রকারে ও সেই বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

৫ অধ্যায়।—বিবিধ বিষয়।

বিধি করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। হাই কোর্ট সময়েং এই আইনসঙ্গত নিম্নলিখিত বিষয়ের সাধারণ বিধি করিতে পারিবেন।

(ক) ৯ ধারামতে নোটিস জারী করিবার বিধি।

(খ) হাই কোর্টের অধীন যে আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে, সেই আদালত ১০ ও ১১ ধারামত সর্টিফিকট যে বিধিমতে দিবেন বা না দিবেন তাহা।

[*Government Gazette*, 23rd *September* 1873.]

(c) the amount the nature of the security required under sections eleven, fourteen and eighteen,

(d) the testing of such security,

(e) the estimate of the cost of transcribing the record,

(f) the preparation, examination, and certifying of such transcript,

(g) the revision and authentication of translations,

(h) the preparation of indices to transcripts of records and of lists of the papers not included therein,

and all other matters connected with the enforcement of this Act.

Publication of rules

All such rules shall be published in the local official *Gazette*, and shall thereupon have the force of law in the High Court and the Courts of final appellate jurisdiction subordinate thereto.

Rules heretofore made

All rules heretofore made and published by any High Court relating to appeals to Her Majesty in Council and in force immediately before the passing of this Act, shall, so far as they are consistent with this Act, be deemed to have been made and published hereunder.

Recorder of Rangoon

24. In sections four, nineteen, and twenty-three the expression 'High Court' shall be deemed to include also the Recorder of Rangoon, but not so as to empower him to make rules binding on Courts other than his own Court.

Construction of Bengal Regulation III of 1828, sec. 4, clause 5

25. The rules and restrictions referred to in Bengal Regulation III of 1828, section four, clause five, shall be deemed to be the rules and restrictions applicable to appeals under this Act from the decisions of the High Court of Judicature at Fort William in Bengal.

Saving of Her Majesty's pleasure.

26. Nothing herein contained shall be understood—

(a) to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her Majesty in Council, or otherwise howsoever, or

(গ) ১১ ও ১৪ ও ১৮ ধারামতে যত টাকার ও যে প্রকারের জামিন লইতে হইবে তাহার বিধি।

(ঘ) ঐ জামিন পরীক্ষা করিয়া দেখিবার বিধি।

(ঙ) কাগজপত্র নকল করিবার খরচ নিরূপণের বিধি।

(চ) ঐ নকল প্রস্তুত করিবার ও পরীক্ষা করিয়া দেখিবার ও সর্টিফিকট লিখিবার বিধি।

(ছ) তর্জ্জমা পুনর্দৃষ্টি করিবার ও প্রামাণিক করিবার বিধি।

(জ) যে কাগজপত্রের নকল করা যায় তাহার ইণ্ডেক্স, ও তন্মধ্যে যে কাগজপত্র ধরা যায় নাই তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবার বিধি।

এবং এই আইন প্রবল করণসম্পর্কীয় অন্যান্য বিষয়ের বিধি।

বিধি প্রকাশ করিবার কথা।

উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। প্রকাশ হইলেই হাই কোর্টে, এবং তাহার অধীন যেং আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে সেইং আদালতে, তাহা আইনের তুল্য বলবৎ হইবে।

ইতিপূর্ব্বে যে বিধি করা গিয়াছে তাহার কথা।

ইতিপূর্ব্বে কোন হাই কোর্ট মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক যে সকল বিধি প্রণয়ন করিয়া প্রকাশ করিলেন, তাহা এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে প্রবল থাকিলে, এই আইনের সহিত যত দূর সঙ্গত হয় তত দুর এই আইনমতে প্রণীত ও প্রকাশিত বলিয়া জ্ঞান হইবে ইতি।

রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।

২৪ ধারা। ৪ ও ১৯ ও ২৩ ধারায় 'হাই কোর্ট' শব্দে রাঙ্গুণের রিকার্ডর সাহেবও গণ্য আছেন এমত জ্ঞান হইবে। হইলেও তাঁহার নিজ আদালত ভিন্ন অন্য আদালতে যাহা প্রবল হইবে তাঁহার এমত বিধি করিবার ক্ষমতা নাই ইতি।

বঙ্গীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।

২৫ ধারা। ১৮২৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণে যেং বিধির ও নিষেধের উল্লেখ হইয়াছে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিষ্পত্তির উপর এই আইনমতে যে আপীল হয় সেই আপীলের প্রতি সেইং বিধি ও নিষেধ খাটে এমত জ্ঞান করিতে হইবে।

শ্রীশ্রীমতীর ইচ্ছা প্রবল রাখিবার কথা।

২৬ ধারা। (ক) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায়, শ্রীশ্রীমতী সম্পূর্ণ ও অবাধিতরূপে তাহা স্বেচ্ছামতেই গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারেন কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া স্বেচ্ছামতে করিতে পারিবেন এই আইনের কোন কথায় তাঁহার সেই ক্ষমতার নিবৃত্তি হইল এমত জ্ঞান করিতে হইবে না।

(b) to interfere with any rules for the time being in force for the presentation of appeals to Her Majesty in Council, or their conduct before the Judical Committee of the Privy Council.

and of the rules for the conduct of business before the Judicial Committee.

SCHEDULE.

(*See Section* 2.)

ENACTMENTS REPEALED.

No. and year of enactment.	Title or abbreviated Title	Extent of repeal
	A.—REGULATIONS	
Bengal Regulation XVI of 1797.	A Regulation respecting Appeals from the Court of Sudder Dewanny Adawlut to His Most Excellent Majesty and His Most Honourable Privy Council	The whole.
Bengal Regulation V of 1803	A Regulation for empowering the Sudder Dewanny Adawlut to try Appeals from the Decisions of the Provincial Court of Appeal established in the Provinces ceded by the Nawaub Vizier, &c	The whole.
Madras Regulation VIII of 1818	A Regulation prescribing the Rules under which Appeals may be preferred to the King's Most Excellent Majesty in his Privy Council, from the Decisions of the Court of Sudder Adawlut at Fort Saint George	The whole
Bombay Regulation IV of 1827	A Regulation prescribing the Froms of Proceeding of the Courts of Law in Civil Suits and Appeals and Rules for the Trial of the same	Section one hundred
	B.—ACTS	
Act II of 1844	An Act respecting the Expenses of preparing Copies of Proceedings in Appeals	The whole
Act XXV of 1852.	An Act for the execution of decrees made in appeal by Her Majesty in Council, &c	So much as has not been repealed

[*Government Gazette, 23rd September* 1873.]

(খ) ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল উপস্থিত করিবার কিম্বা প্রিবি কৌনসেলের জুডিশ্যাল কমিটির সম্মুখে আপীল সম্পর্কীয় কার্য্য চালাইবার যৎকালে যে বিধি প্রবল থাকে এই আইনের কোন কথায় তাহার ব্যতিক্রম হইল এমত জ্ঞান করিতে হইবে না।

ও জুডিশ্যাল কমিটির সম্মুখে কার্য্য নিষ্পাদন করিবার বিধি রক্ষার কথা।

তফসীল।

(২ ধারা দেখ।)

যেং আইন রহিত হইল।

নম্বর ও সাল	নাম কি সংক্ষেপ নাম	যত দূর রহিত হইল।
	ক।—আইন।	
১৭৯৭ সা ১৬ আ।	প্রচণ্ড প্রতাপ শ্রীযুত ইংরাজের বাদসাহের এবং তাঁহার খাস কৌন্সেলী সাহেবদিগের হজুরে সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া মোকদ্দমা সকলের আপীল করিবার আইন।	সম্পূর্ণ।
১৮০৩ সা ৫ আ।	মান্যবর ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির প্রতি শ্রীযুত নবাব উজীরের দত্ত প্রদেশে স্থাপিত প্রবিন্স্যল আপিল আদালতের নিষ্পত্তির উপর আপীল বিচার করণার্থে সদর দেওয়ানী আদালতের প্রতি ক্ষমতা দান করণ প্রভৃতি বিষয়ক আইন।	সম্পূর্ণ।
১৮১৮ সা মান্দ্রাজের ৮ আ।	ফোর্ট সেণ্ট জর্জের সদর আদালতের নিষ্পত্তির উপর যে বিধিমতে মহামহিম শ্রীল শ্রীযুত রাজার প্রিবি কৌন্সেলে আপীল হইতে পারে তাহা নির্দ্দিষ্ট করণার্থ আইন।	সম্পূর্ণ।
১৮২৭ সা বোম্বায়ের ৪ আ।	দেওয়ানী ও আপীলী মোকদ্দমায় আদালতের কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট করিবার ও সেইং মোকদ্দমায় বিচার করিবার বিধান করণার্থ আইন।	১০০ ধারা।
	খ।—আক্ট।	
১৮৪৪ সা ২ আ।	আপীলের কাগজপত্রের নকল প্রস্তুত করণের খরচ বিষয়ি আইন।	সম্পূর্ণ।
১৮৫২ সা ২৫ আ।	আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে ডিক্রী হয় তাহা জারী করণ প্রভৃতি বিষয়ক আইন	পূর্ব্বে যে অংশ রহিত হয় নাই সেই অংশ।

No. and year of enactment	Title or abbreviated Title.	Extent of repeal.
Act II of 1863	An Act to regulate the admission of Appeals to Her Majesty in Council from certain Judgments and Orders in Provinces not subject to the General Regulations	The whole
	C.—STATUTES	
13 George III, cap 63	An Act for establishing certain Regulations for the better Management of the Affairs of the East India Company, as well in India as in Europe	Section eighteen.
37 George III, cap 142	An Act for the better Administration of Justice at Calcutta, Madras and Bombay, &c	Section sixteen

WHITLEY STOKES,
Secr. tary to the Govt. of India.

নম্বর ও সাল	নাম ও সংক্ষেপ নাম	যত দূর রহিত হইল।
১৮৬৩ সা. ২ আ	সাধারণ আইনের বহির্ভূত প্রদেশের কোনং নিষ্পত্তির ও আজ্ঞার উপর হজুর কৌন্সলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল গ্রাহ্য হইবার বিধান করণার্থ আইন।	সম্পূর্ণ।
	গ।—রাজ ব্যবস্থা।	
৩ জর্জের ১৩ বৎসরের ৬৩ অধ্যায়।	ভারতবর্ষে যেমন, ইউরোপ দেশেও তেমনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কার্য্য ব্যাপারের আর উত্তমরূপে অধ্যক্ষতা করিবার কএক বিধান করণার্থ আইন।	১৮ ধারা।
৩ জর্জের ৩৭ বৎসরের ১৪২ অধ্যায়।	কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে ন্যায় বিচার হইবার সুবিধান করণার্থ ও ভারতবর্ষের রাজগণের স্থানে ঋণ গ্রহণ ব্যাপারে ব্রিটনীয় প্রজাদের সম্পর্ক নিবারণার্থ আইন।	১৬ ধারা।

উইট্‌লি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE

The 11*th September* 1873.—Baboo Mohes Chunder Chuckerbutty, Moonsiff of Bulpore, District Beerbhoom, for 15 days *without pay* under Section 9, Supplement F, of the Civil Leave Code.

Baboo Anund Koomar Survadhikaree, Moonsiff of Gungarampore, District Dinagepore, from 15th August to 1st September, in extension of the leave granted to him on the 18th July last on Medical Certificate.

Under Section 18, *Chapter VI, of the Civil Leave Code.*

The 11*th September* 1873.—Baboo Jeebun Krishna Chatterjee, Moonsiff of Nemal, District Midnapore, for the Dusserah vacation.

Moulvee Adilooddeen Mahomed, Moonsiff of Barripore, District 24-Pergunnahs, for 19 days from 5th October next.

Baboo Bhoobun Mohun Rai Chowdhry, Additional Moonsiff of Mymensingh, for the Dusserah vacation.

Baboo Juddoo Nath Mookerjee, Moonsiff of Bhangah, District Dacca, for the Dusserah vacation.

The 12*th September* 1873.—Baboo Promothonath Banerjee, Moonsiff of Bancoorah, District West Burdwan, for the Dusserah vacation.

Baboo Grish Chunder Chatterjee, Moonsiff of Tumlook, District Midnapore, for the Dusserah vacation.

The 13*th September* 1873.—Baboo Juggut Doorlubh Mozoomdar, Moonsiff of Sooree, District Beerbhoom, for one month from the 21st current.

The 15*th September* 1873.—Baboo Rajchunder Sandyal, Moonsiff of Putnitollah, District Dinagepore, for two months from the 12th October next.

Baboo Romanath Seal, Moonsiff of Barjorah (Gungajulghatti), District West Burdwan, for the Dusserah vacation.

Baboo Sumbhoo Chunder Nag, Moonsiff of Baraset, District 24-Pergunnahs, for the Dusserah vacation.

Baboo Digumber Canoongoe, Moonsiff of Bagirhaut, District Jessore, for two months, from the 1st October next.

Mr. Prannath Banerjee, Additional Moonsiff of Chittagong, for one month from the 21st current.

The 16*th September* 1873.—Moulvee Hafiz Abdool Kurreem Khan, Moonsiff of Durbhangah, District Tirhoot, for three months from 9th November next.

Baboo Khetternath Bose, Moonsiff of Jamalpore, District Mymensingh, for six weeks from the 24th instant.

By order, &c.,

W. M. SOUTTAR,
Registrar.

HIGH COURT,
The 16*th September* 1873.

[*Government Gazette,* 23*rd September* 1873.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।—বীরভূম জিলার অন্তর্গত বোলপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনাবেতনে পনের দিন ছুটী পাইয়াছেন।

দিনাজপুর জিলার অন্তর্গত গঙ্গারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত জুলাই মাসের ১৮ তারিখ অবধি যে ছুটী পান তদতিরিক্ত আগষ্ট মাসের ১৫ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ১ তারিখ পর্য্যন্ত ছুটী পাইযাছেন।

সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামত ছুটী।

১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।—মেদিনীপুর জিলার অন্তর্গত নিমালের মুনসেফ শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায় দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আমিলুদ্দীন মহম্মদ আগামি অক্টোবর মাসের ৫ তারিখ অবধি উনিশ দিন ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের আডিশানল মুনসেফ শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত ভাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায় দুর্গোৎসবের বন্দে ছুটী পাইযাছেন।

১৮৭৩ সাল ১২ সেপ্টেম্বর।—পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বাঁকুড়ার মুনসেফ শ্রীযুত বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় দুর্গোৎসবের বন্দে ছুটী পাইযাছেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুকের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায দুর্গোৎসবের বন্দে ছুটী পাইযাছেন।

১৮৭৩ সাল ১৩ সেপ্টেম্বর।—বীরভূম জিলার অন্তর্গত শিউড়ীর মুনসেফ শ্রীযুত বাবু জগদুর্ল্লভ মজুমদার চলিত মাসের ২১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ১৫ সেপ্টেম্বর।—দিনাজপুর জিলার অন্তর্গত পত্নীটোলার মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্ন্যাল আগামি অক্টোবর মাসের ১২ তরিখ অবধি দুই মাস ছুটী পাইযাছেন।

পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বারযোড়ার (গঙ্গাজলঘাটীর) মুনসেফ শ্রীযুত বাবু রমানাথ শীল দুর্গোৎসবের বন্দে ছুটী পাইযাছেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসতের মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র নাগ দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

যশোহর জিলার অন্তর্গত বাগেরহাটের মুনসেফ শ্রীযুত বাবু দীগম্বর কাননগো আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি দুই মাস ছুটী পাইযাছেন।

চট্টগ্রামের আডিশানল মুনসেফ শ্রীযুত প্রাণনাথ বন্দ্যোপাধ্যায চলিত মাসের ২১ তারিখ অবধি এক মাস ছুটী পাইযাছেন।

১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।—ত্রিহুত জিলার অন্তর্গত দ্বারভাঙ্গার মুনসেফ শ্রীযুত মৌলবী হাফিজ আবদুল করিম খাঁ আগামি নবেম্বর মাসের ৯ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ বসু এই মাসের ২৪ তারিখ অবধি ছয় সপ্তাহ ছুটী পাইযাছেন।

আজ্ঞাক্রমে,
ডবলিউ, এম, সুটর,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট,
১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২৩ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 23, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২৩ সেপ্টেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমিবিক্রয়ক ইশতিহার।

জেলা মেদিনীপুর।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মেদিনীপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ২৩ সেপ্টেম্বর বাঙ্গলা সন ১২৮০ সাল ৮ আশ্বিন আমলি সন ১২৮১ সাল ৯ আশ্বিন মঙ্গলবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

রেজিষ্টরির নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা।	যে বাকির নিমিত্তে জমা নীলাম হইবে তাহা।	কৈফিয়ত।
			প্রথম শ্রেণীর মেয়াদি বন্দবস্তী মহাল।			
১৯৫১	১৮৪	মং মাজনা মুঠা পং মাজনা মুঠা ও সরিফাবাদ ও মথাবাদ মাজনা ও দোর দুবনান ও কিঃ পটাসপুর ও দন্ত্র খোড়ই ও কিঃ স্বিপুর ও নাড়ুয়া মুঠা ও কসবা হিজলী বালী জোড়া ও আমিরাবাদ।	শ্রীমত্যা চৌধুরাণী ব্রহ্মময়ী বনিতা ৺ নন্দলাল রায় ও বৃন্দাবনচন্দ্র মণ্ডল ও উমেশ-চন্দ্র মণ্ডল স্বয়ং ও রমেশ-চন্দ্র মণ্ডল ও শরৎচন্দ্র মণ্ডল অপ্রাপ্ত বয়স্কদ্বয়ের মাতা ও রক্ষক শ্রীমতী রুক্মিণী দাসী ও চৌং আনন্দলাল রায় ও কালীপ্রসাদ রায় চৌং ও শ্যামাপ্রসাদ রায় চৌং ও হরিপ্রসাদ রায় চৌং ও শ্রীমত্যা চৌধুরাণী সত্যভামা বনিতা ৺ স্বরূপনারায়ণ রায় ও জয়নারায়ণ গিরি বাদ নিম্নলিখিত ব্যক্তিগণের সন ১৮৫৯ সালের ১১ আইনমতে পৃথক হওয়া হিস্যা। বৃন্দাবনচন্দ্র মণ্ডল ও উমেশ চন্দ্র মণ্ডল স্বয়ং ও রমেশচন্দ্র মণ্ডল ও শরৎচন্দ্র মণ্ডল অ-প্রাপ্ত বয়স্কদ্বয়ের মাতা ও রক্ষক শ্রীমতী রুক্মিণী দাসীর পৃথক হিস্যা যাহা আদায় হওয়াতে নীলাম হইবেক না ৯৬৯৮৶৯ জয়নারায়ণ গিরির ৯৬৯৮৶৯ কালীপ্রসাদ রায় চৌং ও শ্যামাপ্রসাদ রায় চৌং ও হরিপ্রসাদ রায় চৌংর পৃথক হিস্যা যাহা গত কিস্তির বাকীর জন্য নীলাম হইয়াছে তাহা ডাক ফাজিল হইতে আদায় হওন জন্য নীলাম হইবেক না ১৯৩৯৬I/৫ শ্রীমত্যা চৌধুরাণী ব্রহ্ম-ময়ী বনিতা ৺ নন্দলাল রায় বাগয়রহ এজমালি হিস্যা এক্ষ-ণে নীলাম হইবেক না ২৫৮৬১৶/৩ বাকী টাকা	১১৬৩৭৮৶৮ ৬৫৬৫৪II২ ৫১৭২৩I৵৬	১৫০৯৭৶৯	

কালেক্টরির তৌজির নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা।	যে বাকি রাজস্বের জন্য নিলাম হইবেক তাহা।	কৈফিয়ত।
২০৫০	২১৩	মং মাড়ুয়ামুঠা জলপাই খাসপতিত বালিকোড়া জলপাই সরিফাবাদ জলপাই মাজনামুঠা জলপাই খাসপতিত কসবা হিজলি জলপাই খাসপতিত পং মাজনামুঠার জমিদারি সংক্রান্ত	এই বাকীর মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনমতে নিম্নলিখিত ব্যক্তিগণের পৃথক হওয়া হিস্যা পৃথকরূপে তাহাদের নিজ২ রাজস্বের বাকির জন্য নিলাম হইবেক চৌধুরী অনন্দলাল রায় চৌধুরাণী সত্যভামা বণিতা ৺ স্বরূপনারায়ণ রায় রাধিকাপ্রসন্ন চন্দ্র	২৫৮৬১৸৶১ ২৫৮৬১৸৶১ ৫১৭২৩॥৶৬ ১০৫২৯৸০	৭৮১৩৫৸৶১০ ৭১৮৩(১)১ ১৫০৯৭৸ ১০৭৬১৸৶৩	রুবকারিমতে এই মহালের সদর জমা ১৮৭৪। ৭৫ সালে ১০,২৩০৸৫ টাকা হইবেক, আর বৃদ্ধি হইবেক না।

মেদিনীপুর কালেক্টরি ১৩ আগষ্ট ১৮৭৩ সাল।

H. L. HARRISON,
Collector.

NOTICE

CALCUTTA MUNICIPALITY.

A Special General Meeting of the Justices of the Peace for the Town of Calcutta will be held at the Town Hall on Monday the 13th October 1873, at 11 o'clock A. M.

Business to be brought forward.

1. The Chairman to submit a letter from Mr. W. Clark, R E., tendering his resignation of the appointment of Engineer to the Municipality, also a resolution of the Committee for Drainage and Water-supply, recording their opinion of Mr. Clark's services.

2. The Chairman to submit for confirmation the proceedings of the Committee for Drainage and Water-supply on the arrangement to be made to fill the vacant post of Engineer for the Town of Calcutta.

3. The Chairman to submit resolutions passed by the Committees of Justices for Conservancy and Finance at the meeting held on the 15th September 1873 regarding the admission of the students of the Vernacular Classes of the Medical College to practice at the Pauper Hospital.

4. The Chairman to submit resolutions passed by the Committees of Justices for Conservancy and Finance at the meeting held on the 15th September 1873, recommending the Justices to grant a monthly subscription of Rs. 100 per mensem in support of the Leper Asylum of the Town, and a donation of Rs. 2,500 for re building the wards.

5. The Chairman to submit resolutions passed by the Committee of Justices for Finance at meetings held on the 27th and 28th August 1873.

6. The Chairman to submit resolutions passed by the Committees of Justice for Drainage, Water-supply, and Finance, at a meeting held on the 4th September 1873.

7. The Chairman to report acceptance of Shama Churn Mullick's tender for carting road materials.

8. The Chairman to submit letter from the Government of Bengal inviting an expression of the opinion of the Justices on the provisions of the Bill to regulate the procedure of the High Courts in the exercise of their Original Criminal Jurisdiction, and for other purposes, and to propose that it be referred for consideration to a Special Committee for report.

9. The Chairman to lay on the table statements of accounts from May to 31st August 1873.

The 22nd September 1873.
(31—1)

R. TURNBULL,
Secy. to the Justices of the Peace.

বিজ্ঞাপন।

কলিকাতা মুনিসিপালিটি।

১৮৭৩ সালের অকটোবর মাসের ১৩ তারিখ সোমবার বেলা ১১ ঘণ্টার সময়ে টৌনহালে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ সাধারণ জষ্টিসদের বিশেষ অধিবেশন হইবে।

তৎকালে এইং কার্য্য উপস্থিত করা যাইবে।

১। শ্রীযুত ডবলিউ ক্লার্ক সাহেব, সি, ই, মুনিসিপালিটীর ইঞ্জিনিয়রের পদ ত্যাগ করণ সূচক যে পত্র দিয়াছেন সভাপতি সাহেব তাহা অর্পণ করিবেন। এবং ক্লার্ক সাহেবের কর্ম্মের বিষয়ে নর্দ্দমার ও জলসম্পোষ্যের কমিটী যে অভিমত লিপিবদ্ধ করিয়াছেন তদ্বিষয়ের এক নির্দ্ধারণপত্র অর্পণ করা যাইবে।

২। কলিকাতা নগরের ইঞ্জিনিয়রের শূন্য পদ পূর্ণ করিবার জন্যে নর্দ্দমার ও জলসম্পোষ্যের কমিটী যে কার্য্যানুষ্ঠান করিয়াছেন সভাপতি সাহেব তাহা অনুমোদনার্থে অর্পণ করিবেন।

৩। কানসরবান্সী ও ফিনান্সবিষয়ক জষ্টিসদের কমিটী ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে অধিবেশন করিয়া পাপর হাসপাতালে মেডিকাল কালেজের দেশীয় ভাষার কেলাসের ছাত্রদিগকে চিকিৎসাদি কার্য্য করিবার অনুমতি দেওন বিষয়ে যে নির্দ্ধারণপত্র লিখিয়াছেন সভাপতি সাহেব তাহাও অর্পণ করিবেন।

৪। কানসরবান্সী ও ফিনান্সবিষয়ক জষ্টিসদের কমিটী ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে অধিবেশন করিয়া, এই নগরের লেপর আসাইলমের অর্থাৎ কুষ্ঠ রোগিদের আশ্রয় বাটীর ব্যয় পোষণার্থে জষ্টিসদের মাসেং ১০০০ টাকা চাঁদা দেওনের ও কুষ্ঠরোগিদের থাকিবার ঘর নূতন করিয়া গাঁথিবার নিমিত্ত ২৫০০৲ টাকা এককালে দান করিবার যে পরামর্শ দিয়াছেন সভাপতি সাহেব তদ্বিষয়ক নির্দ্ধারণ পত্র অর্পণ করিবেন।

৫। ফিনান্স বিষয়ক জষ্টিসদের কমিটী ১৮৭৩ সালের আগষ্ট মাসের ২৭ ও ২৮ তারিখে অধিবেশন করিয়া যেং নির্দ্ধারণ করিলেন সভাপতি সাহেব তাহাও অর্পণ করিবেন।

৬। নর্দ্দমা ও জলসম্পোষ্য ও ফিনান্সবিষয়ক জষ্টিসদের কমিটী ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখে অধিবেশন করিয়া যেং নির্দ্ধারণ করিলেন সভাপতি সাহেব তাহা অর্পণ করিবেন।

৭। শ্যামাচরণ মল্লিক রাস্তার সরঞ্জাম গাড়ী করিয়া আনাইবার যে টেণ্ডর দিয়াছেন সভাপতি সাহেব তাহা গ্রাহ্য হওয়ার রিপোর্ট করিবেন।

৮। হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাক্রমে যে প্রণালীমতে কার্য্য করিবেন তাহার বিধান ও অন্যান্য কার্য্যবিষয়ক আইনের পাণ্ডুলিপিতে যেং বিধান হইয়াছে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তদ্বিষয়ে জষ্টিসদের অভিমত জানিতে ইচ্ছুক হইয়া যে পত্র লিখিলেন সভাপতি সাহেব তাহা অর্পণ করিয়া বিবেচনাপূর্ব্বক রিপোর্ট করিবার জন্যে তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পণ করা যায় এই প্রস্তাব করিবেন।

৯। সভাপতি সাহেব ১৮৭৩ সালের মে মাসঅবধি আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাবের বর্ণনাপত্র মেজে অর্পণ করিবেন।

রবর্ট টর্ণবুল,
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সেক্রেটরী।

১৮৭৩ সাল ২২ সেপ্টেম্বর।

NOTICE.

Bengalee Edition of the Acts of Government

THE Acts of the Government of India, and those of the Government of Bengal, will after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।৵০ আনা লাগিবে।

[*Government Gazette*, *23rd September* 1873]

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1st JANUARY 1872

Payable in advance.

For one year without postage	Rs.	10	0	0
Ditto with postage	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম

মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	১২৸৹

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একর থান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette*, *23rd September* 1873.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন নরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1783 ১৭৮৩ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 30, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৩০ সেপ্টেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 16*th September* 1873.

No. 9.—His Excellency the Viceroy and Governor General, under the authority vested in him by 24 & 25 Vic., Cap. 67, section ten, is pleased to nominate His Highness Sarámade Rájáháe Hindústán Ráj Rájendra Srí Mahárájádhiráj Siváí Rám Singh Bahádur, of Jaypur, G.C.S.I., to be an Additional Member of the Council of the Governor-General for making Laws and Regulations, with effect from the 14th August last.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.

PUBLIC

Simla, the 16*th September* 1873

No 2966.—The Governor General in Council is pleased to permit Mr. C. E. C. Merington to resign Her Majesty's Bengal Civil Service from the 25th September 1873.

The 19*th September* 1873.

No. 2995.—The Governor-General in Council is pleased to permit Mr. R. Alexander to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 1st July last.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS

ACCOUNTS

Simla, the 17*th September* 1873.

No 3125—Privilege leave for twenty-seven days, beginning on the 8th October 1873, is granted to Mr. H A Mangles, Officiating Comptroller General.

PENSIONS AND GRATUITIES

The 17*th September* 1873

No. 3079—The Governor General in Council directs that the following note be inserted under the heading of Chapter XXII of the Civil Pension Code :—

> "NOTE—The Rules in this Chapter are analogous to the Regulations for the grant of pensions to soldiers wounded, and to the heirs of soldiers killed in action."

The 18th *September* 1873.

No 3177.—The Governor-General in Council directs that the following be prefixed to Rule 1, Section 47, of the Civil Pension Code —

> "To pension an officer still capable of useful service is a waste of public money, and every endeavour should always rather be made to employ the officer otherwise Accordingly"—

His Excellency in Council also directs that the following be inserted in Rule 2, Section 47 of the Civil Pension Code, after the words "cost of the appointment":—

> "Particulars of the saving effected should be fully set forth in every application for compensation, pension, or gratuity. The saving should always exceed the cost of the pension or gratuity. Otherwise, it might be better to postpone the reduction of establishment or abolition of appointment."

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 30*th September* 1873.]

লেজিস্লেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা। ১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।

১ নম্বর।—শ্রীশ্রীমতী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তদনুসারে তিনি জয়পুরের শ্রীলশ্রীযুক্ত সরামদে রাজাহাই হিন্দুস্থান রাজরাজেন্দ্র শ্রীমহারাজাধিরাজ সিবাই রাম সিংহ বাহাদুর, জি, সি, এস, আইকে গত আগষ্ট মাসের ১৪ তারিখঅবধি শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভার আডিশ্যনল মেম্বরের পদে নিযুক্ত করিয়াছেন।

হুইটলি ষ্টোকস।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

পবলিক

সিমলা, ১৮৭৩ সাল ১৬ সেপ্টেম্বর।

২৯৬৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব শ্রীযুত সি ই সি মেরিংটন সাহেবকে ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখ অবধি শ্রীশ্রীমতী মহারাণীর বাঙ্গাল সিবিলসরবিস ত্যাগ করিবার অনুমতি দিয়াছেন।

১৮৭৩ সাল ১৯ সেপ্টেম্বর।

২৯৯৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেবকে গত জুলাইমাসের ১ তারিখ অবধি শ্রীশ্রীমতী মহারাণীর বাঙ্গাল সিবিল সরবিস ত্যাগ করিবার অনুমতি দিয়াছেন।

এ, সি, লাইয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফিনানশ্যল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

হিসাব বিষয়ক।

সিমলা, ১৮৭৩ সাল ১৭ সেপ্টেম্বর।

৩১২৫ নম্বর।—একটিং কমট্রোলর জেনরল শ্রীযুত এচ এ মাঞ্জলস সাহেব ১৮৭৩ সালের অকটোবর মাসের ৮ তারিখ অবধি সাতাইশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

পেনশ্যন ও পুরস্কার।

১৮৭৩ সাল ১৭ সেপ্টেম্বর।

৩০৭৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল পেনশ্যন কোডের ২২ অধ্যায়ের শিরোনামার কথার নীচে এই নোট দিবার আজ্ঞা করিয়াছেন।

নোট।—সৈন্যেরা আঘাতী হইলে তাহারদের ও যুদ্ধে সৈন্যরা হত হইলে তাহারদের উত্তরাধিকারিদের পেনশ্যন পাইবার যেং বিধি আছে, এই অধ্যায়ের বিধি তাহার সদৃশ।

১৮৭৩ সাল ১৮ সেপ্টেম্বর।

৩০৭৭ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল পেনশ্যন কোডের ৪৭ পরিচ্ছেদের ১ ধারার পূর্ব্বে এই কথা সংযোগ করিয়া দিতে আজ্ঞা করিয়াছেন।

কর্ম্মকারক পদযুক্তমতে কর্ম করিতে পারিলে, তাহাকে পেনশ্যন দেওয়া সরকারি টাকা অপব্যয় করা মাত্র। অতএব সেই কর্ম্মকারককে অন্য কোন প্রকারের কর্ম দিতে চেষ্টা করা সর্ব্বদাই কর্ত্তব্য।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সিবিল পেনশ্যন কোডের ৪৭ পরিচ্ছেদের ২ ধারার "নিযুক্ত করিবার খরচ" এই কথার পর নিম্নলিখিত কথা সংযোগ করিয়া দিতে আজ্ঞা করিয়াছেন।

ক্ষতিপূরণ কি পেনশ্যন কি পুরস্কার দিবার জন্যে যে প্রার্থনাপত্র করা যায় উক্ত পেনশ্যনপ্রভৃতি দেওয়াতে কত টাকা বাঁচিবে তাহারও সম্পূর্ণ বর্ণনা প্রকাশ করা উচিত। যত টাকা পেনশ্যন কি পুরস্কার দেওয়া যায় সচরাচর তাহার অধিক বাঁচাইয়া রাখা কর্ত্তব্য। তাহা না হইলে বরং বিলম্ব করিয়া কর্ম্মকারকদের সংখ্যা কম করিয়া দেওয়া কি পদ উঠাইয়া দেওয়া ভাল।

আর বি চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 30, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৩০ সেপ্টেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENT.

No. 1352

GENERAL.—*The* 19*th August* 1873.—Mr Albert Champion Mangles to be Magistrate and Collector of Patna.

Mr Edward Dowdeswell Lockwood to be Magistrate and Collector of Noakhally, but to continue to officiate as Magistrate and Collector of Monghyr.

Mr. George Stewart Park to be Magistrate and Collector of Tipperah.

The 19*th September* 1873.—Moulvi Guzuffer Ali, Extra Assistant Commissioner, Lohardugga, is allowed privilege leave, during the ensuing Dusserah Vacation, from the 21st September to the 23rd October 1873, under Section 18 of the Civil Leave Code

Mr. Francis Johnston Graham Campbell, Officiating Joint-Magistrate and Deputy Collector in charge of the Jumooie Division in Monghyr, having returned to duty on the 11th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 17th July last is cancelled

Baboo Janokey Nath Mozumdar, Officiating Deputy Magistrate and Deputy Collector, Beerbhoom, is allowed one month's privilege leave from the 22nd instant, under Section 12-1, Supplement F of the Civil Leave Code

Baboo Shurrut Chunder Banerjee, M.A. and B.L., Extra Assistant Commissioner of Burpettah, is vested with the powers of a Magistrate of the Second Class

The 20*th September* 1873.—Mr James Anderson, Officiating Joint-Magistrate and Deputy Collector, Sylhet, is allowed furlough for three months and eleven days on Medical Certificate, under Section 8 (A), Chapter III of the Civil Leave Code

Mr. Arthur Forbes, B.A., is appointed to officiate as Deputy Collector of Customs, Calcutta, during the absence on furlough of Mr J. D Maclean, or until further orders.

The 22*nd September* 1873.—Mr William Humphrey Page, Officiating Assistant Commissioner, Maunbhoom, is vested with the powers of a Subordinate Judge

Baboo Karunamoy Banerjee, Extra Assistant Commissioner, Maunbhoom, is posted to Hazareebaugh until further orders

The 23*rd September* 1873.—Baboo Gobind Chunder Bose, Deputy Collector, Hooghly, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871 in that district.

Baboo Hurrakissen Das, Assistant to the Superintendent of the Tributary Mehals, Cuttack, is allowed privilege leave for one month from the 26th instant, under Section 18 of the Civil Leave Code.

Baboo Ramakhoy Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Baseerhat, in the 24-Pergunnahs, is allowed one month's privilege leave from the 3rd instant, under Section 18 of the Civil Leave Code

Baboo Doorgagutty Banerjee, Personal Assistant to the Commissioner of Patna, is allowed privilege leave for two months, under Section 18 of the Civil Leave Code, from the date on which he has availed himself of it.

Moulvi Duleelooddeen, Deputy Magistrate and Deputy Collector, Patna, is appointed to officiate as Personal Assistant to the Commissioner of the Patna Division during Baboo Doorgagutty Banerjee's absence, or until further orders.

Moulvi Syed Ameer Hossein, Deputy Magistrate and Deputy Collector of Nowadah, in Gya, is transferred temporarily to Patna, and is posted to the Sudder Station.

Moulvi Azharul Huq, Deputy Magistrate and Deputy Collector, Gya, is temporarily placed in charge of the Nowadah Division.

Baboo Sant Prosad, Sub-Deputy Collector, First Grade, Purneah, is transferred to the Sonthal Pergunnahs, and is deputed to settlement work.

Moonshee Shere Ali, Sub-Deputy Collector, First Grade, Godda, is deputed to Sonthal settlement work.

[*Government Gazette,* 30*th September* 1873.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৩১২ নম্বর।

জেনরল।—১৮৭৩ সাল ১৯ আগস্ট।—শ্রীযুত আলবর্ট চাম্পিয়ন মাঙ্গলস সাহেব পাটনার মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এডওয়ার্ড ডৌডস্বেল লকউড সাহেব নওয়াখালীর মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু মুঙ্গেরের মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জর্জ্জ ষ্টুয়ার্ট পার্ক সাহেব ত্রিপুরার মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৮৭৩ সাল ১৯ সেপ্টেম্বর।—লোহারডগার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত মৌলবী গজফর আলী সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধি ১৮ ধারামতে ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ২১ তারিখঅবধি অক্টোবর মাসের ২৩ তারিখ পর্য্যন্ত আগামি দশহরা বন্ধে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের অন্তর্গত জমুই খণ্ডের কর্ত্তৃপক্ষ একটিং জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ফ্রান-সিস জনষ্টন গ্রেহম কাম্বল সাহেব গত মাসের ১১ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগত হওয়াতে গত জুলাই মাসের ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত করা গেল।

বীরভূমের একটিং ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জানকীনাথ মজুমদার দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২। ১ ধারামতে বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বড়পেটার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বাবু শরৎ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম, এ, ও বি, এল, দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৩ সাল ২০ সেপ্টেম্বর।—শ্রীহট্টের একটিং জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেমস আণ্ডরসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ৮ (A) ধারামতে চিকিৎসকের সার্টিফিকটক্রমে তিন মাস এগারো দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে ডি মাকলীন সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আরথর ফর্বস সাহেব, বি, এ, কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২২ সেপ্টেম্বর।—মানভূমের একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত উলিয়ম হমফ্রি পেজ সাহেবের প্রতি সবর্ডিনেট জজের ক্ষমতা দেওয়া গিয়াছে।

মানভূমের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায় অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত হাজারিবাগে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৩ সেপ্টেম্বর।—হুগলীর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র বসুর প্রতি ঐ জিলায় ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা দেওয়া গিয়াছে।

কটকের পেশকশী মহালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু হরেকৃষ্ণ দাস সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে বর্ত্তমান মাসের ২৬ তারিখঅবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

চব্বিশ পরগনার অন্তর্গত বশিরহাটের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

পাটনার কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায় যে তারিখে ছুটীগ্রহণ করেন সেই তারিখঅবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়ের অনুপস্থানে কি অন্য আজ্ঞা না হওয়া পর্য্যন্ত পাটনার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন পাটনা খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

গয়ার অন্তর্গত নওয়াদহের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ আমির হুসেন কিয়ৎকালের নিমিত্ত পাটনায় নিযুক্ত হইয়া সদর মোকামে অবস্থিত হইয়াছেন।

গয়ার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজহারুলহক কিয়ৎকালের নিমিত্ত নওয়াদহ খণ্ডের কর্ত্তৃত্বভার পাইয়াছেন।

পুরুলিয়ার প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শান্তপ্রসাদ সাঁওতাল পরগণায় প্রেরিত হইয়া বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

গয়ার প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী মির আলি সাঁওতালের বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ সেপ্টেম্বর।]

Baboo Woomesh Chunder Banerjee to be a Sub-Deputy Collector of the First Grade in the Sonthal Pergunnahs, is posted to Godda, and is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Ishree Proshad, Sub-Deputy Collector, Second Grade, of Jumooie in Monghyr, is transferred to the Sonthal Pergunnahs, and is deputed for settlement work.

Moulovie Salamat Ali to be a Sub-Deputy Collector in the Second Grade in the Sonthal Pergunnahs, and to be employed on settlement work.

Baboo Danesh Prosad is appointed to be a Sub-Deputy Collector of the Second Grade in Monghyr.

POLICE.—*The 18th September* 1873.—Mr. William Victor Bertelsen was in charge of the office of District Superintendent of Police, Moorshedabad, from the 1st to the 14th July 1873.

The 19th September 1873.—Mr William Benson Maxwell is appointed to officiate as District Superintendent of Police, Julpigoree.

The 22nd September 1873.—Mr. John Briscoe Birch is appointed to have charge of the office of District Superintendent of Police, Bancoorah.

ECCLESIASTICAL.—*The 19th September* 1873.—The Reverend Nathanal Tugu of Piring in Singbhoom, is licensed, under Clause 5, Section 5, Act XV of 1872, to grant certificates of marriage between Native Christians

EDUCATION.—*The 18th September* 1873.—The following gentlemen are appointed to be Members of the District School Committee of Rungpore —

Moulvi Sha Sabi-uddin Abusaleh, Zemindar.
„ Enaitullah Chowdhury, Ditto.
„ Futta Ally Chowdhury, Ditto.
„ Jaheeruddeen Abuali Chowdhury, Ditto.
Moonshee Abul-hiat, Sheristadar of the Abkaree Department
„ Matioollah, Head Clerk and Sheristadar of the Magistrate's Court.

The 19th September 1873.—The following gentlemen are appointed to be Members of the District School Committee of Bhaugulpore.—

Baboo Gopeenath Mataya.
Moulvi Syud Mohamed Ali Khan
Baboo Ramprokas Lall.

The 23rd September 1873.—The following gentlemen are appointed to be Members of the District School Committee of Midnapore.—

Mr Colman Patrick Louis Macaulay, M A.
Baboo Jodoonath Roy.

5. When it shall appear expedient to the Collector that any of the works specified in the last preceding section should be executed, he shall cause to be prepared plans, specifications, and estimates of the proposed works, together with a copy of the survey map showing the boundaries of the various estates likely to be affected by the said works, and he shall cause a proclamation to be issued giving notice of his intention to cause such works to be executed. Such proclamation shall be in the form, and state the particulars mentioned in Schedule (A) annexed to this Act; and the plans, specifications, and estimates of the proposed works, together with a copy of the survey map as aforesaid, shall be kept at the office of the Collector and shall be open to the inspection of any interested persons who shall be allowed to take copies thereof. The Collector shall not commence any of such works until final order made in respect thereto under the provisions of Sections 8, 59, and 60 of this Act.

Procedure.

6. Every such proclamation shall be published by affixing the same at the cutcherry of the Collector, and in the manner provided in the third clause of Section 57

Publication of proclamation

7. Every such proclamation shall be published not less than thirty days before the day appointed for hearing the persons interested.

Proclamation to be published for thirty days

8. The Collector shall, on the day appointed for the hearing, or on any subsequent day to which the hearing shall be adjourned, hear the objections of any persons who may appear, and, after recording any evidence which they may adduce, shall pass an order in regard to the execution of the proposed works Notice of such order shall be served on such persons as may have appeared in pursuance of the proclamation.

Hearing of objections to works

[*Government Gazette*, 30*th September* 1878.]

(৪) নূতন কোন বাঁধ কিম্বা নূতন পয়নালা করা যায় কিম্বা কোন পয়নালা অবরোধ কি অন্য মুখ করা যায়, কোন ব্যক্তির এই ইচ্ছা থাকিলে, যদি সেই কার্য্যদ্বারা রাজকীয় কোন বাঁধের কি রাজকীয় কোন পয়নালার কার্য্যের হানি কি প্রতিবন্ধকতা কি বাধা হইবার সম্ভাবনা থাকে, তবে তিনি কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত দিবেন ও সেই দরখাস্ত দিবার সময়ে প্রস্তাবিত কার্য্যের বর্ণনাপত্রও দিবেন। ঐ দরখাস্তমতে কার্য্যকরা বিহিত কি না কালেক্টর সাহেব ইহা নির্ণয় করিবেন ইতি।

নূতন বাঁধ কি পয়নালা করাইবার দরখাস্ত কালেক্টরের নিকট করিবার কথা।

৫ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যেং কার্য্য নির্দ্দিষ্ট হইল কালেকটর সাহেবের বিবেচনামতে তন্মধ্য কোন কার্য্য করা বিহিত হইলে, তিনি ঐ প্রস্তাবিত কর্ম্মের নকশা, ও তাহার বয়ান, ও ইষ্টিমেট, ও সেই কর্ম্ম দ্বারা যেং মহালের উপকারাদি হইবার সম্ভাবনা সেইং মহালের সীমার ম্যাপ প্রস্তুত করাইয়া, তাঁহার সেই কর্ম্ম করিবার কল্পনা আছে ইহার ঘোষণাপত্র প্রচার করাইবেন। ঐ ঘোষণাপত্র এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লেখা যাইবে ও ঐ তফসীলে যেং বর্ণনার উল্লেখ হইল তাহাও লিখিয়া দিতে হইবে। এবং প্রস্তাবিত কার্য্যের নকশা ও বয়ান ও ইষ্টিমেট এবং পূর্ব্বোক্ত সরবে ম্যাপের নকল কালেকটর সাহেবের আফিসে রাখা যাইবে ও যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারা স্বচ্ছন্দে তাহা দেখিতে ও নকল করিয়া লইতে পাইবেন; এই আইনের ৮ ও ৫৯ ও ৬০ ধারার বিধানমতে ঐ কার্য্যবিষয়ে চূড়ান্ত আজ্ঞা না হইলে কালেকটর সাহেব উক্ত কোন কার্য্য আরম্ভ করিবেন না ইতি।

কার্য্য প্রণালীর কথা।

৬ ধারা। উক্ত প্রকারে প্রত্যেক ঘোষণাপত্র কালেক্টর সাহেবের কাছারীঘরে লটকাইয়া, ও ৫৭ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে, প্রচার করা যাইবে ইতি।

ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

৭ ধারা। উক্ত বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাহাদের আপত্তি শুনিবার যে দিন নিরূপণ হয় ঐ ঘোষণাপত্র তাহার পূর্ব্বে অন্যূন ত্রিশ দিন প্রচার করা যাইবে ইতি।

ঘোষণাপত্র ত্রিশ দিন প্রকাশ থাকিবার কথা।

৮ ধারা। আপত্তি শুনিবার নিরূপিত দিনে কিম্বা তাহা শুনিবার জন্যে অন্য দিন নিরূপণ করা গেলে সেই দিনে যাঁহারা উপস্থিত হন, কালেক্টর সাহেব তাঁহাদের আপত্তি শুনিয়া, তাঁহারা যে প্রমাণ আনিয়া দেন সেই প্রমাণ লিখিয়া রাখিয়া, ঐ প্রস্তাবিত কার্য্য করণ বিষয়ে আজ্ঞা করিবেন। যে ব্যক্তিরা উক্ত ঘোষণাপত্রমতে উপস্থিত হন তাঁহারদিগকে ঐ আজ্ঞার নোটিস দেওয়া যাইবে ইতি।

উক্ত কার্য্যের আপত্তি শুনিবার কথা।

9. If the lands, which are likely to be affected by any such proposed works, are situated within the limits of different districts, the Collector of any district, within which any portion of such lands is situated, shall apply to the Commissioner of the division for authority to proceed in such matter; and the Commissioner of the division, if all the lands are situated within his division, may give authority to such Collector, or to any other Collector within whose district any portion of such lands is situated, to proceed in respect of all the lands likely to be affected by such works.

Authority to take proceedings where lands likely to be affected by the works are in different districts,

If the districts, within which the lands likely to be affected by any such works are situated, are subject to the Commissioners of different divisions, the Collector shall apply to the Commissioner of the division within which his district is situated, and such Commissioner may, with the concurrence of the Commissioner to whom the other district is subject, give authority to proceed in such matter.

or different divisions

10. All the powers vested in the Collector by Section 4 of this Act, may be exercised by the Engineer in cases referred to him by the Collector subject to the general orders of the Collector.

The Collector may delegate certain powers to Engineer.

PART III.

Procedure in cases of imminent danger to life or property.

11. Whenever the Collector shall be of opinion that the proceedings commenced by notice under Sections 5 to 8 of this Act would cause delay in the exercise of any of the powers conferred upon him by Clauses 2, 3, and 4 of Section 4, likely to be attended with grave and imminent danger to life or property, it shall be lawful for him forthwith to commence to exercise such powers. Provided that he shall forthwith cause to be prepared the plans, specifications, and estimates of the proposed works, together with a copy of the survey map as provided in Section 5, and shall cause a proclamation to be issued as provided in that section giving notice that the work

Proceedings in emergencies.

৯ ধারা। উক্ত প্রকারের প্রস্তাবিত কোন কার্য্য দ্বারা যেং ভূমির উপকারাদি হইতে পারে তাহা ভিন্নং জিলার সীমার মধ্যে থাকিলে, ঐ ভূমির কোন অংশ যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের কার্য্য চালাইবার অনুমতি প্রার্থনা করিবেন। ও সকল ভূমি সেই কমিশ্যনর সাহেবের খণ্ডের মধ্যে থাকিলে তিনি সেই কালেক্টর সাহেবকে, কিম্বা ঐ ভূমির কোন অংশ অন্য যে কালেক্টর সাহেবের জিলার মধ্যে থাকে তাঁহাকে, ঐ কার্য্যদ্বারা যে সকল ভূমির উপকারাদি হইতে পারিবে সেই সকল ভূমিতে ঐ বিষয়ের কার্য্য চালাইবার ক্ষমতা দিতে পারিবেন।

ঐ কার্য্যদ্বারা যে জমীর লাভ কি ক্ষতি হইতে পারে তাহা ভিন্নং জিলার মধ্যে থাকিলে কার্য্যানুষ্ঠান করিবার ক্ষমতার কথা।

পূর্ব্বোক্ত কোন কার্য্যদ্বারা যে ভূমির উপকারাদি হইতে পারিবে তাহা যেং জিলার মধ্যে থাকে সেইং জিলা ভিন্নং দেশখণ্ডের কমিশ্যনর সাহেবদের অধীন থাকিলে, কালেক্টর সাহেবের জিলা যে দেশখণ্ডে থাকে তিনি সেই দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট দরখাস্ত দিবেন। ও অন্য জিলা যে কমিশ্যনর সাহেবের অধীন থাকে তিনি তাঁহার অনুমতি লইয়া তদ্বিষয়ের কার্য্য চালাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

ভিন্নং দেশখণ্ডে থাকিলে তাহার কথা।

১০ ধারা। কালেক্টর সাহেব ইঞ্জিনিয়র সাহেবের প্রতি কোন বিষয় অর্পণ করিলে, এই আইনের ৪ ধারায় কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতা অর্পণ করা গেল ইঞ্জিনিয়র সাহেব কালেক্টর সাহেবের সাধারণ আজ্ঞার অধীনে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি

ইঞ্জিনিয়র সাহেবের প্রতি কালেক্টর সাহেবের কোনং ক্ষমতা প্রদান করিবার কথা।

তৃতীয় অধ্যায়।

প্রাণের কি সম্পত্তির আসন্ন শঙ্কা থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

১১ ধারা। এই আইনের ৪ ধারার ২, ৩ ও ৪ প্রকরণ দ্বারা কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতা দেওয়া গেলে এই আইনের ৫ অবধি ৮ পর্য্যন্ত ধারামত নোটিস যে কার্য্যের আরম্ভে দিতে হয় উক্ত কোন ক্ষমতামতে সেই কার্য্য করিতে গেলে যে বিলম্বের সম্ভাবনা তৎপ্রযুক্ত প্রাণের কি সম্পত্তির গুরুতর ও আসন্ন সঙ্কট হইতে পারে তাঁহার এমত বিবেচনা হইলে তিনি অগৌণে উক্ত ক্ষমতামত কার্য্যে প্রবর্ত্ত হইতে পারিবেন। পরন্তু তিনি অবিলম্বে ৫ ধারার নির্দ্দিষ্ট নক্সা ও বয়ান ও ইষ্টিমেট ও সরবে ম্যাপের নকল প্রস্তুত করাইয়া ঐ ধারার নির্দ্দিষ্ট মতে ঘোষণাপত্র প্রচার করাইয়া ঐ পত্রের লিখিত কার্য্য যে আরম্ভ হইয়াছে ইহার নোটিস দিবেন। তাহা হইলে, এই

অত্যাবশ্যক স্থলে কার্য্যপ্রণালীর কথা।

mentioned therein has already been commenced, and thereupon such proceedings and inquiries shall be had as in and by Part II of this Act are directed.

Power to take possession of land.

12. Whenever any land, or earth from any land the property of any person, is required for the purposes of any works commenced in pursuance of the provisions of the last preceding section, or for the purposes of Section 18 in cases where the Collector shall be of opinion that proceedings for the acquisition of such land according to the provisions hereinafter contained in Section 25, would cause delay as aforesaid, the Collector shall cause a proclamation to be issued in form in Schedule (B) annexed to this Act, giving notice thereof at convenient places in the locality in which such land is situated, and he may at the same time take possession of the same for the said purposes.

Compensation for standing crops and trees.

13. The Collector shall ascertain and record the nature and estimated value of the crops and trees (if any) standing on such land, and shall offer adequate compensation to the persons interested. If such offer is not accepted, the value of such crops and trees shall be allowed for in awarding compensation for the land under the provisions of Section 29.

Power to Engineer to act in absence of Collector

14. The Collector may depute to the Engineer the powers described in Sections 11, 12, and 13 subject to his own general orders, and in that case when the Collector is not present the Engineer may, if he shall be of opinion that delay for the purpose of obtaining the orders of the Collector would be attended with grave and imminent danger to life or property, exercise the powers conferred on him by the Collector.

Power to restore embankments, &c

15. Whenever, upon an inquiry had under the provisions of this Part, it has been determined in the final order to be passed on such inquiry that anything done by the Collector, or by the Engineer under the last preceding section was unnecessary, the land or the embankments or drainage shall, so far as any alteration thereof shall appear to be unnecessary, be at the expense of the Government restored as nearly as possible to the state in which they were when the Collector commenced to act under the provisions of this Part, and any person who shall have sustained

আইনের দ্বিতীয় অধ্যায়ে যদ্রূপ কার্য্য চালাইবার ও যে তদন্ত লইবার বিধান আছে তদ্রূপ কার্য্য চালান যাইবে ও সেই তদন্ত লওয়া যাইবে ইতি।

ভূমি অধিকার করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। ইহার পূর্ব্বধারার বিধানমতে যে কার্য্যের আরম্ভ হয় সেই কার্য্যের নিমিত্ত, কিম্বা ২৫ ধারায় ভূমি লওনের যে বিধান পশ্চাৎ লেখা যাইতেছে সেই বিধান অনুসারে কার্য্য করিতে গেলে বিলম্বের সম্ভাবনা কালেক্টর সাহেবের এই অভিমত থাকাতে ১৮ ধারার কার্য্যপক্ষে কোন ব্যক্তির ভূমি লওয়া কিম্বা ঐ ভূমির মাটী কাটিয়া লওয়া প্রয়োজন হইলে, ঐ ভূমি যে স্থানে থাকে কালেক্টর সাহেব তাহার আশপাশ উপযুক্ত স্থানে২ এই আইনের B তফসীলের পাঠে ঘোষণাপত্র প্রকাশ করিয়া তৎকালে উক্ত কার্য্যের নিমিত্ত উক্ত ভূমি অধিকার করিতে পারিবেন ইতি।

ক্ষেত্রস্থ ফসলের ও বৃক্ষের ক্ষতিপূরণের কথা।

১৩ ধারা। সেই ভূমিতে শস্যাদি ও বৃক্ষাদি থাকিলে সে কি২ প্রকারের ও তাহার অনুমান কত মূল্য হইবে কালেক্টর সাহেব ইহা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবেন ও সেই বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারদের উপযুক্ত ক্ষতিপূরণ করিতে প্রস্তাব করিবেন। তাঁহার সেই প্রস্তাব গ্রাহ্য না হইলে ২৯ ধারার বিধানমতে ভূমির মূল্যাদি নিরূপণ করণ সময়ে ঐ ফসলের ও বৃক্ষেরও মূল্য ধরা যাইবে ইতি।

কালেক্টর সাহেব না থাকিলে ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। ১১ ও ১২ ও ১৩ ধারায় যে২ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে কালেক্টর সাহেব আপনার সাধারণ আজ্ঞার অধীনে ইঞ্জিনিয়র সাহেবের প্রতি ঐ২ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব উপস্থিত না হইলে ও তাঁহার আজ্ঞা পাইবার অপেক্ষায় যে বিলম্ব হইতে পারে তৎপ্রযুক্ত প্রাণের কি সম্পত্তির গুরুতর ও আসন্ন সঙ্কট সম্ভাবনা ইঞ্জিনিয়রের এমত জ্ঞান থাকিলে, কালেক্টর সাহেব তাঁহার প্রতি যে ক্ষমতা দিয়াছেন তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

বাঁধ পুনশ্চ করিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। এই অধ্যায়ের বিধানমতে অনুসন্ধান লওয়া গেলে পর সেই অনুসন্ধানমতে শেষ যে আজ্ঞা করা যায় তদ্দ্বারা কালেক্টর সাহেবের কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে ইঞ্জিনিয়র সাহেবের করা কোন কর্ম্ম অনাবশ্যক নির্ণয় হইলে, ঐ ভূমি কি বাঁধ কি পয়নালার পরিবর্ত্তন করা যত দূর অনাবশ্যক বোধ হইল ততদূর তাহার পুনশ্চ পূর্ব্বাবস্থা করিয়া দেওয়া যাইবে, অর্থাৎ কালেক্টর সাহেব এই অধ্যায়ের বিধানমতে যে সময়ে কার্য্য করিতে আরম্ভ করিলেন তাহার প্রাক্কালে ঐ বাঁধের কি পয়নালার যে অবস্থা ছিল গবর্ণমেণ্টের খরচে সাধ্যমতে তাহার পুনর্ব্বার সেই অবস্থা করিয়া

loss, damage, or injury by the execution of such works, shall receive compensation from the Government to be assessed according to the provisions contained in Part V of this Act.

Section 9 to apply to proceedings under this Part.

16. The provisions of Section 9 shall be applicable to proceedings taken under this Part.

PART IV.

Powers of Engineer.

Engineer subject to control of Collector

17. The power conferred on the Engineer under this Part shall be exercised subject to the general control and orders of the Collector.

Power to make repairs

18. The Engineer may make any repairs in, and may do all acts necessary and proper for the maintenance of any public embankment, public watercourse, or other work executed or taken charge of under the provisions of this Act, or of any of the Acts repealed by this Act

Power to alter railroads or construct watercourses

19. The Engineer may call upon the manager, or other person in charge of any railroad which interferes with the drainage of any tract of land, to alter such railroad or to construct any watercourse under or through such railroad. In the event of such person failing to comply with such requisition in such manner and within such time as the Engineer shall prescribe, the Engineer may thereupon, with the previous sanction of the Lieutenant-Governor, cause the said railroad to be altered, or a watercourse to be constructed in such manner as the Lieutenant-Governor shall direct. The expenses of such alteration or construction shall be borne by the said manager, or other person in charge of the said railroad.

Power to make temporary roadway, watercourse or dam

20. Whenever any person is desirous that a temporary roadway should be made over, or that a temporary watercourse should be made through, any public embankment, or that a temporary dam should be constructed in any embanked river or public

দেওয়া যাইবে, ও সেই কার্য্যের দ্বারা কোন ব্যক্তির হানি কি ক্ষতি কি অপকার হইলে গবর্ণমেণ্টের স্থানে তিনি সেই হানিপূরণ পাইবেন। এই আইনের পঞ্চম অধ্যায়ের বিধানমতে তাঁহার হানিপূরণের টাকা নির্ণয় করা যাইবে ইতি।

এই অধ্যায়মত কার্য্যের প্রতি ৯ ধারা খাটিবার কথা।

১৬ ধারা। এই অধ্যায়মতে যে কার্য্য করা যায় তাহার প্রতি ৯ ধারার বিধান খাটিতে পারিবে ইতি।

চতুর্থ অধ্যায়।

ইঞ্জিনিয়রের ক্ষমতার কথা।

ইঞ্জিনিয়র সাহেবের উপর কালেকটর সাহেবের কর্তৃত্ব থাকার কথা।

১৭ ধারা। এই অধ্যায়মতে ইঞ্জিনিয়র সাহেবের প্রতি যেং ক্ষমতা দেওয়া যায়, তিনি কালেকটর সাহেবের সাধারণ কর্তৃত্বের ও আজ্ঞার অধীন থাকিয়া সেইং ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

মেরামত করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। এই আইনের বিধানমতে, কিম্বা এই আইন দ্বারা যেং আইন রহিত করা গেল তাহার কোন আইনের বিধানমতে, রাজকীয় যে বাঁধ কি রাজকীয় যে পয়নালা বা অন্য বিষয় প্রস্তুত করা যায় কিম্বা যে বাঁধ প্রভৃতির অধ্যক্ষতা কার্য্য গ্রহণ করা যায়, ইঞ্জিনিয়র সাহেব তাহার মেরামৎ করিতে এবং সারাইয়া রাখিবার আবশ্যক ও উপযুক্ত সকল কর্ম্ম করিতে পারিবেন ইতি।

রেল পথ পরিবর্ত্তন ও পয়নালা প্রস্তুত করণের ক্ষমতার কথা।

১৯ ধারা। কোন রেলপথের দ্বারা কোন ভূমিখণ্ডের জল বাহির হইবার ব্যাঘাত হইলে ইঞ্জিনিয়র সাহেব সেই রেলপথের অধ্যক্ষকে, কিম্বা ঐ পথ অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহাকে, সেই রেলপথ পরিবর্ত্তন করিবার কিম্বা সেই রেলপথের নীচে কি তাহা ভেদ করিয়া কোন পয়নালা প্রস্তুত করিয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন। ইঞ্জিনিয়র সাহেব যে প্রকারে ও যে সময়ের মধ্যে সেই কার্য্য করিতে আজ্ঞা করেন, উক্ত ব্যক্তি সেই সময়ের মধ্যে সেই প্রকারে ঐ আদেশমতে কার্য্য না করিলে, ইঞ্জিনিয়র সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে সেই রেলপথ পরিবর্ত্তন করাইতে কিম্বা সেই পয়নালা প্রস্তুত করাইয়া দিতে পারিবেন। ঐ বিষয় পরিবর্ত্তন কি প্রস্তুত করাইতে যে খরচ লাগে তাহা সেই অধ্যক্ষের, কিম্বা রেলপথ অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার২ দিতে হইবে ইতি।

কিয়ৎকালীয় পথ কি পয়নালা কি জাঙ্গাল করিবার ক্ষমতার কথা।

২০ ধারা। রাজকীয় কোন বাঁধের উপর দিয়া কিছু কালের নিমিত্ত পথ করা যায়, কিম্বা তদ্রূপ বাঁধ ভেদ করিয়া কিয়ৎকালের নিমিত্তে পয়নালা করা যায়, কিম্বা বাঁধযুক্ত কোন নদীতে কি রাজকীয় পয়নালায় কিয়ৎকালের নিমিত্ত জাঙ্গাল করা যায়, কোন ব্যক্তি

watercourse, he shall apply to the Engineer, who shall communicate the application to the Collector, and the Collector shall pass such orders thereon as he shall think fit. If the proposed work is to be executed by an officer of Government, the applicant, before the commencement of the work, shall deposit the amount estimated by the Engineer to be necessary to defray the expenses of, and incidental to, making and removing such roadway, or of, and incidental to, making and closing or removing such watercourse or dam If the amount deposited is found insufficient, the Engineer shall recover from the said applicant the further amount required; and if it exceeds the amount required, such excess shall be returned to the said applicant.

21. Whenever the Engineer shall be of opinion that the removal of any trees, houses, huts, or other buildings, situated between a public embankment and the river, is necessary, he shall make a report to that effect, accompanied by a detailed statement of the trees, houses, huts, or other buildings to be removed, to the Collector of the district in whose jurisdiction the land on which such trees, houses, huts, or other buildings stand, is situated; and the Collector shall report the same to the Lieutenant-Governor in order that proceedings may be taken, in accordance with the provisions of "The Land Acquisition Act, X of 1870," or other law for the time being for the acquisition of land for public purposes, for obtaining possession of such trees, houses, huts, and buildings. Provided always that in case the Collector be of opinion that the delay required by such proceedings is likely to be attended with grave and imminent danger to life or property, it shall be lawful for him forthwith to cause such trees, houses, huts, or buildings to be removed, and in such case the compensation due therefor shall be ascertained and paid in the manner hereinafter provided.

Power to remove houses

22. Sluices constructed in any public embankment shall be opened or shut only by or with the general or special permission of the officer in the immediate charge of the embankment, under such orders, either general or special, as he may receive from the Engineer.

Sluices to be opened or shut under authority of the Engineer

23. In any case where an embanked towpath has heretofore been maintained by Government alongside any canal, river, khal, or channel, the Engi-

Power to appropriate land or earth for embanked towpath

এ মত ইচ্ছা থাকিলে তিনি ইঞ্জিনিয়র সাহেবের নিকট দরখাস্ত দিবেন। তিনি কালেক্টর সাহেবের নিকট ঐ দরখাস্ত পাঠাইবেন। কালেক্টর সাহেব তদ্বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন। প্রস্তাবিত কর্ম্ম গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকদ্বারা করিতে হইলে, ইঞ্জিনিয়র সাহেব ঐ পথ করিবার কি স্থানান্তরে করিবার কিম্বা সেই পয়নালা কি জাঙ্গাল প্রস্তুত ও বন্ধ করিবার কি উঠাইয়া দিবার নৈমিত্তিক খরচশুদ্ধ যত খরচ আবশ্যক বলিয়া ধরেন, দরখাস্তকারী সেই কর্ম্মের আরম্ভ হইবার পূর্ব্বে সেই খরচ গচ্ছিত করিয়া দিবেন। ঐ আমানতী টাকাতে কুলাইল না দৃষ্ট হইলে, আর যত টাকা প্রয়োজন উক্ত ইঞ্জিনিয়র সাহেব দরখাস্তকারির নিকট তাহা আদায় করিবেন। ও সেই টাকা অধিক হইলে, উদ্বর্ত্ত টাকা দরখাস্তকারিকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

২১ ধারা। রাজকীয় বাঁধের ও নদীর মধ্যস্থানে কোন বৃক্ষ কি ঘর কি খড়ুয়া ঘর কি অন্য গাঁথনি থাকিলে, এবং ইঞ্জিনিয়র সাহেব তাহা উঠাইয়া দেওয়া আবশ্যক বোধ করিলে, ঐ২ বৃক্ষ কি ঘর কি খড়ুয়া ঘর কি গাঁথনি যে জিলার কালেক্টর সাহেবের কর্ত্তৃত্বাধীন স্থানে থাকে তাঁহার নিকট তিনি সেই মর্ম্মের রিপোর্ট করিয়া যে২ বৃক্ষ কি ঘর কি খড়ুয়া ঘর কি গাঁথনি উঠাইয়া দিতে হইবে ঐ রিপোর্টের সঙ্গে তাহার বিস্তারিত বর্ণনা পাঠাইবেন। ঐ২ বৃক্ষ কি ঘর ও খড়ুয়া ঘর কি গাঁথনির অধিকার পাইবার জন্যে ভূমি গ্রহণবিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের, কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি লওয়ার বিষয়ে তৎকালে অন্য যে আইন প্রচলিত থাকে তাহার বিধানমতে কার্য্য করা যায়, এই নিমিত্ত কালেক্টর সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। কিন্তু তাহা করিতে হইলে যে বিলম্বের সম্ভাবনা তৎপ্রযুক্ত লোকদের ধনের কি প্রাণের গুরুতর ও আসন্ন সঙ্কট হইতে পারে কালেক্টর সাহেব এমত বোধ করিলে তিনি তৎক্ষণাৎ সেই২ বৃক্ষ কি ঘর কি খড়ুয়া ঘর কি গাঁথনি উঠাইয়া দিতে পারিবেন। তাহা হইলে ঐ বৃক্ষাদির ক্ষতিপূরণের নিমিত্ত যত টাকা দিতে হইবে তাহা পশ্চাৎ লিখিত বিধানমতে নির্ণীত হইয়া দেওয়া যাইবে ইতি।

ঘর উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

২২ ধারা। কোন রাজকীয় বাঁধে যে জলদ্বার করা যায় ঐ বাঁধ অব্যবহিতরূপে যে কার্য্যকারকের অধীনে থাকে তিনি ইঞ্জিনিয়র সাহেবের সাধারণ কিম্বা বিশেষ যে আজ্ঞা পান, ঐ জলদ্বার সেই আজ্ঞামতে কেবল তাঁহারই দ্বারা কিম্বা তাঁহার বিশেষ কি সাধারণ অনুমতিক্রমে খোলা কি বন্ধ করা যাইতে পারিবে ইতি।

ইঞ্জিনিয়রের অনুমতিমতে জলদ্বার খুলিবার কি বন্ধ করিবার কথা।

২৩ ধারা। নালার কি নদীর কি খালের কি জলপথের পার্শ্বে গুণ টানিয়া যাইবার বাঁধযুক্ত যে পথ থাকে, তাহা যদি এই পর্য্যন্ত গবর্ণমেণ্টের দ্বারা সারাইয়া রাখা গিয়া

গুণ টানিবার বাঁধযুক্ত পথের নিমিত্ত ভূমি কি মাটি লইবার ক্ষমতার কথা।

neer shall be entitled to appropriate without payment, as heretofore, land or earth for the maintenance, repair, or re-construction of such embanked towpath. If in any case the Engineer shall consider it necessary for the purposes of towing to enlarge an existing towpath, or to construct a new towpath, proceedings shall be taken in accordance with the subsequent provisions of this Act relating thereto.

Power to enter and survey land, &c

24. It shall be lawful for the Engineer, or any person whom he may authorize in that behalf, in order to carry out any of the purposes of this Act,

to enter upon, and survey, and take levels of any land,

to dig or bore into the sub-soil;

to do all other acts necessary to ascertain whether the land is adapted to the purpose projected by such Engineer; or by the Collector;

Power to mark out line

to set out the boundaries of the land proposed to be taken, and the intended line of the work proposed to be made thereon;

to mark such levels, boundaries, and line, by placing marks and cutting trenches;

Power to clear land

and, where otherwise the survey cannot be completed or the levels taken, to cut down and clear away any part of any standing crop, fence, or jungle

Previous notice of entry.

Provided that no person shall enter into any building or upon any enclosed court or garden attached to a dwelling-house (unless with the consent of the occupier thereof) without previously giving such occupier at least seven days' notice in writing of his intention to do so.

Payment for damage

The Engineer or other person so authorized shall at the time of such entry pay or tender payment for all necessary damage to be done as aforesaid, and, in case of dispute as to the sufficiency of the amount so paid or tendered, he shall at once refer the dispute to the decision of the Collector, and such decision shall be final.

PART V.

Acquisition of lands.

Acquisition of land.

25. Whenever in the course of proceedings under this Act, save in those cases in which the Collector

থাকে তবে ইঞ্জিনিয়র সাহেব গুণ টানিবার জেত বাঁধা পথ সারাইয়া রাখিবার কি মেরামৎ করিবার কি পুনঃপ্রস্তুত করিবার নিমিত্ত মূল্য না দিয়া পূর্ব্ববৎ ভূমি কি মাটি লইতে পারিবেন। গুণ টানিবার যে পথ আছে ইঞ্জিনিয়র সাহেব গুণ টানা হইবার জন্যে তাহা বাড়াইয়া দেওয়া কিম্বা গুণ টানিবার নূতন পথ প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করিলে, তদ্বিষয়ে এই আইনের যে বিধান পশ্চাদ্ভাগে লেখা যাইতেছে তদনুসারে কার্য্য করা যাইবে ইতি।

জমীতে গিয়া জরীপ-প্রভৃতি করিবার কথা।

২৪ ধারা। এই আইনের কোন কার্য্য সকল করিবার জন্যে ইঞ্জিনিয়র সাহেব, কিম্বা তিনি যে ব্যক্তিকে এই কার্য্য করিতে ক্ষমতা দেন সেই ব্যক্তি,

কোন জমীতে গিয়া তাহা জরীপ করিতে ও সমতা নির্ণয়ের সূত্রপাত করিতে,

ও মাটি খুঁড়িতে কিম্বা নীচের মাটিতে ফুকর করিতে,

ও উক্ত ইঞ্জিনিয়র সাহেব কিম্বা কালেক্টর সাহেব যে কার্য্য করিবার কল্পনা করেন ঐ জমী সেই কার্য্যের উপযুক্ত কি না ইহা জানিয়া লইবার নিমিত্ত অন্য যেং কার্য্য করা আবশ্যক হয় তাহা করিতে,

রেখার চিহ্ন দিবার কথা।

ও যে ভূমি লইবার প্রস্তাব হয় তাহার সীমার দাগ দিতে ও সেই জমীতে যে কার্য্য করিবার প্রস্তাব হয় তাহার রেখার চিহ্ন দিতে,

এবং দাগ দিয়া কি খাত কাটিয়া ঐ সমতার ও সীমার ও রেখার চিহ্ন রাখিতে,

জমী পরিষ্কার করিবার কথা।

ও ক্ষেত্রের ফসল কি বেড়া কি জঙ্গল না কাটিয়া যদি ভূমির জরীপী কার্য্য কি সমতা নির্ণয়ের কার্য্য করা যাইতে না পারে, তবে সেই ফসল কি বেড়া কি জঙ্গল কাটিয়া তাহা পরিষ্কার করিতে পারিবেন।

জমীতে যাইবার পূর্ব্বে নোটিস দিবার কথা।

কিন্তু দখিলকারের অনুমতি না পাইলে কোন ব্যক্তি তাঁহার বাড়ী প্রবেশ করিবার কল্পনার নোটিস সাত দিন থাকিতে তাঁহাকে লিখিয়া না দিলে তাঁহার ঘরে কিম্বা বসত বাটী সংযুক্ত ঘেরা প্রাঙ্গণে কি বাগানে প্রবেশ করিতে পারিবেন না।

হানিপূরণের কথা।

ইঞ্জিনিয়র সাহেব, কিম্বা পূর্ব্বোক্তমতে যে কার্য্যকারকের প্রতি ক্ষমতা দেওয়া যায় তিনি, প্রবেশ করিবার সময়ে আবশ্যকমতে পূর্ব্বোক্ত যে দ্রব্যের হানি করা যায় তাহার মূল্য দিবেন কি দিবার প্রস্তাব করিবেন। তদ্রূপে যে টাকা দেওয়া যায় কি দিবার প্রস্তাব হয় তাহা উপযুক্ত মূল্য নয় বলিয়া বিবাদ হইলে, তিনি অগৌণে কালেকটর সাহেবের নিষ্পত্তির নিমিত্ত ঐ বিবাদ অর্পণ করিবেন ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

পঞ্চম অধ্যায়।

ভূমি গ্রহণ করিবার বিধি।

ভূমি লইবার কথা।

২৫ ধারা। যে স্থলে কালেকটর সাহেব তৃতীয় অধ্যায়ের বিধানমতে কার্য্য করেন তদ্ভিন্ন স্থলে, এই

has proceeded under the provisions of Part III, it appears that land is required for any of the purposes thereof, proceedings shall be forthwith taken for the acquisition of such land in accordance with the provisions of the Land Acquisition Act, X of 1870, or any other law for the time being for the acquisition of lands for public purposes

আইনমতে কার্য্যকরণ কালে এই আইনের কোন অভিপ্রায়ের পক্ষে ভূমি লওয়া প্রয়োজন হইয়া দেখা গেলে, ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনমতে কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি লইবার জন্য যে আইন তৎকালে প্রবল থাকে সেই আইনমতে ঐ ভূমি লওন সংক্রান্ত কার্য্য করা যাইবে ইতি ।

26. Whenever any land shall have been taken or used under the provisions of Part III, the Collector shall cause a proclamation to be issued in form in Schedule (C) annexed to this Act at convenient places on or near the land so taken, stating that Government has taken possession of the land, and that claims to compensation for all interests in such land shall be made to him. Thereupon the land shall vest absolutely in the Government free from all incumbrances, subject, however, to the claims for compensation to be ascertained in manner as in this Part is provided

When land taken, proclamation to be published

২৬ ধারা। তৃতীয় অধ্যায়ের বিধানক্রমে কোন ভূমি লওয়া গেলে কি ব্যবহার করা গেলে, গবর্ণমেণ্ট সেই ভূমি লইয়াছেন, ও সেই ভূমিগত স্বার্থের নিমিত্তে যে হানিপূরণের দাওয়া হয় কালেক্টর সাহেবের নিকট সেই দাওয়া করিতে হইবে, কলেক্টর সাহেব ঐ ভূমিতে কিম্বা তাহার আশপাশ কোন উপযুক্ত স্থানে, এই আইনের C তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এই মর্ম্মের ঘোষণাপত্র প্রকাশ করাইবেন। তাহা হইলে কোন প্রকারের দায় ব্যতীত উক্ত ভূমি একবারে গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে। কিন্তু হানিপূরণের দাওয়া প্রবল থাকিবে। এই অধ্যায়ের বিধানমতে ঐ হানিপূরণের টাকা নিরূপণ করা যাইবে। ইতি।

ভূমি লওয়া গেলে ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

27. Such proclamation shall state the particulars of the land so taken, and shall require all persons interested in the land to appear personally or by agent before the Collector at a time and place therein mentioned (such time not being earlier than fifteen days after the date of issuing the proclamation), and to state the nature of their respective interests in the land, and the amount and particulars of their claims to compensation for such interest

Contents of proclamation

২৭ ধারা। তদ্রূপে যে ভূমি লওয়া যায় ঐ ঘোষণাপত্রে তাহার বর্ণনা লেখা থাকিবে, ও এই আদেশ থাকিবে যে ঐ ভূমিতে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহারা ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়েও স্থানে (অর্থাৎ ঐ ঘোষণাপত্র প্রচার করিবার তারিখ অবধি পনেরো দিনের কম নয় এমত নিরূপিত দিনে) আপনারা বা মোক্তারের দ্বারা কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া সেই ভূমিতে আপন২ স্বার্থের ভাব, ও সেই স্বার্থ হেতুক হানিপূরণের কত টাকা দাওয়া করেন এই কথা, এবং সেই দাওয়ার বৃত্তান্ত জ্ঞাত করুন ইতি।

ঘোষণাপত্রের মর্ম্মের কথা।

28. The Collector shall also serve notice to the same effect on the occupier (if any) of such land, and on all such persons known or believed to be interested therein, or to be entitled to act for persons so interested, as reside, or have agents authorized to receive service on their behalf, within the revenue district in which the land is situate.

Further notice to be served on certain parties

২৮ ধারা। আরো সেই ভূমির দখীলকার থাকিলে কালেক্টর সাহেব তাঁহার নামেও, এবং ঐ ভূমি রাজস্ব সম্পর্কীয় যে জিলার অন্তর্গত থাকে ঐ ভূমিতে স্বার্থযুক্ত ব্যক্তি বলিয়া কিম্বা সেই স্বার্থযুক্ত ব্যক্তিদের পক্ষে কর্ম্ম করিতে স্বত্ববান বলিয়া যাঁহাদিগকে জানা যায় কিম্বা অনুভব হয়, এমত যে ব্যক্তিরা সেই ভূমিতে বাস করেন, কিম্বা যাঁহাদের পক্ষে নোটিস গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন মোক্তার থাকে, কালেক্টর সাহেব তাঁহাদের নামেও সেই মর্ম্মের নোটিস দিবেন ইতি।

কোন২ ব্যক্তির নামে অন্য নোটিস দিবার কথা।

29. After service of such notice proceedings shall be had and taken to determine the amount of compensation, to be payable in respect of such land, in accordance with the provisions of the Land Acquisition Act, X of 1870, or any other law for the time being in force for the acquisition of land for public purposes.

Proceedings after notice.

২৯ ধারা। উক্ত নোটিস দেওয়া গেলে পর ঐ ভূমির হানিপূরণস্বরূপ কত টাকা দিতে হইবে, ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের, কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি লইবার জন্য যে আইন তৎকালে প্রবল থাকে সেই আইনের বিধান অনুসারে, ইহা নিরূপণ করিবার কার্য্য করা যাইবে ইতি।

[*Government Gazette, 30th September* 1873.]

30. Whenever any land other than land required or taken by the Engineer, or any right of fishery, right of drainage, right of the use of water, or other right or property, shall have been injuriously affected by the due exercise of the powers or provisions of this Act, the person in whom such property or right is vested may prefer a claim by petition to the Collector for compensation.

Compensation for consequential damage

31. No claim shall be entertained which shall be made later than one year next after the completion of the work by which such right is injuriously affected.

Application to be made within a year

32. When any such claim is made, proceedings shall be taken in view to determine the amount of compensation, if any, which should be made, and the person to whom the same should be payable, in accordance with the provisions of the Land Acquisition Act, X of 1870, or any other law for the time being in force for the acquisition of land for public purposes.

Procedure for such compensation

33. In determining the amount of compensation to be awarded in such cases, the Judge and Assessors shall take into consideration—

Matters to be considered in determining compensation

First, the market value of the property or right injuriously affected at the time of acquiring the land,

Secondly, the damage sustained by the claimant by reason of such acquisition injuriously affecting the property or right;

Thirdly, the consequent diminution of the market value of the property or right injuriously affected at the time of acquiring the land.

But the Judge or Assessors shall not take into consideration—

Matters not to be considered in determining compensation

First, the degree of urgency which has led to the acquisition;

Secondly, any damage sustained by the claimant, which, if caused by a private person, would not in any suit instituted against such person justify a decree for damages

34. All buildings land, earth, pathways, sluices, gates, bermes, hedges, belonging to, or forming part of, any embankment or watercourse, of which charge has been or may hereafter be taken by the officers of

Land, &c, taken possession of to vest in Government

৩০ ধারা। কোন ভূমিতে ইঞ্জিনিয়র সাহেবের প্রয়োজন হইলে, কিম্বা তিনি তাহা লইলে পর, যদি এই আইনের শক্তি বা বিধানক্রমে নিয়মমত কার্য্য হওয়াতে ঐ ভূমিভিন্ন কোন ভূমির কিম্বা মৎস্য ধরিবার স্বত্বের কিম্বা পয়ঃপ্রণালীর কিম্বা জল ব্যবহারের স্বত্বের কি অন্য স্বত্বের কি সম্পত্তির হানি হইয়া থাকে, তবে ঐ সম্পত্তি বা স্বত্ব যে ব্যক্তির প্রতি বর্ত্তে, তিনি কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিয়া হানিপূরণের দাওয়া উপস্থিত করিতে পারিবেন ইতি।

কার্য্যের ফলস্বরূপ হানি হইলে তৎপূরণের কথা।

৩১ ধারা। যে কার্য্যদ্বারা উক্ত স্বত্বের হানি হয় সেই কার্য্য সমাপ্ত হইলে পর এক বৎসরের মধ্যে দাওয়া উপস্থিত করিতে হইবে তাহার পর গ্রাহ্য হইবে না ইতি।

বৎসরের মধ্যে দরখাস্ত করিবার কথা।

৩২ ধারা। তদ্রূপ কোন দাওয়া উপস্থিত করা গেলে এবং হানি পূরণ করিয়া দিতে হইলে, কাহাকে কত টাকা দিতে হইবে, ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি লইবার জন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনের বিধান অনুসারে ইহা নির্ণয় করিবার কার্য্য করা যাইবে ইতি।

ঐ হানিপূরণ বিষয়ক কার্য্যের কথা।

৩৩ ধারা। উক্ত স্থলে হানিপূরণস্বরূপ কত টাকা দিতে হইবে ইহা নিরূপণ করিতে গেলে জজ সাহেব ও আসেসরেরা এই২ বিষয়ের বিবেচনা করিবেন।

মূল্য নিরূপণে যেং বিষয় বিবেচ্য তাহার কথা।

প্রথম যে সম্পত্তির কি স্বত্বের হানি হয়, ভূমি লওন সময়ে তাহার বাজার মূল্য কত হইতে পারে।

দ্বিতীয়। ভূমি লওনদ্বারা সম্পত্তির কি স্বত্বের হানি হওয়াতে দাওয়াদারের কত হানি হইল।

তৃতীয়। ভূমি লওন সময়ে সম্পত্তির কি স্বত্বের হানি হওয়া প্রযুক্ত তাহার বাজার মূল্য কত দূর কমিয়া গিয়াছে।

কিন্তু জজ সাহেব কি আসেসরেরা এই২ বিষয় বিবেচনায় আনিবেন না।

মূল্য নিরূপণে যেং বিষয় বিবেচ্য নয় তাহার কথা।

প্রথম। যে কারণে ভূমি লওয়া আবশ্যক হইল তাহার গুরুত্ব।

দ্বিতীয়। দাওয়াদারের যত হানি হইল, সাধারণ ব্যক্তির দ্বারা তাহার সেই হানি হইলে ও সেই ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি তাহার হানিপূরণের ডিক্রী পাওয়া ন্যায্য না হইত, তবে সেই হানি বিবেচ্য নয় ইতি।

৩৪ ধারা। গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা যে বাঁধের কি পয়ঃপ্রণালীর অধ্যক্ষতা ভার গ্রহণ করিয়াছেন বা ইহার পরে করেন তৎসম্পর্কীয় কি তাহার একাংশ বলিয়া যে গৃহাদি কি জমী কি মাটী কি উপপথ কি

ভূম্যাদি লওয়া গেলে গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবার কথা।

Government, shall vest in the Government, and shall be held on behalf of the Government in respect of the embankments mentioned in Schedule (D) annexed to this Act, and in respect of other works on behalf of the persons interested in the lands to be protected or benefited by such embankment or watercourse, subject to the provisions of Section 63; and all monies received on account of such lands shall be payable to the Engineer and credited to the cost of the construction and maintenance of such works respectively.

PART VI.

Cost of Works, Proceedings, &c

1. *Ascertainment thereof.*

Embankments in Schedule (D)

35. The provisions in this Part contained shall not apply to any of the embankments mentioned in Schedule (D) to this Act annexed, save so far as any works or repairs are executed therein or in relation thereto under the provisions of Section 4, Clause 7, or Section 20 of this Act; or to any of such embankments as may hereafter be erected for the protection of lands which at the time of the passing of this Act are protected by the embankments mentioned in the aforesaid Schedule, save so far as the erection of such embankments may protect lands not protected by the embankments mentioned in the aforesaid Schedule. All sums payable in respect of any works or repairs executed therein, or in relation to the embankments mentioned in the aforesaid Schedule except under the provisions of Section 4, Clause 7, or Section 20 of this Act, shall be paid by the Government.

Exclusion from Schedule.

If at any time after the passing of this Act, on inquiry made by the Collector as far as possible in accordance with the provisions of Part II of this Act, it shall be found that it is unnecessary for the public interests to retain any embankment mentioned in Schedule (D), the Lieutenant-Governor may direct that the same shall be no longer included in the said schedule. Provided that the Lieutenant-Governor may restore the same to the said schedule if on any subsequent enquiry similarly conducted it shall appear to the Lieutenant-Governor that it is necessary so to do

Addition to Schedule

The Lieutenant-Governor may at any time after the passing of this Act, by a notification published in the *Calcutta Gazette*, direct that any embankment not mentioned in Schedule (D) be included

জলদ্বার কি ফাটক কি বেড়া কিম্বা বাঁধের ও পয়ঃপ্রণালীর মধ্যে যে ভূমি থাকে তাহা গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে। এবং এই আইনের D চিহ্নিত তফসীলে যেং বাঁধের উল্লেখ হইয়াছে সেইং বাঁধ লক্ষ করিয়া ঐ জমী প্রভৃতি গবর্ণমেণ্টের নিমিত্ত রাখা যাইবে, ও সেইং বাঁধে কি জলপ্রণালীতে যে ভূমির রক্ষা কি উপকার হয় সেই ভূমিতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে অন্যং কার্য্য লক্ষ করিয়া ৬৩ ধারার বিধানের বশে সেই ব্যক্তিদের নিমিত্ত ঐ ভূম্যাদি অধিকার করিয়া রাখা যাইবে, ও সেইং ভূমির নিমিত্ত যত টাকা পাওয়া যায় তাহা ইঞ্জিনিয়র সাহেবকে দেওয়া যাইবে ও সেই বিষয় প্রস্তুত করিবার ও সারাইয়া রাখিবার খরচের জন্যে জমা করিয়া রাখা যাইবে ইতি।

ষষ্ঠ অধ্যায়।

কার্য্যের খরচ ও আনুষ্ঠানিক কার্য্য প্রভৃতির বিধি।

১ পরিচ্ছেদ। তন্নিরূপণের কথা।

D চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট বাঁধের কথা।

৩৫ ধারা। এই আইনের D চিহ্নিত তফসীলে যেং বাঁধের কথা আছে, তন্মধ্যে কি তৎসম্পর্কে এই আইনের ৪ ধারার ৭ প্রকরণের কি ২০ ধারার বিধানমতে যে কার্য্য করা যায় কি তাহার যে মেরামৎ হয় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিতে পারে, তদ্ভিন্ন সেইং বাঁধের প্রতি এই অধ্যায়ের কোন বিধান খাটিবে না। এবং ঐ তফসীলে যেং বাঁধের কথা লেখা আছে এই আইন প্রচলিত করণ সময়ে সেই বাঁধের দ্বারা যে ভূমি রক্ষা করা যায়, ইহার পর সেই ভূমি রক্ষা করিবার জন্যে উক্ত প্রকারের যে কোন বাঁধ করা যায় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিবে না, কিন্তু পূর্ব্বোক্ত তফসীলে যে বাঁধের কথা লেখা আছে তদ্দ্বারা যে ভূমির রক্ষা না হয় ঐ বাঁধ প্রস্তুত করণে ঐ জমী যত দূর রক্ষা হইবে তত দূর এই অধ্যায়ের বিধান খাটিবে। এই আইনের ৪ ধারার ৭ প্রকরণের কি ২০ ধারার বিধানমতে যে কার্য্য করা যায় তদ্ভিন্ন ঐং বাঁধে কি তৎসম্পর্কে যে সকল কার্য্য করা যায় ও তাহার যে মেরামৎ হয় তাহা করিতে যত খরচ লাগে গবর্ণমেণ্ট তাহা দিবেন।

তফসীল হইতে উঠাইয়া দিবার কথা।

এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে কালেক্টর সাহেব এই আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে সাধ্যানুসারে তদন্ত লইলে পর, সাধারণের স্বার্থরক্ষার নিমিত্ত D চিহ্নিত তফসীলের উল্লিখিত কোনং বাঁধ রাখা আর আবশ্যক নাই জ্ঞান হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত তফসীল হইতে সেই বাঁধ উঠাইয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পশ্চাৎ সেই প্রকারের অনুসন্ধান লইয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই বাঁধ রাখা আবশ্যক বোধ করিলে, তিনি ঐ তফসীলে তাহা পুনর্ব্বার লেখাইতে পারিবেন।

তফসীলে অন্য বাঁধ লেখাইবার কথা।

উক্ত D তফসীলের মধ্যে যে বাঁধ ধরা যায় নাই এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ

in the said schedule, and the provisions of this section shall apply to such embankment.

36. In accordance with the custom heretofore in force in respect of the pergunnahs entered in Schedule (E) annexed to this Act, the Government shall continue to contribute annually the sum noted therein for each pergunnah respectively towards the maintenance of the embankments thereof

Contribution of public money towards the maintenance of the embankments in the pergunnahs entered in Schedule (E) to be continued.

If the embankments maintained in any such pergunnah shall at any time be declared to be public embankments under the provisions of Section 4, the Collector shall, from the date of such declaration, keep a separate account for such pergunnah, in which the aforesaid sum shall be credited at the commencement of each financial year. The unexpended balance at the close of each year shall be carried on to the credit of the account in the next succeeding year, and shall be available for the cost of repairing or erecting all the embankments which it may be deemed necessary to maintain in such pergunnah.

If such embankments are declared to be public, Collector to keep a separate account

If at any time after the passing of this Act, on an inquiry made by the Collector as far as possible in accordance with the provisions of Part II, it shall be found that it is unnecessary for the public interest to retain any embankment in either of the said pergunnahs, the Lieutenant-Governor may direct that such contribution shall cease in respect of such pergunnah. Provided that such contribution shall again be made in accordance with the provisions hereinbefore contained, if it shall appear to the Lieutenant-Governor, on the report of an inquiry similarly conducted, that the maintenance of any embankment in such pergunnah has again become necessary for the public interest.

Contribution may be discontinued if it be found unnecessary for the public interest to maintain the embankments.

37. Specifications of any works or repairs to be executed under the provisions of this Act, and estimates of the expenses to be incurred therein or relating thereto, including such proportion of establishment charges as the Lieutenant-Governor shall direct, shall be prepared by the Engineer as soon after the month of October in each year as may be practicable. And whenever it appears that the actual expenses to be incurred will exceed the amount mentioned in the said estimates by one-tenth,

Estimates and specifications to be prepared

তফসীলে এমত কোন বাঁধ ধরিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে সেই বাঁধের প্রতি এই ধারার বিধান বর্ত্তিবে ইতি।

৩৬ ধারা। এই আইনের E চিহ্নিত তফসীলে যে সকল পরগনা লেখা গেল, তদ্বিষয়ে পূর্ব্বাবধি যে রীতি চলিয়া আসিতেছে তদনুসারে ঐ২ পরগনার বাঁধ সারাইয়া রাখিবার জন্যে প্রত্যেক পরগনার নামে যত টাকা লেখা আছে গবর্ণমেণ্ট বৎসরং তত টাকা দিতে থাকিবেন।

E তফসীলে যে২ পরগনা লেখা গিয়াছে তাহার অন্তর্গত বাঁধ সারাইয়া রাখিবার খরচ রাজকোষ হইতে দিতে থাকিবার কথা।

উক্ত কোন পরগনার যে২ বাঁধ সারাইয়া রাখা যাইতেছে ৪ ধারার বিধানমতে তাহা কোন সময়ে রাজকীয় বলিয়া প্রকাশ করা গেলে সেই কথা প্রকাশ হইবার তারিখঅবধি কালেকটর সাহেব ঐ পরগনার স্বতন্ত্র হিসাব রাখিবেন। সেই হিসাব খাতার রাজস্ব সংক্রান্ত প্রত্যেক বৎসরের আরম্ভে পূর্ব্বোক্ত টাকা জমা করিয়া লওয়া যাইবে। বৎসরের শেষে খরচ বাদে যাহা উদ্বর্ত্ত থাকে তাহা তৎপশ্চাৎ বৎসরের হিসাবে জের টানিয়া জমা করিয়া লওয়া যাইবে। ও সেই পরগনায় যে সকল বাঁধ রক্ষা করা আবশ্যক বোধ হয় তাহা সারাইয়া রাখিবার কি প্রস্তুত করাইয়া দিবার কার্য্যে ঐ টাকা খরচ হইতে পারিবে।

সেই২ বাঁধ রাজকীয় বলিয়া প্রকাশ হইলে কালেকটর সাহেবের স্বতন্ত্র হিসাব রাখিবার কথা।

এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে কালেকটর সাহেব দ্বিতীয় অধ্যায়ের বিধানানুসারে সাধ্যমতে অনুসন্ধান লইলে পর সাধারণের মঙ্গলের জন্যে উক্ত অন্যতর পরগনার কোন বাঁধ রাখা অনাবশ্যক দেখা গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ পরগনা সম্পর্কে ঐ টাকা দেওয়া বন্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেই প্রকারের অনুসন্ধান পুনশ্চ করা গেলে যে রিপোর্ট অর্পণ করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা দেখিয়া সাধারণের মঙ্গলের জন্যে ঐ পরগনার মধ্যে ঐ বাঁধ পুনশ্চ রাখা আবশ্যক জ্ঞান করিলে, ইহার পূর্ব্বলিখিত বিধানানুসারে ঐ টাকা পুনরায় দেওয়া যাইবে ইতি।

সাধারণের স্বার্থ রক্ষার জন্যে ঐ বাঁধ রাখা আর আবশ্যক জ্ঞান না হইলে ঐ টাকা দেওয়া বন্দ হইবার কথা।

৩৭ ধারা। এই আইনের বিধানমতে যে কার্য্য করিতে বা মেরামৎ করিয়া দিতে হইবে, ইঞ্জিনিয়র সাহেব বৎসরং অক্টোবর মাসের পর সাধ্যমতে ত্বরায় ঐ কার্য্যের কি মেরামতীর বয়ান, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সিরিশ্তার খরচ বলিয়া যত খরচের অনুমতি দেন তাহা শুদ্ধ ঐ কার্য্যের কি তৎসম্পর্কীয় খরচের ইষ্টিমেট প্রস্তুত করিয়া দিবেন। আর উক্ত ইষ্টিমেটে যত টাকা ধরা যায় যথার্থ খরচ তাহার দশাংশপর্য্যন্ত অধিক হইবে দৃষ্ট হইলে, ইঞ্জিনিয়র সাহেব তৎক্ষণাৎ

ইষ্টিমেট ও বয়ান করিতে হইবার কথা।

the Engineer shall forthwith prepare further estimates, and, if necessary, further specifications. Copies of all specifications and estimates shall be transmitted to the office of the Collector, together with vernacular translations thereof, or such abstracts thereof as the Lieutenant-Governor may from time to time direct, and may be examined by any person interested in such works or repairs. Notice of the receipt of specifications and estimates shall be served for all estates chargeable for, or likely to be affected by, the said works or repairs; and should any objection in regard to the amount of such expenses be preferred by any such person within a period of one month from the date of such notice, the Collector shall pass such orders as may appear to him reasonable and proper. Such order shall be subject in any case to an appeal by the person making such objection to the Commissioner of division whose decision shall be final.

তার এক ইষ্টিমেট প্রস্তুত করিবেন, এবং আবশ্যক হইলে ঐ কার্য্যাদির আরং বয়ান প্রস্তুত করিবেন। সকল বয়ানের ও ইষ্টিমেটের নকল, এবং দেশীয় ভাষায় তাহার তর্জ্জমা, কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং তাহার যে চুম্বক করিবার আজ্ঞা করেন তাহা ঐ সকলের সহিত কালেক্টর সাহেবের কাছারীতে পাঠাইতে হইবে। ঐ কার্য্য কিম্বা মেরামতীতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহারা সেই সকল দেখিতে পাইবেন। ঐ কার্য্যের কি মেরামতীর খরচা যে সকল মহালহইতে খরচ লওয় যাইতে পারে কিম্বা যে সকল মহালের উপকারাদির সম্ভাবনা, সেই সকল মহালে ঐং বয়ান ও ইষ্টিমেট পাইবার নোটিস জারি করা যাইবে। উক্ত কোন ব্যক্তি ঐ নোটিসের তারিখ-অবধি এক মাসের মধ্যে সেই খরচের বিষয়ে কোন আপত্তি করিলে, কালেক্টর সাহেব যে আজ্ঞা যুক্তিযুক্ত ও উচিত জ্ঞান করেন করিবেন। যে ব্যক্তি ঐ আপত্তি করিলেন তিনি সর্ব্বদা সেই আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

Preparation and settlement of accounts

38. The accounts of the actual expense incurred in executing any works or repairs shall be prepared as soon as possible after the completion thereof. The Engineer shall sign a certificate stating the true amount of all such expenses, and the names of the estates chargeable for, and of the estates and villages affected by, the said works and repairs. Copies of the said accounts and certificates shall be forwarded to the office of the Collector, and may be there examined by any person interested. Notice of the receipt thereof shall be served for the said estates and villages and such others as in the opinion of the Collector are liable to contribute to the payment of the said amount, and if, within thirty days from the service of such notice, any interested person shall object to the accounts on the ground either that the work charged for has not been performed, or that the whole sum charged has not been expended, or that the rates of charge are higher than those mentioned in the estimates, the Collector shall inquire into such objection, and may pass any order thereon subject in any case to an appeal by the objector to the Commissioner of division whose decision shall be final.

হিসাব প্রস্তুত ও নিষ্পত্তি করিবার কথা।

৩৮ ধারা। কোন কার্য্যে বা মেরামতী কার্য্যে নিট যত টাকা খরচ হয় তাহার হিসাবপত্র ঐ কার্য্য সম্পাদন হওবার পর সুবিধামতে প্রস্তুত করা যাইবে। প্রকৃতরূপে যত টাকা খরচ হয় তাহার সর্টিফিকটে এবং ঐ কার্য্য বা মেরামতীর খরচ যে সকল মহালহইতে লওয় যাইতে পারিবে ও তদ্দ্বারা যে সকল মহালের ও গ্রামের লভ্যাদি হইতে পারে তাহার নামের সর্টিফিকটে ইঞ্জিনিয়র সাহেব স্বাক্ষর করিবেন সেই হিসাবের ও সর্টিফিকটের নকল কালেক্টরী কাছারীতে পাঠান যাইবে। যে ব্যক্তিরদের স্বার্থ থাকে তাঁহারা তথায় গিয়া তাহা দেখিতে পারিবেন। উক্ত সকল মহালে ও গ্রামে এবং কালেক্টর সাহেবের বিবেচনামতে অন্য যেং গ্রামের প্রতি ঐ টাকার একাংশ দিবার দায় বর্ত্তিতে পারে ঐ সর্টিফিকট ও ঐ হিসাব-পত্র পঁহুছিবার নোটিস সেইং মহালে ও গ্রামে প্রকাশ করা যাইবে। যে কার্য্যের খরচের দাওয়া হইল তাহা সম্পাদন হয় নাই, কিম্বা যত টাকার দাওয়া হইল সেই সমুদয় টাকা খরচ হয় নাই, কিম্বা ইষ্টিমেটে যত টাকা লেখা আছে তাহার বেশী খরচের দাওয়া হইয়াছে বলিয়া ঐ বিষয়ের স্বার্থযুক্ত কোন ব্যক্তি ঐ নোটিস জারী হইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপত্তি করিলে, কালেক্টর সাহেব সেই আপত্তির তদন্ত লইয়া তদ্বিষয়ের কোন আজ্ঞা করিতে পারিবেন। তাঁহার আজ্ঞার উপর আপত্তিকারক সর্ব্বদা দেশ-খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

Total sum payable.

39. The Collector shall add to the amount appearing in the said certificate all sums which have been paid or have become payable in respect of compensation, costs and expenses under and incidental to any proceedings taken or directed to be taken under Parts II and V of this

মোটে যত টাকা দিতে হইবে তাহার কথা।

৩৯ ধারা। হানিপূরণ বলিয়া, এবং এই আইনের দ্বিতীয় ও পঞ্চম অধ্যায়মতে যে কোন কার্য্য করা যায় কি করিবার আজ্ঞা হয় তদনুসারে ও তদঘটিত খরচ খরচা বলিয়া, এবং জরীপ ও নক্শা করিবার খরচ বলিয়া, যত টাকা দেওয়া গিয়াছে কি দেনা হয়, কালেক্টর

Act, including costs of all surveys and plans. He shall thereupon make an order specifying the total sum found payable, and in respect of works done under Section 4, Clause 5, and Sections 19 and 20, the persons by whom, or in respect of other works the estates in respect of which the same is payable to him. If the order is made in respect of work done under Section 4, Clause 5, and Sections 19 and 20, the same shall forthwith be served upon the party or parties liable to pay; otherwise the Collector shall proceed under the provisions in the next chapter contained

Interest.

Interest may be charged upon any sum paid as compensation from the date of payment thereof at such rate, not exceeding 5 per centum per annum, as the Lieutenant-Governor may direct.

Parties liable to pay

40. The said total sum, save so far as is otherwise provided in this Act, shall be paid to the Collector by the zemindars of the estates in which are situated the lands benefited or protected by the repairs or works executed. Provided that where any specific sum has hitherto been annually demanded in respect of any embankment not included in Schedule (D), and when the said embankment is at the time of this Act coming into operation being maintained by Government, then such special payments shall, after the passing of this Act, thenceforth cease and determine.

Every zemindar, who is liable under this rule for the payment of the whole or a portion of such total sum, shall be entitled to recover from the proprietor of every tenure which is declared to be a part of his estate, the sum apportioned to such tenure by the Collector, under the provisions of Section 45. And similarly, every proprietor shall be entitled to recover from the proprietor of any subordinate tenure which is declared to be part of his tenure, the sum apportioned to such subordinate tenure by the Collector, under the said provisions.

2. *Apportionment thereof.*

Notice to be given before apportionment.

41. So soon as the total sum payable as aforesaid has been ascertained, the Collector shall cause a notice to be served for every one of the said estates and villages mentioned in Section 38. Every such notice shall specify the estates and villages aforesaid, and that an inquiry will be held at a day and place therein

সাহেব উক্ত সর্টিফিকটের লিখিত টাকার সহিত সেই সকল খরচের টাকা একুন করিয়া দিবেন। পরে মোট দেনা বলিয়া যত টাকা নির্ণয় হয় এবং ৪ ধারার ৫ প্রকরণ ও ১৯ ও ২০ ধারামতে যে কার্য্য করা যায় তৎসম্পর্কে যেং ব্যক্তির স্থানে ঐ টাকা পাওনা হয় ও অন্যাং কার্য্য সম্পর্কে যেং মহালের নিমিত্ত তাঁহার ঐ টাকা পাওনা হয়, তিনি এই সকল কথা বিশেষ করিয়া লিখিয়া আজ্ঞা দিবেন। ৪ ধারার ৫ প্রকরণ ও ১৯ ও ২০ ধারামতে যে কার্য্য করা যায় ঐ আজ্ঞা সেই কার্য্য-সম্পর্কীয় হইলে, যে ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টাকার দায়ী হন ঐ আজ্ঞাপত্র অগৌণে তাঁহাদিগকে দেওয়া যাইবে। নতুবা কালেক্টর সাহেব ইহার পশ্চাৎ পরিচ্ছেদের বিধানমতে কার্য্য করিবেন।

সুদের কথা।

হানিপূরণ স্বরূপ টাকা দেওয়া গেলে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব শতকরা ৫ টাকার অনধিক যে হিসাবে সুদ নিরূপণ করেন, টাকা দিবার তারিখ অবধি তাহার উপর সেই হিসাবে সুদ লওয়া যাইতে পারিবে ইতি।

যাহারা সেই টাকার দায়ী তাঁহারদের কথা।

৪০ ধারা। উক্ত যে মেরামতের কার্য্য বা যে কার্য্য সম্পাদন করা যায় তদ্দ্বারা যে ভূমির উপকার কি রক্ষা করা যায় তাহা যেং মহালের অন্তর্গত থাকে এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, সেইং মহালের জমিদারেরা কালেক্টর সাহেবকে উক্ত সমস্ত টাকা দিবেন। কিন্তু D তফসীলের মধ্যে যেং বাঁধ ধরা যায় নাই তাহার কোন বাঁধসম্পর্কে যদি বৎসরং বিশেষ কোন টাকার দাওয়া হইয়া থাকে এবং এই আইন প্রচলিত হওন সময়ে যদি সেই বাঁধ গবর্নমেণ্টের দ্বারা সারাইয়া রাখা গিয়া থাকে, তবে এই আইন প্রচলিত হইবার পর সেই বিশেষ টাকা দেওয়া রহিত ও বন্দ করা যাইবে।

এই বিধিমতে ঐ মোট টাকার সমুদয় বা কিয়দংশ দিবার জন্যে যে জমিদার দায়ী হন তাঁহার মহালের একাংশ বলিয়া যত তালুকাদি ধরা গিয়াছে কালেক্টর সাহেব ৪৫ ধারার বিধানমতে ঐং তালুকের নামে যত টাকা করিয়া ধরেন জমিদার সেইং তালুকাদির ভোগাধিকারিদের স্থানে তত টাকা আদায় করিয়া লইতে পারিবেন। তদ্রূপেও প্রত্যেক জন ভোগাধিকারির তালুকের একাংশ বলিয়া যত পেটাও তালুক ধরা গিয়াছে কালেক্টর সাহেব সেই বিধানমতে ঐং পেটাও তালুকের নামে যত টাকা করিয়া ধরেন, ঐ ভোগাধিকারী সেই পেটাও তালুকদারদের স্থানে তত টাকা আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

২ পরিচ্ছেদ। খরচের যে অংশ যাহার দিতে হইবে তাহা নিরূপণ করিবার কথা।

খরচের যে অংশ যাহার দিতে হইবে ইহা নিরূপণ করিবার পূর্ব্বে নোটিস দিবার কথা।

৪১ ধারা। সর্ব্বশুদ্ধ যত টাকা দেনা হয় ইহা পূর্ব্বোক্তমতে নির্ণয় করা গেলেই কালেক্টর সাহেব ৩৮ ধারার লিখিত প্রত্যেক মহালের ও গ্রামের উপর নোটিস জারী করাইবেন। উক্ত প্রত্যেক নোটিসে পূর্ব্বোক্ত সকল মহালের ও গ্রামের নাম বিশেষ করিয়া লেখা যাইবে এবং ঐ মোট টাকার

named for the purpose of apportioning amongst the zemindars and proprietors the said total sum, with interest and the costs of apportionment.

মধ্যে যে জমিদারদের ও যে ভোগাধিকারিদের সুদ ও অংশনিরূপণের খরচশুদ্ধ যত টাকা করিয়া দিতে হইবে ইহা নিরূপণ করিবার জন্যে অমুক স্থানে অমুক দিনে তদন্ত লওয়া যাইবে এই কথা নোটিসে লেখা থাকিবে ইতি।

Mode of enquiry as to the proportion chargeable to each estate

42. On the day fixed in the said notice, which shall not be less than thirty days later than the date of any service of such notice the Collector shall proceed to make the said enquiry. In making this enquiry he shall receive such evidence as may be tendered by, or on behalf of, the said zemindars and proprietors, and by, or on behalf of, any other persons who may claim to be interested therein.

যে মহালের যত খরচ নির্দ্দেশ করিতে হইবে ইহার অনুসন্ধান লইবার নিয়মের কথা।

৪২ ধারা। কালেকটর সাহেব উক্ত নোটিসের নিরূপিত দিনে উক্ত তদন্ত লইবার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। সেই দিন ঐ নোটিস দিবার তারিখ অবধি ত্রিশ দিনের কম না হয়। উক্ত জমীদারেরা ও ভোগাধিকারিরা কিম্বা তাঁহাদের সপক্ষ অন্য ব্যক্তিরা, এবং উক্ত অনুসন্ধান কার্য্যে আমারদেরও স্বার্থ আছে বলিয়া অন্য ব্যক্তিরা দাওয়া করিলে তাঁহারা কি তাঁহারদের সপক্ষ কোন ব্যক্তি যেং প্রমাণ দেন, কালেকটর সাহেব ঐ অনুসন্ধান লওন সময়ে সেইং প্রমাণ লইবেন ইতি।

Names of proprietors

43. In any such enquiry the Collector shall take down in writing the names of all persons who may claim, or who may be alleged by any party interested, to be proprietors of tenures within any of the estates mentioned in such notice In default of appearance of any such person, the Collector shall issue and serve a notice calling on him to appear at a date and place therein mentioned, and to show cause against being included in the order of apportionment to be made therein, and shall adjourn the enquiry till such date.

ভোগাধিকারিদের নাম লিখিবার কথা।

৪৩ ধারা। পূর্ব্বোক্ত নোটিসে যেং মহাল লেখা থাকে তাহার মধ্যে কোন মহালের অন্তর্গত তালুকপ্রভৃতির ভোগাধিকারী বলিয়া যে ব্যক্তিরা আপনাদিগকে জানান, কিম্বা স্বার্থযুক্ত কোন ব্যক্তি যাঁহারদিগকে ভোগাধিকারি বলিয়া কহেন, কালেক্টর সাহেব উক্ত তদন্ত লইবার সময়ে, সেই সকল ব্যক্তির নাম লিখিয়া লইবেন। তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত না হইলে, কালেকটর সাহেব তাঁহার নামে নোটিস জারী করাইয়া তাঁহাকে ঐ নোটিসের লিখিত স্থানে ও দিবসে উপস্থিত হইয়া খরচের অংশ নিরূপণ করিবার আজ্ঞার মধ্যে তাঁহার নাম না ধরিবার কারণ জানাইতে আজ্ঞা করিবেন, ও সেই দিন পর্য্যন্ত ঐ তদন্ত লওনের কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

Apportionment amongst zemindars

44. At such or any subsequently adjourned enquiry, the Collector, if there be only one estate liable, shall charge the zemindar thereof with the total amount payable, and if there be two or more estates, he shall apportion the same amongst the zemindars thereof, rateably in proportion to the respective benefits derived by such estates from such works or repairs, or in proportion to the areas of the lands benefited or protected thereby, and comprised within such estates respectively, or with the sanction of the local Government in proportion to the amount of revenue respectively payable for such estates, if, before the passing of this Act, such proportion has been usually adopted

Provided that the said total amount payable in respect of the embankments on the right bank of the river Gunduk shall be chargeable, in accordance with the custom in force for such estates, to the zemindars of all the estates situated in the district of Sarun, in proportion to the amount of revenue respectively payable for such estates.

[Government Gazette, 30th September 1873.]

জমীদারদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

৪৪ ধারা। কেবল একটি মহাল দায়ী হইলে কালেকটর সাহেব সেই দিনে, কিম্বা তদন্ত লওয়ার জন্যে দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে, সেই মহালের জমীদারের স্থানে পাওনা বলিয়া সেই সমুদয় টাকা লিখিবেন। দুই কি তদধিক মহাল থাকলে, সেই কার্য্যের কি মেরামতীর দ্বারা যে মহালের যত দূর উপকার হয় তিনি তদনুসারে, কিম্বা ঐং মহালের অন্তর্গত যেং ভূমির উপকার কি রক্ষা হয় সেইং ভূমির আয়তন অনুসারে, কিম্বা ঐং মহালের যত টাকা রাজস্ব দিতে হয় এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যদি তদনুসারে খরচ লওয়া গিয়া থাকে তবে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তদনুসারে, ঐং মহালের জমীদারদের স্থানে খরচের একং অংশ লইবেন।

পরন্তু গণ্ডক নদের দক্ষিণ তীরে যে সকল বাঁধ আছে তজ্জন্যে মোটে উক্ত যত টাকা দেনা হয় সারণ জিলার অন্তর্গত মহালের প্রচলিত রীত্যনুসারে যে মহালের যত টাকা রাজস্ব তাহার হিসাবমতে ঐং মহালের জমীদারদের স্থানে ঐ মোট টাকার একং অংশ লওয়া যাইবে।

Proviso in respect of the pergunnahs in Schedule (E)

Provided also that the sum standing to the credit of a pergunnah in Schedule (E) in the account kept by the Collector, at the time when the total amount payable is fixed under the provisions of Section 39, shall be deducted from the total amount payable in respect of such portion of any embankment as is situated in such pergunnah; and that the zemindars of the estates situated therein shall be charged only with the balance of the amount (if any) which may remain payable.

Apportionment amongst proprietors.

45. The Collector shall, in like manner, apportion, except in respect of the said Gunduk embankments, the amount payable in respect of each estate amongst all the tenures therein rateably in the proportion of benefit so received or area so benefited or protected, first deducting therefrom such sum as, on the like principle of proportion, is payable in respect of such portion of the estate as is not included within any tenure.

Apportionment where the lands held without payment of rent, not being estates on the register of revenue-free tenures

46. All lands held without payment of rent not being estates entered in the register of revenue-free tenures, shall, for the purposes of this Act, be deemed to form a part of the tenure within the local boundaries of which they are included; and, if they are not included within the local boundaries of any tenure, then to be a part of the estate within the local boundaries of which they are included; and, if they are not included within the local boundaries of any estate, then to be a part of such conterminous estate as the Collector, in whose district such conterminous estate is situated, shall, by an order under his seal and signature, declare.

Amount apportioned payable by instalments

47. The amount apportioned to any estate or tenure, shall be payable in equal instalments on such days as the Lieutenant-Governor shall direct, provided that no instalment shall exceed four annas for every acre of land in respect of which the same is payable, and that not more than four instalments shall be payable in any one year

Interest

Interest shall be charged on the unpaid portion of the said amount from the date of the same becoming due until payment thereof at such rate, not exceeding five per centum per annum, as the Lieutenant-Governor shall from time to time determine.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১০ সেপ্টেম্বর।]

E তফসীলের পরগণার বিষয়ে উপবিধি।

পরন্তু মোটে যত টাকা দিতে হইবে ইহা ৩৯ ধারার বিধানানুসারে যে সময়ে নিদ্ধার্য্য করা যায়, সেই সময়ে যে কালেক্টর সাহেবের খাতামতে E তফসীলের উল্লিখিত কোন পরগণার টাকা জমা থাকিলে সেই পরগণার মধ্যে কোন বাঁধের যে অংশ থাকে সেই অংশ সম্পর্কে দেনা সমুদয় টাকাহইতে ঐ জমা টাকা বাদ দিতে হইবে। তাহা বাদ দিলে পর আর টাকা দেনা থাকিলে ঐ২ পরগণার মধ্যে যে জমীদারদের মহাল থাকে তাঁহারদের কেবল সেই বাকী দিতে হইবে ইতি।

ভোগাধিকারিদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

৪৫ ধারা। উক্ত গণ্ডকের বাঁধ সম্পর্কীয় কথা ছাড়া প্রত্যেক মহালের উপলক্ষে যত টাকা দেনা হয়, তদন্তর্গত তালুকের যত উপকার হয় কিম্বা তাহার যে আয়তনের উপকার কি রক্ষা হয়, কালেক্টর সাহেব তদনুসারে সেই২ তালুকের দেনা টাকাও নিরূপণ করিবেন কিন্তু তাহা করিবার পূর্ব্বে ঐ মহালের অন্তর্গত যে ভূমি কোন তালুকের মধ্যে ধরা যায় নাই নিয়মমতে সেই ভূমিহইতে ঐ খরচের যে অংশ লওয়া যাইতে পারে তালুকের দেনা টাকাহইতে তাহা বাদ দিবেন ইতি।

যে মহাল নিষ্কর তালুকের রেজিষ্টরে থাকে তদ্ভিন্ন নিষ্কররূপে ভোগ করা জমীর কথা।

৪৬ ধারা। লাখেরাজী মহালের রেজিষ্টরী বহীতে লিখিত না হইয়া যে সকল জমী নিষ্কররূপে ভোগ হইয়া থাকে সেই জমী যে তালুকাদির সীমার মধ্যে ধরা যায় এই আইনের কার্য্যপক্ষে সেই তালুকাদির একাংশ বলিয়া জ্ঞান হইবে। যদি কোন তালুকাদির সীমার মধ্যে ধরা না গিয়া থাকে তবে যে মহালের সীমার মধ্যে ধরা যায় সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে। যদি কোন মহালের সীমার মধ্যে ধরা না গিয়া থাকে তবে ঐ জমীর লাগাও মহাল যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেব আপনার মোহরাঙ্কিত ও স্বাক্ষরিত আজ্ঞাপত্রক্রমে ঐ জমীর লাগাও যে মহালের অংশ বলিয়া ঐ জমী ধরিবার আজ্ঞা করেন সেই মহালের অংশ বলিয়া ধরা যাইবে ইতি।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

৪৭ ধারা। কোন মহালের কি তালুকের দেনা বলিয়া খরচের যত টাকা নিরূপণ হয়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যেই দিন নিরূপণ করেন ঐ টাকা কি কিস্তি সেইং দিনে দেওয়া যাইবে। কিন্তু যে ভূমির নিমিত্ত ঐ কিস্তির টাকা দেনা হয় সেই ভূমির একর প্রতি চারি আনার অধিক কিস্তি লওয়া যাইবে না ও এক বৎসরে চারিটার অধিক কিস্তি ধার্য্য হইবে না।

সুদের কথা।

উক্ত টাকার যে অংশ দেওয়া না যায় তাহার দেনা হইবার তারিখ অবধি না দিবার তারিখ পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং বৎসর শতকরা ৫ টাকার অনধিক যত সুদ নিরূপণ করেন ঐ পাওনা টাকার উপর সেই হিসাবে সুদ চলিবে ইতি।

48. On the completion of the apportionment the Collector shall make an order specifying the estates and tenures, and the several sums payable in respect thereof, the instalments of such sums, and the dates on which the same are payable.

Final order of apportionment.

3. *Recovery thereof.*

49. The Collector shall, within thirty days from the final order of apportionment, make and serve for every estate therein mentioned an order, stating the amount with interest due in respect thereof, and that the same is payable to him, and the date or dates at which such amount or instalments thereof shall become payable to him.

Orders for payment

50. If such sum or any instalment thereof be not, pursuant to the said order, paid, the same with interest shall be recoverable as arrears of a demand under the provisions of Bengal Act VII of 1868 (*to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*).

Recovery from zemindars

51 Every zemindar or proprietor to whom any sum or instalment thereof is payable under the said order, may recover the same with interest as aforesaid in the manner provided for the recovery of arrears of rent in respect of putnee tenures by the provisions of Clauses 2 and 3 of Section 8, Sections 9, 10, 14, 15, and Clauses 1, 2, and 3 of Section 17 of Regulation VIII of 1819, as amended by Bengal Act VIII of 1865, provided that the right or interest of any person holding from the proprietor of such tenure shall not be affected by any sale held under these provisions

Recovery by zemindars or proprietors

PART VII

Miscellaneous

52. Whoever wilfully obstructs any person duly authorized under this Act in removing or levelling any embankment, house, hut, or other building, or in the lawful exercise of any of the powers in this Act conferred, shall, in case such obstruction shall not amount to an offence within the provisions of the Indian Penal Code, be liable to imprisonment of either description for any period not

Penalty for obstructing persons in exercise of powers of Act.

৪৮ ধারা। যে মহাল প্রভৃতির যত টাকা দিতে হইবে ইহা নিরূপণ করা গেলে পর, কালেক্টর সাহেব মহাল ও তালুকাদি নির্দ্দিষ্ট করিয়া কাহার কত টাকা দিতে হইবে ও কত কিস্তি করিয়া টাকা দেওয়া যাইবে ও যে২ তারিখে ঐ টাকা দেনা হইবে ইহা বিশেষ করিয়া অনুজ্ঞাপত্র লিখিবেন ইতি।

অংশ নিরূপণের শেষ আজ্ঞার কথা।

৩ পরিচ্ছেদ—ঐ টাকা আদায়ের কথা।

৪৯ ধারা। যে মহালের যত টাকা দিতে হইবে ইহার নিরূপণসূচক শেষ আজ্ঞা হইলে পর কালেক্টর সাহেব ত্রিশ দিনের মধ্যে ঐ অনুজ্ঞাপত্রের লিখিত প্রত্যেক মহালে এক২ আজ্ঞাপত্র করিয়া জারী করিবেন। ঐ মহালের সুদ শুদ্ধ কত টাকা দেনা আছে এবং সেই টাকা কালেক্টর সাহেবকে দিতে হইবে, ও সেই টাকা কিম্বা ঐ টাকার কিস্তি যে তারিখে বা যে২ তারিখে তাঁহাকে দিতে হইবে, ঐ আজ্ঞাপত্রে এই২ কথা লেখা থাকিবে ইতি।

টাকা দিবার আজ্ঞার কথা।

৫০ ধারা। সেই টাকা কিম্বা তাহার কোন কিস্তি উক্ত আজ্ঞামতে না দেওয়া গেলে, ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব ও রাজকীয় অন্য যে দাওয়ার টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করিবার বিধান করণার্থ আইনের) বিধানমতে বাকী দাওয়ার ন্যায় ঐ টাকা সুদশুদ্ধ আদায় হইতে পারিবে ইতি।

জমীদারদের স্থানে আদায় করিবার কথা।

৫১ ধারা। উক্ত আজ্ঞাক্রমে জমীদারের কি ভোগাধিকারির কোন টাকা কি টাকার কিস্তি পাওনা হইলে ১৮৬৫ সালের বঙ্গীয় ৮ আইনদ্বারা সংশোধিত ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারার ২ ও ৩ প্রকরণে ও ৯, ১০, ১৪, ১৫ ধারায় ও ১৭ ধারার ১, ২ ও ৩ প্রকরণে পত্তনী তালুকের বাকী খাজানা আদায় করিবার যে বিধান আছে, তিনি সেই বিধানমতে পূর্ব্বোক্ত সুদ শুদ্ধ ঐ টাকা আদায় করিতে পারিবেন। পরন্তু ঐ তালুকাদির ভোগাধিকারির স্থানে যে ব্যক্তি ভূমি লইয়া ভোগ করেন, এই বিধানমতে বিক্রয় হইলেও সেই ব্যক্তির স্বত্বের কি স্বার্থের হানি হইবে না ইতি।

জমীদারদের কি অধিকারিদের স্থানে আদায় করিবার কথা।

সপ্তম অধ্যায়।

বিবিধ বিধি।

৫২ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে উপযুক্ত ক্ষমতাপন্ন হইয়া কোন বাঁধ কি ঘর কি খড়ুয়া ঘর কি অন্য গাঁথনি উঠাইয়া দিতেছেন কি ভূমিসাৎ করিতেছেন, কিম্বা এই আইনমতে যে২ ক্ষমতা দেওয়া গেল ন্যায্যমতে সেই২ ক্ষমতানুসারে কর্ম্ম করিতেছেন, এমন সময়ে কেহ ইচ্ছা করিয়া তাঁহাকে বাধা দিলে ও সেই বাধা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানমতে অপরাধের তুল্য না হইলে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনা-

এই আইনমত কর্ম্মকারি ব্যক্তির প্রতিবন্ধক হইবার দণ্ডের কথা।

exceeding six months, at the discretion of the Magistrate, or to fine not exceeding two hundred rupees, commutable, if not paid, to a period of imprisonment not exceeding six months.

53 Every person who, without the previous permission of the Engineer, shall erect, or cause or wilfully permit to be erected, any new embankment, or shall obstruct or divert, or cause or wilfully permit to be obstructed or diverted, any watercourse, if such embankment or watercourse is likely to interfere with, counteract, or impede, any public embankment or any public watercourse, or shall abet any such act, shall be liable on conviction to a fine not exceeding five hundred rupees, or in default of payment, to imprisonment of either description for a period not exceeding six months.

Penalty on unauthorized interference with embankments or drainage.

54. No person shall, without due authority, cut through, or attempt to cut through, any public embankment, or destroy, or attempt to destroy any such embankment, or open or shut, or obstruct any sluice in any such embankment, or any public watercourse, and every person who shall commit any breach of the provisions of this section shall, in case the act shall not amount to mischief within the meaning of the Indian Penal Code, be liable to imprisonment of either description for a term not exceeding one month, or to a fine not exceeding two hundred rupees.

Penalties for injuring works under Act

55 Every person who shall make any dam or other obstruction for the purpose of diverting or opposing the current of a river, wherein or whereon there are public embankments, without the permission of the officer in immediate charge of the embankments, or shall refuse or neglect to remove any such dam or obstruction when so required by the Engineer, or shall cut or otherwise alter the banks of any embanked river, or shall remove the earth from any public embankment, or shall drive stakes into it, or by any other wilful act destroy or diminish the efficiency of such embankment, and every person who shall cause or knowingly and wilfully permit any cattle to graze upon any such embankment, or shall tether, or cause or wilfully permit any cattle to be tethered upon any such embankment, or who shall root up any grass or other vegetation growing on any such embankment, shall be liable to imprisonment of either

Penalties for diverting rivers or permitting cattle to graze on embankments

মতে তাঁহার ছয় মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড না দেওয়া গেলে তৎপরিবর্ত্তে তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

৫৩ ধারা। কোন ব্যক্তি ইঞ্জিনিয়র সাহেবের অনুমতি না পাইয়া কোন নূতন বাঁধ করিলে কি অন্যেরদ্বারা করাইলে কিম্বা ইচ্ছা করিয়া অন্যকে করিতে দিলে, কিম্বা কোন পয়নালা অবরুদ্ধ কি অন্যমুখ করিলে কি করাইলে কিম্বা ইচ্ছা করিয়া অন্যকে করিতে দিলে, কিম্বা তদ্রূপ কোন কার্য্যের সহায়তা করিলে, ও সেই বাঁধ কি পয়নালা দ্বারা যদি রাজকীয় কোন বাঁধের কি রাজকীয় কোন পয়নালার কার্য্যের ব্যাঘাত কি বিপক্ষতা কি অবরোধ হইবার সম্ভাবনা থাকে, তবে ঐ অপরাধের প্রমাণ হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ও দণ্ডের টাকা না দিলে তাঁহার ছয় মাসপর্য্যন্ত কোন এক প্রকারে কারাদণ্ড হইতে পারিবে ইতি।

অনুমতি না পাইয়া বাঁধে কি পয়নালায় হস্তক্ষেপ করিবার দণ্ডের কথা।

৫৪ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত ক্ষমতা না পাইয়া রাজকীয় কোন বাঁধ কাটিয়া দিবে না ও কাটিবার উদ্যোগ করিবে না ও তদ্রূপ কোন বাঁধ নষ্ট করিবে না ও নষ্ট করিবার উদ্যোগ করিবে না, ও তদ্রূপ কোন বাঁধের কি রাজকীয় কোন পয়নালার জলদ্বার খুলিবে না কি বন্ধ কি অবরোধ করিবে না। কোন ব্যক্তি এই ধারার বিধান লঙ্ঘন করিলে ও সেই কার্য্য ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে অপকার করণের তুল্য না হইলে, তাহার এক মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

আইনমত কার্য্যের হানি করিবার দণ্ডের কথা।

৫৫ ধারা। কোন নদীতে কিম্বা নদীর ধারে রাজকীয় বাঁধ থাকিলে সেই বাঁধ অব্যবহিতরূপে যে কর্ম্মকারকের অধীন থাকে কোন ব্যক্তি তাঁহার অনুমতি না পাইয়া সেই নদীর স্রোত অন্যমুখ করিবার কিম্বা তাহার বাধা দিবার নিমিত্তে কোন জাঙ্গাল করিলে কিম্বা অন্য প্রকারে তাহা অবরোধ করিলে কিম্বা ইঞ্জিনিয়র সাহেবের আজ্ঞা পাইলেও সেই জাঙ্গাল কি অবরোধক দ্রব্য উঠাইয়া দিতে অস্বীকার কি তাচ্ছল্য করিলে, কিম্বা বাঁধযুক্ত কোন নদীর তীর কাটিয়া দিলে কিম্বা প্রকারান্তরে পরিবর্ত্তন করিলে, কিম্বা রাজকীয় কোন বাঁধের মাটী তুলিয়া ফেলিলে কিম্বা তাহাতে খোঁটা গাড়িলে কিম্বা ইচ্ছা করিয়া অন্য কার্য্য দ্বারা ঐ বাঁধের কার্য্যোপযোগিতা নষ্ট কি কম করিয়া দিলে, এবং কোন ব্যক্তি উক্ত প্রকারের কোন বাঁধে কোন গোমেষাদি চরাইলে কি জানিয়া শুনিয়া ও ইচ্ছা করিয়া চরিতে দিলে, কিম্বা তদ্রূপ কোন বাঁধে গোমেষাদি বাঁধিলে কি বাঁধাইলে কি ইচ্ছা করিয়া অন্যকে বাঁধিতে দিলে, কিম্বা সেই বাঁধে যে ঘাস কি অন্য লতাপাতা জন্মে তাহা উপড়াইয়া ফেলিলে,

নদী অন্যমুখ করিবার কিম্বা বাঁধের উপর গোমেষাদি চরিতে দিবার দণ্ডের কথা।

description for a term not exceeding six months, or to a fine not exceeding two hundred rupees.

Obstructions to be removed and damage repaired

56 Whenever any person is convicted of an offence under either of the three last preceding sections, the convicting Magistrate may order that he shall remove the embankment or obstruction, or repair the damage, in respect of which the conviction is held, within a period to be fixed in such order. If such person neglects or refuses to obey such order within the fixed period, the Engineer may remove such embankment or obstruction or repair such damage, and the cost of such removal or repair shall be levied from such person in addition to any other penalty in the manner provided in Section 307 of the Code of Criminal Procedure.

Service

57. Every proclamation, notice or order in and by this Act required to be served may, unless when otherwise provided, be served—

(1) by delivering a copy of the same to the person to whom it is directed, or on failure of such service by posting a copy on some conspicuous part of the house in which the said person resides, or by delivering a copy to any agent authorized to appear generally for the person to whom such proclamation, notice or order is directed; or

(2) by sending a registered letter containing a copy of such proclamation, notice or order directed to the said person at his usual place of abode, or at the place where he may be known to reside; or

(3) by posting a copy of the proclamation, notice or order at the mal-cutcherry of the estate, village or tenure to which the same relates; or if no such mal-cutcherry be found, on some conspicuous place on the said estate, village or tenure, and by delivering, in the case of estates paying their annual revenue by four instalments, another copy thereof to the agent who shall have paid an instalment of revenue next before or after the preparation of such proclamation, notice or order In all cases where two or more persons are holders of an estate, village or tenure service under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons.

[*Government Gazette*, 30*th September* 1873.]

তাহার ছয় মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

অবরোধক বিষয় স্থানান্তর করিবার ও হানি সারাইয়া দিবার কথা।

৫৬ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারার কোন ধারামতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব অপরাধ নির্ণয় করেন তিনি সময় নির্দ্দিষ্ট করিয়া ঐ ব্যক্তিকে সেই সময়ের মধ্যে ঐ বাঁধ কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে কিম্বা যে হানি করণ অপরাধ নির্ণয় হইল সেই হানি সারাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই ব্যক্তি ঐ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে তাচ্ছল্য কি অস্বীকার করিলে ইঞ্জিনিয়র সাহেব সেই বাঁধ কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে কিম্বা সেই হানি সারাইয়া দিতে পারিবেন, এবং সেই ব্যক্তির স্থানে সেই স্থানান্তর কি মেরামত করিবার খরচ ও তদ্ভিন্ন অন্য কোন দণ্ড ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩০৭ ধারামতে আদায় করা যাইতে পারিবে ইতি।

নোটিসপ্রভৃতি জারী করিবার কথা।

৫৭ ধারা। এই আইনের দ্বারা কি তৎক্রমে কোন ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র জারী করিতে হইলে প্রকারান্তরের বিধি না থাকিলে তাহা এই প্রকারে জারী করা যাইবে।

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির নকল দেওয়া যাইবে, অথবা তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে তাঁহার বাস গৃহের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে, কিম্বা যাঁহার নামে ঐ ঘোষণাপত্র কি নোটিস কিম্বা আজ্ঞাপত্র দেওয়া যায় তাঁহার পক্ষে সচরাচর যে মোক্তার উপস্থিত হইতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির নকল দেওয়া যাইবে। অথবা

২। ঐ ঘোষণাপত্রের কি নোটিসের কি আজ্ঞাপত্রের নকল রেজিষ্টরী পত্রে দিয়া উক্ত ব্যক্তির নিয়ত বাসস্থানে কিম্বা বাসস্থান বলিয়া যে স্থান জানা আছে সেই স্থানে ডাকযোগে পাঠান যাইবে। অথবা

৩। ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র যে মহাল কি গ্রাম কি তালুক সম্পর্কীয় হয় তাহার মালকাছারীতে ঐ ঘোষণাপত্র প্রভৃতির নকল লটকাইয়া দেওয়া যাইবে। মাল কাছারীর সন্ধান পাওয়া না গেলে ঐ মহালের কি গ্রামের কি তালুকাদির কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে এবং সেই মহালের বার্ষিক রাজস্ব চারি কিস্তি করিয়া দিবার নিয়ম থাকিলে ঐ ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র প্রস্তুত হইবার অব্যবহিত পূর্ব্বে বা পরে যে গোমাশতা রাজস্বের কিস্তি দিলেন তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির অন্য নকল দেওয়া যাইবে। একি মহালের কি গ্রামের কি তালুকের দুই কি তদধিক জন ভোগাধিকারী থাকিলে এই প্রকরণমতে নোটিস দেওয়া গেলেই তাঁহারদের প্রত্যেক জনকে ও সকলকে উত্তম ও যথোচিতরূপে দেওয়া গেল জানা যাইবে ইতি।

58. No proceedings under this Act shall be impeached or affected by reason of any mistake in the name of any person thereby rendered liable to pay any sum of money, or in the description of any estate or tenure or land in respect of which he is rendered liable to pay, provided the directions of this Act be in substance and effect complied with; and no proceedings under this Act shall for want of form be quashed or set aside in any Court of Justice.

No proceedings to be impeached for want of form

59 Every order passed by the Collector in respect to applications under Section 4, Clauses 6 and 7, or under Sections 8, 39, and 48, shall be appealable to the Commissioner of Revenue, and every order of the Commissioner except when otherwise directed by this Act, shall be appealable to the Board of Revenue, but no appeal shall lie under this section against any order unless the same be presented within one month from the date of the order.

Appeal from orders made on objection.

60. Subject to the right of appeal above mentioned and to the orders and control of Government, every order passed under the provisions aforesaid shall be final, and shall not be open to revision by any Civil Court.

Orders to be final

61. In any inquiry or appeal held under this Act, the Collector and the Commissioner shall respectively have the same powers as those conferred on Courts by the Code of Civil Procedure of summoning and examining witnesses and compelling the production of documents.

Powers on inquiry and appeal

62. All the powers of a Collector under this Act shall be exercised under the general control and orders of the Commissioner of the Division, and all the powers of Collectors and Commissioners shall be exercised subject to the general control and orders of the Board of Revenue and of the Government.

General control of Commissioner and Government

63. Whenever the maintenance of any public embankment, or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of the same may

Disposal of lands no longer required for embankments

৫৮ ধারা। এই আইনমতে যে কার্য্য করা যায় তদ্দারা টাকার দায়ী বলিয়া যে ব্যক্তিকে নির্ণয় করা গেল তাঁহার নাম লিখিতে কোন ভুল হইলে কিম্বা যে মহালের কি তালুকের কি ভূমির নিমিত্ত তাহাকে দায়ী করা গেল সেই মহাল প্রভৃতির বর্ণনে কোন ভুল থাকিলে, যদি এই আইনের আদেশের মর্ম্ম ও তাৎপর্য্যানুসারে কার্য্য হইয়া থাকে তবে ঐ ভুলপ্রযুক্ত ঐ কার্য্যের দোষ ধরা যাইবে না ও কোন অংশের ব্যাঘাত হইবে না এবং দাঁড়ামতে করা যায় নাই বলিয়া কোন আদালতে এই আইনঅনুযায়ি কোন কার্য্য অন্যথা কি অসিদ্ধ করা যাইবে না ইতি।

দাঁড়ামতে হয় নাই বলিয়া কোন কার্য্য দুষ্ট না হইবার কথা।

৫৯ ধারা। কালেক্টর সাহেব ৪ ধারার ৬ ও ৭ প্রকরণ কিম্বা ৮ বা ৩৯ বা ৪৮ ধারামতে যে আজ্ঞা করেন তাহার উপর রাজস্বের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। এবং এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে কমিশ্যনর সাহেবের আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু এই আজ্ঞা হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে তাহার উপর আপীল উপস্থিত না করা গেলে এই ধারামতে গ্রাহ্য হইবে না ইতি।

আপত্তির উপর যে আজ্ঞা হয় তাহার উপর আপীলের কথা।

৬০ ধারা। আপীল করিবার পূর্ব্বোক্ত অধিকার এবং গবর্ণমেণ্টের আজ্ঞা ও কর্তৃত্ব প্রবল মানিয়া, পূর্ব্বোক্ত বিধানমতে যেং আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হইবে ও কোন দেওয়ানী আদালত কর্তৃক তাহা সংশোধন করা যাইতে পারিবে না ইতি।

আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

৬১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা আদালতের প্রতি সাক্ষিদিগকে সমন করিয়া তাহাদের জোবানবন্দী লইবার ও দলীল উপস্থিত করাইবার যেং ক্ষমতা দেওয়া গিয়াছে, এই আইনমতে তদন্ত লওন কার্য্যে ও আপীলী মোকদ্দমায় কালেক্টর সাহেবের ও কমিশ্যনর সাহেবের সেইং ক্ষমতা থাকিবে ইতি।

তদন্ত লওন ও আপীল করণ সম্পর্কীয় ক্ষমতার কথা।

৬২ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের যে সকল ক্ষমতা থাকে তিনি দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের সাধারণ কর্তৃত্বের ও আজ্ঞার অধীনে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন, এবং কালেক্টর সাহেবেরা ও কমিশ্যনর সাহেবেরা রেবিনিউ বোর্ডের ও গবর্ণমেণ্টের সাধারণ কর্তৃত্বের ও আজ্ঞার অধীনে আপনাদের সকল ক্ষমতামতে কার্য্য করিবেন ইতি।

কমিশ্যনর সাহেবের ও গবর্ণমেণ্টের সাধারণ কর্তৃত্বের কথা।

৬৩ ধারা। রাজকীয় বাঁধ সারাইয়া রাখিবার কিম্বা ঐ বাঁধের কার্য্যে যে ভূমি বর্ত্তান যায় তাহা রাখিবার আর প্রয়োজন না থাকিলে ও তাহা একেবারে ত্যাগ করা বিহিত বোধ হইলে, বাঁধ করিবার নিমিত্ত যে

বাঁধের নিমিত্ত ভূমির আর প্রয়োজন না হইলে তাহা বিক্রয়াদি করিবার কথা।

be deemed expedient, such land shall be conveyed by the Collector to the proprietor of the land, within the limits of which it may be situated, on payment of the compensation, if any, which was paid for such land when the same was taken for the purpose of the embankment. If the proprietor of such lands refuse or neglect to pay such price within a reasonable time after demand, the same shall be sold by the Collector for such price as he can obtain for the same. All sums obtained for the conveyance of lands under the provisions of this section shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of any new embankment or drainage works affecting the said lands, and in such case the residue only of the cost of such new works shall be charged upon the zemindars of estates benefited as hereinbefore provided.

সময়ে ভূমি লওয়া যায় সেই সময়ে যদি তাহার হানিপূরণ দেওয়া গিয়া থাকে, তবে ঐ ভূমি যে ভোগাধিকারির ভূমির সীমার মধ্যে থাকে তিনি ঐ হানিপূরণের টাকা ফিরিয়া দিলে, কালেক্টর সাহেব হস্তান্তর করণ পত্রদ্বারা তাঁহাকে সেই ভূমি ফিরিয়া দিবেন। ঐ ভোগাধিকারির স্থানে ঐ টাকার দাওয়া হইলেও তিনি উপযুক্ত সময়ের মধ্যে দিতে অস্বীকার বা অবহেলা করিলে, কালেক্টর সাহেব সেই ভূমি নীলাম করিয়া যে মূল্য পাইতে পারেন লইবেন। এই ধারার বিধান মতে ভূমি হস্তান্তর করিয়া যে টাকা পাওয়া যায় তাহা হইতে প্রথম সেই হস্তান্তর কার্য্যের সকল খরচ দেওয়া যাইবে। পরে ঐ ভূমিসম্পর্কীয় যে নূতন বাঁধ কিম্বা জল বাহির হইবার যে কার্য্য করা যায় তাহার খরচ শোধে ঐ টাকা প্রয়োগ হইবে। তাহা হইলে ঐ নূতন কার্য্যদ্বারা যেং মহালের উপকার হইল, পূর্ব্ব বিধানমতে এং মহালের জমিদারদের স্থানে কেবল অবশিষ্ট খরচ লওয়া যাইবে ইতি।

64. A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector, but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated, an appeal shall lie to the Collector if presented within thirty days of the date of the order.

Collector may delegate any of his powers to a Deputy Collector

৬৪ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের যেং ক্ষমতা থাকে তিনি তাহার মধ্যে কোন ক্ষমতা ডিপটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন কিন্তু যে ডেপুটী কালেক্টরের প্রতি তদ্রূপ ক্ষমতা অর্পিত হয় তাঁহার কোন আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। ঐ আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকট আপীল উপস্থিত করা গেলে তাহা গ্রাহ্য হইবে ইতি।

কালেক্টর সাহেবের কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ হইতে পারিবার কথা।

65. All offences created by this Act shall be inquired into and tried by a Magistrate of the first or second class.

Jurisdiction

৬৫ ধারা। এই আইনে অপরাধ বলিয়া যে সকল ক্রিয়া নির্দ্দিষ্ট হইল প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার তদন্ত লইয়া বিচার করিবেন ইতি।

বিচারাধিপত্যের কথা।

66. Nothing in this Act shall affect the provisions of "the Hooghly and Burdwan Drainage Act, 1871"

Saving of Bengal Act V of 1871

৬৬ ধারা। এই আইনের কোন কথার দ্বারা "হুগলীর ও বর্দ্ধমানের পয়ঃপ্রণালী বিষয়ক" ১৮৭১ সালের আইনের কোন বিধানের ব্যতিক্রম হইবে না ইতি।

১৮৭১ সালের বঙ্গীয় ৫ আইন রক্ষা করিবার কথা।

SCHEDULE OF FORMS

SCHEDULE A —(*Referred to in Section* 5)

All persons interested are hereby required to take notice that it is my intention to [*here state the nature of the work to be undertaken*] for the purpose of [*state the purpose*] For the execution of this work the undermentioned land will be required to be taken up —

1	2	3
Pergunnah in which land is situated	Name of village in which land is situated	Area of land

পাঠের তফসীল।

A তফসীল (৫ ধারায় ইহার কথা আছে)

এই বিষয়ে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাহারা এই সম্বাদ গ্রহণ করুন। অমুক অভিপ্রায়ে আমার অমুক কার্য্য (এই স্থলে অভিপ্রায় ও কি২ কাযের কার্য্য করিবার মনস্থ থাকে ইহা লিখিতে হইবে) করিবার মনস্থ আছে। ঐ কার্য্য সম্পাদন করিবার জন্যে নিম্নলিখিত ভূমি লইবার প্রয়োজন।

১	২	৩
ভূমি যে পরগনায় থাকে	ভূমি যে গ্রামের অন্তর্গত থাকে	ভূমির আয়তন।

[*Government Gazette*, 30*th September* 1873.]

Plans, specifications, and estimates of the proposed work, together with a copy of the survey map showing the boundaries of the various estates likely to be affected by the said work, are open for inspection by any interested person at this office who is allowed to take copies thereof.

The total probable cost of such work will be the sum of Rs. , and the rate per acre of the area benefited or protected by the said work is estimated at Rs. .

The following estates and villages will probably be affected by the work proposed [*here set out a list of the estates and villages*]

Any person interested and desirous of showing cause against the execution of the works specified, is hereby required to appear before the Collector for that purpose on the day of

The day of

A. B.,
Collector of

SCHEDULE B.—(*Referred to in Section* 12.)

Notice is hereby given that under the provisions of Section 11 of the Bengal Embankment Act, 1873, the land hereunder specified has been taken up and notice thereof has been given to the Collector of

1	2	3
Pergunnah in which land is situated.	Name of village in which land is situated.	Approximate boundaries and area of land

The day of

A. B.,
Collector of

SCHEDULE C.—(*Referred to in Section* 26.)

All persons interested are required to take notice that under the provisions of Section 11 of the Bengal Embankment Act, 1873, the Collector of has taken possession on account of the Government of [*here state particulars of the land taken*], and that claims to compensation for all interests in such land must be made to the Collector. All persons having any such claims are therefore required to appear personally or by agent on day of at , and to state the nature of their respective interests in such land,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ সেপ্টেম্বর।]

প্রস্তাবিত কার্য্যের পাণ্ডুলিপি ও বয়ান ও ইষ্টিমেট এবং উক্ত কার্য্যদ্বারা যেং মহালের উপকার বা হানি হইবার সম্ভাবনা তাহার সীমা নির্ণয় করণার্থ সর্ব্বে ম্যাপের নকল এই আফিসে আছে। স্বার্থযুক্ত ব্যক্তি দেখিতে চাহিলে দেখিতে পাইবেন ও নকল করিয়াও লইতে পারিবেন।

ঐ কার্য্য করিতে অনুমান সর্ব্বশুদ্ধ এত টাকা লাগিবে। উক্ত কার্য্যদ্বারা যে ভূমির উপকারাদি কি রক্ষা হইতে পারিবে তাহার মূল্য একর প্রতি এত টাকা হিসাবে ধরা গিয়াছে।

ঐ প্রস্তাবিত কার্য্যদ্বারা নিম্নলিখিত মহালের ও গ্রামের উপকারাদি হইবার সম্ভাবনা। [এই স্থলে মহালের ও গ্রামের নির্ঘণ্ট লিখিতে হইবে।]

কোন ব্যক্তি এই বিষয়ে স্বার্থযুক্ত হইয়া নির্দ্দিষ্ট কার্য্য না হইবার কারণ দেখাইতে চাহিলে তাঁহার প্রতি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করা গেল।

সাল তাং

A. B.
অমুক স্থানের কালেক্টর।

B তফসীল (১২ ধারায় ইহার কথা আছে।)

বঙ্গদেশীয় বাঁধ বিষয়ক ১৮৭৩ সালের আইনের ১১ ধারামতে নিম্নলিখিত ভূমি লওয়া গিয়াছে ও অমুক জিলার কালেক্টর সাহেবকে ইহার সম্বাদ দেওয়া গেল এই কথার নোটিস দেওয়া যাইতেছে।

১	২	৩
ভূমি যে পরগণায় থাকে।	ভূমি যে গ্রামের অন্তর্গত থাকে।	ভূমির ন্যূনাধিক আয়তন ও সীমা।

সাল তাং

A. B.
অমুক স্থানের কালেক্টর।

C তফসীল। (২৬ ধারায় ইহার কথা আছে।)

নিম্নলিখিত বিষয়ে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে তাঁহারদিগকে এই নোটিসে মনোযোগ করিবার আদেশ হইল। বঙ্গদেশীয় বাঁধ বিষয়ক ১৮৭৩ সালের আইনের ১১ ধারার বিধানমতে অমুক স্থানের কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের নিমিত্ত এই২ ভূমি অধিকার করিয়াছেন (এই স্থলে ভূমির বৃত্তান্ত লিখিতে হইবে।) কালেক্টর সাহেবের নিকট সেই ভূমিগত স্বার্থের মূল্যাদির দাওয়া করিতে হইবে। অতএব যাঁহারদের উক্ত প্রকারের কোন দাওয়া থাকে তাঁহারা অমুক স্থানে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে নিজে কি মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া ঐ ভূমিতে আপনং স্বার্থের ভাব ও সেই স্বার্থের হানি পূরণ স্বরূপ কত

and the amount and particulars of their claims to compensation for such interests.

The day of

A. B.,
Collector of

Schedule D.—(*Referred to in Sections* 34, 35, *and* 40)

No. 1.

Right Embankment on the Selye River from Isnagore to Kola

This is a continuous line of embankment on the right bank of the Selve River, 3 miles 4,780 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Isnagore of Pergunnah Bogree, and terminates at a masonry pillar in the village of Kola in the said pergunnah.

No. 2

Right Embankment on the Selye River from Chota Roopram to Naroou.

This is a continuous line of embankment on the right bank of the Selve River, 4 miles 770 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Chota Roopram of Pergunnah Bogree, and terminates at a masonry pillar in the village of Naroua in the said pergunnah.

No. 3

Right Embankment on the Selye River from Sreerampore to Ganchia

This is a continuous line of embankment on the right bank of the Selve River, 7 miles 2,686 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Srirampore of Pergunnah Chanderkona, and terminates at a masonry pillar in the village of Ganchia in the said pergunnah.

No. 4

Left Embankment of the Selye River from Kursi to Kulakuri.

This is a continuous line of embankment on the left bank of the Selve River, 6 miles 5,265 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Kursi of Pergunnah Bogree, and terminates at a masonry pillar in the village of Kulakuri in the said pergunnah.

No. 5

Left Embankment of the Selye River from Bagputta to Radhachuck.

This is a continuous line of embankment on the left bank of the Selve River, 20 miles 680 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Bagputta of Pergunnah Chanderkona, and terminates at a masonry pillar in the village of Radhachuck of Pergunnah Barda.

[*Government Gazette, 30th September* 1873]

টাকা দাওয়া করেন তাহা ও তাহার বিশেষ কথা জানাইবেন।

সাল তাং

C. D.

অমুক জেলার কালেক্টর।

D তফসীল (৩৪, ৩৫, ৪০ ধারায় ইহার কথা আছে)

১ নম্বর।

শিলইনদীর দক্ষিণ তীরের ঈশানগরহইতে কোলা পর্য্যন্ত বাঁধ।

শিলইনদীর দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩ মাইল ৪৭৮০ ফুট দীর্ঘ। বগড়ী পরগনার অন্তর্গত ঈশানগর গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া ঐ পরগনার অন্তর্গত কোলা গ্রামের পাকা থাম পর্য্যন্ত চলে।

---

২ নম্বর।

শিলইনদীর দক্ষিণ তীরের ছোট রূপরামহইতে নারুয়া পর্য্যন্ত বাঁধ

শিলইনদীর দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৪ মাইল ৭৭০ ফুট দীর্ঘ। তাহা বগড়ী পরগনার অন্তর্গত ছোট রূপরাম গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগনার অন্তর্গত নারুয়া গ্রামের পাকা থামপর্য্যন্ত চলে।

---

৩ নম্বর।

শিলইনদীর দক্ষিণ তীরের শ্রীরামপুরহইতে গাঁচিয়া পর্য্যন্ত বাঁধ।

শিলইনদীর দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৭ মাইল ২৬৮৬ ফুট দীর্ঘ। তাহা চন্দ্রকোনা পরগনার অন্তর্গত শ্রীরামপুর গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগনার অন্তর্গত গাঁচিয়া গ্রামের পাকা থামপর্য্যন্ত চলে।

---

৪ নম্বর।

শিলইনদীর বাম তীরের করসী অবধি কলাকড়ি পর্য্যন্ত বাঁধ।

শিলইনদীর বাম তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৬ মাইল ৫২৬৫ ফুট দীর্ঘ। তাহা বগড়ী পরগনার অন্তর্গত করসী গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগনার অন্তর্গত কলাকড়ি গ্রামের পাকা থামপর্য্যন্ত চলে।

---

৫ নম্বর।

শিলইনদীর বাম তীরের বাগপাটাহইতে রাধাচক পর্য্যন্ত বাঁধ।

শিলইনদীর বাম তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ২০ মাইল ৬৮০ ফুট দীর্ঘ। তাহা চন্দ্রকোনা পরগনার অন্তর্গত বাগপাটা গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া বারদা পরগনার অন্তর্গত রাধাচক গ্রামের পাকা থামপর্য্যন্ত চলে।

No. 6.

Left Embankment of the Darkissur and Sankra Rivers.

This is a continuous line of embankment on the left bank of the Darkissur and Sankra Rivers, 5 miles 250 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Ramnagur of Pergunnah Byra, and terminates at a masonry pillar in the village of Gasna of Pergunnah Jehanabad.

No 7.

Right Embankment of the Darkissur and Jhoomee Rivers.

This is a continuous line of embankment on the right bank of the Darkissur and Jhoomee Rivers, 6 miles 3,200 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Digra of Pergunnah Byra, and terminates at a masonry pillar in the village of Sowey of Pergunnah Barda.

No. 8.

Left Embankment on the Bukhshi Khall

This is a continuous line of embankment on the left bank of the Bukhshi Khall, 6 miles 4,330 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Bukhshi of Pergunnah Karjee Mundleghaut, and near the junction of the Roopnarain River and Bukhshi Khall, and terminates at a masonry pillar in the village of Gyghattee in the said pergunnah where the Gyghattee Khall leaves the Damoodah.

No 9.

Right Embankment on the Roopnarain River

This is a continuous line of embankment on the right bank of the River Roopnarain, 29 miles 2,373 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground distant 57 feet south-east by compass from the Machnan masonry sluice on the right bank of the Doorbachatti Khall, in the village of Machnan of Pergunnah Mundleghaut, and terminates at a masonry pillar at the zero mile-post on the bank of the Tidal Canal, Reach 1. This mile-post bears 500 feet south-west by compass from the Canal Toll-house, in the village of Camalpore of Pergunnah Mysadul

---

No. 10

Right Embankment on the Pyratoongee Khall

This is a continuous line of embankment on the right bank of the Pyratoongee Khall, 4,410 feet, more or less, in length It commences at a masonry pillar fixed in the ground in the village of Pyratoongee of Pergunnah Tumlook, on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar distant 187 feet west of a temple on the Tumlook Road, in the village of Barpadoobasun in the said pergunnah

---

No 11

Left Embankment on the Pyratoongee Khall.

This is a continuous line of embankment on the left bank of the Pyratoongee Khall, 4,370 feet, more or less, in length. It commences at a

৬ নম্বর।

দারকেশ্বর ও সাঁকড়া নদীর বাম তীরের বাঁধ।

দারকেশ্বর ও সাঁকড়া নদীর বাম তীরস্থ এই এক টানা বাঁধ ন্যূনাধিক ৫ মাইল ২৫০ ফুট দীর্ঘ। তাহা বয়ড়া পরগণার অন্তর্গত রামনগর গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া জহানাবাদ পরগণার অন্তর্গত গাসনা গ্রামের পাকা থামপর্য্যন্ত চলে।

---

৭ নম্বর।

দারকেশ্বর ও ঝুমী নদীর দক্ষিণ তীরের বাঁধ।

দারকেশ্বর ও ঝুমীনদীর দক্ষিণ তীরস্থ এই এক টানা বাঁধ ন্যূনাধিক ৬ মাইল ২০০ ফুট দীর্ঘ। তাহা বয়ড়া পরগণার দিগড়া গ্রামে ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া বারদা পরগণার সৌই গ্রামের পাকা থাম পর্য্যন্ত চলে।

---

৮ নম্বর।

বকশী খালের বাম তীরের বাঁধ।

বকশীখালের বাম তীরের এই একটানা বাঁধ ন্যূনাধিক ৬ মাইল ৪৩৩০ ফুট দীর্ঘ। তাহা খারিজী মণ্ডলঘাট পরগণার অন্তর্গত বকশী গ্রামে এবং রূপনারায়ণ নদের ও বকশী খালের সংযোগ স্থানের নিকট ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত গৈঘাটী গ্রামের যে স্থানে গৈঘাটী খাল দামোদর নদহইতে পৃথক হইয়া যায় সেই স্থানের নিকট পাকা থামপর্য্যন্ত চলে।

---

৯ নম্বর।

রূপনারায়ণ নদের দক্ষিণ তীরের বাঁধ।

রূপনারায়ণ নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ২৯ মাইল ২৩৭৩ ফুট দীর্ঘ। মণ্ডলঘাট পরগণার মাচনান গ্রামে দুর্ব্বাচটী খালের দক্ষিণ তীরে মাচনানের পাকা জলদ্বার হইতে কোম্পাসমতে দক্ষিণ পূর্ব্ব মুখে ৫৭ ফুট অন্তর যে পাকা থাম ভূমিতে গাঁথা আছে, ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া জোয়ার ভাটার খালের ১ বাঁকের তীরস্থ শূন্য অঙ্কের মাইল নিদর্শক থামে এক পাকা থাম পর্য্যন্ত যায়। ঐ মাইল নিদর্শক থাম মহিষাদল পরগণার অন্তর্গত কমালপুর গ্রামে কোম্পাসমতে খালের কুৎঘরের দক্ষিণ পশ্চিম দিগে ৫০০ ফুট অন্তর।

---

১০ নম্বর।

পায়রাটুঙ্গী খালের দক্ষিণ তীরের বাঁধ।

পায়রাটুঙ্গী খালের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৪৪১০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ পাড়ে তমলুক পরগণার অন্তর্গত পায়রাটুঙ্গী গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত বারপাদুবাসন গ্রামে তমলুকে যাইবার রাস্তার ধারে যে মন্দির আছে তাহার পশ্চিম ১৮৭ ফুট অন্তর পাকা থাম পর্য্যন্ত চলে।

---

১১ নম্বর।

পায়রাটুঙ্গী খালের বাম তীরের বাঁধ।

পায়রাটুঙ্গী খালের বাম তীরস্থ এই এক টানা বাঁধ ন্যূনাধিক ৪৩৭০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ পাড়ে তমলুক পরগণার পায়রাটুঙ্গী গ্রামের জমিতে গাঁথা

masonry pillar in the ground in the village of Pyratoongee of Pergunnah Tumlook, and on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar in the village of Barpadoobasun in the said pergunnah.

পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত বারপাদুবাসন গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

No. 12.

Right Embankment on the Gungakhally Khall.

This is a continuous line of embankment on the right bank of the Gungakhally Khall, 3 miles 3,430 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Soodhapore of Pergunnah Tumlook, on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar distant 675 feet east of the Rogonathpore masonry sluice, in the village of Syedpore in the said pergunnah.

১২ নম্বর।

গঙ্গাখালী খালের দক্ষিণ তীরের বাঁধ।

গঙ্গাখালী খালের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩ মাইল ৩৪৩০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ পাড়ে তমলুক পরগণার অন্তর্গত সুধাপুর গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া উক্ত পরগণার অন্তর্গত সৈয়দপুর গ্রামে রঘুনাথপুরের পাকা জলদ্বারের পূর্ব্বদিগে ৬৭৪ ফুট অন্তর এক পাকা থাম পর্য্যন্ত যায়।

No. 13.

Left Embankment on the Gungakhally Khall

This is a continuous line of embankment on the left bank of the Gungakhally Khall, 3 miles 1,670 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Mysda of Pergunnah Tumlook, on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar distant 170 feet north-east of the Rogonathpore masonry sluice on the right bank of the Gungakhally Khall, in the village of Rogonathpore in the said pergunnah.

১৩ নম্বর।

গঙ্গাখালী খালের বাম তীরের বাঁধ।

গঙ্গাখালী খালের বাম তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩ মাইল ১৬৭০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ পাড়ে তমলুক পরগণার অন্তর্গত মহিষদা গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া, উক্ত পরগণার রঘুনাথপুর গ্রামে গঙ্গাখালী খালের দক্ষিণ তীরস্থ রঘুনাথপুরের পাকা জলদ্বারের উত্তর পূর্ব্ব ১৭০ ফুট অন্তর পাকা থামপর্য্যন্ত যায়।

No. 14.

Right Embankment on the Soadiggi Khall

This is a continuous line of embankment on the right bank of the Soadiggi Khall, 2 miles 3,990 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Soadiggi of Pergunnah Tumlook, on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar, in the village of Jasamnathpore in the said pergunnah.

১৪ নম্বর।

সোয়াদীঘী খালের দক্ষিণ তীরের বাঁধ।

সোয়াদীঘী খালের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ২ মাইল ৩৯৯০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ তীরে তমলুক পরগণার অন্তর্গত সোয়াদীঘী গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত যশমনাথপুর গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

No. 15

Left Embankment on the Soadiggi Khall.

This is a continuous line of embankment on the left bank of the Soadiggi Khall, 2 miles 1,690 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Soadiggi of Pergunnah Tumlook, on the Roopnarain embankment, right bank, and terminates at a masonry pillar in the village of Hugla in the said pergunnah

১৫ নম্বর।

সোয়াদীঘী খালের বামতীরের বাঁধ।

সোয়াদীঘী খালের বামতীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ২ মাইল ১৬৯০ ফুট দীর্ঘ। তাহা রূপনারায়ণ বাঁধের দক্ষিণ পাড়ে তমলুক পরগণার অন্তর্গত সোয়াদীঘী গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত হুগলা গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

No. 16.

Right Embankment on the Doobachutty Khall.

This is a continuous line of embankment on the right bank of the Doobachutty Khall, 1 mile 3,510 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground at a distance of 550 feet north north-east of the Bhoodah Factory Chimney in the village of Bhoodah of Pergunnah Mundleghaut, and terminates at a masonry pillar distant 57 feet south-east of the Machnan masonry sluice, in the village of Machnan in the said pergunnah.

১৬ নম্বর।

দুর্ব্বাচটী খালের দক্ষিণ তীরের বাঁধ।

দুর্ব্বাচটী খালের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১ মাইল ৩৫১০ ফুট দীর্ঘ। মণ্ডলঘাট পরগণার ভূদহ গ্রামে ভূদহ কুঠির ধূমনির্গতের নলের অতি উত্তর পূর্ব্বদিগে ৫৫০ ফুট অন্তর যে পাকা থাম ভূমিতে গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত মাচনান গ্রামে মাচনানের পাকা জলদ্বারের দক্ষিণ পূর্ব্ব দিগে ৫৭ ফুট অন্তর পাকা থামপর্য্যন্ত যায়।

[*Government Gazette, 30th September* 1873.]

No. 17.

Mohunkhally Circuit Embankment.

This is a circuit embankment 28 miles 3,258 feet, more or less, in length It commences at a masonry pillar fixed in the village of Koolugree where the Mohunkhally River runs into the Roopnarain River, and passing along the right bank of the Mohunkhally River through the villages of Johgunsam, Seetapore, Manoo to Basantopore, where the Mohunkhally and Doobachutty Rivers bifurcate, thence skirting the left bank of the Doobachutty River it passes through the villages of Shahpore, Posoripore, and Barmogria to Kachara, thence skirting the Roopnarain, right bank, it passes through the village of Doodcoora and Bagchina, and terminates at the masonry pillar aforesaid.

No. 18.

Pannah Circuit Embankment.

This is a circuit embankment 9 miles 3,640 feet more or less, in length It commences at a masonry pillar built in the ground on the left bank of the Selye River at its junction with the Cossye River near a temple, in the village of Bargobindoo, Pergunnah Barda It passes through the villages of Baramdi and Ranee bazar on the left bank of the Selye River and then along the right bank of the Kanta Khall through the villages of Phaugadow, Parna, Barandjheel, Tulli and Dhurmpore, and terminates at the aforesaid pillar.

No 19.

Ghattal Circuit Embankment

This is a circuit embankment 10 miles 1,850 feet, more or less, in length It commences at a masonry pillar built in the ground on the left bank of the Selye River at its bifurcation with the Aigoi River, and passing along the *left* bank of the Selye River and through the villages of Srirampore, Bassdebpore, and Singpore, it skirts the right bank of the Aigora Khall through the villages of Ramchunderpore, Rogonathchuck and others, and terminates at the masonry pillar aforesaid.

No. 20.

Sheikpore Circuit Embankment.

This a circuit embankment 18 miles 5,108 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground at the bifurcation of the Rivers Sankra and Jhoomee in the village of Sheikpore of Pergunnah Boyrah, and passing along the left bank of the Jhoomee River through the villages of Srimantpore, Anandopore and Thakooranchuck, thence along the right bank of the Sankra River through the villages of Nursingchuck, Koolat, Goozrat, and others, terminates at the aforesaid masonry pillar.

No. 21.

Khasbar Circuit Embankment.

This is a circuit embankment 5 miles 5,240 feet, more or less, in length It commences at a masonry pillar built in the ground at the point of

১৭ নম্বর।

মোহন খালির গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ২৮ মাইল ৩২৫৮ ফুট দীর্ঘ। কুলটিগরী গ্রামের যে স্থানে মোহনখালী নদীর সঙ্গে রূপনারায়ণ নদের সংযোগ হয়, সেই স্থানের ভূমিতে যে পাকা থাম গাথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া মোহনখালি নদীর দক্ষিণতীর ধরিয়া কলিগণশ্যাম ও সীতাপুর ও মনুগ্রাম দিয়া বসন্তপুর গ্রামের যে স্থানে মোহনখালী ও দুর্ব্বাচটী নদী পৃথক হইয়া যায় সেই স্থান পর্য্যন্ত গিয়া দুর্ব্বাচটী নদীর বামতীরের ধারে২ শাহপুর ও বশারিপুর ও বারমগ্রিয়া দিয়া কাচড়া পর্য্যন্ত যায়, পরে রূপনারায়ণের দক্ষিণ তীরের ধারে২ দুদকোড়া ও বাগচিনা গ্রাম দিয়া পূর্ব্বোক্ত পাকা থামে ফিরিয়া মিলে।

১৮ নম্বর।

পান্নার গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ৯ মাইল ৩৬৪০ ফুট দীর্ঘ। বারদা পরগনার বারগোবিন্দ গ্রামের মন্দিরের নিকট যে স্থানে কশাই নদের সঙ্গে শিলই নদীর সংযোগ হয় সেই স্থানে শিলই নদীর বামতীরের ভূমিতে যে পাকা থাম গাথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া শিলই নদীর বাম তীরস্থ বারামদী ও রাণীবাজার গ্রাম দিয়া কাঁটা খালের দক্ষিণ তীরের ধারে২ ভাগাদো ও পারনা ও বারামদীঝিল ও তবলী ও ধর্ম্মপুর গ্রাম দিয়া পূর্ব্বোক্ত থামে ফিরিয়া মিলে।

১৯ নম্বর।

ঘাটালের গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ১০ মাইল ১৮৫০ ফুট দীর্ঘ। শিলইনদী যে স্থানে আবগর নদী হইতে পৃথক হইয়া যায় সেই স্থানে শিলই নদীর বামতীরের জমিতে যে পাকা থাম গাঁথা আছে এই বাঁধ সেই থামে আরম্ভ হইয়া শিলই নদীর বামতীর ধরিয়া শ্রীরামপুর ও বসুদেবপুর ও সিংহপুর গ্রাম দিয়া আবগরা খালের দক্ষিণ তীরের ধারে২ রামচন্দ্রপুর ও রঘুনাথ চকপ্রভৃতি গ্রাম দিয়া পূর্ব্বোক্ত পাকা থামে ফিরিয়া মিলে।

২০ নম্বর।

সেখপুরের গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ১৮ মাইল ৫১০৮ ফুট দীর্ঘ। বরড়া পরগনার অন্তর্গত সেখপুর গ্রামে সাঁকরা ও ঝুমী নদী যে স্থানে পৃথক হইয়া যায় সেই স্থানের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া ঝুমী নদীর বামতীর ধরিয়া শ্রীমন্তপুর ও আনন্দপুর ও ঠাকুরণচক গ্রাম দিয়া সাঁকরা নদীর দক্ষিণতীর ধরিয়া নরসিংহচক ও কুলাট ও গুজরাট প্রভৃতি গ্রাম হইয়া পূর্ব্বোক্ত পাকা থামে গিয়া মেলে

২১ নম্বর।

খাসবাড়ের গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ৫ মাইল ৫২৪০ ফুট দীর্ঘ বরদা পরগনার অন্তর্গত পালচক গ্রামের যে স্থানে ঝুমী ও আঁধারী নদী পৃথক হইয়া যায় সেই স্থানের ভূমিতে যে পাকা থাম

bifurcation of the Jhoomee and Amada Rivers in the village of Lalchuck, Pergunnah Barda, and passing along the right bank of the Jhoomee River through the villages of Parbutticbuck, Prosadchuck, and Joybag, and thence along the left bank of the Amada River through the villages of Khasbar, Sowoi, and Lalchuck, it terminates at the aforesaid masonry pillar.

গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া ঝুমী নদীর দক্ষিণতীর ধরিয়া পার্ব্বতীচক ও প্রসাদচক ও জয়বাগ গ্রাম দিয়া ও আমাদা নদীর বাম তীর ধরিয়া খাসবার ও সওয়াই ও লালচক গ্রাম দিয়া উক্ত পাকাথামে আবার গিয়া মিলে।

No. 22.

Chetooa Circuit Embankment.

This is a circuit embankment 45 miles 1,420 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground at the junction of the Roopnarain River and Mohunkhally Khall in the village of Moishgatta, Pergunnah Kharijee Mundleghaut, and passing along the left bank of the Mohunkhally Khall through the villages of Dukinbar, Gowreechuck, Gobindnuggur, and Bosuntopore, thence along the left bank of the Cossye River through the villages of Kola, Moheshpore, Gocoolnuggur and Islampore, thence along the right bank of the Selye River through the villages of Soorutpore, Rogonathpore, and Konagore to the junction of the Selye and Roopnarain Rivers at Protabpore, and thence along the right bank of the Roopnarain River through the villages of Hurrishpore, Joleeonaram, Raneechuck, and Gopeegunge, it terminates at the aforesaid masonry pillar

২২ নম্বর।

চেটুয়া গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ৪৫ মাইল ১৪২০ ফুট দীর্ঘ। খারিজি মণ্ডলঘাট পরগনার অন্তর্গত মহিষগাত্তা গ্রামের যে স্থানে রূপনারায়ণ নদের সঙ্গে মোহনখালি খালের সংযোগ হয় সেই স্থানের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া মোহন খালি খালের বামতীর ধরিয়া দক্ষিণবার ও গৌরীচক ও গোবিন্দনগর ও বসন্তপুর গ্রাম দিয়া যায় পরে কশাই নদীর বামতীর ধরিয়া কোলা ও মহেশপুর ও গোকুলনগর ও ইসলামপুর গ্রাম দিয়া যায়, পরে শিলই নদীর দক্ষিণ তীর ধরিয়া সুরৎপুর ও রঘুনাথপুর ও কোণনগর দিয়া প্রতাপপুরের যে স্থানে রূপনারায়ণ নদের সঙ্গে শিলই নদীর সংযোগ হয় সেই স্থানে যায় ও তথাহইতে রূপনারায়ণ নদের দক্ষিণ তীর ধরিয়া হরিশপুর ও জলিকনারাণ ও রাণীচক ও গোপীগঞ্জ গ্রাম দিয়া পূর্ব্বোক্ত থামে আবার গিয়া মিলে।

No. 23.

Doosaspore Circuit Embankment.

This is a circuit embankment 18 miles 2,350 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground on the right bank of the Cossye River, distant 704 feet and bearing 20° from the Doosaspore sluice in the village of Doosaspore of Pergunnah Chetooa, and passing along the right bank of the Cossye River through the villages of Nobintasdeopore, Koonjpore, Mohespore, Telondee, and Brickobanupore, thence passing along the left bank of the Petooa Khall through the villages of Futtehpore, Godyepore, and Dhamkola, it terminates at another masonry pillar in the village of Kritibaspore, Pergunnah Chetooa.

২৩ নম্বর।

দুলাসপুরের গোল বাঁধ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ১৮ মাইল ২৩৫০ ফুট দীর্ঘ। চেটুয়া পরগনার অন্তর্গত দুলাসপুর গ্রামে দুলাসপুরের যে জলদ্বার আছে তথাহইতে এক দিগে ২০ অঙ্ক পরিমাণ ধরিয়া ৭০৪ ফুট অন্তর কশাই নদীর দক্ষিণতীরের ভূমিতে যে পাকা থাম গাথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া কশাই নদীর দক্ষিণ তীর ধরিয়া নবীনবসুদেবপুর ও কুঞ্জপুর ও মহেশপুর ও তীলণ্ডী ও রক্ষবানুপুর গ্রাম দিয়া যায় তথাহইতে পেটুয়া খালের বামতীর ধরিয়া ফতেপুর ও গদাইপুর ও ধামকোলা গ্রাম দিয়া চেটুয়া পরগনার অন্তর্গত কৃত্তিবাসপুর গ্রামের অন্য পাকা থামপর্য্যন্ত যায়।

No 24.

Narajole Embankment.

This is an embankment 7 miles 1,735 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground on the left bank of the Cossye river in the village of Samat, Pergunnah Chetooa, and passing along the left bank of the Cossye River to the village of Mudunmohunpore, and thence along the right bank of the Selye River through the village of Ramdebpore, it terminates at another masonry pillar in the village of Chandikhally, Pergunnah Chetooa.

২৪ নম্বর।

নাড়াজোলের বাঁধ।

এই বাঁধ ন্যূনাধিক ৭ মাইল ১৭৩৫ ফুটদীর্ঘ। চেটুয়া পরগনার সামাৎ গ্রামে কশাই নদীর বামতীরের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া কশাই নদীর বামতীর ধরিয়া মদনমোহনপুর গ্রাম পর্য্যন্ত যায় তথাহইতে শিলই নদীর দক্ষিণ তীর ধরিয়া রামদেবপুর গ্রাম দিয়া চেটুয়া পরগনার অন্তর্গত চাঁদিখালি গ্রামের অন্য পাকা থামপর্য্যন্ত যায়।

No. 25.

Bindabunchuck Embankment.

This is an embankment 2 miles 800 feet, more or less, in length. It commences at a masonry

২৫ নম্বর।

বৃন্দাবন চকের বাঁধ।

এই বাঁধ ন্যূনাধিক ২ মাইল ৮০০ ফুট দীর্ঘ। খারিজী মণ্ডলঘাট পরগনার অন্তর্গত বৃন্দাবনচক গ্রামের ভূমিতে

[*Government Gazette, 30th September* 1873.]

pillar built in the ground in the village of Bindabunchuck, Pergunnah Kharijee Mundleghaut, and running along the *right* bank of the Doorbachatti Khall, terminates at another masonry pillar in the same village.

No. 26.

Dhangaria Embankment.

This is an embankment 2 miles 2,520 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground in the village of Dhangaria, Pergunnah Jehanabad, and running along the *left* bank of the Roopnarain River, terminates at another masonry pillar in the same village.

No. 27

Right Embankment on the Adjai River

This is a continuous line of embankment on the right bank of the Adjai River, 7 miles 3,980 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Gourbazar of Pergunnah Sheregarh, and terminates at a masonry pillar at the junction of the Toomnee Khall with the Adjai River in the village of Kejladee of Pergunnah Shanpaharee

No. 28

Right Embankment on the Adjai River.

This is a continuous line of embankment on the right bank of the Adjai River, 4 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground near a masonry sluice near the junction of the Toomnee and Balpaharee Khalls in the village of Bistopore of Pergunnah Shanpaharee, and terminates at a masonry pillar in the village of Ujjunboonee in the said pergunnah.

No 29.

Right Embankment on the Adjai River

This is a continuous line of embankment on the right bank of the Adjai River, 11 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Satkonea, Pergunnah Shanpaharee, and terminates at a masonry pillar in the village of Sagurposta of Pergunnah Gopeebhoom.

No. 30

Left Embankment on the Adjai River

This is a continuous line of embankment on the left bank of the Adjai River, 3 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Singhee of Pergunnah Azimutshahi, and terminates at a masonry pillar in the village of Bamoonea in the said pergunnah.

No 31.

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 4,488 feet, more or less, in length. It commences at a

যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া দুর্বাচটী খালের দক্ষিণ তীর ধরিয়া ঐ গ্রামের অন্য পাকা থাম পর্য্যন্ত যায়।

২৬ নম্বর।

ধানগড়িয়ার বাঁধ।

এই বাঁধ ন্যূনাধিক ২ মাইল ২৫২০ ফুট দীর্ঘ। জহনাবাদ পরগণার অন্তর্গত ধানগড়িয়া গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া রূপনারায়ণ নদের বাম তীর ধরিয়া সেই গ্রামের অন্য পাকা থামপর্য্যন্ত যায়।

২৭ নম্বর।

অজয় নদের দক্ষিণ তীরের বাঁধ।

অজয় নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৭ মাইল ৩৯৮০ ফুট দীর্ঘ। শেরগড় পরগণার অন্তর্গত গৌরবাজার গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে, ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া শামপাহাড়ী পরগণার অন্তর্গত কেজলাদী গ্রামের যে স্থানে অজয় নদের সঙ্গে তুমনী খালের সংযোগ হয় সেই স্থানের এক পাকা থামপর্য্যন্ত যায়।

২৮ নম্বর।

অজয় নদের দক্ষিণ তীরের বাঁধ।

অজয় নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৪ মাইল দীর্ঘ। শামপাহাড়ী পরগণার অন্তর্গত বিষ্ণুপুর গ্রামে তুমনী ও বালপাহাড়ী খালের সংযোগ স্থানের নিকট যে পাকা জলদ্বার আছে ঐ বাঁধ তাহার নিকট ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার অন্তর্গত অজয়বনী গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

২৯ নম্বর।

অজয় নদের দক্ষিণ তীরের বাঁধ।

অজয় নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১১ মাইল দীর্ঘ। শামপাহাড়ী পরগণার অন্তর্গত সাতকণীয়া গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া গোপীভূম পরগণার সাগরপোস্তা গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

৩০ নম্বর।

অজয় নদের বামতীরের বাঁধ।

অজয় নদের বামতীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩ মাইল দীর্ঘ। আজিমৎশাহী পরগণার সিংহীগ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া পরগণার অন্তর্গত বামনিয়া গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

৩১ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরের বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৪৪৮৮ ফুট দীর্ঘ। হাবেলি পরগণার অন্তর্গত সাদিপুর গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে

masonry pillar fixed in the ground in the village of Sadipore of Pergunnah Habalee, and terminates at a masonry pillar in the village of Kistopore in the said pergunnah.

No. 32.

Left Embankment on the Damoodah River.

This is a continuous line of embankment on the left bank of the Damoodah River, 107 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Silha, Pergunnah Champanuggur, and terminates at a masonry pillar in the village of Allipore of Pergunnah Mundleghaut.

No 33.

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 1 mile 260 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Lakea, Pergunnah Habalee, and terminates at a masonry pillar in the village of Bergang in the said pergunnah

---

No 34

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 3,828 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Bulrampore, Pergunnah Habalee, and terminates at a masonry pillar in the said village

---

No 35

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 1 mile 528 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the villlage of Zangirpore, Pergunnah Habalee, and terminates at a masonry pillar in the village of Srekistopore in the said pergunnah

---

No 36

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 18 miles, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground in the village of Oozirpore, Pergunnah Habalee, and terminates at a masonry pillar in the village of Dehi Barsut of Pergunnah Barsut.

No 37

Right Embankment on the Damoodah River

This is a continuous line of embankment on the right bank of the Damoodah River, 29 miles 3,560 feet more or less, in length It commences at a masonry pillar fixed in the ground at the junction of the Gyghattee Khall with the Damoodah River in the village of Gyghattee, Pergunnah Arsa, and terminates at a masonry pillar at the junction of the Roopnarain and Hughli Rivers at the 32nd milepost on the Roopnarain left embankment in the village of Magrapathur of Pergunnah Mundleghaut.

[*Government Gazette, 30th September* 1873.]

আরম্ভ হইয়া উক্ত পরগণার [illegible]র্গত কৃষ্ণপুর গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

---

৩২ নম্বর।

দামোদর নদের বাম তীরের বাঁধ।

দামোদর নদের বামতীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১০৭ মাইল দীর্ঘ। চাঁপানগর পরগণার অন্তর্গত শিলিয়া গ্রামের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া মণ্ডলঘাট পরগণার অন্তর্গত আলিপুর গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

---

৩৩ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরের বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১ মাইল ২৬০ ফুট দীর্ঘ। হাবেলী পরগণার অন্তর্গত লাক্ষিয়া গ্রামে যে পাকা থাম ভূমিতে গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া ঐ পরগণার বেড়গাঁ গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

---

৩৪ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরের বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩৮২৮ ফুট দীর্ঘ। তাহা হাবেলী পরগণার অন্তর্গত বলরামপুর গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ গ্রামের অন্তর্গত অন্য পাকা থাম পর্য্যন্ত যায়।

---

৩৫ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১ মাইল ৫২৮ ফুট দীর্ঘ। তাহা হাবেলী পরগণার জাঙ্গিরপুর গ্রামে ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ পরগণার শ্রীকৃষ্ণপুর গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

---

৩৬ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরের বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ১৮ মাইল দীর্ঘ। তাহা হাবেলী পরগণার উজিরপুর গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া বারসৎ পরগণার ডিহিবারসৎ গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

---

৩৭ নম্বর।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ বাঁধ।

দামোদর নদের দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ২৯ মাইল ৩৫৬০ ফুট দীর্ঘ। আরশা পরগণার অন্তর্গত গৈঘাটী গ্রামের যে স্থানে দামোদর নদের সঙ্গে গৈঘাটী খালের সংযোগ হয় সেই স্থানের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া মণ্ডলঘাট পরগণার মাগরাপাতর গ্রামের রূপনারায়ণ নদের বাম পাড়ের ৩২ মাইলের থামে যে স্থানে রূপনারায়ণ ও হুগলী নদীর সংযোগ হয় সেই স্থানের পাকা থাম পর্য্যন্ত যায়।

No. 38.

Left Embankment on the Roopnarain River.

This is a continuous line of embankment on the left bank of the River Roopnarain, 31 miles 3,762 feet, more or less, in length. It commences at a masonry pillar fixed in the ground at the junction of the Roopnarain River and the Bakhsee Khall in the village of Bakhsee, Pergunnah Mundleghaut, and terminates at a masonry pillar at the junction of the Hughli and Roopnarain Rivers at the 32nd milepost of the Roopnarain embankment in the village of Magrapathur, Pergunnah Mundleghaut.

No. 39.

This is a continuous line of embankment 41 miles and 155 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground in the village of Khodalgobra, Pergunnah Birkul, and running generally parallel with the coast line of the Bay of Bengal, terminates at a masonry pillar on the Contai and Kedgeri Road on the right bank of the Russulpore River in the village of Shamchuck, Pergunnah Kowramal.

No. 40.

This is a continuous line of embankment 30 miles, more or less, in length It commences at a masonry pillar built in the ground on the Contai and Kedgeri Road on the right bank of the Russulpore River in the village of Shamchuck, Pergunnah Kowramal, and running along the right bank of the Russulpore River as far as the Contai and Tumlook Road, and thence along the right bank of the Serpai River, terminates at a masonry pillar in the village of Atlagori, Pergunnah Majnamutta.

No. 41.

This is a circuit embankment on the right bank of the Russulpore River, 2 miles 4,868 feet, more or less, in length It commences and terminates at a masonry pillar built in the ground in the village of Sanberia, Pergunnah Bahirimutta

No. 42.

This is a continuous line of embankment 30 miles, more or less, in length. It commences at a masonry pillar built in the ground in the village of Atlagori, Pergunnah Majnamutta, and running along the left bank of the Serpai River as far as the village of Kessoorkunda on the Contai and Midnapore Road, and thence in a northerly direction to Chowmook on the Bagdah River, and thence along the right bank of the Balliaghye Khall to the east of the Dhoobda Jheel, terminates at a masonry pillar on the sand ridge in the village of Madhubpore, Pergunnah Bhograi

No. 43.

This is a continuous line of embankment 17½ miles, more or less, in length It commences at the great sea dyke, east of the Peechabunnee sluice, on the left bank of the Peechabunnee Khall, and running along the said bank as far as the masonry pillar built in the ground in the village of Madhub-

৩৮ নম্বর।

রূপনারায়ণ নদের বাম তীরের বাঁধ।

রূপনারায়ণ নদের বামতীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩১ মাইল ৩৭৬২ ফুট দীর্ঘ। মণ্ডলঘাট পরগণার অন্তর্গত বক্শীগ্রামের যে স্থানে রূপনারায়ণ নদের সঙ্গে বক্শী খালের সংযোগ হয় সেই স্থানের ভূমিতে যে পাকা থাম গাঁথা আছে ঐ বাঁধ সেই থামে আরম্ভ হইয়া মণ্ডলঘাট পরগণার অন্তর্গত মাগরাপাতর গ্রামে রূপনারায়ণ বাঁধের ৩২ মাইলের থামে যে স্থানে হুগলীর ও রূপনারায়ণ নদের সংযোগ হয় সেই স্থানের পাকা থামপর্য্যন্ত যায়।

৩৯ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৪১ মাইল ১৫৫ ফুট দীর্ঘ। তাহা বীরকুল পরগণার অন্তর্গত খোদালগোবরা গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া বঙ্গোপসাগরের অঞ্চলদেশের প্রায় সমান রেখা ধরিয়া কৌড়ামাল পরগণার শ্যামচক গ্রামে রসুলপুর নদের দক্ষিণতীরে কাঁথির ও খাজুরির রাস্তায় যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

৪০ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩০ মাইল দীর্ঘ। কৌড়ামাল পরগণার অন্তর্গত শ্যামচক গ্রামে রসুলপুর নদের দক্ষিণ তীরে কাঁথির ও খাজুরির রাস্তায় যে পাকা থাম গাঁথা আছে এই বাঁধ সেই থামে আরম্ভ হইয়া কাঁথির ও তমলুকের রাস্তা পর্য্যন্ত রসুলপুর নদের দক্ষিণ তীর ধরিয়া যায়. তথাহইতে সৃপাই নদীর দক্ষিণ তীর ধরিয়া মাজনামুটা পরগণার অন্তর্গত আতলাগোরি গ্রামের পাকা থামপর্য্যন্ত যায়।

৪১ নম্বর।

রসুলপুর নদের দক্ষিণ তীরস্থ এই গোল বাঁধ ন্যূনাধিক ২ মাইল ৪৮৬৮ ফুট দীর্ঘ। তাহা বাহিরীমুটা পরগণার অন্তর্গত সানবেড়িয়া গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া আবার সেই থামে গিয়া মিলে।

৪২ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩০ মাইল দীর্ঘ। তাহা মাজনামুটা পরগণার অন্তর্গত আতলাগোরি গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া কাঁথির ও মেদিনীপুরের রাস্তায় কেশুরকুণ্ড গ্রাম পর্য্যন্ত সৃপাই নদীর বাম তীর ধরিয়া যায় তথাহইতে উত্তরমুখ হইয়া বাগদহ নদীর চৌমুখ পর্য্যন্ত গিয়া ধুবদা ঝীলের পূর্ব্বদিক বালিয়াঘাই খালের দক্ষিণ তীর ধরিয়া ভোগরায় পরগণার অন্তর্গত মাধবপুর গ্রামের বালিময় ভূমির পাকা থাম পর্য্যন্ত যায়।

৪৩ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ১৭ সাড়ে মাইল দীর্ঘ। পীচাবনী খালের বামতীরে পীচাবনীর জলদ্বারের পূর্ব্বদিগে সমুদ্র অঞ্চলে যে বড় পোস্তা আছে ঐ বাঁধ সেই পোস্তায় আরম্ভ হইয়া সেই তীর ধরিয়া ভোগরায় পরগণার অন্তর্গত মাধবপুর গ্রামে ভূমিতে গাঁথা পাকা থামপর্য্যন্ত গিয়া তথাহইতে দক্ষিণ

pore, Pergunnah Bhograi, and thence along the right bank, terminates at the great sea dyke west of the Peechabunnee sluice.

No. 44.

This is a circuit embankment on the right bank of the Bagdah River, 3 miles 2,528 feet, more or less, in length. It commences and terminates at a masonry pillar built in the ground in the village of Astichuck, Pergunnah Paharpore.

No. 45.

This is a continuous line of embankment 95 miles, more or less, in length. It commences at a masonry pillar built in the ground in the village of Ramchuck, Pergunnah Sugamutta, and running along the left bank of the Iktiarpore Khall to its junction with the Madakhally River, thence running along the left bank of the Madakhally River to the Chowdachoolee Inspection Bungalow at the confluence of the Russulpore River and the Koonjapore or Thalputti Khall, thence running along the left bank of the Koonjapore or Thalputti Khall to its embouchure in the Bay of Bengal, thence running parallel to the coast line as far as the mouth of the River Huldee, thence following the right bank of this river as far as the junction of the Kaliaghye and Cossye Rivers, and lastly running along the right bank of the Kaliaghye River, terminates at a masonry pillar at the village of Nilkuntapore, Pergunnah Jalamutta.

No 46.

This is a continuous line of embankment 5 miles, more or less, in length on the right bank of the Kaliaghye River. It commences at a masonry pillar built in the ground in the village of Kharan, Pergunnah Pataspore, and terminates at another masonry pillar in the said village

---

No. 47.

This is a circuit embankment 34 miles 1,000 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground near the Barju Ghaut in the village of Barju, Pergunnah Narnamutta, and running along the right bank of the Madakhally River, the left bank of the Bagdah River, and the right bank of the Chackbowani Khall, terminates at the aforesaid pillar It passes through the villages of Barju, Simulbari, Dismila, Khamgara, Idalpore, Kalurathari, Lischintar, Ullalbara, Komarar, Bhastagara, Khala Kalkadari, Sundarpore, Malickpore, Ballabpore, Sukakhola, Udaypore, Gopalpore, Baro Adapore, Tamlapura, Chakbata, Calsai, Culbaria, Chakmathuri, Chakababani Bhayrabdari, South Chando, Manglepore, Dakindara, Partabdigi, Bamunbasan, Sitadigi, Kistanuggur, Panesoori, Sardabar, Mathura, Chakrosal Khacura, Mangalchuck, Tonabila, Arjanuggur, Purulia, Mahesda, Khamgara, Malda, Barjee, and Pergunnahs Narnamutta, Kismat Pataspore, Kismat Danto, Kharaig, Partabghan, Pataspore, and Bhatgar.

তীর ধরিয়া পীচাবনীর জলদ্বারের পশ্চিম সমুদ্রাকলের বড় গোড়াপর্য্যন্ত যায় ।

---

৪৪ নম্বর ।

বাগদহ নদীর দক্ষিণ তীরস্থ এই গোল বাঁধ ন্যূনাধিক ৩ মাইল ২৫২৮ ফুট দীর্ঘ । তাহা পাহাড়পুর পরগনার অন্তর্গত অস্তিচক গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া আবার সেই থামে মিলে ।

---

৪৫ নম্বর ।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৯৫ মাইল দীর্ঘ । তাহা সুগামুটা পরগনার রামচক গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া যে স্থানে মদখালী নদীর সঙ্গে একতিয়ারপুর খালের সংযোগ হয় সেই স্থানপর্য্যন্ত ঐ একতিয়ারপুর খালের বাম তীর ধরিয়া যায় তথাহইতে মদখালি নদীর বাম তীর ধরিয়া রসুলপুর নদের ও কুঞ্জপুর কি তালপাটী খালের সংযোগ স্থানে চৌদাচুলি ইনস্পেক্‌টরের বাঙ্গলা ঘর পর্য্যন্ত যায় তথাহইতে কুঞ্জপুর কি তালপাটী খালের বামতীরে বঙ্গোপসাগরে ঐ খালের সংযোগ স্থান পর্য্যন্ত যায় তথাহইতে হলদী নদীর মোহনাপর্য্যন্ত সমুদ্রধারের গিয়া ঐ নদীর দক্ষিণ তীর ধরিয়া কালিয়াগাই ও কসাই নদীর সংযোগ স্থান পর্য্যন্ত গিয়া শেষে কালিয়াগাই নদীর দক্ষিণ তীর ধরিয়া জালামুটা পরগনার অন্তর্গত নীলকণ্ঠপুর গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায় ।

---

৪৬ নম্বর ।

কালিয়াগাই নদীর দক্ষিণ তীরস্থ এই একটানা বাঁধ ন্যূনাধিক ৫ মাইল দীর্ঘ । তাহা পটাশপুর পরগনার অন্তর্গত খারাণ গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া ঐ গ্রামের অন্য পাকা থামে শেষ হয় ।

---

৪৭ নম্বর ।

এই গোল বাঁধ ন্যূনাধিক ৩৪ মাইল ১০০০ ফুট দীর্ঘ । তাহা নারনামুটা পরগনার অন্তর্গত বড়জু গ্রামের বড়জু ঘাটের নিকট ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া মদখালী নদীর দক্ষিণ তীর ও বাগদহ নদীর বামতীর ও চকভবানী খালের দক্ষিণ তীর ধরিয়া আবার সেই থামে গিয়া মিলে । তাহা এই২ গ্রাম দিয়া যায়, বড়জু, শিমুলবাড়ী, দিসমিলা, খামগাড়া, ইদলপুর, কালুরথারি, নিশ্চিন্তার, উল্লালবাড়া, কমারার, ভাস্তাগাড়া, খালা, কলকাদারী, সুন্দরপুর, মল্লিকপুর, বল্লভপুর, শুকাখোলা, উদয়পুর, গোপালপুর, বড় আদাপুর, তামলাপুরা, চাকবাটা, কলসাই, কুলবেড়িয়া, চকমথুরী, চকভবানী, ভৈরবদারী, দক্ষিণচান্দ, মঙ্গলপুর, দক্ষিণদাবা, প্রতাপদীঘী, বামনবসন, সীতাদীঘী, কৃষ্ণনগর, পানেশ্বরী, শারদাবর, মথুরা, চক্রশাল, খাকুড়া, মঙ্গলচক, টোনাবিলা, আর্য্যনগর, পুরুলিয়া, মহেশদা, খামগাড়া, মালদহ, বারজী ও পরগনা নারনামুটা ও কিসমৎ পটাশপুর ও কিসমৎ দান্ত ও খারাইগ, ও প্রতাপবাম, পটাশপুর ও ভাটগার ।

No. 48.

This is a circuit embankment 11 miles 1,541 feet, more or less, in length, lying between the Madakhally River and Udbadal Khall. It commences at a masonry pillar built in the ground at the junction of the Madakhally River and Udbadal Khall in the village of Naturea, Pergunnah Narnamutta, and passing through the villages of Udbadal, Champainuggur, Conasdigi, Nathara, Khatmari, Etabaria, Naudigi, Manikjar, Hasgoria, Manikjor Basdebbaria, Patarbara, Pergunnah Narnamutta, terminates at the aforesaid pillar.

No. 49.

This is a circuit embankment 11 miles 1,525 feet, more or less, in length, lying between the Iktiarpore Khall, Madakhally River, and Udbadal Khall. It commences at a masonry pillar built in the ground at the junction of the Madakhally River and Iktiarpore Khall in the village of Rogonathchuk, Pergunnah Narnamutta, and running along the left bank of the Madakhally River, left bank of the Udbadal Khall, and right bank of the Iktiarpore Khall, terminates at the aforesaid pillar. It passes through the villages of Udbadal, Patna, Dumurdari, Podutardi, South Biada, Ichhapore, Pauchgaria, Bhupatinuggur, Rogonathchuck, Nandichuck, Khornet, Gobindapore, Jogomohunpore, Champainuggur, Kanjadapore, Udbadal, and the Pergunnahs of Narnamutta and Koaal.

No 50.

This is a continuous line of embankment 3 miles 3,255 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground in the village of Ramchuck, Pergunnah Sugamutta, and running along the right bank of the Iktiarpore Khall, terminates at a pillar in the village of Radhapore, Pergunnah Erinch

---

No 51.

This is a circuit embankment 7 miles 2,735 feet, more or less, in length, between the Kaliaghye River and the Bagui Khall. It commences at a masonry pillar built in the ground at the junction of the Kaliaghye River with the Bagui Khall in the village of Daropatna, Pergunnah Pataspore, and passing through the villages of Gocoolpore, Gholahat, Daropatna, Pergunnah Pataspore, terminates at the aforesaid masonry pillar

---

No. 52.

This is a circuit embankment 20 miles, more or less, in length It commences at a masonry pillar built in the ground on the south side of the junction of the Thalputti Khall with the Russulpore River in the village of Gumgar, Pergunnah Kasba Hidgellee, and running along the left bank of the Russulpore River to its confluence with the sea, then following the coast line to the embouchure of the Thalputti Khall in the Bay of Bengal, and thence running along the south bank of the Thalputti Khall, terminates at the aforesaid pillar. It passes through the villages of Gorabar, Debi-

৪৮ নম্বর।

মদখালী নদীর ও অদবদল খালের মধ্যস্থিত এই গোল বাঁধ ন্যূনাধিক ১১ মাইল ১৫৪১ ফুট দীর্ঘ। নারণামুটা পরগণার অন্তর্গত নাটুরিয়া গ্রামের যে স্থানে মদখালি নদীর ও অদবদল খালের সংযোগ হয়, সেই স্থানে ভূমিতে গাঁথা পাকা থামে ঐ বাঁধ আরম্ভ হইয়া নারণামুটা পরগণার অন্তর্গত অদবদল ও চাম্পাই নগর ও কণাশদীঘী ও নাথারা ও খাটমারি ও ইটাবাড়িয়া ও নওদীঘী ও মাণিকজার ও হাসগোড়িয়া, মাণিকজোর ও বসুদেববাড়িয়া ও পাত্রবর গ্রাম দিয়া আবার সেই থামে মিলে।

---

৪৯ নম্বর।

এক্তিয়ারপুর খাল ও মদখালী নদী ও অদবদল খালের মধ্যস্থিত এই গোল বাঁধ ন্যূনাধিক ১১ মাইল ১৫২৫ ফুট দীর্ঘ। নারণামুটা পরগণার অন্তর্গত রঘুনাথচক গ্রামের যে স্থানে মদখালি নদীর ও এক্তিয়ারপুর খালের সংযোগ হয় সেই স্থানের ভূমিতে গাঁথা পাকা থামে এই বাঁধ আরম্ভ হইয়া, মদখালি নদীর বামতীর ও অদবদল খালের বামতীর ও এক্তিয়ারপুর খালের দক্ষিণ তীর ধরিয়া সেই থামে গিয়া মিলে। তাহা অদবদল ও পাটনা ও দমরদারী, ও পদুতারদী ও দক্ষিণ বিয়াদা ও ইচ্ছাপুর ও পাঁচগড়িয়া ও ভূপতিনগর ও রঘুনাথচক্র ও নন্দিচক ও খোরিনেট ও গোবিন্দপুর ও জগন্মোহনপুর ও চাম্পাইনগর ও কাঞ্জাদাপুর ও অদবদল গ্রাম ও নারণামুটা ও কোয়াআল পরগণা দিয়া যায়।

---

৫০ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৩ মাইল ৩২৫৫ ফুট দীর্ঘ। তাহা সুগামুটা পরগণার অন্তর্গত রামচক গ্রামের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া এক্তিয়ারপুর খালের দক্ষিণ তীর ধরিয়া এরিঞ্চ পরগণার অন্তর্গত রাধাপুর গ্রামের থাম পর্য্যন্ত যায়।

---

৫১ নম্বর।

কালিয়াগাইনদীর ও বাগই খালের মধ্যস্থিত এই গোল বাঁধ ন্যূনাধিক ৭ মাইল ২৭৩৫ ফুট দীর্ঘ। পটাশপুর পরগণার অন্তর্গত দরোপতনা গ্রামের যে স্থলে কালিয়াগাই নদীর সঙ্গে বাগই খালের সংযোগ হয় সেই স্থানের ভূমিতে গাঁথা পাকা থামে আরম্ভ হইয়া পটাশপুর পরগণার অন্তর্গত গোকুলপুর ও খোলাহাট ও দরোপতনাগ্রাম দিয়া পূর্ব্বোক্ত পাকা থামে আবার মিলে।

---

৫২ নম্বর।

এই গোল বাঁধ ন্যূনাধিক ২০ মাইল দীর্ঘ। কসবা হিজলী পরগণার অন্তর্গত গুমগড় গ্রামের যে স্থানে রসুলপুর নদের সঙ্গে তালপটী খালের সংযোগ হয়, তাহার দক্ষিণ দিগে ভূমিতে গাঁথা পাকা থামে ঐ বাঁধ আরম্ভ হইয়া, যে স্থানে ঐ রসুলপুর নদ সমুদ্রে গিয়া মিলে সেই স্থানপর্য্যন্ত ঐ নদের বাম তীর ধরিয়া যায় পরে বঙ্গোপসাগরে তালপটী খালের মোহনা পর্য্যন্ত সমুদ্রাকূল দেশ ধরিয়া যায়, তথাহইতে তালপটী খালের দক্ষিণ তীর ধরিয়া পূর্ব্বোক্ত থামে গিয়া মিলে। তাহা কসবা হিজলী পরগণার অন্তর্গত এই২ গ্রাম দিয়া যায়, গোরাবার, দেবীচক, দণ্ডচক, কাটকা, শ্যামপুর

chuck, Dandchuck, Katka, Sampore, Baga, Padurbaria, Nenapata, Mohendranuggur, Kolagachia, Pauchbari, Osilchuck, Honabaria, Orukbaria, Salconda, Sahibchuck, Bamunchuck, Barabari, Phulbari and Mulichuck, all in the Pergunnah Kasba Hidgellee.

বাগা, পদুরবাড়িয়া, নেনাপাটা, মহেন্দ্রনগর, কলাগাছিয়া, পাঁচবাড়ী, ওসিলচক, হোনাবাড়িয়া, ওরুকবাড়িয়া, শালকুন্দা, সাহেবচক, বামনচক, বড়বাড়ী, ফুলবাড়ী, মুলিচক।

No 53.

This is a continuous line of embankment 60 miles 4,110 feet, more or less, in length. It commences at a masonry pillar built in the ground on the left bank of the Cossye River in the village of Bargoda, Pergunnah Tumlook, and running along the left bank of the Cossye and Huldee Rivers to the confluence of the latter with the River Hooghly, and thence along the right bank of the Hooghly and Roopnarain Rivers, terminates at a masonry pillar in the village of Banka, about one-fourth of a mile north of a Hindu temple, on the left bank of the Banka Khall

৫৩ নম্বর।

এই একটানা বাঁধ ন্যূনাধিক ৬০ মাইল ৪১১০ ফুট দীর্ঘ, তমলুক পরগনার অন্তর্গত বারগোদা গ্রামে কসাইনদীর বামতীরে ভূমিতে গাঁথা পাকা থামে ঐ বাঁধ আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে হলদী নদীর সংযোগ স্থান পর্য্যন্ত কসাই ও হলদী নদীর বামতীর ধরিয়া যায় পরে হুগলী ও রূপনারায়ণ নদের দক্ষিণ তীর ধরিয়া বাঁকা খালের বাম তীরস্থ মন্দিরের উত্তর পোয়া মাইল অন্তর বাঁকা গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

No. 54.

This is a circuit embankment 12 miles 2,550 feet, more or less, in length, situated between the Kaliaghye and Cossye Rivers It commences at a masonry pillar built in the ground at the junction of the said rivers, and running along the left bank of the Kaliaghye River and the right bank of the Cossye River, terminates at the aforesaid pillar It passes through the villages of Puiso, Nonakhari, Lachanpore, Narkuldi, Soonabhoy, Asnan, Chaundibarya, Machodal, Kholakhally, Kalkadari, Pauchpukhuia, Kistochuck, and Salugaria, all in the Pergunnah Tumlook.

৫৪ নম্বর।

কালিয়াগাই ও কসাই নদীর মধ্যস্থিত এই গোল বাঁধ ন্যূনাধিক ১২ মাইল ২৫৫০ ফুট দীর্ঘ। উক্ত দুই নদীর সংযোগ স্থানের নিকট ভূমিতে গাঁথা পাকা থামে ঐ বাঁধ আরম্ভ হইয়া কালিয়াগাই নদীর বাম তীর ও কসাইনদীর দক্ষিণ তীর ধরিয়া পূর্ব্বোক্ত থামে গিয়া মিলে। তাহা তমলুক পরগনার অন্তর্গত এই২ গ্রাম দিয়া যায়, পরুয়া, নোনাখাড়ী, লক্ষণপুর, নারিকেলদী, শুনাভয়, আস্নান, চৌন্দীবাড়িয়া, মাচোদল, খোলাখালী, কলকাদারী, পাঁচপুকুরিয়া, কৃষ্ণচক ও সালুগাড়িয়া।

No. 55.

Rampore Beauleah old Embankment.—This is a continuous line of embankment on the left bank of the River Ganges, 17,700 feet in length, more or less. It commences at a masonry pillar to be fixed in the ground at the village of Kasubpore, Pergunnah Ghurreehath, and terminates at a masonry pillar to be fixed at the village Talliamuree, Pergunnah Laskaipore.

৫৫ নম্বর।

রামপুর বোয়ালিয়ার পুরাতন বাধ।—এই বাঁধ গঙ্গার বামতীরে ন্যূনাধিক ১৭,৭০০ ফুট দীর্ঘ এক টানা বাঁধ ঘরিহাট পরগনার অন্তর্গত কেশবপুর গ্রামে যে পাকা থাম গাঁথা যাইবে এই বাঁধ সেই থামে আরম্ভ হইয়া লস্করপুর পরগনার অন্তর্গত তালিয়ামরী গ্রামে যে পাকা থাম গাঁথা যাইবে সেই থামে শেষ হয়।

No. 56

Rampore Beauleah Embankment.—This is a continuous line of embankment on the left bank of the River Ganges, 8,130 feet in length, more or less It commences at a masonry pillar to be fixed in the ground at the village of Bolanpore, Pergunnah Ghurreehath, and terminates at a masonry pillar in the village of Kudulkuttee, Pergunnah Ghurreehath, where it joins the road to Dinagepore.

৫৬ নম্বর।

রামপুর বোয়ালিয়ার বাঁধ।—এই বাধ গঙ্গার বাম তীরে ন্যূনাধিক ৮,১৩০ ফুট দীর্ঘ একটানা বাঁধ। ঘরিহাট পরগনার অন্তর্গত বোলানপুর গ্রামে পাকা যে থাম মাটীতে গাঁথ যাইবে ঐ বাঁধ তথায় আরম্ভ হইয়া ঘরিহাট পরগনার অন্তর্গত কদলকাটী গ্রামের পাকা থামের নিকট যে স্থানে দিনাজপুরের রাস্তার সঙ্গে মিলে সেই স্থানপর্য্যন্ত যায়।

No 57.

Maldah Embankment.—This is a continuous line of embankment on the right bank of the Mahanuddy River, 11,519 feet, more or less, in length. It commences at a masonry pillar to be fixed in the ground at the village of Kootubpore, Pergunnah Ameerabad, and terminates at a masonry pillar in the village of Moheshpore, Pergunnah Vatra.

৫৭ নম্বর।

মালদহের বাঁধ।—মহানদীর দক্ষিণতীরে ন্যূনাধিক ১১,৫১৯ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ আমিরাবাদ পরগনার অন্তর্গত কুতবপুর গ্রামের যে স্থানে পাকা থাম গাঁথা যাইবে তথায় আরম্ভ হইয়া বাত্রা পরগনার অন্তর্গত মহেশপুর গ্রামের পাকা থাম পর্য্যন্ত যায়।

[*Government Gazette, 30th September* 1873.]

24-Pergunnahs.

No. 58.

Left Embankment on the River Hooghly.

This is a continuous embankment on the left bank of the River Hooghly, 5 miles 4,500 feet, more or less, in length. It commences at Munneekhallee Khall at a masonry pillar fixed in the ground in the village of Juggonnathnuggur, and terminates at a masonry pillar in the village of Meejghur, on the north side of Churrial Khall, near the junction of the Hooghly River and Churrial Khall.

No 59.

Right bank of Churrial Khall.

This is a continuous embankment on the right bank of the Churrial Khall, 2,780 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Meejghur, on the north side of Churrial Khall, near the junction of Hooghly River and Churrial Khall, and terminates at a masonry pillar in the village of Ghurbanmonea, on the north bank of Churrial Khall near the junction of Churrial Khall and the Calcutta and Atcheepore Road

No. 60.

Left bank of Churrial Khall.

This is a continuous embankment on the left bank of Churrial Khall, 3,280 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Joychundeepore near the junction of left bank of Churrial Khall and the Calcutta and Atcheepore Road, and terminates at a masonry pillar in the said village of Joychundeepore near the junction of River Hooghly and Churrial Khall.

No 61.

Left bank of Hooghly River.

This is a continuous embankment on the left bank of Hooghly River, 19 miles 1,320 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Joychundeepore, near the junction of River Hooghly and Churrial Khall, and continues along the left bank of Hooghly River to Poojallee Khall, on both sides of Poojallee Khall, between the River Hooghly and the road leading from Calcutta to Atcheepore, and again down the left bank of the River Hooghly to the right bank of Fulta Khall, and terminates at a masonry pillar in the village of Fulta near the junction of River Hooghly and Fulta Khall

No. 62

Right bank of Fulta Khall

This is a continuous embankment on the right bank of Fulta Khall, 2 miles 1,320 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Fulta, on the north side of the khall near the junction of River Hooghly and Fulta Khall, and terminates at a masonry pillar on the right bank of Fulta Khall in the village of Soharah

২৪ পরগণা।

৫৮ নম্বর।

হুগলী নদীর বামতীর।

হুগলী নদীর বামতীরে ন্যূনাধিক ৫ মাইল ৪৫০০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ জগন্নাথনগর গ্রামের মাটীতে যে পাকা থাম গাঁথা আছে মণিখালিখালের নিকট সেই থামে আরম্ভ হইয়া চরিয়াল খালের সঙ্গে হুগলী নদীর সংযোগ স্থানে ঐ চরিয়াল খালের উত্তর মীজঘর গ্রামে যে পাকা থাম আছে সেই থামপর্য্যন্ত যায়।

৫৯ নম্বর।

চরিয়াল খালের দক্ষিণ তীর।

চরিয়াল খালের দক্ষিণ তীরে ন্যূনাধিক ২৭৮০ ফুট লম্বা এই একটানা বাঁধ হুগলী নদীর সঙ্গে চরিয়াল খালের সংযোগ স্থানের নিকট চরিয়াল খালের উত্তর মীজঘর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া কলিকাতার ও আচিপুরের রাস্তার সঙ্গে চরিয়াল খালের সংযোগ স্থানের নিকট চরিয়াল খালের উত্তর তীরে ঘরবানমনিয়া গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

৬০ নম্বর।

চরিয়াল খালের বাম তীর।

চরিয়াল খালের বাম তীরে ন্যূনাধিক ৩২৮০ ফুট লম্বা এই একটানা বাঁধ কলিকাতা ও আচিপুরের রাস্তার সঙ্গে চরিয়াল খালের বাম তীরের সংযোগ স্থানের নিকট জয়চণ্ডীপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে চরিয়াল খালের সংযোগ স্থানের নিকট উক্ত জয়চণ্ডীপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

৬১ নম্বর।

হুগলী নদীর বাম তীর।

হুগলী নদীর বাম তীরে ন্যূনাধিক ১৯ মাইল ১৩২০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ হুগলী নদীর সঙ্গে চরিয়াল খালের সংযোগ স্থানের নিকট জয়চণ্ডীপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া পূজালীখাল পর্য্যন্ত হুগলী নদীর বাম তীরে ও কলিকাতা হইতে আচিপুরে যাইবার রাস্তার ও হুগলী নদীর মধ্যে পূজালি খালের দুই দিগে যায় পরে ফলতাখালের দক্ষিণ তীর পর্য্যন্ত হুগলী নদীর বামতীর ধরিয়া হুগলী নদীর সঙ্গে ফলতাখালের সংযোগ স্থানের নিকট ফলতা গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

৬২ নম্বর।

ফলতা খালের দক্ষিণ তীর।

ফলতাখালের দক্ষিণ তীরে ন্যূনাধিক ২ মাইল ১৩২০ ফুট দীর্ঘ এই বাঁধ হুগলী নদীর সঙ্গে ফলতাখালের সংযোগ স্থানের নিকট খালের উত্তর দিগে ফলতাগ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া ফলতাখালের উত্তর তীরে সোহারা গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

No. 63.

Left bank of Fulta Khall.

This is a continuous embankment on the left bank of Fulta Khall, 2 miles 1,360 feet, more or less, in length It commences at a masonry pillar on the left bank of Fulta Khall, in the village of Bosoodeapore, and terminates at a masonry pillar on the left bank of the khall in the village of Taragunge near the junction of River Hooghly and Fulta Khall.

No. 64

Left bank of Hooghly River.

This is a continuous embankment on the left bank of River Hooghly, 11 miles 2,780 feet, more or less, in length It commences at a masonry pillar in the village of Taragunge near the junction of River Hooghly and Fulta Khall, and terminates at a masonry pillar in the village of Seemoolgunge, on the right bank of Kholakhalee Khall near its junction with Hooghly River

---

No. 65.

Right bank of Kholakhalee Khall.

This is a continuous embankment on the right bank of Kholakhalee Khall, 3,500 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Seemulgunge on the right bank of Kholakhalee Khall near its junction with Hooghly River, and terminates at a masonry pillar on the right bank of the khall in the village of Durree Govindpore.

No 66

Left bank of Kholakhalee Khall.

This is a continuous embankment on the left bank of Kholakhalee Khall, 4,800 feet, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Kholakhalee Khall, in the village of Jungalparah, and terminates at a masonry pillar on the left bank of the khall, in the village of Ramchundernuggur, near the junction of Hooghly River and Kholakhalee Khall.

No. 67

Left bank of Hooghly River.

This is a continuous embankment on the left bank of River Hooghly, 3 miles 2,260 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Ramchunderpore, near the junction of Hooghly River and Kholakhalee Khall, and terminates at a masonry pillar on the right bank of Diamond Harbour Creek, in the village of Hajeepore near the junction of Hooghly River and Diamond Harbour Creek.

No. 68.

This is a continuous embankment on the right bank of Diamond Harbour Creek, 7 miles 3,100 feet, more or less, in length. It commences at a masonry pillar on the right bank of Diamond Harbour Creek, in the village of Hajeepore, near the junction of Hooghly River and Diamond Harbour Creek, and terminates at a masonry pillar in the right bank of Diamond Harbour Creek in the village of Dearnah.

৬৩ নম্বর।

ফলতা খালের বাম তীর

ফলতা খালের বামতীরে ন্যূনাধিক ২ মাইল ১৩৬০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ ফলতা খালের বামতীরে বসুদিয়াপুর গ্রামে যে পাকা থাম আছে তাহাতে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে ফলতা খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের বামতীরে তারাগঞ্জ গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্যন্ত যায়।

---

৬৪ নম্বর।

হুগলী নদীর বামতীর।

হুগলী নদীর বামতীরে ন্যূনাধিক ১১ মাইল ২৭৮০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ হুগলী নদীর সঙ্গে ফলতা খালের সংযোগ স্থানের নিকট তারাগঞ্জ গ্রামে যে পাকা থাম আছে তাহাতে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে খোলাখালি খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের দক্ষিণ তীরে সিমুলগঞ্জ গ্রামে যে পাকা থাম আছে সেই থামপর্য্যন্ত যায়।

---

৬৫ নম্বর।

খোলাখালী খালের দক্ষিণ তীর।

খোলাখালী খালের দক্ষিণ তীরে ন্যূনাধিক ৩৫০০ ফুট দীর্ঘ এই এক টানা বাঁধ হুগলী নদীর সঙ্গে ঐ খোলাখোলী খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের দক্ষিণ তীরে শিমুলগঞ্জ গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া ঐ খালের দক্ষিণ তীরে দরী গোবিন্দপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামপর্য্যন্ত যায়।

---

৬৬ নম্বর।

খোলাখালী খালের বামতীর।

খোলাখালী খালের বামতীরে ন্যূনাধিক ৪৮০০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ খোলাখালী খালের বাম তীরে জঙ্গলপাড়া গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীরসঙ্গে খোলাখালী খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের বামতীরে রামচন্দ্রনগর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৬৭ নম্বর।

হুগলী নদীর বাম তীর।

হুগলী নদীর বাম তীরে ন্যূনাধিক ৩ মাইল ২২৬০ ফুট দীর্ঘ এই এক টানা বাঁধ হুগলী নদীর সঙ্গে খোলাখালী খালের সংযোগ স্থানের নিকট রামচন্দ্রপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে কলাগাছিয়ার খালের সংযোগ স্থানের নিকট কলাগাছিয়ার খালের দক্ষিণ তীরে হাজিপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৬৮ নম্বর।

কলাগাছিয়ার খালের দক্ষিণ তীরে ন্যূনাধিক ৭ মাইল ৩১০০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ হুগলীনদীর সঙ্গে কলাগাছিয়ার খালের সংযোগ স্থানের নিকট কলাগাছিয়ার খালের দক্ষিণ তীরে হাজীপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া কলাগাছিয়ার খালের দক্ষিণতীরে দিয়াণা গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

[*Government Gazette, 30th Sepetember* 1873.]

No. 69.

Left bank of Diamond Harbour Creek

This is a continuous embankment on the left bank of Diamond Harbour Creek, 6 miles 680 feet, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Diamond Harbour Creek, in the village of Dearnah, and terminates at a masonry pillar on the left bank of the Diamond Harbour Creek, in the village of Madhubpore, near the junction of Hooghly River and Diamond Harbour Creek.

No. 70.

Left bank of the Hooghly River

This is a continuous embankment on the left bank of River Hooghly, 8 miles, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Diamond Harbour Creek, in the village of Madhubpore near the junction of Hooghly River and Diamond Harbour Creek, and terminates at a masonry pillar on the right bank of Culpee Nuddee, in the village of Mosamaree near the junction of Hooghly River and Culpee Nuddee.

No. 71

Right bank of Culpee Nuddee.

This is a continuous embankment on the right bank of Culpee Nuddee, 1 mile, more or less, in length. It commences at a masonry pillar on the right bank of Culpee Nuddee, in the village of Mosamaree, and terminates at a masonry pillar on the right bank of Culpee Nuddee, in the village of Jamkeemaree.

No. 72.

Left bank of Culpee Nuddee.

This is a continuous embankment on the left bank of Culpee Nuddee, 1 mile, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Culpee Nuddee, in the village of Gourypore, and terminates at a masonry pillar on the left bank of Culpee Nuddee, in the village of Durganuggur, near the junction of Hooghly River and Culpee Nuddee.

No. 73.

Left bank of River Hooghly.

This is a continuous embankment on the left bank of Hooghly River, 6 miles 2,640 feet, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Culpee Nuddee, in the village of Durganuggur, near the junction of Hooghly River and Culpee Nuddee, and terminates at a masonry pillar in the village of Chulamooree, near Chulamooree semaphore.

No 74

Soonderbun Embankment.

This is a continuous embankment in the Soonderbuns, 8 miles 2,640 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Chulamooree, near Chulamooree semaphore, and terminates at a masonry pillar near the right bank of the Sreerampore Khall, in the village of Budinathpore.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ সেপ্টেম্বর।]

৬৯ নম্বর।

কলাগাছিয়ার খালের বাম তীর।

কলাগাছিয়ার খালের বাম তীরে ন্যূনাধিক ছয় মাইল ৬৮০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ কলাগাছিয়ার খালের বাম তীরে দিয়ার্ণা গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে কলাগাছিয়ার খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের বামতীরে মাধবপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৭০ নম্বর।

হুগলী নদীর বাম তীর।

হুগলী নদীর বামতীরে ন্যূনাধিক ৮ মাইল দীর্ঘ এই একটানা বাঁধ হুগলী নদীর সঙ্গে কলাগাছিয়ার খালের সংযোগ স্থানের নিকট ঐ খালের বাম তীরে মাধবপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে কালপী নদীর সংযোগ স্থানের নিকট ঐ কালপী নদীর দক্ষিণ তীরে মশামারি গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৭১ নম্বর।

কালপী নদীর দক্ষিণ তীর।

কালপী নদীর দক্ষিণ তীরে ন্যূনাধিক ১ মাইল দীর্ঘ এই একটানা বাঁধ কালপী নদীর দক্ষিণ তীরে মশামারী গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া কালপী নদীর দক্ষিণ তীরে জামকীমারি গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৭২ নম্বর।

কালপী নদীর বাম তীর।

কালপী নদীর বাম তীরে ন্যূনাধিক ১ মাইল দীর্ঘ এই একটানা বাঁধ কালপী নদীর বাম তীরে গৌরীপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া হুগলী নদীর সঙ্গে কালপী নদীর সংযোগ স্থানের নিকট ঐ কালপী নদীর বাম তীরে দুর্গানগর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৭৩ নম্বর।

হুগলীনদীর বাম তীর।

হুগলীনদীর বামতীরে ন্যূনাধিক ৬ মাইল ২৬৪০ ফুট দীর্ঘ এই একটানা বাঁধ হুগলী নদীর সঙ্গে কালপীনদীর সংযোগ স্থানের নিকট ঐ কালপীনদীর বাম তীরে দুর্গানগর গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া চলামুরির সেমাফোরের নিকট চলামুরীগ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

---

৭৪ নম্বর।

সুন্দরবনের বাঁধ।

সুন্দরবনে ন্যূনাধিক ৮ মাইল ২৬৪০ ফুটদীর্ঘ এই একটানা বাঁধ চলামুরীর সেমাফোরের নিকট চলামুরী গ্রামে যে পাকা থাম আছে সেই থামে আরম্ভ হইয়া শ্রীরামপুর খালের দক্ষিণ তীরের নিকট বৈদ্যনাথপুর গ্রামে যে পাকা থাম আছে সেই থাম পর্য্যন্ত যায়।

No. 75.

Right bank of Sreerampore Khall.

This is a continuous embankment on the right bank of the Sreerampore Khall, 6 miles 2,640 feet, more or less, in length. It commences at a masonry pillar on the right bank of Sreerampore Khall, in the village of Budinathpore, and terminates at a masonry pillar in the village of Kontahenneah.

No. 76.

Left bank of Sreerampore Khall

This is a continuous embankment on the left bank of Sreerampore Khall, 9 miles 2,640 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Kontahenneah, and terminates at a masonry pillar on the left bank of the Sreerampore Khall, in the village of Taktipore Dighee.

No. 77.

Soonderbun Embankment

This is a continuous embankment in the Soonderbuns, 26 miles, more or less, in length. It commences at a masonry pillar on the left bank of Sreerampore Khall, in the village of Taktipore Dighee, and terminates at a masonry pillar on the right bank of Kharee Khall, in the village of Gularchant.

No 78.

Right Bank of Kharee Khall.

This is a continuous embankment on the right bank of Kharee Khall, 3 miles 602 feet, more or less, in length. It commences at a masonry pillar on the right bank of Kharee Khall, in the village of Gularchant, and terminates at a masonry pillar in the village of Megheeber, near a drainage sluice

No 79.

Left bank of Kharee Khall

This is a continuous embankment on the left bank of Kharee Khall, 3 miles 2,040 feet, more or less, in length. It commences at a masonry pillar in the village of Megheeber, and terminates at a masonry pillar on the left bank of the khall, in the village of Kamaratha.

No. 80

Soonderbun Embankment.

5. If any rate-payer object to the eligibility of any candidate, he may on some date not later than the 6th December, notify such objection in writing to the sub-divisional officer, who shall hear and finally decide any question of eligibility. On the 10th December the final list of candidates shall be notified at the sub-divisional cutcherry, and in at least one conspicuous place in each quarter.

Objection against candidates.

6. The municipal commissioners shall appoint a sub-committee of three of their number to assist the sub-divisional officer in carrying out the following rules regarding elections.

Election sub-committee of commissioners.

The sub-divisional officer shall decide on what day, not later than the 25th December, and at what places in the town, the poll shall be held; and he shall notify such decision at the sub-divisional cutcherry, and in at e ast one place in each quarter

Time and place of polling.

7. As soon as possible after the publication of these rules, the sub-divisional officer shall prepare a list of all the persons who paid any rate on houses or lands in each ward during the year ending on the 30th September next preceding. A copy of the list shall be exposed to view at the sub-divisional and at the municipal office; and a copy of so much of the list as relates to each quarter in some police-station, school-house, or other accessible public place in each quarter of the town. All persons mentioned in the list shall be entitled to a vote in the election of municipal commissioners for the ward.

List of electors.

8. No rate-payer shall have a vote for more than one person, or in more than one ward.

Number of votes.

9. Votes shall be recorded by such polling clerks as may be appointed by the Chairman of the Commissioners; there shall be at least one polling clerk for each polling place, who shall stay at the polling place for such hours as the Sub-Divisional Officer may fix on the day of the poll. Each rate-payer who desires to record his vote shall attend at the polling place, and shall state his name and residence, the polling clerk shall verify from the list of voters of the quarter whether the intending voter is entitled to a vote for that quarter, and if he is so entitled, he shall record his vote against the rate-payer's name in the list of electors for the ward. The election sub-committee of the commissioners shall, acting under the Sub-Divisional Officer's instructions, make such arrangements as they may see fit for identifying voters in cases of doubt, and in any case of doubt as to the validity of a vote, or as to the identity of a voter, the decision of the sub-committee and the Sub-Divisional Officer shall be final.

Recording of votes

Identification of voters

10. At sunset on the day of the poll the poll shall be closed, and the registers of the polling clerks shall be scrutinised by the Sub-Divisional Officer and the election sub-committee, whose decision upon any doubtful point shall be final. The candidates who may stand highest on the poll of their quarter shall be declared to be duly elected.

Scrutiny of poll registers.

11. The result of the poll shall be notified at the sub-divisional cutcherry and in each ward, and shall be reported to Government for publication in the *Gazette*. The candidates declared to be duly elected shall hold office from the 1st January next succeeding the day of their election.

Membership to commence

12 The cost of erecting temporary sheds, of paying polling clerks, or taking any other necessary action under these rules, shall be paid by the commissioners out of the municipal fund.

Cost of municipal elections

C BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th October* 1873.]

ঐ পদাকাঙ্ক্ষিদের বিপক্ষ আপত্তির কথা।

৫। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি উক্ত পদাকাঙ্ক্ষী যোগ্য নহেন বলিয়া আপত্তি করিলে, ডিসেম্বর মাসের ৯ তারিখের পর না হয় এমত কোন দিনে, তিনি মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট লিখিয়া আপত্তি জানাইবেন। তাহা হইলে ঐ ব্যক্তির মনোনীত হইবার যে আপত্তি থাকে মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব তাহা শুনিয়া চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবেন। শেষে যে পদাকাঙ্ক্ষিরা ধার্য্য হন ডিসেম্বর মাসের ১০ তারিখে তাঁহাদের নামের নির্ঘণ্টপত্র মহকুমার কাছারী ঘরে ও একং পল্লির অতিমূখ্য একটি প্রকাশ্য স্থানে প্রকাশ করা যাইবে।

মনোনীত করণার্থ কমিশ্যনরদের সবকমিটীর কথা।

৬। মনোনীত করণ বিষয়ক যে বিধি পশ্চাৎ লেখা যাইতেছে মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেবের সেই বিধিমতে কার্য্য করণপক্ষে মুনিসিপল কমিশ্যনরেরা তাঁহার সাহায্য করিবার জন্যে আপনারদের তিন জনকে সবকমিটী বলিয়া নিযুক্ত করিবেন।

মতগ্রহণের সময়ের ও স্থানের কথা।

ডিসেম্বর মাসের ২৫ তারিখের পর না হয় এমত যে দিনে ও নগরের যেং স্থানে লোকদের মতগ্রহণ করা যাইবে, মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ইহা নিরূপণ করিয়া আপনার কাছারী ঘরে ও প্রত্যেক পল্লির ন্যূনকল্পে একটি স্থানে ঐ নিরূপিত দিনের নোটিস দিবেন।

যাঁহারা মনোনীত করিবেন তাঁহারদের নাম নির্ঘণ্টের কথা।

৭। এই বিধি প্রকাশ হইবার পূর্ব্বে সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে যে বৎসরের অবসান হয়, সেই বৎসরের মধ্যে যেং ব্যক্তিরা একং পল্লির অন্তর্গত বাটীর কি ভূমির উপর কোন টাক্স দিয়াছেন মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব এই বিধি প্রকাশ হইবার পর সাধ্যমতে ত্বরায় তাঁহাদের নামের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া তাহার নকল মহকুমার কাছারী ঘরে ও মুনিসিপল আফিসে লাগাইয়া দিবেন, ও যে পল্লির সঙ্গে ঐ নির্ঘণ্টপত্রের যে অংশের সম্পর্ক থাকে সেই পল্লির কোন পোলীস থানার কি স্কুল ঘরে কিম্বা অন্য যে স্থানে লোকদের সচরাচর গতিবিধি হইয়া থাকে সেই স্থানে ঐ অংশের নকল লাগাইয়া দিবেন। নির্ঘণ্টপত্রে যাঁহারদের নাম লেখা থাকে তাঁহারা আপনং পল্লির মুনিসিপল কমিশ্যনরের পদে যাঁহার নিযুক্ত হওয় ইচ্ছা করেন তাঁহার পক্ষে মত জানাইতে পারিবেন।

যতবার মত জ্ঞাপন করা যাইতে পারে তাহার কথা।

৮। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি কেবল এক জনের পক্ষে আপনার মত জানাইতে পারিবেন, ও এক পল্লিভিন্ন অন্য পল্লি ধরিয়া আপন মত জানাইতে পারিবেন না।

মত লিখিয়া রাখিবার কথা।

৯। কমিশ্যনরদের সভাপতি সাহেব লোকদের মত লিখিয়া লইবার জন্যে কএক জন কেরাণী নিযুক্ত করিবেন। মত লিখিয়া লইবার একং স্থানে ন্যূনকল্পে এক জন কেরাণী থাকিবে, ও যে দিনে লোকদের মত লিখিয়া লইতে হইবে মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ঐ কেরাণীকে সেই দিন যত ঘণ্টা ঐ স্থানে থাকিতে বলেন তাহার তত ঘণ্টা থাকিতে হইবে। যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত কোন ব্যক্তি আপনার মত জানাইতে গেলে, মত লিখিয়া লইবার স্থানে গিয়া আপনার নাম ও নিবাস জানাইবেন। তাহাতে তিনি যে পল্লিতে থাকেন ঐ কেরাণী সেই পল্লিনিবাসিদের নামনির্ঘণ্ট দেখিয়া সেই পল্লির নিমিত্ত ঐ ব্যক্তির মত জানাইবার অধিকার আছে কি না ইহা জানিয়া লইবেন। অধিকার থাকিলে ঐ নামনির্ঘণ্টে তাঁহার নাম যে স্থানে আছে তাহার পার্শ্বে, তিনি যাঁহার পক্ষে মত জানাইলেন তাঁহার নাম লিখিয়া দিবেন। কিন্তু

মত জ্ঞাপকদের নির্ণয় করিবার কথা।

আপনাকে যে ব্যক্তি বলিয়া জানাইয়াছেন তিনি সেই কি না এই বিষয়ে সন্দেহ জন্মিলে তাহা নিরূপণ করিবার জন্যে, মনোনীত করণার্থ যে সবকমিটী কমিশ্যনরদের দ্বারা নিযুক্ত হন তাঁহারা মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেবের উপদেশমতে যে উপায় করা উচিত বোধ করেন তাহাই করিবেন, এবং কোন ব্যক্তির মত সিদ্ধ বলিয়া জানিতে হইবে কি না কিম্বা কোন ব্যক্তি আপনাকে যে ব্যক্তি বলিয়া কহেন তিনি প্রকৃত সেই কি না এই বিষয়ের সন্দেহ থাকিলে ঐ সবকমিটী ও মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবে।

মতের রেজিষ্টর দেখিয়া লইবার কথা।

১০। মত গ্রহণের দিনের সূর্য্যাস্তকালে ঐ মত গ্রহণ কার্য্য সমাপ্ত হইবে। পরে কেরাণীরা যে রেজিষ্টর রাখিয়াছেন মহকুমার কর্ত্তৃপক্ষ সাহেব ও মনোনীত করণার্থ সবকমিটী তাহা ভালমতে দেখিয়া লইবেন ও কোন স্থানে সন্দেহ জন্মিলে তাঁহাদের নিষ্পত্তি চূড়ান্ত হইবে। কোন পল্লির অধিকাংশ লোক কমিসনরের পদাকাঙ্ক্ষি যে ব্যক্তির পক্ষে মত জানান তিনিই নিয়মিতরূপে মনোনীত হইয়াছেন বলিয়া প্রকাশ হইবেন।

মেম্বরীপদের আরম্ভ হওয়ার কথা।

১১। লোকদের মত গ্রহণ দ্বারা যে ব্যক্তিকে মনোনীত করা গেল মহকুমার কাছারী ঘরে ও প্রত্যেক পল্লিতে তাহার নামের নোটিস দেওয়া যাইবে ও গেজেটে প্রকাশ করিবার জন্যে গবর্ণমেণ্টে রিপোর্ট করা যাইবে। নিয়মিতরূপে মনোনীত হইলেন বলিয়া যে ব্যক্তির নাম প্রকাশ করা যায় তাঁহার মনোনীত হইবার দিনের পর জানুআরি মাসের ১ তারিখঅবধি তিনি পদ গ্রহণ করিবেন।

মুনিসিপল কমিশ্যনর মনোনীত করিবার খরচের কথা।

১২। অল্পকালের নিমিত্ত ছাটনি করিবার খরচ ও কেরাণীদের মেহনতানা প্রভৃতি এই বিধিমত কার্য্য করিবার অন্যং যে খরচ লাগে কমিশ্যনরেরা মুনিসিপল ফণ্ডহইতে তাহা দিবেন।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

JUDICIAL DEPARTMENT.

No. 1409.

JUDICIAL.—*The 24th September* 1873.—Baboo Judoonath Roy, Judge of the Small Cause Court and Subordinate Judge of Midnapore, is allowed privilege leave for one month during the ensuing Dusserah vacation, under Section 18 of the Civil Leave Code.

Baboo Prosunno Coomar Sen, M.A. and B.L., is appointed to officiate as Munsif of Olipore in Rungpore, during the absence on leave of Baboo Hurropershad Sen, or until further orders.

The 25th September 1873.—Baboo Sreenath Pal, B L., is appointed to officiate as Munsif of Chittagong, on the re opening of the Civil Courts after the vacation till relieved by the permanent incumbent, Moonshee Hushmutoollah, now on leave, or until further orders.

The following Munsifs are promoted in the vacancies caused by the retirement of Baboo Mohesh Chunder Roy, and the promotion of Baboo Gungakant Mookerjee to the grade of Subordinate Judges.—

From the Second to the First Grade.

Baboo Chunder Prosunno Dutt, Dhamnuggur (Jajpore) Cuttack
,, Kali Churn Chatterjee, Noakhally

From the Third to the Second Grade.

Baboo Uma Churn Dutt, B L., Maldah.
,, Mohesh Chunder Chuckerbutty, Bholepore, Beerbhoom

Baboo Nilmadhub Shamunt, B L., is appointed to be a Munsif of the Third Grade, and to be Munsif of Phenchoogunge, in Sylhet.

Baboo Sarbeshwar Mozumdar, L L., is appointed to be a Munsif of the Third Grade, and to be Munsif of Jamalpore, in Mymensing. This cancels the orders of the 1st instant, appointing him to officiate as Munsif of Bood-Bood

Baboo Beharilall Mullick, B L., is appointed to officiate as Munsif of Bood-Bood in East Burdwan during the absence on leave for two months from the 1st October next, of Baboo Sreenath Dutt, or until further orders.

Baboo Rajcoomar Moitro is appointed to officiate as Munsif of Budergunge, in Rungpore, after the Dusserah vacation, during the absence on duty of Baboo Promothonath Mookerjee, or until further orders.

Baboo Otool Beharee Ghose, B L., is appointed to officiate as Munsif of Seebgunge, in Dinagepore, during the absence on leave of Baboo Jogesh Chunder Mitter, or until further orders

C BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

Regulations made by His Honor the Lieutenant-Governor of Bengal, pursuant to the provisions of Section 6, Act XX of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mookhtars in the Mofussil Courts subordinate to the High Court of Judicature at Fort William in Bengal.

1. In order to the ascertainment of the qualifications of candidates for admission as Pleaders and Mookhtars in the Mofussil Courts subordinate to the High Court of Judicature at Fort William in Bengal, the Lieutenant-Governor of Bengal will from time to time appoint Examiners in Law, who shall have a President and a Secretary.

2 The examination of candidates shall be held on such dates within the month of January or February in each year, as shall be appointed and duly notified by the Examiners in Law

3 The examination shall be conducted by the Examiners in Law, and shall be held under the superintendence of the person or persons appointed for that purpose.

4. The examination of candidates for pleaderships of the higher grade shall be held in Calcutta, the examination for lower grade pleaders and for mookhtars shall be held at Calcutta, Patna, Dacca, Cuttack and Gowhatty.

[*Government Gazette, 7th October* 1873.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৪০৯ নম্বর।

জুডিশ্যাল।—১৮৭৩ সাল ২৪ সেপ্টেম্বর।—মেদনীপুরের জুজমোকদ্দমার আদালতের জজ ও সবর-
জুডিশ্যাল।—১৮৭৩ সাল ২৪ সেপ্টেম্বর।—মেদনীপুরের জুজমোকদ্দমার আদালতের জজ ও সবর-
ডিনেট জজ শ্রীযুক্ত বাবু যদুনাথ রায় সিবিল কার্য্যকারকদের ছুটির বিধির ১৮ ধারামতে আগামি
দশহরার বন্ধে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুক্ত বাবু হরপ্রসাদ সেন ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত
শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সেন, এম, এ, ও বি, এল, রঙ্গপুরের অন্তর্গত অলিপুরে মুনসেফের কর্ম্ম
করিবেন।

১৮৭৩ সাল ২৫ সেপ্টেম্বর।—চট্টগ্রামের মুনসেফ শ্রীযুক্ত মুনশী হসমৎ আলী ছুটী লওয়াতে বন্ধের
পর দেওয়ানী আদালত সকল খোলা গেলে তিনি যত কাল ফিরিয়া না আইসেন তত কাল কিম্বা অন্য
আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু শ্রীনাথ পাল, বি, এল, চট্টগ্রামের মুনসেফী কর্ম্ম করিতে নিযুক্ত
হইয়াছেন।

শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র রায় কর্ম্ম ত্যাগ করাতে ও শ্রীযুক্ত বাবু গঙ্গাকান্ত মুখোপাধ্যায় উক্ত
পদে নিযুক্ত হওয়াতে যেং পদ শূন্য হইল নিম্নলিখিত মুনসেফেরা সবর্ডিনেট জজের শ্রেণী
ভুক্ত হইয়া সেইং পদে নিযুক্ত হইলেন।

কটকের অন্তর্গত (জাজপুর) যামনগরের শ্রীযুক্ত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত,

নওয়াখালির শ্রীযুক্ত বাবু কালীচরণ চট্টোপাধ্যায়,

দ্বিতীয় শ্রেণীহইতে প্রথম শ্রেণী,

মালদহের শ্রীযুক্ত বাবু উমাচরণ দত্ত, বি, এল,

বিরভূমের অন্তর্গত ভোলপুরের শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তি,

তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুক্ত বাবু নিলমাধব সামন্ত, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফী পদে নিযুক্ত হইয়া শ্রীহট্টের অন্তর্গত
কেঞ্চগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুক্ত বাবু সর্ব্বেশ্বর মজুমদার, এল, এল, মুনসেফদের তৃতীয় শ্রেণীভুক্ত হইয়া ময়মনসিংহের
অন্তর্গত জামালপুরের মুনসেফ হইবেন। বর্ত্তমান মাসের ১ তারিখের যে আজ্ঞাক্রমে তিনি বুদবু দর
মুনসেফের কর্ম্ম করনার্থে নিযুক্ত হন তাহা এতদ্বারা রহিত হইল।

শ্রীযুক্ত বাবু শ্রীনাথ দত্ত আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি যে দুই মাস ছুটী পাইয়াছেন
সেই দুই মাসের নিমিত্তে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু বিহারিলাল মল্লিক, বি, এল,
পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত বুদবুদের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়ের অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন
পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু রাজকুমার মৈত্র দশহরা বন্ধের পর রঙ্গপুরের অন্তর্গত বদরগঞ্জের মুনসেফের কর্ম্ম
করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুক্ত বাবু যোগেশচন্দ্র মিত্রের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত
শ্রীযুক্ত বাবু অতুলবিহারি ঘোষ, বি, এল, দিনাজপুরের অন্তর্গত শিবগঞ্জের মুনসেফের কর্ম্ম করণার্থে
নিযুক্ত হইয়াছেন।

সি, বর্ণাড,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

কোন ব্যক্তিরা বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে উকীল
কি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিলে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৬৫
সালের ২০ আইনের ৬ ধারামতে তাঁহারদের পরীক্ষা লওনের এই বিধি প্রকাশ করিয়াছেন।

১। কোন ব্যক্তিরা বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের অধীন মফঃসল আদালতে
উকীল ও মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিলে, তাঁহারা সেইং কর্ম্মের যোগ্য কি না ইহা নির্ণয়
করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং ব্যবস্থাবিষয়ের পরীক্ষকদিগকে
নিযুক্ত করিবেন। তাঁহারদের মধ্যে এক জন সভাপতি ও এক জন সেক্রেটরী থাকিবেন।

২। ব্যবস্থার পরীক্ষকেরা প্রতিবৎসর জানুআরি কি ফেব্রুআরি মাসের যেং তারিখ নিরূপণ করিয়া
উপযুক্তমতে প্রকাশ করেন সেইং তারিখে উক্ত পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে।

৩। ব্যবস্থার পরীক্ষকেরা ঐ পরীক্ষার কার্য্য চালাইবেন ও সেই কার্য্যের তত্ত্বাবধারণ করিবার
জন্য যে ব্যক্তি কি ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহারদের তত্ত্বাধীনে করা যাইবে।

৪। যাঁহারা উচ্চতর শ্রেণীর ওকালতীপদ পাইতে চাহেন তাঁহারদের পরীক্ষা কলিকাতায় হইবে।
নিম্নতর শ্রেণীর উকীলদের ও মোক্তারদের পরীক্ষা কলিকাতা, পাটনা, ঢাকা, কটক ও গোহাটীতে
হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩ ৭ অক্টোবর।]

5. The examination for higher grade pleaders shall be conducted in English; for lower grade pleaders and for mookhtars, in English or in the vernacular of the district, at the option of the candidate, as declared in his application for admission to the examination.

6. The examination shall be in part by written questions, the answers to which shall be in writing, and in part *vivâ voce*. But the Examiners in Law, with the sanction of the Lieutenant-Governor, shall have power to dispense with the *vivâ voce* examination in the vernacular if it so seem fit.

7. The Examiners shall prepare the written questions, of which there shall be not less than four papers for the pleaders' and mookhtars' examinations respectively.

8. Each paper shall contain twelve questions, and shall bear a full value of 160 marks.

9. The full number of marks for the *vivâ voce* examination, in which candidates shall be asked at least five questions, shall be 50.

10. The questions shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in the rules passed by the High Court for the qualification, admission, and enrolment of pleaders and mookhtars in Mofussil Courts, and they shall be so prepared that a candidate may be able to pass by studying the regulations, enactments, and text-books there specified.

11. The number of marks to which each candidate shall be entitled for his answers to the written or oral questions shall be determined by the Examiners in Law.

12. To be entitled to pass, candidates must obtain not less than the marks hereunder specified.—

	In each of the written papers	In the *vivâ voce* examination
Higher Grade Pleadership	100	30
Lower " "	80	20
Mookhtarship	100	30

13. No candidate will be allowed to enter the examination room with any books or private memoranda, and any one detected doing so, will forfeit all fees paid by him, and will not be permitted to undergo examination. Any candidates detected in the act of using unfair means, such as communicating with each other, or copying from their neighbours, or from private memoranda or books, &c., will be summarily ejected from the examination room, and shall forfeit all benefit to be derived from the previous portion of the examination and all right to proceed further, together with all fees paid by them.

14. When the examination shall have been concluded, the Examiners in Law shall submit the names of those candidates who have passed, together with a report of their proceedings to Government.

15. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette*, and certificates, to be granted by the Examiners in Law under the signatures of the President and Secretary, shall be forwarded for distribution to the successful candidates by the Judges of their respective districts.

C. Bernard,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 24th September 1873.

No. 351.—*Appointment.*—Mr. R. C. McKennie, Executive Engineer, Fourth Grade, to officiate as Executive Engineer of the Dinagepore and Maldah Districts.

No. 352.—*Transfers.*—Mr. T. Beatty, Assistant Engineer, Second Grade, from the Dinagepore and Maldah to the Moorshedabad Districts.

No. 353.—Mr. E. Moriarty, Overseer, First Grade, joined the Dinagepore and Maldah Districts on the 9th September 1873, before noon.

J. E. T. Nicolls, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. D.

[*Government Gazette, 7th October* 1873.]

৫। উচ্চতর শ্রেণীর উকীলদের পরীক্ষা ইংরেজী ভাষায় লওয়া যাইবে। নিম্নতর শ্রেণীর উকীলদের ও মোক্তারদের পরীক্ষা পদাকাঙ্ক্ষিদের ইচ্ছামতে ইংরেজী কি দেশীয় ভাষায় লওয়া যাইবে। তাঁহারা যে ভাষায় পরীক্ষা দিতে চাহেন পরীক্ষা দিবার অনুমতি লওনের প্রার্থনা পত্রে তাহা জানাইবেন।

৬। পরীক্ষার একাংশ লিখিত প্রশ্ন দ্বারা হইবে। প্রশ্নের উত্তর লিখিয়া দেওয়া যাইবে। একাংশ বাচনিক পরীক্ষা হইবে। কিন্তু পরীক্ষকেরা বিহিত বোধ করিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া দেশীয় ভাষায় বাচনিক পরীক্ষা না লইতেও পারিবেন।

৭। পরীক্ষকেরা লিখিত প্রশ্নপত্র প্রস্তুত করিবেন। উকীলদের ও মোক্তারদের পরীক্ষার জন্যে চারি২ খানি পত্রের কম হইবে না।

৮। প্রত্যেক পত্রে বারোটি প্রশ্ন থাকিবে তাহার উত্তরের উচ্চ অঙ্ক ১৬০ ধরা যাইবে।

৯। বাচনিক পরীক্ষায় পদাকাঙ্ক্ষিদের নিকট পাঁচটি প্রশ্নের কম হইবে না। তাহার উচ্চ অঙ্ক ৫০ ধরা যাইবে।

১০। হাইকোর্টের সাহেবেরা মফসল আদালতে উকীল ও মোক্তারদের যোগ্যতা নিরূপণের ও গ্রাহ্য হওয়ার ও নাম লেখাইবার যে বিধি করিয়াছেন সেই বিধিতে যেং বিষয় লেখা থাকে ঐ প্রশ্ন এমন করিয়া লেখা যাইবে যেন সেইং বিষয়ে পদাকাঙ্ক্ষিদের বুৎপত্তির পরীক্ষা হয় এবং ঐ বিধিতে যেং আইন ও আকট ও পুস্তকের উল্লেখ হইয়াছে ঐ প্রশ্ন সকল এমন করিয়া প্রস্তুত করা যাইবে যেন সেই আইন প্রভৃতি অভ্যাস করিলেই পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন।

১১। লিখিত বা বাচনিক প্রশ্নের উত্তর দিলে একং জন পদাকাঙ্ক্ষী নামে কত অঙ্ক পাত করা যাইতে পারিবে পরীক্ষকেরা ইহা নিরূপণ করিবেন।

১২। পদাকাঙ্ক্ষি কোন ব্যক্তি নিম্নলিখিত অঙ্কের কম পাইলে উত্তীর্ণ হইতে পারিবেন না।

	লিখিত প্রত্যেক পত্রে	বাচনিক পরীক্ষায়।
উচ্চতর শ্রেণীর ওকালতীর .	১০০ . ..	৩০
নিম্নতর ঐ ঐ . ..	৮০	২০
মোক্তারী পদের	১০০ . ..	৩০

১৩। পদাকাঙ্ক্ষিরা কোন পুস্তক কিম্বা স্মরণার্থ কোন পত্র লইয়া পরীক্ষার ঘরে প্রবেশ করিতে পাইবে না। তদ্রূপ করিয়া ধরা পড়িলে ফী বলিয়া যত টাকা দিলেন তাহাও ফিরিয়া পাইবেন না পরীক্ষাও দিতে পাইবেন না। পদাকাঙ্ক্ষিরা পরস্পর কথা কহন কিম্বা পার্শ্বস্থিত ব্যক্তির পত্র দেখিয়া নকল করিয়া লওন কিম্বা স্মরণার্থ পত্র কি পুস্তক হইতে নকল করিয়া লওন প্রভৃতি অন্যায় কোন কার্য্য করিয়া ধরা পড়িলে, তাহাদিগকে ত্বরায় পরীক্ষার ঘর হইতে বাহির করিয়া দেওয়া যাইবে। ও ধরা পড়িবার পূর্ব্বে পরীক্ষার যেং পত্র লিখিলেন তদ্দ্বারা যে উপকার হইতে পারিত তাহাও ব্যর্থ হইবে ও আর পরীক্ষা দিতে পাইবেন না ও ফী বলিয়া যত টাকা দিলেন তাহাও ফিরিয়া পাইতে পারিবেন না।

১৪। পরীক্ষার শেষ হইলে পর পদাকাঙ্ক্ষি যে ব্যক্তিরা উত্তীর্ণ হইয়াছেন পরীক্ষকেরা তাঁহারদের নাম ও আপনাদের কার্য্যের রিপোর্ট গবর্ণমেন্টের নিকট পাঠাইবেন।

১৫। যাঁহারা উত্তীর্ণ হইলেন তাঁহারদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। এবং পরীক্ষকেরা সর্টিফিকট লেখাইয়া ও সভাপতি ও সেক্রেটরীর দ্বারা স্বাক্ষর করাইয়া ঐ উত্তীর্ণ ব্যক্তিদিগকে দিবার জন্যে তাঁহাদের যে জিলায় নিবাস সেই জিলার জজ সাহেবদের নিকট পাঠাইয়া দিবেন।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলতার কথা।

১৮৭৩ সাল ২৪ সেপ্টেম্বর।

৩৫১ নং।—নিয়োগ।—চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, সি, মাকেনি সাহেব দিনাজপুর ও মালদহ জেলায় একজেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

৩৫২ নং।—স্থানান্তরে নিয়োগ—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বেটি সাহেব দিনাজপুর ও মালদহ জেলা হইতে মুর্শিদাবাদ জেলায় প্রেরিত হইয়াছেন।

৩৫৩ নং।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত ই মরিয়ারটি সাহেব ১৮৭৩ সালের ৯ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্নে দিনাজপুর ও মালদহ জেলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

জে, ই, টি, নিকল্‌স্‌, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৭৩। ৭ অক্টোবর।]

IRRIGATION.

NOTIFICATIONS.

ESTABLISHMENT.

The 24th September 1873.

No 399.—*Leave.*—Baboo Mutty Lall Mozoomdar, Overseer, Third Grade, Cossye Division, is granted sick leave for two months under Supplement F, Section 3 of the Civil Leave Code

No. 400.—Mr. G. H. Faulkner, Executive Engineer, Second Grade, Cuttack Workshop Division, is granted privilege leave for one month under Supplement F, Section 12 of the Civil Leave Code, with effect from the 8th May 1873.

Mr. Faulkner returned to duty on 8th June 1873

No 401.—Baboo Pearymohun Gossamy, Sub-Overseer, First Grade, Western Sone Survey Division, is granted privilege leave for one month under Supplement F, Section 12 of the Civil Leave Code, with effect from the forenoon of the 25th July 1873

The Sub-Overseer returned to duty on 26th August 1873

No 402.—Baboo Soodam Chunder Patnaik, Assistant Engineer, Third Grade, Western Sone Survey Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted on the forenoon of the 15th September 1873

No 337, dated 18th August 1873

No. 403.—*Notification.*—Mr E R. Middleton, Deputy Collector of Serampore, received charge of the Dancuni Survey works on the 19th May 1873.

The 25th September 1873.

No. 404.—*Transfer.*—Mr A. Hayes, Assistant Engineer, Third Grade, from the South Western to the Sone Circle

No. 405.—*Leave.*—Baboo Hurrish Chunder Mookerjee, Sub-Overseer, First Grade, Debree Division, availed himself of the privilege leave previously granted him on the 17th September 1873

No 406.—*Leave*—Mr L A Mendes, Supervisor, First Grade, Hidgellee Division, is granted privilege leave for six weeks under Supplement F, Section 12 of the Civil Leave Code.

H. W GULLIVER, *Lieut.-Col*, *R E.*
Offg Jt.-Secy to the Govt. of Bengal,
P. W Dept., Irrigation Branch.

জলসেচনসম্পর্কীয়

বিজ্ঞাপন।

সিদ্ধিশতাবিষয়ক।

১৮৭৩ সাল ২৪ সেপ্টেম্বর।

৩৯৯ নম্বর।—ছুটী।—কশুইখণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু মতিলাল মজুমদার সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে পীড়া প্রযুক্ত দুই মাস ছুটী পাইয়াছেন।

৪০০ নম্বর।—কটকের কারখানা খণ্ডের দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি এচ ফকনর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন। ঐ ছুটী ১৮৭৩ সালের মে মাসের ১৮ তারিখ অবধি আরম্ভ হয়।

শ্রীযুত ফকনর সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ৮ তারিখে কর্ম্ম প্রত্যাগমন করিলেন।

৪০১ নম্বর।—সোণ সম্পর্কীয় জরীপী কার্য্যের পশ্চিম খণ্ডের প্রথম শ্রেণীর সব ওবরসিয়র শ্রীযুত বাবু পেয়ারীমোহন গোস্বামী সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইলেন। ঐ ছুটী ১৮৭৩ সালের জুলাই মাসের ২৫ তারিখের পূর্ব্বাহ্নে আরম্ভ হইল।

ঐ সব-ওবরসিয়র ১৮৭৩ সালের আগষ্ট মাসের ২৬ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করিলেন।

৪০২ নম্বর।—সোণসম্পর্কীয় জরীপীকার্য্যের পশ্চিম খণ্ডের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু সুদামচন্দ্র পট্টনায়ক পার্শ্বে লিখিত আজ্ঞাক্রমে যে অনুগ্রহের ছুটী পান ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্নে তাহা গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের ১৮ আগষ্টের ৩৩৭ নং।

৪০৩ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীরামপুরের ডেপুটী কালেকটর শ্রীযুত ই আর মিডিলটন সাহেব ১৮৭৩ সালের মে মাসের ১৯ তারিখে ডানকোনীর জরীপী কার্য্যের ভারগ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ২৫ সেপ্টেম্বর।

৪০৪ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ হেস সাহেব দক্ষিণ পশ্চিম চক্র হইতে সোণ চক্রে প্রেরিত হইয়াছেন।

৪০৫ নম্বর।—ছুটী।—দেহরী খণ্ডের প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু হরিশচন্দ্র মুখোপাধ্যায় ইতি পূর্ব্বে যে অনুগ্রহের ছুটী পান ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে তাহা গ্রহণ করিলেন।

৪০৬ নম্বর।—ছুটী।—হিজলী খণ্ডের প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত এল এ মেডিন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ছয় সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

এচ, ডবলিউ, গলিবর, লেপ্টেনেন্ট, কর্ণেল, আর, ই,
পবলিক-ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জাইন্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 7, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৭ অক্টোবর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR OF THE HIGH COURT.—CIVIL SIDE.

NOTIFICATION.

The following rules are published for general information.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Registrar.

HIGH COURT OF JUDICATURE,
FORT WILLIAM,
***The 11th September* 1873.**

Rules drawn up in accordance with Section 4, Act XX of 1865, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookteārs in Mofussil Courts.

1. Pleaders in the Mofussil Courts of the Regulation provinces, within the limits of the jurisdiction of the High Court, shall, as regards qualification, be of two grades.

2. Those of the higher grade shall be competent to appear, plead, and act in any Civil or Criminal Court subordinate to and within the limits of the general jurisdiction of the High Court, and also before the Board of Revenue or in any Revenue Court or Office within the said limits: Provided that they shall not appear, plead, or act in the High Court.

3. Those of the lower grade shall be competent to appear, plead, and act in the Courts of Moonsiffs, and in Small Cause Courts, and in the Courts of Officers in the District of Cachar, and the Divisions of Assam, Chota Nagpore, and Cooch Behar, exercising the powers of Moonsiffs under the Bengal Civil Courts' Act, 1871.

4 Mookteārs duly admitted and enrolled, may, subject to the conditions of their certificates as to the class of Courts in which they are authorized to practise, appear and act in any Civil Court, and may appear, plead, and act in any Criminal Court within the same limits: Provided that they shall not appear, plead, or act in the High Court

5 The Examiners hereinafter mentioned shall be the persons appointed to be Examiners by the Lieutenant-Governor of Bengal under the provisions of Act XX of 1865

Qualifications for Pleaders of the Higher Grade.

6. Every person may be admitted as a pleader of the higher grade who shall be qualified as hereinafter prescribed, that is to say—

1st.—If he shall have obtained the Degree of Bachelor of Law of one of the Universities of Calcutta, Madras or Bombay, or shall be Licentiate in Law of one of the said Universities. Provided that his application for admission as a pleader be made within one year from the time of his obtaining such degree or license, or within such further time as the High Court shall for any special reason allow; or

2nd—If he produce a certificate from the Examiners that he has passed, in the first class, an examination in the subjects prescribed from time to time by the High Court for such examination.

[*Government Gazette, 7th October* 1873.]

হাই কোর্টের দেওয়ানী সরকুলার।

বিজ্ঞাপন।

নিম্নলিখিত বিধি সাধারণের জানিবার নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

কলিকাতা, হাই কোর্ট,
১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।

ডবলিউ, এম, সুটর,
রেজিষ্ট্রার।

মফঃসল আদালতে উকীলদের ও মোক্তারদের যোগ্যতা বিষয়ক ও গ্রাহ্য হওন ও নাম লেখা-
ইয়া লওন বিষয়ক এই বিধি ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামতে করা গিয়াছে।

১। আইনের অধীন দেশের যেং মফঃসল আদালত হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার মধ্যে থাকে সেইং আদালতের উকীলেরা যোগ্যতা সম্পর্কে দুই শ্রেণীভুক্ত হইবেন।

২। হাই কোর্টের অধীন ও ঐ কোর্টের সাধারণ বিচারাধিপত্যের সীমার মধ্যে দেওয়ানী কি ফৌজদারী যে আদালত থাকে, উচ্চতর শ্রেণীর উকীলেরা সেই আদালতে এবং রেবিনিউ বোর্ডের সম্মুখে ও উক্ত সীমার অন্তর্গত কোন মাল আদালতে কি কাছারীতে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব ও ওকালতী করিতে পারিবেন। কিন্তু তাঁহারা হাই কোর্টে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব ও ওকালতী করিতে পারিবেন না।

৩। নিম্নতর শ্রেণীর উকীলেরা মুনসেফদের আদালতে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে, এবং কাছাড় জিলায় ও আসামে ও ছোট নাগপুরে ও কুচবেহারে থাকে বঙ্গদেশীয় দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের আইনক্রমে যে কার্য্যকারকেরা মুনসেফদের ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারদের আদালতে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব ও ওকালতী করিতে পারিবেন।

৪। মোক্তারেরা নিয়মমতে গ্রাহ্য হইলে ও তাঁহাদের নাম লিখিয়া দেওয়া গেলে, যে শ্রেণীর আদালতে তাঁহারদের মোক্তারী করিবার অনুমতি পত্র তাঁহাদের সর্টিফিকেটে যেং নিয়ম থাকে তাঁহারা সেইং নিয়মমতে দেওয়ানী কোন আদালতেও উপস্থিত হইয়া মোক্তারী করিতে পারিবেন এবং উক্ত সীমার অন্তর্গত কোন ফৌজদারী আদালতে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে ও মোক্তারী করিতে পারিবেন। কিন্তু হাই কোর্টে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব কি মোক্তারী করিতে পারিবেন না।

৫ ধারা। এই বিধির মধ্যে যে পরীক্ষকদের কথা লেখা আছে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৬৫ সালের ২০ আইনের বিধানমতে পরীক্ষক বলিয়া যাঁহারদিগকে নিযুক্ত করেন তাঁহারাই সেই পরীক্ষক।

উচ্চতর শ্রেণীর উকীলদের যোগ্যতার কথা।

৬। কোন ব্যক্তি নিম্নলিখিত প্রকারে যোগ্য হইলে তিনি উচ্চতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

প্রথম।—কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই ইহার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে বাচিলর আফ লা উপাধি পাইলে, কিম্বা উক্ত কোন এক বিশ্ববিদ্যালয়ের লাইসেনশিয়েট ইন লা হইলে। কিন্তু যে সময়ে সেই উপাধি কি লাইসেন্স পাইয়া থাকেন সেই সময়াবধি এক বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট কোন বিশেষ কারণে অধিক সময় দিলে সেই সময়ের মধ্যে তাঁহার উকীল স্বরূপ গ্রাহ্য হইবার দরখাস্ত করিতে হইবে। কিম্বা

দ্বিতীয়।—হাই কোর্ট সময়েং যে বিষয়ে পরীক্ষা দিবার আদেশ করেন সেইং বিষয়ে পরীক্ষা দিয়া প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন পরীক্ষকদের স্থানে তিনি ইহার সর্টিফিকট দেখাইতে পারিলে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

Such subjects shall until further orders by the Court, be as follows :—

HIGHER GRADE.

Subjects.	*Regulations, Enactments, and Text-Books.*
1st.—The law of property current in Bengal—	
A.—With reference to the permanent settlement; to the Government lien on land; to claims to hold land exempt from the payment of revenue; and to the mode in which estates can be brought to sale for arrears of revenue.	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered; Act XI of 1859, and the preamble to Regulation (Bengal) II of 1793.
B.—The law of under-tenures, and the mode in which the same can be brought to sale for arrears of rent.	Regulation (Bengal) VIII of 1819; Act VIII of 1865 (Bengal Council); Act VIII of 1869 B. C. (Except as to candidates to practise in Orissa, Chota Nagpore, and Assam, who will be required, as heretofore, to pass in Act X of 1859).
C.—The relation of landlord and tenant.	Act VIII of 1869, B. C., except as above.
D.—Mortgages, Registration of Assurances.	Macpherson on Mortgages; Act VIII of 1871.
E.—The Hindoo Law of Inheritance, Succession and Adoption.	Dayabhaga and Mitakshara; Dattaka Chundrika, and Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters.
F.—Mahomedan Law.	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9
G.—The Indian Succession Act.	Act X of 1865; Act XXI of 1870.
2nd.—Obligations arising from contracts.	Macpherson on Contracts; Act IX of 1872.
3rd.—Civil Procedure.	Act VIII of 1859, Act XXIII of 1861, Act XI of 1865.
4th.—The Law of Evidence.	Act I of 1872.
5th.—The Law relating to Stamps.	Act XVIII of 1869, and Act VII of 1870
6th.—The Law of Limitation	Act IX of 1871
7th.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860 and Act XXVII of 1870), and the Code of Criminal Procedure, Act X of 1872.

7. The application to the High Court for admission shall be made within one year from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for any special reason allow.

8 In order to qualify a person to present himself for the examination required by these rules for the higher grade—

1st—He must hold a certificate of having passed the Firts Arts Examination of the University of Calcutta, Madras or Bombay, or the first public examination before Moderators at Oxford, or the previous examination at Cambridge, or the preliminary examination in Arts in one of the Scotch Universities, or the examination in Arts for the second grade at Durham, or the matriculation at the University of Dublin, or a certificate of having passed some other public examination which shall be certified by not less than three Judges of the High Court, as being in their opinion equivalent to one or other of the above-mentioned examinations.

2nd.—He must hold a certificate of having regularly attended a full course of lectures in law at one of the colleges affiliated to the Calcutta University, or such law lectures elsewhere as shall be deemed by the High Court to be sufficient

[*Government Gazette, 7th October* 1873.]

হাই কোর্ট যত দিন অন্য প্রকারের আজ্ঞা না করেন তত দিন এইং বিষয়ে পরীক্ষা লওয়া যাইবে।

উচ্চতর শ্রেণীর।

বিষয়।	আইনপ্রভৃতি ও পুস্তক।
প্রথম।—বঙ্গদেশে সম্পত্তি বিষয়ক যে ব্যবস্থা চলন আছে।	
ক।—চিরকালীন বন্দোবস্ত ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়া, ও নিষ্করূপে ভূমি ভোগ করিবার দাওয়া ও বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় করিবার নিয়ম লক্ষ করিয়া সেই ব্যবস্থা।	বঙ্গীয় ১৭৯৩ সালের ১, ৮, ১০, ১৪, ১৯ ও ৪৪ আইন ও অন্য যেং আইন ও আক্টদ্বারা উক্ত কএক আইন মতান্তর করা যায়। ১৮৫৯ সালের ১১ আইনের ও বঙ্গীয় ১৭৯৩ সালের ২ আইনের অনুবাদ।
খ।—পেটাও তালুকাদি বিষয়ক ব্যবস্থা ও বাকী খাজানার নিমিত্ত তাহা বিক্রয় করিবার নিয়ম।	বঙ্গীয় ১৮১৯ সালের ৮ আইন। বঙ্গীয় মন্ত্রিসভার ১৮৬৫ সালের ৮ আইন। বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইন। (কিন্তু যে ব্যক্তিরা উড়িষ্যা ও ছোট নাগপুর ও আসামে ওকালতী করিতে চাহেন তাঁহারা পূর্ব্বের ন্যায় ১৮১৯ সালের ১০ আইনে পরীক্ষা দিবেন।)
গ।—জমীদারের ও প্রজার পরস্পর সম্বন্ধ।	পূর্ব্বোক্ত স্থানের লোক ছাড়া অন্য ব্যক্তিরা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনে পরীক্ষা দিবেন।
ঘ।—বন্ধক ও নিদর্শনপত্রাদির রেজিষ্টরী করণ বিষয়ক বিধি।	বন্ধকের বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক। ১৮৭১ সালের ৮ আইন।
ঙ।—দায় ও উত্তরাধিকারিত্ব ও দত্তক বিষয়ে হিন্দু ব্যবস্থা।	দায়ভাগ ও মিতাক্ষরা। দত্তকচন্দ্রিকা ও হিন্দু ব্যবস্থার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের প্রথম অবধি সপ্তম পর্য্যন্ত অধ্যায়।
চ।—মুসলমানদের শরা।	মুসলমানদের শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ অধ্যায়ছাড়া সকল অধ্যায়
ছ।—ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন।	১৮৬৫ সালের ১০ আইন, ১৮৭০ সালের ২১ আইন।
দ্বিতীয়। চুক্তিহইতে যে দায় জন্মে তদ্বিষয়ক বিধি	চুক্তিবিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক। ১৮৭২ সালের ৯ আইন।
তৃতীয়। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান	১৮৫৯ সালের ৮ আইন। ১৮৬১ সালের ২৩ আইন॥ ১৮৬৫ সালের ১১ আইন।
চতুর্থ। সাক্ষ্য বিষয়ক ব্যবস্থা	১৮৭২ সালের ১ আইন।
পঞ্চম। ইষ্টাম্প বিষয়ক ব্যবস্থা	১৮৬৯ সালের ১৮ আইন ও ১৮৭০ সালের ৭ আইন।
ষষ্ঠ। মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদ বিষয়ক ব্যবস্থা	১৮৭১ সালের ৯ আইন।
সপ্তম। ফৌজদারী আইন ও কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধি বিষয়ক ১৮৬০ সালের ৪৫ ও ১৮৭০ সালের ২৭ আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানবিষয়ক ১৮৭২ সালের ১০ আইন।

৭। যে ব্যক্তিরা হাই কোর্টে গ্রাহ্য হইবার প্রার্থনা করেন তাঁহারদের পরীক্ষোত্তীর্ণ হইবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক সময় পাইবার অনুমতি দিলে সেই সময়ের মধ্যে তাঁহাদের গ্রাহ্য হইবার দরখাস্ত করিতে হইবে।

৮। এই বিধিমতে কোন ব্যক্তি উচ্চতর শ্রেণীর পরীক্ষা দিবার জন্যে উপস্থিত হইতে চাহিলে তাঁহার পক্ষে এই প্রয়োজন যে,

প্রথম।—তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ে প্রথম আর্টসের পরীক্ষায় কিম্বা অক্সফর্ডে মডরেটর সাহেবদের সম্মুখে প্রথম প্রকাশ পরীক্ষায়, কিম্বা তৎপূর্ব্বে কেম্ব্রিজের পরীক্ষায়, কিম্বা স্কটলণ্ড দেশীয় অন্যতর বিশ্ববিদ্যালয়ের আর্টসের প্রথম স্থলীয় পরীক্ষায় কিম্বা ডরহামে দ্বিতীয় শ্রেণীর আর্টসের পরীক্ষায় কিম্বা ডবলিনের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট কিম্বা হাই কোর্টের অন্যূন তিন জন জজ সাহেব অন্য যে কোন প্রকাশ পরীক্ষা আপনাদের বিবেচনামতে পূর্ব্বোক্ত অন্যতর পরীক্ষার তুল্য বলিয়া প্রকাশ করেন এমত পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট প্রাপ্ত হন।

দ্বিতীয়।—যেং কালেজ কলিকাতার বিশ্ববিদ্যালয়ে সংযুক্ত হইয়াছে এমত কোন এক কালেজে ব্যবস্থাবিষয়ক সমুদয় লেকচর শ্রেণী দেওন সময়ে কিম্বা অন্য স্থানে হইলেও হাই কোর্ট ব্যবস্থাবিষয়ক যে লেকচর প্রচুর বলিয়া জ্ঞান করেন সেই লেকচর দেওন সময়ে নিয়ত উপস্থিত থাকার সর্টিফিকট প্রাপ্ত হন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

3rd.—He must produce a satisfactory certificate of good moral character, and be above the age of 20 years.

9 Every candidate for examination for the higher grade shall, on or before the 1st of November in each year, give notice to the Secretary to the Board of Examiners of his intention to present himself at the ensuing examination, and he shall establish to their satisfaction that he possesses the qualifications declared by Rule 8 to be necessary for such candidates.

10. The Examiners, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that the Examiners are satisfied that he possesses the necessary qualifications.

11. Before the date of examination, every candidate for the higher grade shall pay a fee of Rs. 30 into the Government Treasury at Calcutta, and shall produce to the Examiners the receipt for the said sum of Rs. 30.

12. Any person who shall have passed the examination as a pleader of the higher grade, or who shall have obtained the degree of Bachelor in Law of one of the Universities of Calcutta, Madras or Bombay, or of Licentiate in Law of one of the said Universities, and who shall desire to be admitted to practise, shall pay into the Government Treasury of the district in which he shall intend to practise Rs. 25, and shall on presentation of the certificate of the Examiners or of his Diploma, and the receipt for the said sum of Rs. 25, be entitled to apply to the High Court for admission and enrolment.

13. The application, together with the certificate and receipt required by Rule 12, shall be presented to the Judge of the district in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court, with such remarks as he may think fit to make thereon.

14. The name of the applicant and his place of abode, together with his father's name and place of abode, shall be affixed in some conspicuous place in the Court House of the Judge to whom the application is sent, and also in the High Court, at least six weeks before the applicant is admitted to practise.

15. The High Court may call for evidence of the respectability of the applicant in any case in which it may be deemed necessary.

16. Upon the applicant's being admitted and enrolled by the High Court, a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the district, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

Qualifications for Pleaders of the Lower Grade.

17. Every person may be admitted as a pleader of the lower grade who shall produce a certificate from the Board of Examiners that he has passed, in the second class, an examination in the same subjects as are prescribed for pleaders of the higher grade under the provisions of Rule 6

18. The application to the High Court for admission shall be made within one year from the time of the applicant's passing the examination, or within such further time as the Court shall for for any special reason allow.

19. In order to qualify a person to present himself for examination for the lower grade—

1st.—He must hold a certificate of having passed the entrance examination of the University of Calcutta, Madras, or Bombay, in the First or Second Class, or the first public examination before Moderators at Oxford, or the previous examination at Cambridge, or the preliminary examination in Arts in one of the Scotch Universities, or the examination in Arts for the second grade at Durham, or the matriculation examination at the University of Dublin or London, or a certificate of having passed some other public examination which shall be certified by not less than three Judges of the High Court as being in their opinion equivalent to one or other of the above-mentioned examinations.

2nd—He must produce a satisfactory certificate of good moral character, and be above the age of 20 years.

20. Every candidate for examination for the lower grade shall, on or before the 1st November in each year, give notice to the Examiners of his intention to present himself at

তৃতীয়।—নীতিপক্ষে তাঁহার সদাচারের সন্তোষজনক সর্টিফিকট দেখাইতে হইবে ও তাঁহার ২০ বৎসরের অধিক বয়স হওয়া আবশ্যক।

৯। কোন ব্যক্তি উচ্চতর শ্রেণীর পরীক্ষা দিতে চাহিলে, আগামি যে পরীক্ষা হইবে তিনি সেই পরীক্ষায় উপস্থিত হইবার কল্পনা করেন, নবেম্বর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে পরীক্ষক বোর্ডের সেক্রেটরী সাহেবের নিকট এই মর্ম্মের নোটিস দিবেন। এবং ৮ ধারায় সেই প্রকারের পদপ্রার্থী আকাঙ্ক্ষিদের যোগ্যতার যেং গুণ নির্দ্দিষ্ট হইয়াছে, তিনি সেইং গুণ যে প্রাপ্ত হইয়াছেন ইহা পরীক্ষকদের সন্তোষমতে তাঁহার প্রমাণ করা আবশ্যক।

১০। সেই ব্যক্তির সেইং গুণ থাকন বিষয়ে পরীক্ষকদের সন্তোষ হইলে তাঁহারা রেজিষ্টরী বহীতে তাঁহার নাম ও পিতার নাম ও নিবাস ও বয়স লিখিবেন, এবং যে যোগ্যতার যেং গুণ আবশ্যক উক্ত ব্যক্তির সেইং গুণ থাকা বিষয়ে পরীক্ষকদের সন্তোষ হইয়াছে তাঁহারা এই মর্ম্মের সর্টিফিকটও লিখিবেন।

১১। উচ্চতর শ্রেণীর পদাকাঙ্ক্ষী পরীক্ষা দিবার তারিখের পূর্ব্বে কলিকাতার গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ৩০ টাকা ফী দিবেন ও পরীক্ষকদিগকে ঐ ৩০ টাকার রসীদ দেখাইবেন।

১২। কোন ব্যক্তি উচ্চতর শ্রেণীর উকীলের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ে ব্যাচিলর আফ লা উপাধি, কিম্বা উক্ত অন্যতর বিশ্ববিদ্যালয়ে লাইসেন্‌শ্যাট ইন লা উপাধি প্রাপ্ত হইয়া ওকালতী করিবার নিমিত্ত গ্রাহ্য হইতে ইচ্ছুক হইলে, তিনি যে জিলায় ওকালতী করিতে চাহেন সেই জিলার গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ২৫ টাকা দিবেন, ও পরীক্ষকদের সর্টিফিকট কিম্বা ডিপ্লোমা অর্থাৎ উপাধিপত্র ও ঐ ২৫ টাকার রসীদ দেখাইলে তিনি হাই কোর্টে গ্রাহ্য হইবার ও রেজিষ্টরে নাম লেখাইবার দরখাস্ত করিতে পারিবেন।

১৩। ঐ পদাকাঙ্ক্ষী সচরাচর যে জিলার মধ্যে ওকালতী করিতে চাহেন সেই জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিবেন এবং ১২ ধারায় যে সর্টিফিকট ও রসীদ দেখাইবার আজ্ঞা আছে তাহাও দেখাইবেন। জজ সাহেব সেই বিষয়ে যেং কথা লেখা উচিত বোধ করেন তাহা লিখিয়া ঐ দরখাস্ত ও সর্টিফিকট প্রভৃতি হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকট পাঠাইবেন।

১৪। ঐ ব্যক্তি যে জজ সাহেবের নিকট দরখাস্ত করেন তাঁহার আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে এবং হাই কোর্টেও তাঁহার ঐ ওকালতী করিবার অনুমতি পাইবার পূর্ব্বে ছয় সপ্তাহ পর্য্যন্ত তাঁহার নাম ও নিবাস ও পিতার নাম ও নিবাস লিখিয়া লটকাইয়া দেওয়া যাইবে।

১৫। দরখাস্তকারী ভদ্র লোক, কোন স্থলেই ইহার প্রমাণ লওয়া আবশ্যক বোধ হইলে হাই কোর্ট তাহার প্রমাণ দিবার আদেশ করিতে পারিবেন।

১৬। দরখাস্তকারী হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম লিখিয়া দেওয়া গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব ঐ জিলার জজ সাহেবের নিকট সেই মর্ম্মের সর্টিফিকট পাঠাইয়া দিবেন। এবং ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলে সর্টিফিকটের যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে দরখাস্তকারী সেই পাঠের উল্লিখিত প্রতিজ্ঞাপত্র লিখিয়া সহী করিয়া ঐ জজ সাহেবকে দিলে ও তাঁহার নিকট রাখিলে তিনি তাঁহাকে ঐ আইনের বিধানমত সর্টিফিকট দিবেন।

নিম্নশ্রেণীর উকীলদের যোগ্যতার গুণের কথা।

১৭। ৬ ধারায় উচ্চতর শ্রেণীর উকীলদের যেং বিষয়ে পরীক্ষা দিবার বিধান হইয়াছে, কোন ব্যক্তি দ্বিতীয় শ্রেণীতে সেইং বিষয়ের পরীক্ষা দিয়াছেন পরীক্ষক বোর্ডের এই মর্ম্মের সর্টিফিকট দেখাইলে তিনি নিম্নতর শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

১৮। দরখাস্তকারী যে তারিখে পরীক্ষোত্তীর্ণ হন সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে কিম্বা হাই কোর্ট বিশেষ কোন কারণে অধিক সময়ের অনুমতি দিলে সেই অধিক সময়ের মধ্যে হাই কোর্টে তাঁহার গ্রাহ্য হইবার দরখাস্ত দিতে হইবে।

১৯। নিম্নতর শ্রেণীর পরীক্ষায় উপস্থিত হইবার যোগ্য হওনার্থে এই প্রয়োজন যে,

প্রথম—তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় প্রথম কি দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার, কিম্বা অক্সফর্ডে মডরেটর সাহেবদের সম্মুখে প্রথম প্রকাশ্য পরীক্ষায়, কিম্বা তৎপূর্ব্বে কেম্ব্রিজের পরীক্ষায়, কিম্বা স্কটলণ্ড দেশীয় কোন এক বিশ্ববিদ্যালয়ে আর্টসের প্রথমশ্রেণীর পরীক্ষায়, কিম্বা ডরহামে দ্বিতীয় শ্রেণীর আর্ট সম্বন্ধীয় পরীক্ষায় কিম্বা ডবলিনের কি লণ্ডনের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট, কিম্বা হাই কোর্টের অনুমান তিন জন জজ সাহেব অন্য যে প্রকাশ্য পরীক্ষা আপনাদের বিবেচনামতে উক্ত কোন এক পরীক্ষার তুল্য বলিয়া জ্ঞান করিবার সর্টিফিকট দেন, সেই পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট প্রাপ্ত হন।

দ্বিতীয়।—নীতিপক্ষে তাঁহার সদাচারের সন্তোষজনক সর্টিফিকট দেখাইতে হইবে ও তাঁহার ২০ বৎসরের অধিক বয়স হওয়া আবশ্যক।

২০। কোন ব্যক্তি নিম্নতর শ্রেণীর নিমিত্ত পরীক্ষা দিতে চাহিলে আগামি যে পরীক্ষা হইবে তিনি সেই পরীক্ষায় উপস্থিত হইতে কল্পনা করেন নবেম্বর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে পরীক্ষক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৭ অক্টোবর।]

the ensuing examination, and shall establish to the satisfaction of the said Examiners that he possesses the qualifications declared by Rule 19 to be necessary for such candidates.

21. The Examiners, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age in a register, with a certificate to the effect that they have been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of, or an extract from the said register.

22. Before the date of examination every candidate for the lower grade shall pay a fee of Rs. 20 into the Government Treasury, and shall furnish to the Examiners the receipt for the said fee of Rs. 20.

23. Any person who shall have passed for the lower grade under the preceding rules, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the district in which he shall intend to practise Rs. 15, and shall on presentation of the Examiners' certificate and of the receipt for the said sum of Rs. 15 be entitled to apply to the High Court for admission and enrolment.

24. The application, together with the certificate and receipt mentioned in Rule 23, shall be presented to the Judge of the district in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by him to the Registrar of the High Court, with any remarks which he may think fit to make thereon.

25. The name of the applicant and his place of abode, together with his father's name and place of abode, shall be affixed in some conspicuous place in the Court House of the Judge to whom the application is sent, and also in the High Court, at least six weeks before the applicant is admitted to practise.

26. The High Court may call for evidence of the respectability of the applicant in any case in which it may think it necessary.

27. Upon the applicant's being admitted and enrolled by the High Court, a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the district, who, upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

Rules for Mookhtears.

28. Every person may be admitted as a mookhtear who shall be qualified as hereinafter prescribed, that is to say :—

(1). If he shall be qualified to be admitted as a pleader of either grade. Provided that his application to be admitted as a mookhtear shall be made within one year from the time of his obtaining such degree or license, or within such further time as the Court shall for any special reason allow; or

(2). If he shall produce a certificate from the Examiners that he has passed an examination in the subjects prescribed from time to time by the High Court for the examination of mookhtears. Such subject shall until further notice be as follows :—

Code of Civil Procedure.
Code of Criminal Procedure.
Law of Limitation.
Registration Act.
Stamp Laws.
Evidence Act.
Small Cause Court Act.
Contract Act.
Penal Code.

29. In order to qualify a person to present himself for the examination required by these rules for mookhtears—

(1). He must hold a certificate of having passed the Entrance Examination of the University of Calcutta, Madras or Bombay, or a certificate of having passed the vernacular or minor scholarship examination, or some other public examination certified by the Director of Public Instruction or by an Inspector of Schools to be equivalent thereto.

(2). He must produce a satisfactory certificate of good moral character, and be above the age of 20 years.

30. Every candidate for examination as a mookhtear shall, on or before the 1st of December of each year, give notice to the Examiners of his intention to present himself at

সাহেবদের নিকট তাঁহার এই মর্ম্মের নোটিস দিতে হইবে। ও ১৯ ধারায় সেই প্রকারের পদাকাঙ্ক্ষিদের যোগ্যতার যেং গুণ আবশ্যক বলিয়া নির্দ্দিষ্ট হইল তাঁহার সেইং গুণ থাকার বিষয়ে উক্ত পরীক্ষকদের সন্তোষজনক প্রমাণ করিতে হইবে।

২১। ঐ ব্যক্তির সেইং গুণ আছে পরীক্ষকেরা ইহা সন্তোষমতে জানিলে রেজিষ্টরী বহীতে তাঁহার নাম ও পিতার নাম ও নিবাস ও তাহার বয়স লিখিবেন এবং যোগ্যতার যেং গুণ আবশ্যক তাঁহার সেইং গুণ আছে তাঁহারা সন্তোষমতে ইহা জানিতে পাইয়াছেন এই মর্ম্মের সর্টিফিকটও ঐ বহীতে লিখিবেন এবং ঐ পদাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরে লিখিত কথার নকল কি চুম্বক দিবেন।

২২। নিম্নতর শ্রেণীর প্রত্যেক পদাকাঙ্ক্ষী পরীক্ষার তারিখের পূর্ব্বে গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ২০৲ টাকা ফী দিবেন ও পরীক্ষকদিগকে ঐ ২০৲ টাকার রসীদ দেখাইবেন।

২৩। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব বিধিমতে নিম্নতর শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ হইয়া গ্রাহ্য হইতে ইচ্ছা করিলে তিনি যে জিলায় ওকালতী করিতে চাহেন সেই জিলার গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ১৫৲ টাকা দিবেন এবং পরীক্ষকদের সর্টিফিকট ও ঐ ১৫৲ টাকার রসীদ দেখাইয়া হাই কোর্টে গ্রাহ্য হইবার ও নাম লেখাইয়া লইবার দরখাস্ত করিতে পারিবেন।

২৪। দরখাস্তকারী সচরাচর যে জিলার মধ্যে ওকালতী করিতে কল্পনা করেন তিনি সেই জিলার জজ সাহেবের নিকট ঐ দরখাস্ত ও ২৩ ধারার যে সর্টিফিকটের ও রসীদের কথা লেখা আছে সেই সর্টিফিকট ও রসীদ দিবেন। জজ সাহেব সেই বিষয়ে যে কথা লেখা উচিত বোধ করেন সেই কথা লিখিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ দরখাস্ত ও সর্টিফিকটপ্রভৃতি পাঠাইবেন।

২৫। ঐ দরখাস্ত যে জজ সাহেবের নিকট পাঠান যায় দরখাস্তকারির ওকালতী করণার্থে গ্রাহ্য হইবার পূর্ব্বে অতিন্যূন ছয় সপ্তাহপর্য্যন্ত সেই জজ সাহেবের আদালত ঘরের কোন প্রকাশ স্থানে এবং হাই কোর্টে ঐ দরখাস্তকারির নাম ও নিবাস ও তাঁহার পিতার নাম ও নিবাস লিখিয়া লটকাইয়া রাখা যাইবে।

২৬। কোন স্থলেই দরখাস্তকারির ভদ্র লোক ইহার প্রমাণ লওয়া আবশ্যক বোধ হইলে হাই কোর্ট তাহার প্রমাণ দিবার আদেশ করিতে পারিবেন।

২৭। দরখাস্তকারী হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম লিখিয়া দেওয়া গেলে, হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব ঐ জিলার জজ সাহেবের নিকট সেই মর্ম্মের সর্টিফিকট পাঠাইয়া দিবেন। এবং ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলে সর্টিফিকটের যে পাঠ আছে দরখাস্তকারী সেই পাঠের উল্লিখিত প্রতিজ্ঞাপত্র লিখিয়া সহী করিয়া জজ সাহেবকে দিলে ও তাঁহার নিকট রাখিলে জজ সাহেব তাঁহাকে ঐ আইনের বিধানমত সর্টিফিকট দিবেন।

মোক্তারদের বিধি।

২৮। কোন ব্যক্তি নিম্নলিখিতমতে যোগ্য হইলে তিনি মোক্তারস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

(১) কোন শ্রেণীর উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য হইলে। কিন্তু তিনি যে সময়ে পূর্ব্বোক্ত উপাধি কি লাইসেন্স প্রাপ্ত হন সেই সময়াবধি এক বৎসরের মধ্যে, কিম্বা কোর্ট কোন বিশেষ কারণে অধিক সময় দিলে সেই সময়ের মধ্যে তাঁহার মোক্তারস্বরূপ গ্রাহ্য হইবার প্রার্থনা করিতে হইবে।

(২) হাই কোর্টের সাহেবেরা সময়েং মোক্তারদের যেং বিষয়ে পরীক্ষা দিবার বিধান করেন সেইং বিষয়ে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন পরীক্ষকদের এই মর্ম্মের সর্টিফিকট দেখাইলে। অন্য প্রকারের নোটিস যত দিন প্রকাশ না করা যায় তত দিন এইং বিষয়ে পরীক্ষা দিতে হইবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদ বিষয়ক আইন।
ইষ্টাম্প বিষয়ক আইন।
ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক আইন।
দণ্ড বি᷄ির আইন।
ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন।
রেজিষ্টরী করণ বিষয়ক আইন।
সাক্ষ্য বিষয়ক আইন।
চুক্তি বিষয়ক আইন।

২৯। এই বিধিমতে মোক্তারদের যে পরীক্ষা দিতে হইবে কোন ব্যক্তি সেই পরীক্ষায় উপস্থিত হইবার যোগ্য হন এই নিমিত্ত এই প্রয়োজন যে,

(১) তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট, কিম্বা দেশীয় ভাষার কি মাইনর ছাত্রবৃত্তির পরীক্ষায়, কিম্বা সাধারণের শিক্ষাসংক্রান্ত কার্য্যের ডাইরেক্টর সাহেব কি স্কুলের ইনস্পেকটর অন্য যে পরীক্ষা উক্ত পরীক্ষার তুল্য বলিয়া সর্টিফিকট লিখিয়া দেন সেই পরীক্ষায় উত্তীর্ণ হইবার সর্টিফিকট প্রাপ্ত হন।

(২) নীতিপক্ষে তাঁহার সদাচারের সন্তোষজনক সর্টিফিকট দেখাইতে হইবে ও তাঁহার ২০ বৎসরের অধিক বয়স হওয়া আবশ্যক।

৩০। কোন ব্যক্তি মোক্তারের পরীক্ষা দিতে চাহিলে আগামি যে পরীক্ষা হইবে সেই পরীক্ষায় তাঁহার উপস্থিত হইবার কল্পনা আছে তিনি ডিসেম্বর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে

the ensuing examination, and shall establish to their satisfaction that he possesses all the qualifications declared by Rule 29 to be necessary for such candidates.

31. The Examiners, if satisfied that the candidate possesses such qualifications, shall thereupon enter his name, the name of his father, his place of residence, and his age, in a register, with a certificate to the effect that they have been satisfied that he possesses the necessary qualifications, and shall furnish the candidate with a copy of or an extract from the said register.

32. Before the date of examination every candidate shall pay a fee of Rs. 15 into the Government Treasury of the district, and shall furnish to the Examiners the receipt for the said fee of Rs. 15.

33. Any person who shall pass the examination as a mookhtear, and who shall desire to be admitted, shall pay into the Government Treasury of the district in which he shall intend to practise Rs 10, and shall on presentation of the certificate of the Examiners and of the receipt for the said sum of Rs. 10 be entitled to apply to the High Court for admission and enrolment.

34. The application, together with the certificate and receipt required by Rule 33, shall be presented to the Judge of the district in which the applicant intends ordinarily to practise, and shall be forwarded by the Judge to the Registrar of the High Court, with such remarks as he may think fit to make thereon.

35. The name of the applicant and his place of abode, together with his father's name and place of abode, shall be affixed in some conspicuous place in the Court House of the Judge to whom the application is sent, and also in the High Court, at least three weeks before the applicant is admitted to practise.

36. The High Court may call for evidence of the respectability of the applicant in any case in which it may think it necessary.

37. Upon the applicant's being admitted and enrolled by the High Court, a certificate to that effect shall be forwarded by the Registrar of the High Court to the Judge of the district, who upon the applicant's delivering and leaving with him a declaration in writing signed by the said applicant in conformity with the recital in the form of certificate given in the 2nd Schedule to Act XX of 1865, shall grant him a certificate as required by the said Act.

38. If any person having passed the examination entitling him to be admitted and enrolled as a mookhtear shall fail to apply for such admission and enrolment for a period of one year, he shall not be admitted and enrolled, unless by special order of the High Court the time for such application shall be extended.

39. If any person having been admitted and enrolled as a pleader or mookhtear shall neglect to take out a certificate, or, having obtained a certificate, shall fail to renew it for a period of three years, he shall be suspended, and shall not be entitled to receive a certificate or to have his certificate renewed without further orders of the High Court.

40. Any person who, having been admitted as pleader or mookhtear, shall accept any appointment under Government, or shall enter into any trade or other business, shall give notice thereof to the High Court, who may thereupon suspend such pleader or mookhtear from practice, or pass such orders as the said Court may think fit.

41. Any person who shall hold any appointment under Government, or shall carry on any trade or other business at the time of his application for admission as a pleader or mookhtear, shall state the fact in his application for admission, and the High Court may refuse to admit such person, or pass such orders thereon as it thinks proper.

42. Any wilful violation of any of the above rules shall subject a pleader or mookhtar to suspension or dismissal.

43. These rules shall come into force on the 1st day of January 1874, except so far as they relate to the qualifications required by clause 1 of Rules 8, 19, and 29, respectively, as to which the rules now in force shall continue until the 1st of January 1875.

R. Couch.	F. A. Glover.
F. B. Kemp.	Dwarkanath Mitter.
Louis S. Jackson.	C. Pontifex.
J. B. Phear.	E. G. Birch.
A. G. Macpherson.	G. G. Morris.
W. Markby.	

The 11th September 1873.

[*Government Gazette, 7th October* 1873.]

পরীক্ষকদের নিকটে এই মর্ম্মের নোটিস দিবেন, ও ২৯ ধারায় সেই কর্ম্মাকাঙ্ক্ষিদের যোগ্যতার যেং গুণ আবশ্যক বলিয়া নির্দ্দিষ্ট হইল তাঁহার সেইং গুণ আছে পরীক্ষকদের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিবেন।

৩১। ঐ ব্যক্তির যোগ্যতার সেইং গুণ আছে পরীক্ষকেরা ইহা হৃদ্বোধমতে জানিলে রেজিষ্টরী বহীতে তাঁহার নাম ও পিতার নাম ও নিবাস ও বয়স লিখিবেন, এবং যোগ্যতার যেং গুণ আবশ্যক ঐ ব্যক্তির সেইং গুণ থাকার বিষয়ে তাঁহারা হৃদ্বোধমতে জানিয়াছেন এই মর্ম্মের সর্টিফিকটও লিখিবেন, এবং ঐ কর্ম্মাকাঙ্ক্ষিকে ঐ রেজিষ্টরের লিখিত কথার নকল কি চুম্বক দিবেন।

৩২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী পরীক্ষার তারিখের পূর্ব্বে জিলার গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ১৫ টাকা ফী দিবেন ও পরীক্ষকদিগকে ঐ ১৫ টাকার রসীদ দেখাইবেন।

৩৩। কোন ব্যক্তি মোক্তারের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া গ্রাহ্য হইতে চাহিলে যে জিলায় মোক্তারী করিতে চাহেন তিনি সেই জিলার গবর্ণমেণ্ট ট্রেজুরীতে ১০ টাকা দিবেন এবং পরীক্ষকদের সর্টিফিকট ও ঐ ১০ টাকার রসীদ দেখাইলে হাইকোর্টে গ্রাহ্য হইবার ও নাম লেখাইবার দরখাস্ত করিতে পারিবেন।

৩৪। দরখাস্তকারী সচরাচর যে জিলায় মোক্তারী করিতে চাহেন সেই জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিবেন ও ৩১ ধারায় যে সর্টিফিকটের ও রসীদের বিধান আছে তাহা দরখাস্তের সঙ্গে দিবেন। জজ সাহেব সেই বিষয়ে যে কথা লেখা উচিত বোধ করেন তাহা লিখিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ দরখাস্ত প্রভৃতি পাঠাইবেন।

৩৫। যে জজ সাহেবের নিকট দরখাস্ত করেন মোক্তারী করণার্থে দরখাস্তকারির গ্রাহ্য হইবার পূর্ব্বে অতি ন্যূন তিন সপ্তাহ পর্য্যন্ত সেই জজ সাহেবের আদালত ঘরের কোন প্রকাশ স্থানে ও হাই কোর্টে তাঁহার নাম ও নিবাস ও পিতার নাম ও নিবাস লিখিয়া লটকাইয়া রাখা যাইবে।

৩৬। দরখাস্তকারী ভদ্রলোক, হাই কোর্ট কোন স্থলেই ইহার প্রমাণ লওয়া আবশ্যক জ্ঞান করিলে প্রমাণ দিবার আদেশ করিতে পারিবেন।

৩৭। দরখাস্তকারী হাই কোর্টে গ্রাহ্য হইলে ও তাঁহার নাম লিখিয়া দেওয়া গেলে হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব জিলার জজ সাহেবের নিকট সেই মর্ম্মের সর্টিফিকট পাঠাইয়া দিবেন। ও ১৮৬৫ সালের ২০ আইনের দ্বিতীয় তফসীলে সর্টিফিকটের যে পাঠ লেখা আছে দরখাস্তকারী সেই পাঠের উল্লিখিত প্রতিজ্ঞা পত্র লিখিয়া ও সহী করিয়া জিলার জজ সাহেবকে দিলে ও তাঁহার নিকট রাখিলে, জজ সাহেব তাঁহাকে ঐ আইনের বিধানমত সার্টিফিকট দিবেন।

৩৮। যে পরীক্ষোত্তীর্ণ হইলে মোক্তার স্বরূপ গ্রাহ্য হইবার ও নাম লেখাইবার অধিকার হইতে পারে, কোন ব্যক্তি সেই পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এক বৎসর পর্য্যন্ত তদ্রূপে গ্রাহ্য হইবার ও নাম লেখাইবার দরখাস্ত না করিলে গ্রাহ্য হইবেন না ও তাঁহার নাম লিখিয়া দেওয়া যাইবে না। কিন্তু হাই কোর্ট ঐ দরখাস্ত করিবার সময় বৃদ্ধি হইবার বিশেষ আজ্ঞা দিতে পারিবেন।

৩৯। কোন ব্যক্তি উকীল কি মোক্তার স্বরূপ গ্রাহ্য হইলে ও তাঁহার নাম লিখিয়া দেওয়া গেলে পর যদি সর্টিফিকট লইতে অবহেলা করেন, কিম্বা সর্টিফিকট পাইলেও যদি তিন বৎসর পর্য্যন্ত তাহা নূতন করিয়া না লন, তবে তাঁহাকে সসপেণ্ড করা যাইবে। এবং হাই কোর্টের আজ্ঞা না হইলে তাঁহার সর্টিফিকট পাইবার কি নূতন করিয়া সর্টিফিকট লইবার অধিকার থাকিবে না।

৪০। কোন ব্যক্তি উকীল কি মোক্তার স্বরূপ গ্রাহ্য হইলে পর গবর্ণমেণ্টের অধীন কোন পদ গ্রাহ্য করিলে, কিম্বা কোন বাণিজ্য কার্য্য কি অন্য কর্ম্মে প্রবর্ত্ত হইলে তিনি হাই কোর্টে সেই বিষয়ের নোটিস দিবেন। তাহা হইলে উক্ত কোর্ট সেই ব্যক্তিকে ওকালতী কি মোক্তারী কর্ম্ম হইতে সসপেণ্ড করিতে পারিবেন কিম্বা অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

৪১। কোন ব্যক্তি উকীল কি মোক্তার স্বরূপ গ্রাহ্য হইবার দরখাস্ত করিলে যদি তিনি সেই সময়ে গবর্ণমেণ্টের অধীন কোন পদে নিযুক্ত থাকেন কিম্বা বাণিজ্য কি অন্য প্রকারের ব্যবসায় করিয়া থাকেন তবে গ্রাহ্য হইবার দরখাস্তে সেই কথা জানাইবেন। তাহাতে হাই কোর্ট ঐ ব্যক্তিকে গ্রাহ্য করিতে অস্বীকার করিতে কিম্বা অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।—

৪২। কোন উকীল কি মোক্তার ইচ্ছা করিয়া পূর্ব্বোক্ত কোন বিধি লঙ্ঘন করিলে তাহাকে কর্ম্ম হইতে সসপেণ্ড কি বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে।

৪৩। এই সকল বিধি ১৮৭৪ সালের জানুআরি মাসের প্রথম দিনাবধি প্রবল হইবে। কিন্তু ৮ ও ১৯ ও ২৯ ধারার ১ প্রকরণে যোগ্যতার যে গুণ নির্দ্দিষ্ট হইয়াছে তৎসম্পর্কে এইক্ষণকার প্রচলিত বিধি ১৮৭৫ সালের জানুআরি মাসের প্রথম দিন পর্য্যন্ত প্রচলিত থাকিবে।

আর কোচ।	এফ এ গ্লবর।
এফ বি কেম্প।	দ্বারকানাথ মিত্র।
লুইস এস জ্যাকসন।	সি পণ্টিফেক্স।
জে বি ফিয়র।	ই জি বর্ড।
এ জি মাকফরসন।	জি জি মরিস।
ডবলিউ মার্কবি।	

১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট ; ১৮৭৩। ৭ অক্টোবর।]

RULES FOR ADMISSION OF VAKEELS IN THE HIGH COURT.

1 Every person, before being admitted to practise as a vakeel in the High Court shall have obtained the Degree of Bachelor of Laws in the University of Calcutta, Madras or Bombay.

2. Except as mentioned in Rules 20 and 23, every person, before being admitted as a pleader in the High Court, shall serve a regular clerkship to some attorney or vakeel of the High Court to be approved by the Court before the contract is entered into, under articles of clerkship by contract in writing pursuant to the rules hereinafter contained, for the full period of two years.

3. The term of service required by the last preceding rule need not be all under one and the same contract, nor to one and the same person, but may be to different persons by virtue of an assignment or assignments, or by virtue of successive independent contracts, upon the dissolution of the original or succeeding contract.

4. The person under whom the articles shall be served shall during the whole period of the service, be actually practising as an attorney or vakeel in the High Court.

5. No person who is himself acting as clerk to an attorney or vakeel shall be able to take any clerk for service under articles.

6. No person shall be capable of service under these rules until he shall have passed the B.A. examination of the University of Calcutta, Madras or Bombay.

7. The contract in writing whereby a person shall engage as aforesaid to serve as a clerk to any attorney or vakeel shall be filed with the Registrar of the High Court on the Appellate Side within one calendar month after the execution of the same, together with an affidavit by such attorney or vakeel that he has been himself duly admitted, and has been practising for five years as an attorney or vakeel, and that such contract has been duly executed by himself and by the clerk therein mentioned. And in every such affidavit shall be specified the name of the attorney or vakeel and his place of abode or business, and the name of the clerk and his place of abode, together with the day on which the contract was actually executed.

8. In case the articles of clerkship shall be assigned, the assignment shall be in writing, and shall be in like manner filed within one calendar month after the execution thereof, together with an affidavit that the same has been executed by all the necessary parties. And in every such affidavit shall be specified the name of the attorney or vakeel to whom the articles are assigned and his place of business, together with the day on which the assignment was actually executed.

9. If by reason of death or for any other good and sufficient reason an assignment of the articles cannot be obtained, a fresh contract in writing shall be entered into by the clerk with the person under whom the service is continued, which shall be filed in the manner and with the affidavit prescribed by Rule 8.

10. In case the contract or assignment, together with the necessary affidavit, be not filed within the time specified, the same may be filed with the said Registrar after the expiration thereof; but the service of such clerk shall be reckoned to have been commenced or renewed from the date of filing such contract or assignment unless the Court shall otherwise order.

11. Every person who shall be articled to serve as a clerk to a vakeel or attorney for the purpose of being admitted as a vakeel shall, during the whole period of such service, continue, and be really and actually employed by such attorney or pleader in the proper business, practice and employment of an attorney or vakeel.

12. Before any person shall be admitted as a vakeel in the High Court, he shall sign and file with such Registrar as aforesaid answers to the questions contained in the Schedule A, hereunto annexed; and the person or persons under whom he shall have served his articles shall sign and file answers to the questions contained in the Schedule B, hereunto annexed, as also a certificate in the form given therein

13. In case the applicant should shew sufficient cause to the satisfaction of the Court why the last rule cannot be fully complied with, it shall be in the power of the Court to dispense with any part of this rule which it may think fit and reasonable.

14. The applicant shall in all cases produce satisfactory testimonials as to his good character.

[*Government Gazette, 7th October* 1873.]

হাই কোর্টে উকীলদের গ্রাহ্য হইবার বিধি।

১। হাই কোর্টে একালতী করিবার নিমিত্ত কোন ব্যক্তির গ্রাহ্য হইবার পূর্ব্বে, কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ে তাঁহার ব্যাচিলর আফ লা (বি এল) উপাধি প্রাপ্ত হওয়া আবশ্যক।

২। এই বিধির ২০ ও ২৩ ধারার লিখিত স্থলভিন্ন, হাই কোর্টে কোন ব্যক্তির উকীলস্বরূপ গ্রাহ্য হইবার পূর্ব্বে, পশ্চাৎ লিখিত বিধিমতে চুক্তি পত্র লিখিত হওয়া কেলার্কের কর্ম্মের যে নিয়ম করা যায়, তাঁহার সেই নিয়মানুসারে পুরা দুই বৎসর পর্য্যন্ত হাইকোর্টের কোন আটর্ণি কি উকীলের নিকট নিয়মিতরূপে কেলার্কের কর্ম্ম করিতে হইবে। যে উকীলের কি আটর্ণির নিকট ঐ কর্ম্ম করিবেন চুক্তি করিবার পূর্ব্বে হাই কোর্ট কর্তৃক তাঁহার অনুমোদিত হওয়া আবশ্যক।

৩। ইহার পূর্ব্ব বিধিমতে যত কাল কর্ম্ম করা প্রয়োজন তত্তাবৎ কাল এক চুক্তি ক্রমে কিম্বা এক ব্যক্তির নিকট ঐ কর্ম্ম করা যে আবশ্যক তাহা নয়। প্রথম চুক্তি কি তাহার পর কোন চুক্তি রহিত করা গেলে পর অর্পণ করণ পত্রদ্বারা কিম্বা স্বতন্ত্র চুক্তিপত্র দ্বারা ভিন্ন২ ব্যক্তিদের নিকট ঐ কেলার্কের কর্ম্ম করা যাইতে পারে।

৪। উক্ত নিয়মানুসারে যে ব্যক্তির নিকট কেলার্কের কর্ম্ম করা যায় ঐ কর্ম্ম করণের সমস্ত কাল তাঁহার হাই কোর্টের আটর্ণি কি উকীল স্বরূপ কর্ম্ম করিতে থাকা আবশ্যক

৫। কোন ব্যক্তি আপনি যে সময়ে আটর্ণির কি উকীলের কেলার্কের কর্ম্ম করিতেছেন তিনি সেই সময়ে চুক্তিপত্রক্রমে কোন ব্যক্তিকে কেলার্কস্বরূপ লইতে পারিবেন না।

৬। কোন ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ের বি এ পরীক্ষায় উত্তীর্ণ না হইলে এই বিধিমতে কেলার্কের কর্ম্ম করিতে পারিবেন না।

৭। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন আটর্ণির কি উকীলের নিকট কেলার্কের কর্ম্ম করিতে করার করিলে তদ্বিষয়ের যে চুক্তিপত্র লিখিয়া দেওয়া যায় তাহা স্বাক্ষর করা যাইবার পর ইঙ্গ-ণ্ডীয় পঞ্জিকা-মত এক মাসের মধ্যে আপীলী মোকদ্দমা শুনিবার পক্ষ হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকট গাঁথিয়া রাখা যাইবে। ও সেই আটর্ণি কি উকীল আপনি নিয়মিতরূপে গ্রাহ্য হইয়াছেন ও পাঁচ বৎসর অবধি আটর্ণি কি উকীল স্বরূপ কর্ম্ম করিয়া আসিতেছেন ও সেই চুক্তি পত্রে আপনি ও তল্লিখিত কেলার্ক নিয়মিতরূপে স্বাক্ষর করিয়াছেন এই২ মর্ম্মের আফিডেবিটও ঐ চুক্তিপত্রের সহিত রেজিষ্ট্রার সাহেবকে দেওয় যাইবে। সেই আফিডেবিটের মধ্যে ঐ আটর্ণির কি উকীলের নাম ও নিবাস কি কর্ম্মস্থান ও কেলার্কের নাম ও বাসস্থান ও যে তারিখে ঐ চুক্তিপত্রে স্বাক্ষর করা যায় সেই তারিখও লেখা থাকিবে।

৮। কেলার্কের কর্ম্ম করিবার ঐ চুক্তি পত্র অন্য ব্যক্তির প্রতি অর্পণ করা গেলে, ঐ অর্পণ পত্র লিখিয়া দেওয় যাইবে। তাহাও স্বাক্ষর করিবার পর এক মাসের মধ্যে পূর্ব্বোক্ত প্রকারে গাথিয়া রাখা যাইবে, ও যে২ ব্যক্তির ঐ পত্রে স্বাক্ষর করা আবশ্যক তাঁহারাই স্বাক্ষর করিয়াছেন এই মর্ম্মের আফিডেবিটও সঙ্গে থাকিবে। যে আটর্ণির কি উকীলের প্রতি ঐ চুক্তিপত্র অর্পণ করিয়া দেওয়া যায় ঐ আফিডেবিটে তাঁহার নাম ও কর্ম্মের স্থান ও অর্পণ করণ পত্রে যে তারিখে স্বাক্ষর করা যায় তাহাও লেখা থাকিবে।

৯। আটর্ণির কি উকীলের মৃত্যু প্রযুক্ত কিম্বা কোন উত্তম ও বিশিষ্ট কারণে ঐ চুক্তি পত্রের অর্পণপত্র পাওয়া যাইতে না পারিলে, কেলার্ক অন্য যে ব্যক্তির নিকট ঐ কর্ম্ম করিবেন তাঁহার সঙ্গে নূতন চুক্তিপত্র লিখিয়া দেওয়া যাইবে, তাহাও আফিডেবিট সহিত ৮ ধারার বিধানমতে গাঁথিয়া রাখা যাইবে।

১০। প্রয়োজনীয় আফিডেবিট সহিত ঐ চুক্তিপত্র কি অর্পণপত্র নির্দ্দিষ্ট সময়ের মধ্যে গাঁথিয়া না দেওয়া গেলে, সেই সময় গত হইলেও তাহা উক্ত রেজিষ্ট্রার সাহেবের নিকট গাঁথিয়া রাখা যাইতে পারিবে। কিন্তু হাই কোর্ট প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ঐ চুক্তিপত্র কি অর্পণ পত্র যে তারিখে গাঁথিয়া দেওয়া যায় সেই তারিখ অবধি ঐ কেলার্কের কর্ম্ম আরম্ভ হইয়াছে কি নূতন আরম্ভ হইয়াছে এমত জ্ঞান হইবে।

১১। কোন ব্যক্তি উকীলস্বরূপ গ্রাহ্য হইবার নিমিত্ত কোন উকীলের কি আটর্ণির নিকট কেলার্কের কর্ম্ম করিতে চুক্তি করিলে, যত কাল সেই কর্ম্ম করিতে হইবে তিনি তত কাল আটর্ণির কি উকীলের কর্ম্ম করিতে থাকিবেন ও ঐ উকীল কি আটর্ণি তাঁহাকে তত কাল আটর্ণির কি উকীলের যথার্থ ও প্রকৃত ও উপযুক্ত কর্ম্মে নিযুক্ত রাখিবেন।

১২। হাই কোর্টে উকীলস্বরূপ কোন ব্যক্তির গ্রাহ্য হইবার পূর্ব্বে, নিম্নলিখিত A তফসীলে যে২ প্রশ্ন আছে তিনি সেই প্রশ্নের উত্তর লিখিয়া তাহাতে সহী করিয়া পূর্ব্বোক্ত রেজিষ্ট্রার সাহেবের নিকট আনিয়া রাখিবেন। ও তিনি যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট চুক্তিপত্রমতে কর্ম্ম করিলেন তাঁহারাও নিম্নলিখিত B তফসীলের প্রশ্নের উত্তর ও সেই তফসীলে সর্টিফিকট লিখিবার যে পাঠ দেওয়া গিয়াছে সেই পাঠে সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিয়া ঐ সাহেবকে দিবেন।

১৩। শেষোক্ত নিয়মতে সম্পূর্ণরূপে কর্ম্ম হইতে পারে না, দরখাস্তকারী হাই কোর্টের বিবেচনামতে এমত উপযুক্ত কারণ দেখা গেলে হাই কোর্ট ঐ বিধির যে অংশ ত্যাগ করা উচিত ও যুক্তি-সিদ্ধ জ্ঞান করেন ত্যাগ করিতে পারিবেন।

১৪। দরখাস্তকারী সর্ব্বদাই আপন সদ্ব্যবহারের প্রমাণপত্র দেখাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

15. The applicant shall also, if required, sign and leave with the said Registrar answers in writing to such other questions as shall be directed by the Court touching the service and conduct of the applicant, and also, if required, attend the Court personally for the purpose of giving further explanation touching the same; and shall also, if required, procure the attendance of the person or persons with whom he shall have served his clerkship as aforesaid to answer either personally or in writing any questions touching such service or conduct, or shall make proof to the satisfaction of the Court of his inability to procure the same.

16. Upon compliance with the aforesaid rules, if the Court shall be satisfied as to the fitness and capacity of the applicant, a certificate shall be granted to him in the following form:—

In pursuance of the rules of the High Court relative to the admission of vakeels, it is hereby certified that A B has complied with the requirements of the said rules, and that he is a fit and proper person to be admitted to practise as a vakeel in the High Court.

(Sd) C. D.,
A Judge of the High Court

17. Any person intending to apply to be admitted to practise as a pleader in the High Court shall also give one month's notice in writing to the Registrar aforesaid stating his intention, and shall also insert in the *Calcutta Gazette* a like notice for four successive weeks prior to his application.

18. Any person who has been admitted to the Degree of B L. in the University of Calcutta, Madras, or Bombay, and who shall produce the certificate mentioned in Rule 16, shall, after giving the notice required by Rule 17, be enrolled as a vakeel of the High Court.

19. Any person who has been admitted to the Degree of B L. in the University of Calcutta, Madras, or Bombay, and who shall prove to the satisfaction of the Court that he has *bonâ-fide* practised for four years as a pleader in one or more of the Courts of the mofussil subject to the jurisdiction of the High Court, and that he is a person of good character, may, after giving the notice required by Rule 17, be admitted to practise in the High Court as a vakeel without service under articles

20. Every person applying to be admitted under the last rule shall, one month prior to admission, leave with such Registrar, as aforesaid, answers to the questions contained in the Schedule C hereunto annexed, and also a certificate or certificates in the form contained in Schedule D hereunto annexed.

21 In case the applicant should shew sufficient cause to the satisfaction of the Court why the last rule cannot be complied with, it shall be in the power of the Court to dispense with any part of this rule upon such terms as it may think fit and reasonable

22. An applicant under Rule 19, shall in all cases produce satisfactory testimonials as to his good character, and shall also, if required, leave with the said Registrar answers in writing to such questions as the Court shall direct touching the qualification of such person to be admitted as a vakeel in the High Court, and shall, if required, attend the Court personally for the purpose of giving further explanation touching the same

23. Any attorney of the High Court who shall establish to the satisfaction of the Court that he has *bonâ-fide* practised as such for the period of three years, and that he is a person of good character and ability, may be admitted to practise in the High Court as a vakeel.

24 These rules shall come into force on the first day of January 1874.

R. COUCH. F A GLOVER
F B. KEMP. DWARKANATH MITTER.
LOUIS S. JACKSON C. PONTIFEX.
J B. PHEAR. E G BIRCH.
A G. MACPHERSON. G G. MORRIS.
W. MARKBY.

The 11th September 1873.

[*Government Gazette, 7th October* 1873.]

১৫। আরো দরখাস্তকারির কর্ম্মের ও আচারের বিষয়ে হাই কোর্ট অন্য কোন কথা জিজ্ঞাসা করিবার আদেশ দিলে, দরখাস্তকারির সেই সকল প্রশ্নের উত্তর লিখিয়া সহী করিয়া রেজিষ্ট্রার সাহেবের নিকট আনিয়া রাখিতে হইবে। এবং আদেশ পাইলে তিনি সেই সকল বিষয়ের আরো ব্যাখ্যা করিবার জন্যে স্বয়ং আদালতে উপস্থিত হইবেন। ও যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট কেলার্কের কর্ম্ম করিয়াছেন তিনি কি তাঁহারা তাঁহার ঐ কর্ম্মের কি আচারের বিষয়ে বাচনিক কি লিখিত উত্তর দেন এই নিমিত্ত তিনি আজ্ঞা পাইলে ঐ ব্যক্তির কি ব্যক্তিদের উপস্থিত হইবার উপায় করিবেন কিম্বা তাঁহাকে কি তাঁহারদিগকে উপস্থিত করাইতে না পারিলে কোর্টের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিবেন।

১৬। পূর্ব্বোক্ত বিধিমতে কর্ম্ম হইলে পর হাই কোর্ট হৃদ্বোধমতে দরখাস্তকারিকে যোগ্য ও কর্ম্মদক্ষ বলিয়া জ্ঞান করিলে, তাঁহাকে নিম্নলিখিত পাঠে সর্টিফিকট দেওয়া যাইবে।

“হাই কোর্ট উকীলদের গ্রাহ্য করণবিষয়ক যে বিধি করিয়াছেন তদনুসারে এই সর্টিফিকট দেওয়া গেল যে শ্রীঅমুক উক্ত বিধিমতে কর্ম্ম করিয়াছেন ও তাঁহাকে উপযুক্ত বলিয়া হাই কোর্টের উকীল স্বরূপ কর্ম্ম করণার্থে গ্রাহ্য করা গিয়াছে।

C. D.

হাই কোর্টের অন্যতর জজ।

১৭। কোন ব্যক্তি হাই কোর্টে উকীলস্বরূপ কর্ম্ম করিবার জন্যে প্রার্থনা করিবার কল্পনা করিলে তিনি এক মাস থাকিতে উক্ত রেজিষ্ট্রার সাহেবের নিকট লিখিয়া আপনার কল্পনা জানাইবেন ও দরখাস্ত করিবার পূর্ব্বে ক্রমশঃ চারি সপ্তাহ কলিকাতা গেজেটে সেই মর্ম্মের নোটিস প্রকাশ করিবেন।

১৮। কোন ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ে বি এল উপাধি প্রাপ্ত হইয়া ১৬ ধারার লিখিত সর্টিফিকট দেখাইলে, ও ১৭ ধারামতে নোটিস দিলে ও প্রকাশ করিলে পর, হাই কোর্টের উকীলস্বরূপ তাঁহার নাম লিখিয়া দেওয়া যাইবে।

১৯। কোন ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বিশ্ববিদ্যালয়ে বি এল উপাধি প্রাপ্ত হইয়া, হাই কোর্টের অধীন এক কি অধিক মফঃসল আদালতে চারি বৎসর প্রকৃত প্রস্তাবে উকীলের কর্ম্ম যে করিয়াছেন ও সদাচারী আছেন হাই কোর্টের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিলে, তিনিও ১৭ ধারামতে নোটিস দিয়া চুক্তিপত্রের নিয়মাধীনে কর্ম্ম না করিলেও হাই কোর্টে উকীলের কর্ম্ম করণার্থে গ্রাহ্য হইতে পারিবেন।

২০। কোন ব্যক্তি শেষোক্ত ধারামতে গ্রাহ্য হইবার প্রার্থনা করিলে, তিনি গ্রাহ্য হইবার পূর্ব্বে এক মাস থাকিতে উক্ত রেজিষ্ট্রার সাহেবের নিকট এই বিধির C তফসীলের লিখিত প্রশ্নের উত্তর ও D তফসীলের পাঠে লিখিত এক কি কএক সর্টিফিকট আনিয়া রাখিবেন।

২১। দরখাস্তকারী শেষোক্ত বিধিমতে কর্ম্ম করিতে না পারিয়া হাই কোর্টের হৃদ্বোধমতে ইহার উপযুক্ত কারণ জানাইলে হাই কোর্ট যে নিয়ম উচিত ও যুক্তিসিদ্ধ জ্ঞান করেন সেই নিয়মমতে ঐ বিধির কোন অংশ স্থগিত রাখিতে পারিবেন।

২২। কোন ব্যক্তি ১৯ ধারামতে দরখাস্ত করিলে তিনি সর্ব্বদাই আপনার সদাচারের হৃদ্বোধজনক প্রমাণপত্র দেখাইবেন। এবং হাই কোর্টের উকীল স্বরূপ গ্রাহ্য হইবার যোগ্যতা বিষয়ে ঐ কোর্ট যে২ কথা জিজ্ঞাসা করিবার আদেশ করেন তিনি সেই২ জিজ্ঞাসার উত্তর লিখিয়া উক্ত রেজিষ্ট্রার সাহেবের নিকট আনিয়া রাখিবেন। ও সেই উত্তরের আরো ব্যাখ্যা করিবার জন্যে তাঁহার প্রতি স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা হইলে তিনি তজ্জন্যে হাই কোর্টে উপস্থিত হইবেন।

২৩। হাই কোর্টের কোন আটর্ণি তিন বৎসর অবধি প্রকৃত প্রস্তাবে আটর্ণি স্বরূপ কর্ম্ম করিয়াছেন ও সদাচারী ও সক্ষম আছেন হাই কোর্টের হৃদ্বোধমতে ইহা প্রমাণ করিতে পারিলে তিনিও হাই কোর্টে উকীল স্বরূপ কর্ম্ম করণার্থে গ্রাহ্য হইতে পারিবেন।

২৪। এই সকল বিধি ১৮৭৪ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে।

আর কৌচ।	এফ এ গ্লবর।
এফ বি কেম্প।	দ্বারকানাথ মিত্র।
লুইস এস জ্যাকসন।	সি পণ্টিফেক্স।
জে বি ফিয়র।	ই জি বর্চ।
এ জি ম্যাকফরসন।	জি জি মর্গন।
ডবলিউ মার্কবি।	

১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

SCHEDULE A.

Questions as to due service of articles to be answered by the applicant.

1 What was your age at your last birthday?

2. Have you served the whole term of your articles at the place where the person or persons to whom you were articled or assigned carried on his or their business? and, if not, state for what reason.

3. Have you at any time during the term of your articles been absent without the permission of the person or persons to whom you were articled or assigned? and, if so, state the length and occasions of such absence.

4. Have you during the period of your articles been engaged, or concerned, in any, and, if any, what profession, business or employment, other than your professional employment as clerk to the person or persons to whom you were articled or assigned?

5. Have you since the expiration of your articles been engaged or concerned, and for how long a time, in any, and if any, what profession, trade, business or employment, other than the profession of an attorney or vakeel?

SCHEDULE B.

Questions to be answered and certificate to be given by the person or persons with whom the clerk may have served any part of his time under articles

1. Has A B. served the whole period of his articles at the place where you carry on your business? and, if not, state the reason.

2. Has the said A. B. at any time during the period of his articles been absent? and, if so, state the length and occasions of such absence.

3. Has the said A. B. during the whole period of his articles been engaged or concerned in any, and, if any, what profession, business, or employment, other than his professional employment as your articled clerk?

4. Has the said A. B. during the whole period of his clerkship, with the exceptions abovementioned, been faithfully and diligently employed in your professional business of an attorney [*or* vakeel, *as the case may be*]?

5. Has the said A B, since the expiration of his articles, been engaged or concerned, and for how long a time, in any profession, trade, business or employment, other than the profession of an attorney or vakeel?

And I do hereby certify that the said A. B. has duly and faithfully served under his articles of clerkship [*or* assignment of articles, *as the case may be*] bearing date, &c, for the term thereof expressed, and that he is a fit and proper person to be admitted as a vakeel of the High Court

---

SCHEDULE C.

1 What was your age last birthday?

2 What is the date of your enrolment as a pleader, and where were you enrolled?

3. Have you practised in one or several Courts? State the periods during which you practised in each, and the dates of the beginning and end of each period.

4 Have you at any time been engaged or concerned in any, and, if any, what profession, business, or employment, other than that of a pleader? If so, when and for what period?

SCHEDULE D

I, C. D., District Judge [*or* Subordinate Judge, *or* Munsiff, *as the case may be*] do certify that to the best of my belief, A B practised in my Court regularly as a pleader from the day of 18 to the day of 18 , and that he was diligent and faithful in the performance of his duties, and that he is a fit and proper person to be admitted as a vakeel of the High Court

(Signed) C D.

[*Government Gazette*, *7th October* 1873.]

A তফসীল।

চুক্তিপত্রের নিয়মাধীনে উপযুক্ত কর্ম্ম করিবার বিষয়ে দরখাস্তকারির যে প্রশ্নের উত্তর দিতে হইবে তাহা এই।

১। বিগত জন্মদিনে তোমার কত বৎসর বয়স হইয়াছিল।

২। চুক্তিপত্রক্রমে যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট তোমার কর্ম্ম করিবার নিয়ম হইয়াছিল কিম্বা যাঁহার কি যাঁহাদের প্রতি তোমাকে অর্পণ করা গিয়াছিল, তুমি তাঁহার কি তাঁহাদের কর্ম্ম স্থানে ঐ চুক্তিপত্রের নির্দ্দিষ্ট তাবৎ কাল কর্ম্ম করিয়াছ কি না। যদি না করিয়া থাক তবে তাহার কারণ জানাও।

৩। যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট চুক্তিবদ্ধ কি অর্পিত হইয়াছিলা তোমার সেই চুক্তিপত্রের নির্দ্দিষ্ট কালের মধ্য কোন সময়ে তাঁহার কি তাঁহাদের অনুমতি না লইয়া কর্ম্ম ছাড়িয়া গিয়াছ কি না। যদি গিয়া থাক তবে কত দিন ও কি কারণে কর্ম্মে যাও নাই তাহা জানাও।

৪। চুক্তিপত্রমতে তুমি যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট নিয়মবদ্ধ কি অর্পিত হইয়াছিলা তাঁহার কি তাঁহাদের কেলার্ক বলিয়া তোমার পদসংক্রান্ত যে কর্ম্ম ছিল তদ্ভিন্ন তুমি সেই চুক্তির মিয়াদের মধ্যে অন্য কোন বৃত্তি কি ব্যবসায়াদিতে নিযুক্ত কি লিপ্ত ছিলা কি না। থাকিলে সে কি বৃত্তি বা ব্যবসায় তাহা জানাও।

৫। তোমার চুক্তি পত্রের নির্দ্দিষ্ট সময় অতীত থাকিলে পর তুমি আটর্নির কি উকীলের কর্ম্ম ছাড়া অন্য কোন বৃত্তিতে কি ব্যবসায়াদির কোন কর্ম্মে নিযুক্ত বা লিপ্ত ছিলা কি না, থাকিলে কত দিন ও কি প্রকারের ব্যবসায়াদিতে লিপ্ত ছিলা।

B তফসীল।

কেলার্ক চুক্তিপত্রের নিয়মাধীনে যে ব্যক্তির কি ব্যক্তিদের নিকট কর্ম্ম করিয়াছেন তাঁহার কি তাঁহাদের যে প্রশ্নের উত্তর ও যে সর্টিফিকট দিতে হইবে তাহা এই।

১। তুমি যে স্থানে কর্ম্ম চালাইয়া থাক শ্রীঅমুক চুক্তিপত্রের নিয়মানুসারে সেই স্থানে তাবৎকাল কর্ম্ম করিয়াছেন কি না। না করিলে কারণ জানাও।

২। শ্রীঅমুক চুক্তিপত্রের মিয়াদের মধ্য কোন সময়ে কর্ম্ম ছাড়িয়া গিয়াছিলেন কি না। গিয়া থাকিলে কত দিন অনুপস্থিত ছিলেন ও কি কারণে গেলেন।

৩। তোমার নিকট নিয়মবদ্ধ কেলার্ক শ্রীঅমুকের পদসংক্রান্ত যে কর্ম্ম ছিল তিনি ঐ চুক্তি পত্রের মিয়াদের মধ্য কোন সময়ে সেই কর্ম্ম ছাড়া অন্য কোন কর্ম্মে কি বৃত্তিতে কি ব্যবসায়াদিতে নিযুক্ত কি লিপ্ত ছিলেন কি না। থাকিলে সে কি কর্ম্ম কি ব্যবসায়াদি।

৪। পূর্ব্বোক্ত সময় ও কর্ম্ম ভিন্ন চুক্তি পত্রের নির্দ্দিষ্ট আর তাবৎকাল শ্রীঅমুক বিশ্বস্ত ভাবে ও মনোযোগ করিয়া তোমার আটর্নির (কিম্বা বিষয়বিশেষে উকীলের) পদসংক্রান্ত কর্ম্ম করিয়াছেন কি না।

৫। উক্ত শ্রী অমুকের চুক্তিপত্রের মিয়াদ অতীত হইলে পর তিনি আটর্নির কি উকীলের কর্ম্ম ছাড়া অন্য কোন বৃত্তিতে কি বাণিজ্য ব্যবসায়াদিতে কি কর্ম্মে নিযুক্ত কি লিপ্ত হইয়াছেন কি না। হইলে কত দিন ঐ কর্ম্মে থাকেন।

উক্ত শ্রী অমুকের কেলার্কের কর্ম্মসম্বন্ধীয় চুক্তিপত্রের (কিম্বা বিষয়বিশেষে সেই চুক্তিপত্র অর্পণ করণপত্রের) নিয়মাধীনে যে সময় নির্দ্দিষ্ট হইয়াছিল উক্ত শ্রী অমুক সেই সমস্ত কাল উপযুক্তমতে ও বিশ্বস্তভাবে কেলার্কের কর্ম্ম করিয়াছেন ও তিনি হাই কোর্টের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তি ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

C তফসীল।

১। বিগত জন্ম দিনে তোমার কত বৎসর বয়স হইয়াছিল।

২। উকীলস্বরূপ তোমার নাম কোন তারিখে লেখা গেল ও কোন্ স্থানে লেখা যায়।

৩। তুমি এক কি না অনেক আদালতে ওকালতী করিয়াছ। প্রত্যেক আদালতে কোন্ তারিখে আরম্ভ ও কোন্ তারিখে শেষ করিয়া কত কাল কর্ম্ম করিয়াছ।

৪। ওকালতী কর্ম্মছাড়া তুমি কোন সময়ে অন্য কোন বৃত্তিতে কি ব্যবসায় কি কর্ম্মে নিযুক্ত কি লিপ্ত ছিলা কি না, থাকিলে কোন্ ব্যবসায়াদিতে কখন্ কত কাল লিপ্ত ছিলা।

D তফসীল।

জিলার জজ (কিম্বা বিষয় বিশেষে সবর্ডিনেট জজ কি মুনসেফ) শ্রী অমুক আমি এই সর্টিফিকট লিখিয়া দিলাম, আমার বিশ্বাসমতে শ্রী অমুক আমার আদালতে অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি অমুক সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত নিরত ওকালতী কর্ম্ম করিলেন ও মনোযোগে ও বিশ্বাসযোগ্য ভাবে আপন কর্ম্ম সম্পাদন করিয়াছেন ও তিনি হাই কোর্টের উকীলস্বরূপ গ্রাহ্য হইবার যোগ্য ও উপযুক্ত ব্যক্তি।

অমুক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATIONS.

TRANSFERS.

BABOO SHIBPROSAD SING, Sudder Moonsiff of Cuttack to Pooree, District Cuttack, as Moonsiff of that Station.

Baboo Harakishen Chatterjee, Moonsiff of Pooree, Zillah Cuttack, to Cuttack, as Sudder Moonsiff of that Station.

By order, of the High Court,
J. H BELCHAMBERS,
Dy. Registrar for Registrar.

HIGH COURT,
The 25th September 1873

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

SEPTEMBER 1873

HON'BLE V H SHALCH

No 1.

WITH a view to obviate frequent references which the Accountant General now finds it necessary to make, District Officers are requested in future, when submitting their final proceedings in connection with the acquisition of land taken up for public purposes under Act X of 1870, to furnish, on the reverse of Appendix I, the numbers and dates of vouchers on which the amounts of compensation, &c, shown therein have been drawn from the Treasury.

No 2.

IN continuation of the Board's Circular Orders marginally cited, District Officers are requested in future, when submitting their annual report on the working of the Indian Coinage Act, to show the treatment of 4-anna and 2-anna pieces under clause 1*d* of the revised rules published with the Circular Order of November 1872, separately from the treatment of pieces of higher value

No 8 of Aug 1871
No 7 of Nov. 1872

No 3

A CASE has recently come before the notice of the Member in charge, in which a Deputy Collector, entrusted with the conduct of the operations for acquiring certain lands for public purposes, was shown to have utterly disregarded the procedure prescribed. The Member in charge desires, therefore, that no officer may be recommended for investment with powers under Act X of 1870, unless the Collector to whom such officer is subordinate is satisfied that he is well acquainted with the provisions of that law and the rules promulgated thereunder.

No. 4

THE following extract from the orders of the Government of India, No 317 of 12th August 1873, is published for the information of Commissioners as Courts of Wards—

Para. 3.—" As regards Wards' estates His Excellency in Council considers that when " such an estate, which is in a solvent condition, is being administered by Government officers, " whatever sum it is found possible to set aside for educational purposes should be employed in " supplying the recognized needs of simple primary education to the poorer classes resident on " the estate; but it is not within the competency of Government, in its character of trustee, to " make any educational arrangements supported from the funds of the trust which shall be of " a permanent character, or binding upon the Ward after the estate shall have passed out of " the hands of Government "

No 5

IN modification of Circular Order No. 6 of May 1872, District Officers are hereby informed, that notices of relinquishment and notices of enhancement, served by orders of the Collector under Sections 14 and 20, Act VIII (B C) 1869, should be shown each class under a separate head of its own in Return No VIII

The Superintendent of Stationery will be directed to issue revised forms of the return, but meanwhile the additional headings must be entered in manuscript in the forms now in use

[*Government Gazette, 7th October* 1873]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

স্থানান্তরে নিয়োগ।

কটকের সদর মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ কটক জিলার অন্তর্গত পুরীর মুনসেফ হইয়া সেই স্থানে নিযুক্ত হইয়াছেন।

কটক জিলার অন্তর্গত পুরীর মুনসেফ শ্রীযুত বাবু হরেকৃষ্ণ চট্টোপাধ্যায় কটকের সদর মুনসেফ হইয়া কটকে নিযুক্ত হইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

জে, এচ, বেলচেম্বর্স,

রেজিষ্ট্রারের পক্ষে ডেপুটী রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ১৮৭৩ সাল ২৫ সেপ্টেম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭৩ সাল সেপ্টেম্বর মাস।

মাননীয় বি, এচ, শক সাহেব।

১ নম্বর।

এইক্ষণে শ্রীযুত আকৌন্টান্ট জেনরল সাহেবের বারম্বার জিজ্ঞাসা করিবার প্রয়োজন হওয়াতে তাঁহার তদ্রূপ প্রয়োজন না থাকে এই কারণে জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল। রাজকীয় কার্য্যের নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনমতে ভূমি গ্রহণ করিয়া তৎসম্পর্কে তাঁহারদের শেষ কার্য্যের বৃত্তান্ত দিবার সময়ে, ১ নং অপেণ্ডিক্সে হানিপূরণ প্রভৃতির নিমিত্ত ত্রেজরীহইতে যে টাকা লওয়া গিয়াছে বলিয়া লেখা যায় যে২ বৌচর ক্রমে ঐ টাকা গ্রহণ করা গেল, তাঁহারা ঐ আপেণ্ডিক্সের পৃষ্ঠভাগে ঐ২ বৌচরের নম্বর ও তারিখ লিখিবেন।

২ নম্বর।

বোর্ডের পার্শ্বলিখিত সরকুলর অর্ডর অবলম্বনে জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল।

১৮৭১ সালের আগষ্ট মাসের ৮ নং।
১৮৭২ সালের নবেম্বর মাসের ৭ নং।

ভারতবর্ষীয় মুদ্রা বিষয়ক আইনের বিধানমতে যে রূপে কার্য্য চালান গিয়া থাকে তাঁহারা এই বিষয়ের বৎসরং যে রিপোর্ট দেন তন্মধ্যে উচ্চ মূল্যের মুদ্রা লইয়া যে রূপে কার্য্য করা যায় তাহা এক স্থানে লিখিবেন এবং ১৮৭২ সালের নবেম্বর মাসের সরকুলর অর্ডরের সঙ্গে যে সংশোধিত বিধি প্রকাশ করা গেল তাহার ১ ম প্রকরণমতে সিকি ও দুআনী লইয়া যে রূপে কার্য্য করা গেল তাহা পৃথক স্থানে লিখিয়া দেন।

৩ নম্বর।

রাজকীয় কার্য্যের নিমিত্ত কতক ভূমি গ্রহণের কার্য্য চালাইবার ভার কোন ডেপুটী কালেক্টরের প্রতি অর্পিত হওয়াতে তদ্বিষয়ের যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে তিনি তাহা সম্পূর্ণরূপে তুচ্ছ করিয়া কার্য্য করিলেন। সেই বিষয় যে মেম্বর সাহেবের তত্ত্বাধীন আছে তিনি সম্প্রতি ইহা অবগত হওয়াতে এই আদেশ করিয়াছেন। ১৮৭০ সালের ১০ আইনের বিধান ও তদনুসারে যে সকল বিধি প্রচলিত হইয়াছে কালেক্টর সাহেব আপনার অধীন কোন কার্য্যকারককে ঐ আইন প্রভৃতি সুনিশ্চিত বলিয়া স্ববোধমতে না জানিলে তাঁহার প্রতি ঐ আইনমতে ক্ষমতা প্রদান হইবার পরামর্শ না দেন।

৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১২ তারিখের ৩১৭ নং আজ্ঞাপত্রহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথা, কোর্টওয়ার্ডস স্বরূপ কর্ম্মকারি কমিশ্যনর সাহেবদের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

৩ দফা। রাজানুপালিত ব্যক্তিদের মহালের বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর সাহেবের এই বিবেচনা। উক্ত প্রকারের মহাল ঋণ শোধ করিতে সক্ষম অবস্থায় থাকিলে, ও তৎসংক্রান্ত কার্য্যের নিরূপণাধিকার গবর্ণমেণ্টের কর্ম্মকারকদের প্রতি বর্ত্তিলে, যদি শিক্ষাসংক্রান্ত কার্য্যে কোন টাকা প্রয়োগ করা যাইতে পারে তবে মহালের মধ্যে দুঃখি যে লোকেরা বাস করে তাহাদের সামান্যরূপ লেখা পড়ার শিক্ষার জন্যে যে কার্য্য আবশ্যক বলিয়া স্বীকার করা যায়, সেই কার্য্যে ঐ টাকা ব্যয় করা উচিত। কিন্তু শিক্ষাসংক্রান্ত যে নিয়ম চিরস্থায়ি বলিয়া জ্ঞান হইবে কিম্বা সেই মহাল গবর্ণমেণ্টের হস্ত হইতে খারিজ হইলে পর নাবালগের পক্ষে যে নিয়ম অবশ্য মাননীয় জ্ঞান হইবে গবর্ণমেণ্ট ট্রষ্টীমাত্র হইয়া আপনারদের নিকট ন্যস্ত টাকা লইয়া এমত কোন নিয়ম করিতে সক্ষম নহেন।

৫ নম্বর।

১৮৭২ সালের মে মাসের ৬ নম্বরের সরকুলর মতান্তর হইয়া জিলার কর্ত্তৃপক্ষদিগকে এই কথা জ্ঞাত করা গেল। কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ও ২০ ধারামতে জমী ত্যাগ করিবার কি খাজানা বৃদ্ধি করিবার যে নোটিস দেওয়া যায় তাহা ৮ নং বিটর্ণে স্বতন্ত্র লেখা যাইবে অর্থাৎ এক২ বিষয়ের কথা আপন২ হেডের নিচে লিখিতে হইবে।

ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি ঐ রিটর্ণের সংশোধিত পাঠ পাঠাইতে আজ্ঞা দেওয়া যাইবে। ইতিমধ্যে এইক্ষণে যে পাঠের ব্যবহার হইয়া থাকে তাহাতেই ঐ হুকুম হেড দিয়া তাতে লিখিত হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৭ অক্টোবর।]